Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

4140

হিমাদ্রি

14/325

বিজয়ার অভিনন্দন



ম্যানেজিং এজেন্টস: সাহু জৈন লিমিটেড ১১, ক্লাইভ রো, কলিকাতা-১

★ শারদীয়া সংখ্যা ঃ ১৩৭৪ ঃ মূল্য ঃ দুই টাকা ★

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Puja Greetings—

HINDUSTHAN INDUSTRIAL CORPORATION

Gram : "CINERAYS" Phone : 23-3242 (Three Lines)

A Leading Dealer & Stockists of

- SODIUM SILICATE
- CHEMICALS
- SOLVENTS
- PESTICIDES

1-A, S. N. Banerjee Road,

CALCUTTA-13

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Assam Forest Products Private Limited

35, CHITTARANJAN AVENUE

CALCUTTA-12

Factory :—MAKUM : ASSAM

Manufacturers of

"RHINO" BRAND TEA CHESTS.

Sole Selling Agents :

SHAW WALLACE & COMPANY LIMITED

4, BANKSHALL STREET,

CALCUTTA.

Jeypore Timber & Veneer Mills Private Limited

35, CHITTARANJAN AVENUE

CALCUTTA-12

Factory :—JEYPORE

Manufacturers of

"SHARIA" BRAND TEA CHESTS

Sole Selling Agents :

BALMER LAWRIE & COMPANY LIMITED

21-A, NETAJI SUBHAS ROAD.

CALCUTTA.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ASIATIC



Be it a tiny workshop or a huge steel plant—Oxygen is a 'must' for both. We have expanded our production and are in a position to meet the increasing demand for gases.

THE
ASIATIC OXYGEN
AND ACETYLENE CO., LTD.
3, DALHOUSIE SQUARE EAST, CALCUTTA-1.



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

INDIAN TUBE

THE INDIAN TUBE COMPANY LIMITED

A TATA-STEWARTS AND LLOYDS ENTERPRISE

Manufacturers of Tubes and Strip in India.

(ITC-110

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Bensons.118A



TATA FISON RALLIS

A partnership for prosperity

The farmer is not concerned with statistics. His only concern is to produce enough food. So he puts all his inherited skill and acquired knowledge into the job.

Ploughing and sowing. Nurturing and protecting. Working for a richer harvest—helped by the use of scientifically formulated Rallis "Tree Brand" Fertilizers and Tata Fison Pesticides.

RALLIS INDIA LIMITED Fertilizers & Pesticides Division, 21 Ravelin Street, Bombay 1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

THE GENERAL ASSURANCE SOCIETY LTD.

A Leading General Insurance Company

Transacting Fire, Marine, Motor & Miscellaneous Insurance Business

★

Regd. Office :

8, Dalhousie Square East, Calcutta.

Head Office :

5, Mission Row, Calcutta-1

Ashok Goenka
General Manager

B. L. Jalan
Chairman

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



SC-62

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

ঘুম পেয়েছে? চুল বেঁধে শুতে কিন্তু ভুলবেন না!

প্রতিদিনের কর্মব্যস্ততার পর রাত্রে যখন চোখের পাতা ঘুমে জড়িয়ে আসে তখন স্বভাবতই ইচ্ছে করে কোনরকমে শুয়ে পড়তে। চুল আঁট করে না বেঁধে শুলে চুলের সাবলীলতা হ্রাস পায়। যাঁদের অসুখ বা অন্য কারণে চুল উঠ্‌ছে বা যাঁদের চুলের সৌন্দর্য স্বাভাবিকভাবে ম্লান তাঁদের পক্ষে বিশেষ করে খানিকক্ষণ চুলের গোড়াগুলিতে জবাকুসুম তেল মালিশ ক'রে, তারপর ভাল করে চুল আঁচড়ে, আঁট করে চুল বেঁধে, তবে শোওয়া উচিত। মনে রাখবেন, চুলের খোরাক আর যত্ন দুটোই সমান দরকার।

জবাকুসুম

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, ৩৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



Renowned throughout the country for Flawless Reproduction

FOR PRINTING AND PROCESS BLOCKS

THE RADIANT PROCESS
CALCUTTA

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Jenson & Nicholson

make paints for you :

So what's a diamond doing here?

How else would you know J & N Paints set the standards in beauty, colour and finish? With one major difference: J & N Paints don't cost a fortune. Here is the range - preferred by homes and industries.

Robbialac Super Gloss Synthetic Enamel :
- Now available also in sparkling white !
- Gives a brilliant, super-gloss surface.

Robbialac Acrylic Plastic Emulsion Paint :
- Trend-setter in today's brighter living ! •Available in 120 attractive colours ranging from Pale Lilac to Charcoal, Blush Ivory to Kingfisher Blue. •Keeps that freshly-painted look season after season. •Easy to apply. •Quick to dry. •Leaves no brush-marks.

Jensolin Acrylic Wall Finish :
- For the moderate budget. •Available in 25 popular shades. •Gives an attractive long-lasting surface.

Jensolin Synthetic Enamel Quick Drying :
- Moderately priced. •Available in a range of bright colours. •Keeps any surface glowing month after month.

JENSON & NICHOLSON (INDIA) LIMITED
225, Lower Circular Road, Calcutta-20.



"When you want to decorate, insist on J & N Paints".

289A/4

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/325



বাঁচান!

বেশি দেরি হয়ে যাওয়ার আগে কেউ জার্ডিন্স-এ খবর দেবেন কি?



উঁই অথবা অন্য কোন পোকা মাকড়ের হাত থেকে রেহাই পেতে হলে জার্ডিন-এর কীট বিনাশন সার্ভিসে খবর দিন।

যোগাযোগ করুন : JARDINES

এজেন্সি ডিপার্টমেন্ট
৪, ক্লাইভ রো, কলিকাতা-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

সকল
পরিকল্পনাই
দিবাস্বপ্ন

যদিনা…
ইহার মূলে থাকে স্থির
সংকল্প ও কঠিন পরিশ্রম।

নিয়মিত সঞ্চয়ের একটি নির্দিষ্ট কর্মসূচীর মাধ্যমে উন্নতির পরিকল্পনা করুন।

আপনার উদ্দেশ্য সাধনের জন্য আজই আমাদের যে-কোন শাখায় আসুন এবং একটি রেকারিং ডিপোজিট, সেভিংস ব্যাঙ্ক বা ফিক্স্‌ড ডিপোজিট একাউণ্ট খুলুন।

ব্যাঙ্কিং-এর সর্ব্বাধুনিক সমস্ত সুযোগ-সুবিধাগুলি আপনাকে দিতে আমরা সানন্দে প্রস্তুত।

সর্বপ্রাচীন ভারতীয় যৌথ মূলধনী ব্যাঙ্ক
স্থাপিত ১৮৬৫
এলাহাবাদ ব্যাঙ্ক লিমিটেড
(চার্টার্ড ব্যাঙ্কের অন্তর্ভুক্ত)
রেজিঃ অফিসঃ ১৪, ইণ্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলিকাতা-১
এস. পি. পুরী, চেয়ারম্যান ডব্লিউ. স্মিথ, জেনারেল ম্যানেজার

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PURE

WHITE

SUGAR

Today

RAMNUGGER is contributing largely to the Nation's needs for SUGAR.

RAMNUGGER cane plantations are situated near the historic battlefields of PLASSEY, West Bengal, where intensive research ceaselessly continues for the cultivation of thick, luxuriant cane for manufacturing SUGAR.

RAMNUGGER has skilled and experienced technicians, and the most up-to-date machinery to keep the flow continuous from cane to the finest quality SUGAR.

RAMNUGGER CANE & SUGAR COMPANY LTD.

MANAGING AGENTS :

ANDERSON WRIGHT LTD.

7, Wellesley Place, Calcutta-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS





উৎসবের হাসি আরও উজ্জ্বল ক'রে তুলবে.....

ওরিয়েণ্ট টুথ্ পাউডার ব্যাবহারে মুখের দুর্গন্ধ দূর হয়, দাঁতের এনামেল অক্ষুন্ন থাকে ও মাড়ি সুদৃঢ় করে। রাত্রে শোবার আগে ও দু'-দুবার খাবার পরে ওরিয়েণ্ট টুথ্ পাউডার আঙ্গুল দিয়ে দাঁত ও মাড়িতে ভাল করে মালিশ ক'রে মুখ ধুয়ে ফেলুন। কয়েক দিনের মধ্যেই ওরিয়েণ্টের উপকারিতা অনুভব করবেন।

সম্ভ্রান্ত ডাক্তারখানায় পাওয়া যায়।

৬০ গ্রাম পলিথিন শিশিতে পাওয়া যায়।

ষ্ট্যাণ্ডার্ড ফার্মাসিউটিক্যালস্ লিঃ

কলিকাতা-১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

GOOD
PRINTING
NEEDS
A
THIRD
EYE

PLUS
TECHNICAL
SKILL
AND
EXPERIENCE

*

N. K. GOSSAIN & CO. PRIVATE LTD. *Photo-Offset and Letterpress Printers*
13/7, Ariff Road, Calcutta-4 Phones : 35-7696/7697/6761/7010

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the compliments of

MB

METAL BOX

JWTMB 2815

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

BENGAL BIHAR TRANSPORT CO., (Cal) PRIVATE LTD.

Established in 1945

Regd. Office :
10/1, ELGIN ROAD,
CALCUTTA-20.
Phone : 47-2745

Head Office :
13, CAMAC STREET,
CALCUTTA-16.
Phone : 44-7671 (4 Lines)

ASANSOL OFFICE
Apcar Gardens,
G. T. Road, Asansol
Phone : 2206, 3238

DELHI OFFICE
Shahdara, U. P. Border
Delhi-32.
Phone : 21-2090

NO JOB IS TOO BIG FOR US
NO JOB TOO SMALL

You MAY depend on us for long-distance Road Transport and Heavy Haulage Our service extends to Delhi, Bombay, Rajasthan & Assam.

You SHALL be happy with our service.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

॥ চিত্র ॥

শ্রীশ্রীদুর্গা—সুপ্রকাশ সেন

এ কোন্ বনের হরিণ—নন্দলাল বসু

প্রতীক্ষায়—মনীষী দে

॥ রচনা ॥ পৃষ্ঠা

আবাহন ... ১

অধ্যাত্মমার্গের দুইটি ধারা—ডঃ গোপীনাথ কবিরাজ ... ২

শ্রীপাদ—উমাপ্রসাদ মুখোপাধ্যায় ... ৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মময়ী জগজ্জননী—শ্রীজীব ন্যায়তীর্থ ... ১৯
রুবা নন্দী—বিভূতিভূষণ মুখোপাধ্যায় ... ২৫
মাতাজী জ্ঞানানন্দ সরস্বতী—শঙ্করনাথ রায় ... ৩৩
ভারতীয় জীবনাদর্শে চতুর্ব্বর্গ—অধ্যাপক ত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী ৪৯
সতীশ মুখোপাধ্যায় প্রসঙ্গে—কৃষ্ণদাস সিংহরায় ... ৬৭
বেদান্ত-সাধনা—তীর্থস্বামী ... ৭৯
স্মরণে ঃ ৮১
,, জগদানন্দ বাজপেয়ী
,, বিভুপদ কীর্ত্তি
,, জয়ন্তী ভট্টাচার্য্য
ম্যাক্সমূলারের ঋগ্বেদ সংস্করণ—নন্দ মুখার্জি ... ৮৮
শরৎ-সাহিত্যে পরকীয়াবাদ—হরেকৃষ্ণ মুখোপাধ্যায় ... ৯২

With compliments

From

The General Industrial Society Limited

15, INDIA EXCHANGE PLACE

CALCUTTA-1

★

Phone : 22-3177 (3 lineS)

Tel. Address
'PATUDYOG'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবীন্দ্র সাহিত্যের রসদর্শন—ডঃ নরেশচন্দ্র ঘোষ	...	৯৭
অথ তীর্থ-পুরাণ কথা—শৈলেশ ব্রহ্মচারী	...	১০৩
পঙ্কতিলক—গৌরীশঙ্কর ভট্টাচার্য্য	...	১১৩
রবীন্দ্রনাথের কয়েকটী গল্প—কালিদাস রায়	...	১২৯
জয় সর্ব্বগতে—ডঃ রমা চৌধুরী	...	১৩৯
সমন্বয়ের সমস্যা—নারায়ণ চৌধুরী	...	১৬১
বাণিজ্যে বসতে লক্ষ্মী—দক্ষিণারঞ্জন বসু	...	১৮৫
ইরাবতীর তীরে—বিভা সরকার	...	১৯৩
মায়াময়মিদং—সরিৎ শেখর মজুমদার	...	২০৯
বারীনদা—নলিনীকান্ত সরকার	...	২১৫



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ কবিতা ॥

মা এসেছে—নজরুল ইসলাম	...	১৪৫
দর্পহারী—কুমুদরঞ্জন মল্লিক	...	১৪৭
বলেন্দ্রনাথ—কালিদাস রায়	...	১৪৯
জাগরে স্বপন—ইন্দিরা দেবী	...	১৫২
৺যশোদানারায়ণ—দিলীপ কুমার রায়	...	১৫৩
মাছের শিশুরা—জগদীশ ভট্টাচার্য্য	...	১৫৪
আজকের প্রতিশ্রুতি—সুতপা রায়	...	১৫৫
প্রপঞ্চ—পরমানন্দ সরস্বতী	...	১৫৬
কৃষ্ণচূড়া—অনন্তকুমার চট্টোপাধ্যায়	...	১৫৭
তবু ঢেউ ফিরে আসে—সন্তোষ কুমার অধিকারী	...	১৫৮
অসার্থক তবু এ মানুষ—শান্তশীল দাশ	...	১৫৯

নৃত্য-পরা মণিপুর, শৌর্য-ভরা রাজপুর অথবা স্বপ্ন-মাখা কোনারক —মুক্তপক্ষ বিহঙ্গমের মতো আই-এ-সি সর্বত্রই আপনাকে সত্বর পৌঁছে দেবে। এই ভাবেই সে বিশাল ভারতের বিভিন্ন সংস্কৃতির সঙ্গে যোগাযোগ রক্ষা করতে আপনাকে নিরন্তর সাহায্য করছে।

ইণ্ডিয়ান এয়ারলাইনস্

IAC-63 (R) BEN

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



FULL FORWARD CONTROL

With 190" Wheelbase the new Passenger chassis is intended for operation as a BUS or COACH with ample seating capacity.



LOW COST POWER

The sturdy 165" Wheelbase Diesel chassis with improved engine efficiency guarantees maximum load carrying power with economy throughout the entire speed range.

DODGE DIESEL

AUTO DISTRIBUTORS LTD.

36, Chowringhee Road, Calcutta

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দি চার্টার্ড ব্যাঙ্ক-এর

আরও দুটি নতুন শাখা—২৬।৪ হিন্দুস্থান পার্ক, গড়িয়াহাট এবং

২১এ, আর, জি, কর রোড

শ্যামবাজার-এ আপনাদের সুবিধার জন্য খোলা হয়েছে
কারেণ্ট অ্যাকাউণ্ট সেভিংস অ্যাকাউণ্ট
ফিক্সড্ ডিপোজিট

ও ব্যাঙ্ক সংক্রান্ত যাবতীয় কাজের ব্যবস্থা করা হয়েছে

দি চার্টার্ড ব্যাঙ্ক

এই দুটি নতুন শাখায়

আপনার ব্যাঙ্কসংক্রান্ত যাবতীয় প্রয়োজন আমাদের কর্মিদের সহযোগিতায় খুব কম সময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হবে।

মাত্র ৫৲ টাকা দিয়ে
সেভিংস অ্যাকাউণ্ট খোলা যায়

* বছরে ৪% সুদ।
* আমানতকারীর জন্য নামাঙ্কিত চেকবই দেওয়া হয়।
* ছোটদের জন্য অ্যাকাউণ্ট খোলার ব্যবস্থা আছে।

বক্তিগত যত্নের জন্য—

দি চার্টার্ড ব্যাঙ্ক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরও সুন্দর আরও উজ্জ্বল ক'রে তুলুন আপনার চুল

একমাত্র লক্ষ্মীবিলাসের নিয়মিত ব্যবহারেই তা সম্ভব।

সতর্কীকরণ

নকলের হাত থেকে বাঁচবার জন্য কিনিবার সময় ট্রেড মার্ক শ্রীরামচন্দ্র মূর্ত্তি, পিলফার প্রুফ ক্যাপের উপর RCM মনোগ্রাম ও প্রস্তুতকারক এস.এল.বসু এণ্ড কোং দেখিয়া লইবেন।



লক্ষ্মীবিলাস

কেশ তৈল

এস.এল.বসু এণ্ড কোং প্রাইভেট লিঃ
লক্ষ্মীবিলাস হাউস - কলিকাতা—৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

* Jute and Jute Goods * Coal and Coal Washeries * Minerals * Heavy, Medium and Light Engineering * Process, Chemical and Mechanical Engineering * Refractories * Springs and Spring Balances * Pneumatic Equipment * Sub-Soil Investigation * Paper * Shipping * Travel Service

THE BIRD-HEILGERS GROUP

CHARTERED BANK BUILDINGS, CALCUTTA-1

BC4R

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"Please Entrust Your Work On

R. SEN & CO.

FOR CLEARING FORWARDING, SHIPPING & TRANSPORT

★

Specialists in

HEAVY HAULAGE & TRANSPORTATION OF ALL TYPES COMMERCIAL CARGO

★

CITY OFFICE	HEAD OFFICE	DOCK OFFICE
2, Church Lane,	13, Camac Street,	P-66, C. G. R. Road
Calcutta-1.	Calcutta-16.	Calcutta-23.
Phone : 23-2157	Phone : 44-7671 (4 Lines)	Phone : 45-5721 (3 Lines)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীদুর্গা

শিল্পী : সুপ্রকাশ সেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিমাদ্রি

শারদীয়া সংখ্যা :※: ১৩৭৪

আবাহন

হেতুঃ সমস্তজগতাং ত্রিগুণাপি দোষৈর্ণ
জ্ঞায়সে হরিহরাদিভিরপ্যপারা ॥
সর্বাশ্রয়াখিলমিদং জগদংশভুত—
মব্যাকৃতাহি পরমা প্রকৃতিস্ত্বমাদ্যা ॥

হে দেবী! তুমিই সমস্ত জগতের মূল কারণ, তুমি সত্ত্বাদি ত্রিগুণাত্মিকা, তথাপি তুমি রাগাদি দোষের বিষয়ীভূতা নও—কেন না তুমি যে অসীম, হরিহরাদিরও তুমি অনধিগম্যা।

এই নিখিল জগৎ তোমারই অংশস্বরূপ আর তুমিই সমস্ত কিছুর আশ্রয়, তুমি নির্বিকারা, পরমা আদ্যা প্রকৃতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধ্যাত্মমার্গের দুইটী ধারা

মহামহোপাধ্যায় ডক্টর গোপীনাথ কবিরাজ

অধ্যাত্মমার্গের রহস্য এত জটিল যে অনেকের পক্ষেই তাহা ভেদ করা কঠিন। মার্গভেদবশতঃ বিভিন্ন রুচির পথিক বিভিন্নপ্রকার অনুভব প্রাপ্ত হন এবং সেই অনুভবকেই একমাত্র অনুভব মনে করিয়া, তাহাতেই পূর্ণ আস্থা স্থাপন করেন ; অন্যান্য অনুভবকে অমূলক অথবা মনোকল্পিত ধারণা করেন। এইজন্যই সবিশেষ বিশ্লেষণ না করিয়াও মুখ্যভাবে অধ্যাত্মমার্গের কিঞ্চিৎ পরিচয় দেওয়া উচিত মনে করিতেছি। বলা বাহুল্য, ইহা আমার অনুভবমূলক এবং অনাদিপরম্পরাগত জ্ঞানের অন্তর্ভুক্ত। আমরা মহিম্নস্তোত্রের সেই প্রসিদ্ধ শ্লোকটী সর্বদাই স্মরণ করিয়া থাকি, যাহাতে বলা হইয়াছে, মনুষ্য নিজ নিজ রুচির বৈচিত্র্য অনুসারে ভিন্ন ভিন্ন মার্গ গ্রহণ করিয়া থাকে। কিন্তু তাঁহাদের সকলেরই লক্ষ্য সেই এক পরম সত্তা। বিভিন্ন নদী বিভিন্ন স্থান হইতে উদ্‌ভূত হইয়া, সরল ও কুটিল বিভিন্ন মার্গে চলিতে চলিতে এক মহাসমুদ্রে পতিত হয় ; তেমনই আধ্যাত্মিক সকল মার্গই তাহাদের অনন্ত বৈচিত্র্যসত্ত্বেও চরম স্থিতিতে একই পূর্ণসত্ত্বে উপনীত হইয়া থাকে। "রুচীণাং বৈচিত্র্যাৎ ঋজুকুটিল-নানাপথজুষাং নৃণাং একো গম্যস্ত্বমসি পয়সামিব।"

এই চরম লক্ষ্য চরমরূপে স্বীকৃত হইলেও, আপাতদৃষ্টিতে বিভিন্ন লক্ষ্যের সন্ধান অধ্যাত্মশাস্ত্রের ইতিহাসে প্রাপ্ত হওয়া যায়। তদনুসারে আমরা দুইটী প্রধান মার্গের দৃষ্টিকোণ হইতে সাধন ও উহার ফলানুভব বিষয়ে কিছু কিছু আলোচনা করিতে চেষ্টা করিব।

এই দুইটী মার্গকে বর্ত্তমান নিবন্ধে আমরা বিবেকমার্গ ও যোগমার্গ বলিয়া নির্দ্দেশ করিতেছি। বিবেকমার্গকে আমরা প্রচলিত ভাষায় সাধনমার্গ বলিয়া বর্ণনা করিব। এইখানে যোগ শব্দে প্রচলিত বিভিন্ন অর্থের বিচার অনাবশ্যক।

আধ্যাত্মিক সাহিত্যে যোগ বলিতে, বিভিন্ন প্রকারের প্রক্রিয়া ও পদ্ধতি দেখিতে পাওয়া যায়। হঠযোগ, রাজযোগ, রাজাধিরাজ যোগ, মহাযোগ, শূন্যযোগ প্রভৃতি বিভিন্ন প্রকার যোগমার্গের সন্ধান পাওয়া যায়। হঠযোগেরও বিভিন্ন ধারা আছে।

বর্ত্তমান যুগে মৎস্যেন্দ্রনাথ প্রভৃতি হঠযোগী প্রসিদ্ধ। কিন্তু মৎস্যেন্দ্রের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বেও বিভিন্ন প্রকার হঠযোগ ছিল, তাহার প্রমাণ আছে। হঠযোগের ন্যায় রাজযোগেরও নানাপ্রকার পদ্ধতি আছে। হঠযোগের লক্ষ্য, প্রাণকে শান্ত করিয়া মনকে শান্ত করা। রাজ-যোগের লক্ষ্য প্রথমতঃ মনকে শান্ত করিয়া, তাহার প্রভাবে প্রাণকে শান্ত করা। মন ও প্রাণ চরম অবস্থায় উভয়েই শান্ত হয়। মন চন্দ্রস্বরূপ, প্রাণ সূর্য্যস্বরূপ। সুতরাং যাবতীয় হঠযোগই মূলে দেহাধিষ্টিত চন্দ্রের ক্রিয়া এবং সকল প্রকার রাজযোগও দেহাশ্রিত সূর্য্যের ক্রিয়া। চন্দ্র ও সূর্য্যের ন্যায় অগ্নিতত্ত্বও যোগপথে বিশেষরূপে আলোচ্য। অধ্যাত্মশাস্ত্রে অগ্নিশব্দের তাৎপর্য্য - বাক্ বা শব্দ। সুতরাং মন্ত্রযোগাদি বিভিন্ন যোগে অগ্নিমার্গেরও সন্ধান পাওয়া যায়। প্রত্যেকটী যোগেরই অসংখ্য অবান্তর ভেদ আছে। এই ভেদ শুধু যে প্রক্রিয়াগত তাহাই নহে লক্ষ্যগতও বটে। এতদ্ব্যতীত এক এক যোগের কালভেদে ঐতিহাসিক বিকাশের তারতম্য হইয়াছে। প্রাচীন বৌদ্ধ সম্প্রদায়ে যোগপ্রণালী প্রচলিত ছিল এবং তাহার বিস্তৃত বিবরণ বুদ্ধ ঘোষের "বিশুদ্ধিমার্গে" এবং অনিরুদ্ধ স্থবিরের "অভিধর্মার্থসংগ্রহে" পাওয়া যায়। কিন্তু মহাযান সম্প্রদায়ের আবির্ভাবের পর প্রজ্ঞা, করুণা এবং মন্ত্রশক্তিকে আশ্রয় করিয়া বিভিন্ন যোগমার্গের প্রবর্ত্তনা হইয়াছিল। তাহারও বিস্তৃত বিবরণ, বিভিন্ন প্রকার যোগের বর্ণনা বৌদ্ধ সংস্কৃত সাহিত্য এবং তিব্বতীয় সাহিত্যেও আছে।

এই সব যোগের ধারাবাহিক বিবরণ, প্রণালী ও উদ্দেশ্যগত বৈশিষ্ট্য তেমনভাবে আলোচিত হয় নাই।

ঠিক এইরূপই বিবেকমার্গেরও (সাধনমার্গের) বিভিন্ন পন্থা আছে। আমাদের প্রচলিত ষড়্‌দর্শনে সাধন-মার্গের বিস্তৃত পরিচয় প্রাপ্ত হওয়া যায়। তাহার বিশদ আলোচনা বর্ত্তমান প্রবন্ধের উদ্দেশ্য নহে।

বিবেকমার্গ বা সাধনমার্গ এবং যোগমার্গ, এই দুইটী শব্দ এই স্থলে বিশিষ্ট অর্থে ব্যবহৃত হইয়াছে। এই অর্থে প্রচলিত যোগমার্গও অধিকাংশ স্থলে সাধনমার্গের অন্তর্গত বলিয়া বুঝিতে পারা যাইবে। তদনুসারে পাতঞ্জল যোগ অতি শ্রেষ্ঠ যোগরূপে পরিগণিত হইলেও, বস্তুতঃ উহা সাধন পন্থারই ব্যাপার, অন্য কিছু নহে।

অধ্যাত্মমার্গে চলিতে হইলে, পথিককে সদ্‌গুরুর আশ্রয় গ্রহণ করিতে হয় এবং তাঁহার নির্দ্দেশ অনুসারে পথে অগ্রসর হইতে হয়। পথিক নিজের যোগ্যতা অনুসারে, কেহ সাধনপথে চলিয়া থাকে, কেহ যোগপথে অগ্রসর হয়। এই যোগ্যতা তাহার স্বরূপ-যোগ্যতা। ইহা কোনও বিশিষ্ট আচার অনুষ্ঠানাদির উপর নির্ভর করে ন। প্রত্যেক মনুষ্য জন্মের সময়ে যে আধ্যাত্মিক সম্পদ লইয়া জন্মগ্রহণ করে, তাহাই তাহার স্বরূপযোগ্যতার নির্ণায়ক হয়। যোগ্যতা অপেক্ষাকৃত ন্যূন হইলে তাহাকে সদ্‌গুরু বিবেক অথবা সাধনের পথে সঞ্চালিত করেন। যোগ্যতা অধিক থাকিলে তাহার জন্য প্রকৃত যোগমার্গ নির্দ্দিষ্ট হয়। সাধন-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মার্গ বা বিবেকমার্গ বস্তুতঃ বিয়োগমার্গ, যোগমার্গ নহে। বিয়োগমার্গ দেহ শুদ্ধি, চিত্তশুদ্ধি এবং আত্মশুদ্ধির জন্য আবশ্যক হয়। কিন্তু প্রকৃত যোগমার্গ প্রাপ্ত হইতে না পারিলে, পূর্ণত্বলাভের সম্ভাবনা থাকে না। বিবেকমার্গে বিবেকজ্ঞানই চরম লক্ষ্য। সাংসারিক অবস্থায় জীবমাত্রেই নানাপ্রকার অশুদ্ধ আবরণে আচ্ছন্ন হইয়া রহিয়াছে। সৎ-এর সঙ্গে অসৎ, চিৎএর সহিত অচিৎ মিশ্রিত, আনন্দে সুখদুঃখের মিশ্রণ। ইহার ফলে নানাপ্রকার সংস্কার, বাসনা অনাদিকাল হইতে মনুষ্যের চিত্তে আহিত রহিয়াছে। বিবেকমার্গের লক্ষ্য এই সকল আবরণ ও আগন্তুক মল হইতে আত্মাকে মুক্ত করিয়া, তাহার পূর্ণ শুদ্ধি সম্পাদন করা। বিভিন্ন সম্প্রদায়ে বিভিন্ন প্রকার পদ্ধতির আশ্রয় গ্রহণ করা হয়। কিন্তু পদ্ধতি বিভিন্ন হইলেও, উদ্দেশ্য একই। প্রত্যেক মনুষ্য স্থূল ভৌতিক স্তর, সূক্ষ্ম মনোময় স্তর এবং সূক্ষ্মাতীত স্বরূপ স্তর বিশিষ্ট। প্রত্যেক স্তরেরই শুদ্ধি আবশ্যক। সেইজন্য দীক্ষাপ্রাপ্তির পর গুরুদত্ত শক্তির প্রভাবে, নিজ শক্তির দ্বারা, আগন্তুক আবরণ সকলকে ক্রমশঃ অপসারণ করিতে হয়। উদ্দেশ্য, আবরণহীন মুক্ত আত্মরূপে স্থিতিলাভ। এই আত্মস্বরূপ নিত্য ও চিদাত্মক। পঞ্চভূত এবং চিত্ত, এই দুইটী স্তর আগন্তুক মল হইতে শুদ্ধ হইলে, ষট্‌চক্রভেদের কার্য্য সিদ্ধ হয়। তখন দেহাভিমান থাকেনা এবং অন্তঃকরণের ক্রিয়াও শান্ত হইয়া যায়। তাহার পর আত্মশুদ্ধিসম্পন্ন হইলেই, চিদাত্মক বিশুদ্ধ আত্মস্বরূপ প্রতিষ্ঠিত হয়। ইহাই আত্মার 'কেবল' অবস্থা। এই অবস্থায় আত্মা অনাত্মরূপ জড়প্রকৃতি হইতে মুক্তি লাভ করে। এই জড়প্রকৃতি স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে তিন প্রকারে লক্ষিত হয়। ত্রিগুণাত্মিকা প্রকৃতি—স্থূল ; সাংখ্যমার্গে ইহার পরিচয় পাওয়া যায়। মায়ারূপা জড়সত্তা সূক্ষ্ম, বেদান্তে সুপরিচিত মহামায়ারূপা জড়সত্তা অতি সূক্ষ্ম কারণাত্মক, শৈব শাক্ত ও বৈষ্ণব আগমে বিবৃত। (বলা বাহুল্য, এই মহামায়াকে দ্বৈত শৈবগণ 'বিন্দু' বলিয়া বর্ণনা করেন)। ইহাকেই বৈষ্ণবাচার্য্যগণ 'অপ্রাকৃত বিশুদ্ধসত্ত্ব' বলিয়া গ্রহণ করেন। কিন্তু যে নামেই যিনি গ্রহণ করুন, স্থূল, সূক্ষ্ম বা কারণ, তিনটীই জড়। এই তিনটীকে অতিক্রম করিয়া চিদ্রূপী আত্মা যখন নিজস্বরূপে প্রতিষ্ঠিত হন, তখন তাঁহাকে, বিশুদ্ধ কেবল অবস্থা, বলিয়া বণনা করা চলে। এই কৈবল্যের সন্ধান সাংখ্যযোগে আছে, বৈষ্ণব মতে আছে, শৈব ও শাক্ত মতেও আছে। বিবেক অথবা সাধনমার্গের চরম ফলই এই কৈবল্য লাভ। ইহা একটী নিরঞ্জন অবস্থা। আত্মা এই অবস্থা প্রাপ্ত হইলে সম্ভাবনীয় ভবিষ্যৎ অধোগতি হইতে অব্যাহতি লাভ করেন। এই কৈবল্যকে কেহ মুক্তি, কেহ অনাবৃত্তিরূপে বর্ণনা করেন। ইহা পুরুষ কৈবল্য হইতে পারে, ব্রহ্ম কৈবল্য হইতে পারে, কিন্তু তাহাতে কিছুই যায় আসে না। এই অবস্থা প্রাপ্ত হইলে, আত্ম দেহাদি করণ ও উপকরণ হইতে মুক্ত হইয়া যান, সকল প্রকার সংস্কার হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজায়
নূতন শাড়ী

ইণ্ডিয়ান
সিল্ক হাউস
কলেজ ষ্ট্রীট মার্কেট
কলিকাতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অব্যাহতি লাভ করেন। ইহার প্রভাবে ঐ কেবলী আত্মা সংসারে পুনরাবৃত্তি হইতে মুক্তিপ্রাপ্ত হন। কিন্তু মনে রাখিতে হইবে, ইহা পূর্ণত্ব নহে।

যোগমার্গের লক্ষ্য কৈবল্য নহে, তথাকথিত মুক্তি অথবা নির্বাণও নহে। তাহা পূর্ণত্ব এ ং পরিপূর্ণত্ব। এক হিসাবে দেখিতে গেলে উহাই প্রকৃত কৈবল্য, মোক্ষ বা মহানির্বাণ ইত্যাদি। বিবেক প্রক্রিয়ার উদ্দেশ্য, আত্মা হইতে অনাত্মরূপী আবরণ অপসারণ করা। তাহার ফলে আত্মশুদ্ধি হয়, ইহা সত্য। কিন্তু আত্মার পূর্ণস্বরূপ প্রাপ্ত হওয়া যায় না। কারণ এই যে, কৈবল্যে, সংসার-জীবন হইতে আত্মা চিরমুক্ত হইলেও, তাঁহার স্বরূপশক্তির বিকাশ হয় না। প্রকৃতি কিংবা মায়া কিংবা মহামায়া হইতে আত্মার শুদ্ধি হয়, ইহা সত্য, কিন্তু তাহার রিক্ততা পূর্ণতায় পর্য্যবসিত হয় না। যোগমার্গের আবশ্যকতা তখনও থাকে, যাহার প্রভাবে আত্মা পরমাত্মারূপে নিজস্বরূপ অনুভব করিতে সমর্থ হন। যোগমার্গের প্রধান লক্ষ্যই বর্জনের পরিবর্ত্তে অর্জন।

শ্রীভগবানের গুরুমুখী কৃপার ফলে আত্মাতে যখন শুদ্ধবিদ্যারূপী চিৎশক্তি সঞ্চারিত বা উদ্‌বুদ্ধ হয় তখন ঐ আত্মা কৈব;ল্যর পথে চলে না। ক্রমশঃ পূর্ণের পথে অগ্রসর হয়। এই শুদ্ধ-বিদ্যারূপ জাগ্রৎ চিৎশক্তি সদগুরুরূপী ভগবান্ হইতে প্রাপ্ত হওয়া যায়, পাইবার দ্বিতীয় উপায় নাই। এইরূপেই তাঁহার অনুগ্রহ শক্তি- ক্রিয়া করিয়া থাকে। এই অনুগ্রহরূপা চিৎশক্তি পাইবার জন্য কোনও প্রকার বহিরঙ্গ যোগ্যতার আবশ্যকতা নাই। ইহার জন্য আবশ্যক, আত্মায় নিহিত অনাদি কালীন মলের 'পাক'। যে মলের প্রভাবে শিবরূপী আত্মা পশু ব জীব সাজিয়া ও মেয়রূপী বিশ্বজগৎকে ভোগ্য-রূপে ভোগ করেন এবং নিজে অপূর্ণতার আচ্ছাদনে আচ্ছন্ন থাকেন। সেই মলকে দূর করিতে না পারিলে আত্মা নিজের পরমস্বরূপ প্রাপ্ত হইতে পারেন না। এই মূল আব.ণ বা মল, এক-মাত্র চৈতন্যস্বরূপ অন্তরঙ্গাশক্তির দ্বারাই দূর হইতে পারে। সদ্‌গুরুর কৃপায় আত্মা যখন এই স্বরূপশক্তি প্রাপ্ত হন, তখন তিনি চিৎশক্তিরূপে উদ্‌বুদ্ধ হন। অচিতের যাবতীয় আবরণকে ক্রমশঃ চিন্ময়রূপে পরিবর্ত্তন কার্য্য আরব্ধ হয়। চিৎশক্তির প্রধান কার্য্যই হইল, অচিৎকে নিজপ্রভাবে পুনর্বার চিন্ময়-রূপে প্রতিষ্ঠিত করা। পশুভাবাপন্ন জীবের যে সকল রিপু ও বাসনাদি তাহার উন্নতির বাধকরূপে বিদ্যমান আছে, উদ্‌বুদ্ধ চিৎশক্তির প্রভাবে সেই গুলি ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া চিন্ময়রূপ ধারণ করে। আবরণগুলি যখন অচিৎভাব পরিত্যাগ করিয়া, চিৎশক্তির প্রভাবে চিন্ময় হয়, তখন এইগুলিই আত্মার অন্তরঙ্গ শক্তিরূপে আত্মপ্রকাশ করে। যাবতীয় আবরণ, বহিরঙ্গভাব ত্যাগ করিয়া অন্তরঙ্গভাব পরিগ্রহ করে। তখন আত্মা শুধু জীব বা পশুরূপে অবস্থান করেন না ; বিকশিত শক্তির তাদাত্ম্যবশতঃ শক্তিযুক্ত শিব-ভাব প্রাপ্ত হন। বলা বাহুল্য, এই শিব-ভাবই পরমশিবভাব বা পর.মশ্বর ভাব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহাকে পূর্ণব্রহ্মাবস্থাও বলা যাইতে পারে। তথাকথিত কৈবল্য বা নিরঞ্জন অবস্থা হইতে অনেক উর্দ্ধে। এই অবস্থায়, শিব ও শক্তির অনাদিবিরহ চিরদিনের জন্য কাটিয়া যায়। এই অবস্থারও দুইটী দিক্ আছে। একটী যোগের দিক্, অপরটী একত্বের দিক্।

যোগ অবস্থায় আত্মা ও আত্মশক্তি কখনও আত্মভাবের প্রাধান্য প্রকাশ করে, কখনও শক্তিভাবের প্রাধান্য পরিস্ফুট হয়। কিন্তু কোনও সময়েই আত্মা শক্তি বিরহিত থাকেন না। শক্তি-বিরহিত না হইলেও তাঁহারই নাম শিব। যখন আত্মবিরহিত নহেন, তখন 'চৈতন্য' বলা হয়। তবে উভয়েই গুণপ্রধান থাকে। কিন্তু যে শক্তিতে শিব ও শক্তির সামরস্য হয়, তাহাই পূর্ণত্ব বা সাম্য; তাহাই অদ্বয় ব্রহ্মাবস্থা বা পূর্ণব্রহ্মাবস্থা।

বিবেকমার্গ ও যোগমার্গের এই যে মৌলিক ভেদ প্রদর্শিত হইল, তাহা যথার্থরূপে অনুধাবন করিতে পারিলে, সাধনমার্গের অনেক গুহ্য রহস্য উদ্‌ঘাটিত হইয়া যাইবে। পূর্ণত্বের অবস্থায় অহন্তার পূর্ণত্ব হয়, তখন 'অহং' বা আত্মা ব্যতিরেকে 'ইদং'-রূপে দ্বিতীয় কিছু থাকে না। বিশ্ব থাকে, বিশ্বের বৈচিত্র্যও থাকে, কিন্তু সবই 'অহং'-রূপে প্রকাশ পায়। এমত স্থিতিতে 'ইদং' ভাবের কোনও স্থান নাই। কেননা ইহাই আত্মার বিকাশ অবস্থা। স্বাতন্ত্র্যবশে এই অবস্থার সঙ্কোচ না হইলে, 'ইদং' ভাবের উদয় হয় না, সৃষ্টির প্রারম্ভও হয় না। বলা বাহুল্য, ইহা মহাশূন্যের অতীত অবস্থা। সাধনার পথে অথবা বিবেকমার্গে মহাশূন্যভেদ হয় না। খণ্ডশূন্য ভেদ অবশ্যই হয়, কিন্তু মহাশূন্য থাকিয়াই যায়। পক্ষান্তরে যোগের পথে, চরম-স্থিতিতে মহাশূন্যের কোনও স্থানই নাই। মহাশূন্যভেদ ব্যতীত, পূর্ণঅহং-ভাবের বিকাশ ঘটিতে পারে না।

এই পূর্ণ অহংভাব ক্রমশঃ হয়না, কেননা তাহা কালের অন্তর্গত ব্যাপার নহে। ক্রম কালের ধর্ম। অক্রমে যাহা হয়, তাহাতে কালের কোনও প্রভাব থাকে, কালসঙ্কর্ষিণী বা পরা-শক্তির অনুগ্রহে ঘটে। তবে ইহা সত্য, ইহার উদয় বা প্রাপ্তি কালাতীত ক্ষণের মধ্যে হইলেও, ইহার অনুভূতির বিকাশ হয় কালে। কারণ শুদ্ধবিদ্যার জ্ঞানাংশ কালাতীত হইলেও, ক্রিয়াংশ কালসাপেক্ষ। ক্রিয়া পূর্ণ হইবার সঙ্গে সঙ্গেই কালের নিবৃত্তি হইয়া যায় এবং জ্ঞান, জ্ঞানক্রিয়া সম্পূর্চ্ছিত অখণ্ড চৈতন্যরূপে আত্মপ্রকাশ করে। এই অবস্থাকে পূর্ণত্ব বলাই যুক্তিসিদ্ধ। তাহা আনন্দেরই স্বরূপ। ইহার পৃষ্ঠ-ভূমিতে, ইহার সহিত অবিনাভাবে যে স্থিতি আছে, তাহাকে পূর্ণ না বলিয়া, পরিপূর্ণ বলিলেই ভাল হয়। উভয়ই নিত্য, উভয়ই পরিপূর্ণাবস্থা। মানবীয় ত দূরের কথা, দেবভাষায়ও প্রকাশের অযোগ্য তাহা।

পূর্ব্বোক্ত বিবরণ হইতেই যোগের মহিমা বুঝিতে পারা যাইবে। বিবেকের পথে চলিলেও ভবিষ্যতে কোনও কোন সময়ে, যোগের পথ গ্রহণ অবশ্যম্ভাবী। অধিকারভেদে বর্ত্তমানে যে যেখানেই থাকুক, চরমস্থিতিতে সেই পরম অদ্বৈতে অবস্থান অবশ্যম্ভাবী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীপাদ

উমাপ্রসাদ মুখোপাধ্যায়

শ্রীপাদ।

ভারতীয় নাম। কিন্তু, ভারতে নয়। সিংহলে। উত্তুঙ্গ এক গিরিশিখর। বাল্যকালে ভূগোলের পাতায় এর বিদেশী নামের সঙ্গে প্রথম পরিচয় হয়—Adam's Peak—আদমের শিখর। তখন জানতাম, সিংহলের এই সর্বোচ্চ গিরিচূড়া। বহুবছর পরে সিংহলে বেড়াতে গিয়ে ভুল ভাঙে। এর চেয়ে উঁচু পাহাড় সেখানে আছে। সর্বোচ্চ শিখর—Pidurutalagala—পিদুরুতলগল—৮,২৯২ফুট্। Adam's Peak-এর উচ্চতা—৭,৩৬০ফুট্। আদম্‌স্ পিক্-এর স্থানীয় নাম—শ্রীপাদ। নামের মধ্যেই স্বর্গীয় শোভা, বুকে যেন শ্বেত চন্দনে চরণ পদ্ম আঁকা। শুনিও তাই। উচ্চতম শিখর না হলেও সিংহলে পুণ্যতীর্থ পর্যায়ে শ্রীপাদ সর্ব-প্রধান। বৌদ্ধ, ক্রিশ্চান্, হিন্দু, মুসলমান—সকল ধর্মাবলম্বী লোকেরাই এর গিরিশিখরের মাহাত্ম্য স্বীকার করেন : দলে দলে এই দুর্গম তীর্থযাত্রায় যান্। পাহাড়ের চূড়ায় পাথরের উপর বিচিত্র রেখা,—মনে হয় অতি-মানবের পদচিহ্ন। বৌদ্ধরা বলেন, বুদ্ধদেবের। হিন্দুরা বলেন, জগৎপালক বিষ্ণুর। ইস্‌লাম, ক্রিশ্চান ও ইহুদী জাতির মতে আদিম মানুষ আদমের,—স্বর্গভ্রষ্ট হয়ে এইখানেই তাঁর প্রথম পদার্পণ।

১৯৫০ সালের ১১ই অক্টোবর। কলকাতা থেকে জাহাজে যাত্রা করি। ছ'দিন লাগে কলম্বো পৌঁছুতে। সিংহলের সুপ্রসিদ্ধ স্থানগুলি ঘুরে ঘুরে দেখি। সমুদ্রের কোলে বিরাট্ দ্বীপ। স্নিগ্ধ সবুজ গাছ পালা বন। সোনার বরণ শস্যক্ষেত। চামর-দোলান নারিকেল কুঞ্জ। প্রাচীন রাজাদের কীর্ত্তিকলাপের ধ্বংসাবশেষ। বিশাল সরোবর। বৌদ্ধ দাগোবা। স্থাপত্য, মূর্ত্তিশিল্প, চারু চিত্রকলার গৌরবময় অপূর্ব নিদর্শন। রবার, কফি, চায়ের প্লান্‌টেশন। বড় বড় পুরানো রাজধানী ও সহর—অনুরাধাপুর, পলন্নোরুয়া, ডাম্‌বুল্লা, সিগিরিয়া, কাণ্ডি। আবার, রত্নপুর, গল্, মাহ্‌তার, হাম্‌বন্‌তোতা, তিস্যমহারাম, কর্ত্তারগ্রাম,—আরও কতো কী! অপরূপ শোভাময় সিংহলদ্বীপ। ভারত মহাসাগরের বুকে দোলে যেন নীলকান্তমণি।

কিন্তু, পাহাড়ের দুর্নিবার আকর্ষণ রক্তে থাকে। এতো দেখেও আশ মেটে না। সমুদ্রে ঘেরা দ্বীপ, আবার অভ্রভেদী গিরিশ্রেণীও। হিমালয়-পথের কথা বারবার স্মরণ করায়। যেন, প্রবাসে পথে হঠাৎ কাকে দেখে প্রিয়জনের কথা ভাবা।

কলম্বোতে সিংহলী বন্ধুকে জানাই,—এইবার ব্যবস্থা করে দিন শ্রীপাদ-দর্শনের। তিনি চম্‌কে উঠে বলেন, এখন? শ্রীপাদ! এটাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতীক্ষায় শিল্পী : মনীষী দে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাত্রার সময় নয়। অক্টোবরের শেষ, —পাহাড়ের ওপর প্রায় সাড়ে সাত হাজার ফুট উঁচু। লোকজন এখন কেউই যায় না, ব্যবস্থাও কিছু থাকে না। ট্রেন ছেড়ে কিছুদূর মোটরে যাওয়া যায় বটে, কিন্তু এই অল্প সময়ের মধ্যে তারও ব্যব:া হয়ে উঠবে কিনা সন্দেহ। শেষের কয়েক মাইল ত পাহাড়ীহাঁটাপথ—পাহাড়ের একেবারে চূড়ায় ওঠা।

শুনে উৎফুল্ল হই বলি, বাঃ! সেইজন্যেই ত আরও যাওয়া।

তিনি বলেন, আরও একটা কথা। শ্রীপাদের চূড়া থেকে সূর্য্যোদয় দেখা—সিংহলের এক অপূর্ব দৃশ্য। জগদ্বিখ্যাত। যেমন, আপনাদের দার্জিলিং-এ 'টাইগার্-হিল্'-এর 'সান-রাইজ্' Suurise)। এখানে অবশ্য বরফ নেই, কিন্তু আলো ছায়ার অদ্ভুত এক খেলা আছে। এখন মেঘ ও বাদলের সময়, আকাশ পরিষ্কার থাকে না, কষ্ট করে গেলেও কিছুই দেখতে পাওয়া যাবে না।

আশ্বাস দিই, আপনি চিন্তিত হবেন না। আপনার ওখানকার বন্ধুকে একটা চিঠি ত লিখে দিন, আমি বেরিয়ে পড়ি, তিনি ব্যবস্থা বা সাহায্য করতে পারেন, ভালই। না হলে, একাই খোঁজখবর নিয়ে ঘুরে আসব। তা ছাড়া, Nuwara Ellya —নুয়ারা এলিয়া—যেখানে সীতার অশোকবন আমাকে দেখতে যেতেই হবে, ট্রেনের পথটা অনেকখানি একই।

তারপর, হেসে জানাই, সময়ে অসময়ে হিমালয়ে কতো ঘুরেছি, সব সময়েই দেবতার অশেষ করুণার নিদর্শন পেয়েছি। কোথাও কোন অভিলাষ অপূর্ণ থাকে নি। আমার অটুট বিশ্বাস, এখানেও সব আয়োজন ঠিক হয়ে যাবে,—না হলেও ক্ষতি নেই,—কিন্তু আবহাওয়া ভাল থাকবেই।

বন্ধু খুসী হয়ে চিঠি লেখেন।

কলম্বো থেকে ট্রেনে যাত্রা করি।

সমতল ক্ষেত্র শেষ হয়। ট্রেন ক্রমশঃ পাহাড়-পথে উঠতে থাকে। চারিপাশে সুন্দর পার্বত্য দৃশ্য। সবুজ গিরি-মালা ঘিরে আসে। অগণিত পাহাড়ের মধ্যে হঠাৎ দেখি বীরের মত উন্নতশির তুলে এক স্বতন্ত্র শিখর। ত্রিকোণ আকৃতি। যেন, মাথার মুকুট আকাশ ছোঁয়। বহু লোকের ভীড়ের মধ্যেও যেমন কোন বিরাট পুরুষকে চিনিয়ে দেবার প্রয়োজন হয় না, দেখেই চেনা যায়, ঠিক তেমনি এই গিরিচূড়াও আপন মহিমা আপনি ব্যক্ত করে তবুও, সহযাত্রীকে প্রশ্ন করে নিশ্চিত হই। মনে পড়ে, তিব্বতে শ্রীকৈলাসও এমনি করেই না জানা সত্ত্বেও প্রথম দর্শনেই চেনা যায়। মহাত্মার দর্শনে আপনা থেকেই মাথা নত হয়; দেবতাত্মা মহান্ শিখরেরও প্রভাব তেমনি। দূর থেকে প্রণতি জানাই। সান্নিধ্যে যাওয়ার অসীম আকাঙ্ক্ষা মনে মনে নিবেদন করি।

কলম্বো থেকে হাটন্ স্টেসন ১০৯ মাইল। ৪১৪১ ফুট উঁচুতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Grams : "Decibel"

Phones : 23-3019, 23-6427

W. J. ALCOCK & CO. PRIVATE LTD.

Technical Engineers

7. HASTINGS STREET, CALCUTTA-1.

Agents, Importers & Suppliers of Industrial Machinery Equipment

Electrical Power Plants, Laboratory & Research Equipment, Scientific Instruments, Bread & Biscuit Plants, Laundry Equipment, Pumps & Lifting Equipment, Testing Machines, Tele-Communications Equip. X-Rays etc.

Electron Microscope and all other Electrical & Electrical Equipment.

Makers : KOVO OF CZECHOSLOVAKIA

Stocks of Electrical & Electronic Instruments available On rupees payment basis

Industrial X'Ray Plants

BY CARL DRENK OF DENMARK

Laboratory Equipments

By W. H. CURTIN & CO OF U. S. A.

Vibration & Shock Measuring Instruments, Accelerometers.

By ENDEVCO CORPORATION, PASADENA, U. S. A.

Manufacturers of : Electric Furnaces, Ovens

ALSO

Portable, Precision, Voltmeter, Millivoltmeter, Ammeter, Milliammeter, Wattmeter, Single Phase and Polyphase, also Insulation & Earth Testers.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিকালে পৌঁছুই। ট্রেন থেকে নামতেই এক ভদ্রলোক এগিয়ে এসে পরিচয় জিজ্ঞাসা করেন। সাদর অভ্যর্থনা জানান্। বন্ধুর চিঠি পেয়েছেন দেখি। স্থানীয় বৌদ্ধ সঙ্ঘের সম্পাদক, মিঃ শিরসেনা।

বারো মাইল দূরে মাস্‌কেলিয়া গ্রাম। ৪,২০০ ফুট। মোটরে সেইখানে নিয়ে চলেন। জানান্, শ্রীপাদে ওঠার ব্যবস্থা হয়ে যাবে।

পাহাড়ের উপর দিয়ে মোটরের পথ ঘুরে ঘুরে চলে। অনুপম প্রাকৃতিক শোভা। ছোট ছোট পরিচ্ছন্ন গ্রাম। চারিপাশে সবুজের মেলা। মাঝে যেন পাখীর বাসা।

শুনি, এই সব অঞ্চলে এখন অনেক চায়ের বাগান।

মাস্‌কেলিয়ায় এক বাড়ীতে বিশ্রামের ব্যবস্থা হয়। শিরসেনা জানান, রাত আড়াইটায় যাত্রা করতে হবে, যেন তৈরি থাকি। আরও মাইল পাঁচেক মোটর যাবে। তারপর, পদব্রজে। মাত্র চার মাইল, —কিন্তু দুরূহ পাহাড়ী চড়াই।

শুনে সাগ্রহে জানাই, তাতেই ত আনন্দ। যাত্রার জন্যে সব সময়েই প্রস্তুত।

সন্ধ্যাবেলা। ঘরের মধ্যে গ্রামের লোকের ভীড় জমে। অসময়ে শ্রীপাদ-যাত্রী। তার উপর বিদেশী। সকলেরই কৌতূহল। কিন্তু বাক্য বিনিময় হয় না। শিরসেনা ছাড়া কেউই ইংরেজী জানেন না। সিংহলী ভাষা আমিও বুঝি না, দু' একটা কথা ছাড়া। হাবভাবে ইসারায় কথা চলে। শিরসেনা দোভাষীর কাজ করেন। এরি মধ্যে ছোট্ট একটি ঘটনা ঘটে।

সকলের কাছে শিরসেনা আমার পরিচয় করিয়ে দেন্। কলকাতা থেকে এসেছি শুনে কেউই কিছু বোঝে না দেখি। ভারতের প্রধান সহরেরও নাম তাদের অজানা। সিংহলের কোন এক নিভৃত অঞ্চলের গ্রামবাসী,—না জানাই স্বাভাবিক। কিন্তু, আশ্চর্য্য হই যখন দেখি, বাঙলাদেশ থেকে আস্‌ছি শুনে সকলেই উল্লসিত হয়ে ওঠেন। সবারই মুখে আনন্দের দীপ্তি ফোটে। উৎফুল্ল হয়ে পরস্পরে হাত নেড়ে কি বলাবলি করেন। খুসী হয়ে ঘাড় নাড়েন। একজন আবেগভরে এগিয়ে আসেন। দুহাতে আমার হাত মুঠার মধ্যে নিয়ে সাদরে নাড়তে থাকেন, 'সেকহ্যাণ্ড' করার মত। মুখে প্রীতিমাখা হাসি। নিজ ভাষায় যা বলেন, তার অর্থ সহজেই বোঝা যায়। এক হাত তুলে আঙুল দিয়ে আমার দিকে দেখান্, আবার নিজের বুকের দিকে আঙুল ঘোরান্। বেশ বুঝতে পারি, বারবার বলেন, তুমিও বাঙালী আমিও বাঙালী —দুজনেই বাঙালী! বাঃ! বাঃ! কী আনন্দ!

সবাই সমস্বরে তাঁর সমর্থন করেন।

আমার সারাদেহে পুলক জাগে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চোখে জল ভরে আসে। কি আন্তরিক স্নেহ-সম্ভাষণ!

এই উচ্ছ্বাসের কারণও জানি। বিজয়সিং-এর সিংহল যাত্রার কাহিনী আমাদের ভারতের ইতিহাসে এখনও স্থান পায় নি। তথ্যগত নিশ্চিত প্রমাণের এখনও অভাব। তাই, ঐতিহাসিকরা মানেন না। কিন্তু সিংহলের ইতিহাস এই ঘটনাকে মেনে নেয়। তাদের ইতিহাস সুরু, —বিজয়সিং-এর সিংহল-বিজয় কাহিনী নিয়ে। সেখানে বিবাহ করে তিনি রাজ্য প্রতিষ্ঠা করেন। দেশেরও নামকরণ হয় সিংহল।

বিজয়সিংহ বাঙালী। তাই, এই গ্রামবাসীদেরও বিশ্বাস তারাও বাঙালী। সেই কারণে, অচেনা এক বাঙালীকে দেখে তারা আপন ভাই-এর মত বুকে ধরে, প্রিয়মিলনের অনাবিল আনন্দে অধীর হয়।

আধুনিক যুগের ভিন্ন জাতি, ভিন্ন দেশ, ভিন্ন ধর্ম, পররাষ্ট্র নিয়ে হিংসা দ্বেষের বিশ্বগ্রাসী বহ্নি এদের সরল সহজ মনের মানবপ্রেম ও বিশ্বাসকে এখনও দহন করে নি!

সেদিন সুদূর বিদেশে এই অকস্মাৎ স্বজাতি-স্বীকৃতির আনন্দ জীবনে ভোলবার নয়।

এই সম্পর্কে সিংহল বাস কালে আরও দুইটি আশ্চর্য্য যোগাযোগ চোখে পড়ে।

বাঙালীর প্রধান খাদ্য ভাত। সিংহলীদেরও তাই। কিন্তু, বাঙলাদেশের বাইরে 'ভাত' কথাটির প্রচলন কোথাও দেখি না। সিংহলে এসে হঠাৎ শুনি, এঁরাও বলেন,—'বাত্'!

বাঙালীর মাতৃসমা নদী—গঙ্গা। সিংহলেও নদীর নামকরণে গঙ্গার সংযোগ। মাণিক গঙ্গা, শীতল গঙ্গা, মহাবলী গঙ্গা, কালুগঙ্গা, জিনগঙ্গা, নীলওলা গঙ্গা, ওয়ালয়ে গঙ্গা, বেনতোতা গঙ্গা, খেলনীগঙ্গা ইত্যাদি।

ভাবি, সুদূর সিংহলে গঙ্গার পবিত্রনামের আবাহনও করেন কি বিজয়সিংহ,—সিংহলের ভগীরথ?

গ্রামের লোক আসে, বসে, গল্প শোনে, উঠে যায়, অপর লোক আসে। এক যুবক এসে একপাশে বসে। শিরসেনা দেখতে পেয়ে সাম্‌নে ডেকে বসান। সোৎসাহে কি যেন অনুরোধ করেন। সে রাজি হয় না, বুঝতে পারি। শান্ত গম্ভীর মুখে ঘাড় নেড়ে 'না' 'না' জানায়।

কৌতূহল হয়। ব্যাপার কি?—প্রশ্ন করি।

শিরসেনা বলেন, রাত্রে আমরা রওনা হব, ফরেষ্ট অফিসারও যাবেন, তবুও এঁকে আসবার জন্যে বল্‌ছি, রাজি হচ্ছেন না। শ্রীপাদে এঁর মত আর কেউ যায় নি। পথঘাট নখদর্পণে। তাই বলছিলাম। কিন্তু এঁরও 'না' বলার যথেষ্ট কারণ আছে। ব্যাপারটা এখানকার সকলেরই জানা। তবুও, ওঁর নিজের মুখে শুনুন, আমি তরজমা করছি। ওঁর জীবনের বিস্ময়কর অভিজ্ঞতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছেলেটি প্রথমে বলতে চায় না। পরে ধীরে ধীরে শান্ত মৃদু কণ্ঠে বলে। মুখে, চোখে, বাক্যে গভীর শ্রদ্ধা সুস্পষ্ট ফুটে ওঠে।

কয়েক বছর আগেকার ঘটনা। হঠাৎ ছেলেটি পক্ষাঘাতে আক্রান্ত হয়। দেহের একদিকের অংশ নিষ্ক্রিয় হয়ে পড়ে। বহু চিকিৎসা সত্ত্বেও সারে না। অল্প বয়সে এমন ভাবে অক্ষম হয়ে চিররুগ্ন থাকা—তার অসহনীয় বোধ হয়। মনে মনে সঙ্কল্প করে, জীবন শেষ করে দিই, কি হবে আর এমন ভাবে বেঁচে থেকে?

কিছু দূরে নির্জন রেলপথ। কোনরকমে আসে। অন্ধকারে লাইনের উপর শুয়ে পড়ে রাত্রে ট্রেন যায়, তাতেই সব শেষ হবে, রোগভোগেরও শান্তি হবে।

আচ্ছন্ন অবস্থা। হঠাৎ মনে হয়, সাম্নে উজ্জ্বল জ্যোতি। মূর্ত্তি ধরে স্বয়ং শ্রীপাদ দাঁড়িয়ে। মুখে করুণার হাসি। বলেন, মূঢ়! প্রাণ নিচ্ছ কার? কে দিয়েছে তোমার প্রাণ? নেবার অধিকার আছে তোমার? ওঠো। ধৈর্য্য ধরো। মনে বিশ্বাস রাখো। ভয় নেই, চলে এস আমার কাছে। ঐ শীতলগঙ্গায় স্নান করো, উপরে এসে আমার পূজা দাও, রোগমুক্ত হবে।

চম্‌কে ওঠে ছেলেটি। মনে এক অদ্ভুত ভাব। কোথাও কাউকে দেখে না। সাহস ও বিশ্বাস নিয়ে ধীরে ধীরে দেহ টেনে নিয়ে চলে শ্রীপাদের পাদদেশে শীতল গঙ্গায়। স্নান সেরে পাহাড়ের সেই দুর্গম চড়াইও অতি কষ্টে কেমন করে সাঙ্গও করে। ভক্তিভরে শ্রীপাদের পূজা দেয়। পরম বিস্ময়ে দেখে, অচল হাত পা নড়ে—যেন সহজ সুস্থ দেহ!

শিরসেনা কাহিনীর ব্যাখ্যা শেষ করে বলেন, কয়দিন ওকে না দেখে গ্রামের লোকেরা চিন্তিত হয়। খোঁজাখুজি চলে। তারপর, হঠাৎ একদিন দেখা যায়, সুস্থ স্বাভাবিক দেহে ছেলেটি ফিরে আসে। সবাই দেখে অবাক্। কারণ জিজ্ঞাসা করলে কাউকে কিছু বলে না, হাসে। একবছর পরে ঘটনাটা জানায়। ওর আচার ব্যবহার জীবনের ধারাও বদলে যায়। সেই ঘটনার পর থেকে প্রতি পূর্ণিমার রাতে শ্রীপাদ দর্শনে যায়,—ঝড়বৃষ্টি, শীতগ্রীষ্ম কিছুই মানে না। ঘটনাটা আমরা দেখি নি, ঠিকই; কিন্তু সকলেই ত দেখেছি, হঠাৎ একদিন আশ্চর্য্যভাবে নীরোগ হয়ে ফিরে এল!

উপস্থিত সকলেই সায় দেন।

শিরসেনা জানান, দুদিন আগে পূর্ণিমা গেছে, শ্রীপাদ দর্শনও করে এসেছে, তাই আর যেতে চায় না। তা ছাড়া শুধু শুধু বেড়াতে যাওয়ায় ওর কোনই আগ্রহ নেই, কখনও যায়ও না।—শ্রীপাদের অসীম করুণার চাক্ষুষ নিদর্শন দেখছেন? এ-সব বিশ্বাস করেন আপনাদের দেশের লোকেরা?

আমি বলি, আপনাদের যেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীপাদ, আমাদেরও তেমনি হিমালয়। সেখানেও এমন ঘটনা যে না ঘটে, তা নয়।

আমিও হিমালয়ের মহিমা কীর্তন করি।

ভাবি, মানুষের সহজ ধর্ম-বুদ্ধি, সরল বিশ্বাস দেশকাল অতিক্রম করে বিরাজ করে। তারই মধ্যে অন্তরের নিগূঢ় প্রেম-বন্ধন,—মহামানবতা।

মিলন বৈঠক ভাঙে অনেক রাতে। তার পর, শুলেও চোখে ঘুম নামে না। নতুন পথে আসন্ন-যাত্রার আগ্রহ মনে চাঞ্চল্য জাগায়। কেবলি টর্চ জ্বেলে ঘড়ি দেখি, এই বুঝি সময় হয়! রাত দুইটার মধ্যেই প্রস্তুত হয়ে থাকি। শিরসেনা ও ফরেষ্ট অফিসার ঠিক সময়েই আসেন। ২-৪৫-এ মোটরে যাত্রা করি। কিছু খাদ্য ও চায়ের সরঞ্জাম নিয়ে একজন লোকও সঙ্গে চলে। পাহাড়ের উপর কিছুই পাওয়া যায় না।

অনেক আগেই চাঁদ উঠেছে। মেঘমুক্ত আকাশ। ফুট্‌ফুটে জ্যোৎস্না। মনে হয়, ভোরের আলো ফোটে। তৃপ্তি ও আনন্দে মন ভরে থাকে। অনুভব করি, দেবতার অনন্ত করুণা ঝরে পড়ে।

জনহীন পথ। পার্বত্য প্রকৃতির শব্দহীন প্রশান্ত দীপ্তি।

পাঁচ মাইল গিয়ে ডালহাউসি টি স্টেট। মোটর ছেড়ে এবার পায়ে হাঁটা। সাম্‌নেই শ্রীপাদ শৈলশিখর। প্রায় তিনহাজার ফুট এখনও উঠতে হবে। চার মাইল পথ।

চাঁদের আলোয় দূর থেকে দেখায় যেন ভুবন-জোড়া বিরাট মন্দির। হঠাৎ মনে পড়ে, পুরীতে শেষরাতে উঠে মঙ্গল-আরতি-দর্শনে যাওয়া। সমুদ্রতীর ছেড়ে এগিয়ে চলি। দূরে আবছা-আলোয় আকাশের গায়ে মন্দিরের চূড়া। ক্রমে ক্রমে কাছে আসে, আরও বিশাল দেখায়।

প্রথম কিছুদূর পাহাড়ের কোলে সমতল ক্ষেত্র। পথের মাঝখানে মকর-তোরণ। ফেরবার সময় দেখি বিজ্ঞপ্তি লেখা, মাত্র একবছর আগে—১৯৪৯ সালে গভর্ণমেণ্টের তৈরি। নিকটেই হাইড্রো-ইলেক্‌ট্রিক্ স্কীম্-এর জন্য নদীর বাঁধ—নর্টনব্রীজ, (Norton Bridge)।

আরও কিছু দূরে পাহাড়ের নীচে মনোরম স্থান,—গাঙ্গুলাতেন্ন! পাশে পাহাড়ী নদী,—শীতলগঙ্গা। দুইতীরে গাছপালা, পাথর। শ্রীপাদের চরণ ধুয়ে ছোট নদী কলস্বরে নেমে চলে, তাঁরই যেন স্তব গান গেয়ে। তীর্থ-স্নান তীর্থ যাত্রার অঙ্গ। এখানেও তাই। শীতল গঙ্গায় স্নান আচমনাদি করে পাহাড়ে উঠে দর্শনে যাওয়া নিয়ম।

কেবলি সিঁড়ি। পাহাড়ের গায়ে, অথবা পাথর কেটে, ধাপের পর ধাপ। প্রথম দিকে বন জঙ্গল, পরে শুধুই পাথর। এক জায়গায় খাড়া পাহাড়ের গায়ে পাথর কেটে কেটে সরু ধাপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নীচের দিকে তাকালে অনভ্যাসে মাথা ঘোরা স্বাভাবিক। শুনি, আগেকার কালে এ-পথে বিপদের আশঙ্কা ছিল অতিমাত্রায়। প্রায়ই যাত্রীর প্রাণহানি ঘটত। সে-সময়ে পথ ছিল অনেক সরু, কোন রকমে পাথরের গায়ে পা রেখে ওঠা। শেষের এক জায়গায় পাহাড়ের উপর থেকে খাড়া পাথরের গায়ে প্রকাণ্ড এক লোহার শিকল ঝোলান, এই চেন ধরে যাত্রীদের কোনমতে সেই অগম্য স্থান অতিক্রম করা। এখনও সেই লোহার শিকল তেমনি ঝোলে দেখি, কিন্তু ব্যবহারে লাগে না। পথ এখন অনেক প্রশস্ত, পাশেও ধরবার জন্য দরকার মত রেলিং দেওয়া। বিপদের আশঙ্কাও আর নেই।

শিরসেনা একবারের এক মর্মান্তিক দুর্ঘটনার বিবরণ দেন। পরে, বই-এর পাতাতেও এ কাহিনী পড়ি।

সে-বছর যাত্রার সময় দলে দলে যাত্রী চলে। এখানে পৌঁছে সকলকেই যথারীতি অপেক্ষা করতে হয়। সাবধানে পালাক্রমে শিকল ধরে কয়েক জন উঠতে থাকে। অকস্মাৎ প্রবলবেগে ঝড় ওঠে। যাত্রীসমেত লোহার শিকলও বাতাসে দুলতে থাকে। যতো দোলে, দোলার বেগও ততো বাড়ে। জনদশেক যাত্রী—সবাই একদলের, একই পরিবারের,—তখন শিকল ধরে ঝোলে, পাহাড়ের গায়ে পায়ের আশ্রয় হারায়, প্রাণ পণে চেন আঁকড়ে দুল্‌তে থাকে ঘড়ির পেণ্ডুলামের মতন। উন্মত্ত বাতাসের বুক চিরে কয়টি অসহায় মানুষের মর্মভেদী আর্তনাদ ওঠে। নিমেষ মাত্র। গুল্‌তি থেকে ছিটকে-যাওয়া ঢেলার মত শূন্যে ঠিক্‌রে পড়ে সেই যাত্রীদল। পাহাড়ের তলদেশে কোথায় অদৃশ্য হয় তাদের দেহ,—কোন সন্ধানই আর মেলে না।

তখনকার দিনে শ্রীপাদ যাত্রা এমনি বিভীষিকাময় ছিল। তবুও, যাত্রী আসত,—কীসের সাহসে বুক বেঁধে, কীসের টানে,—কে জানে!

মাইল তিনেক উঠে ইন্দিকাটু-পানো। যাত্রাকালে যাত্রীদের থাকবার আশ্রয়। প্রবাদ, ভগবান বুদ্ধদেবের অঙ্গবাস—robe এইখানে ছিঁড়ে যায়, সেলাই করে নেন্। তাই, এ-জায়গায় সূঁচসূতা পথে ফেলে যাওয়া তীর্থযাত্রীদের রীতি। মনে পড়ে, কেদার-বদরী যাত্রাপথেও 'সুইতাগা' বিতরণের প্রথা।

পাহাড়ের গায়ে গুহা। ভগবন্ লেন্—Cave of Gods। ভিতরে পাথরের গায়ে খোদাই-করা অতিকায় প্রতিমূর্ত্তি। নিকটে এক শিলালেখও।

গুহার মধ্যে এক তিব্বতী সন্ন্যাসিনী। ফেরবার পথে আলাপ করি। বৃদ্ধা, একাকিনী থাকেন। তিব্বতী বেশভূষা। হাতে মণিচক্র। পাঁচ ছয় বছর এখানে আছেন, শুনি।

আড়াই ঘণ্টা লাগে পাহাড়ের চূড়ায় পৌঁছাতে।

অপরিসর স্বল্প সমতল স্থান। মাত্র দেড়শত ফুট্ স্কোয়ার। পথের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH BEST COMPLIMENTS OF :

Phones : 22-2499, 22-3298

Cable : "YANTRIK"

DELHI TRADING CORPORATION

BARTERERS, IMPORTERS & EXPORTERS

Post Box No. 2098

5, Clive Row, Calcutta-1

●

Importers of :

ALL VARIETIES OF STEEL

Finish Products :

MAINLY WIRES PLATES & SHEETS

Exporters of :

- ORES
- FERROUS SCRAP
- ROLLING MILL SCALE

Phone : 21974

Branch

Cable : SCRAP

1, Jaffer Sarang Street

Madras-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শেষ ভাগে পাশে দুতিনটা ছোট কাঠ ও পাথরের ঘর। কয়টি বৌদ্ধ ভিক্ষুর আবাস। চূড়ার মাঝখানে কাঠের আচ্ছাদনের নীচে প্রসিদ্ধ চরণচিহ্ন। ভূমিতলে সাধারণ পাথর, তারই উপর বিচিত্র আঁকাবাঁকা রেখা,—বিরাট্ পদচিহ্নের মতই দেখায়। লম্বা –৫২ ফুট্, চওড়া—২৪ফুট্, তিন থেকে পাঁচ ইঞ্চি রেখার গভীরতা:

বুদ্ধদেবের, অথবা বিষ্ণুর, অথবা প্রথম-মানব আদমের,—এখানে এসে সে-প্রশ্নের বিতর্ক ওঠে না। যে যার ধর্ম-অনুযায়ী মেনে নেয়, পূজা করে। পথ নিয়েই মতভেদ, শেষ নিয়ে নয়। ভাবি, স্বর্গ থেকে মর্ত্ত্যে যদি নামতেই হয়, এইত তার শ্রেষ্ঠ স্থান।

পূর্বগগনে সূর্যোদয়ের প্রথম রঙিন আভাস ফোটে।

চারিদিক উন্মুক্ত। নিকটে এত উঁচু গিরিশিখর নেই। অবারিত দৃষ্টি চলে চারিপাশে। বহু নীচে পাহাড়ের সারি। গাঢ় সবুজ বনে ঢাকা। দেখায় যেন, সাগরে তরঙ্গদোলার নিস্পন্দ ছবি। পূর্ব আকাশে রঙের বিচিত্র খেলা চলে। নীচে পাহাড়-গুলিতেও সবুজের উপর সে-আলোর প্রলেপ লাগে। যেন, নানা রঙের কাঁচ ঘুরিয়ে আলোক-রশ্মি ফেলা—বিশ্ব-রঙ্গমঞ্চে। কনক কিরণ ছড়িয়ে পড়ে মাথার উপর সুনীল আকাশেও। স্বর্ণরথে সূর্য্যদেব দেখা দেন। চারিদিক আলোকময় হয়ে ওঠে। দিক্‌চক্র-বালে ভারত মহাসাগরের সূক্ষ্ম নীলরেখা চোখে ধরা পড়ে।

স্তব্ধ হয়ে দেখি। শিরসেনার ডাকে চমক ভাঙে। বলেন, পশ্চিম আকাশে ভাল করে দেখুন।

তাকিয়ে অবাক্ হই। শ্রীপাদ-শিখরের ঘন ছায়া পড়ে সেদিকে আকাশের ধূসর বায়ুমণ্ডলে। যেন, জলের ভিতর প্রতিবিম্ব কাঁপতে থাকে। পূর্বদিকে সূর্য্য ওঠে চলেন, পশ্চিমে পাহাড়ের ছায়াও আকাশ ছেড়ে নাম্‌তে থাকেন ধরার বুকে। ধীরে ধীরে। ক্রমে সে-ছায়া ক্ষণিকের আশ্রয় খোঁজে অদূরে পাহাড়ের বুকে। গগন পথে সূর্য্য আরও এগিয়ে চলেন। শ্রীপাদের ছায়াও পৃথিবীর অঙ্গ বেয়ে নামতে থাকেন নীচে পাহাড়ের উপত্যকায়। সূর্য্যও সচল, ছায়াও চঞ্চল। সূর্য্য ওঠেন, ছায়া নামেন। থরথর দেহে ছায়ার যেন কাঁপন জাগে। ভগবান শ্রীপাদকে ঘিরে সূর্য্য ও ছায়ার অভিনব খেলা চলে।

ক্রমে সূর্য্যের তেজ প্রখর হয়, আকাশের অনেক উপরে ওঠেন। চারিদিক উজ্জ্বল আলোকে প্লাবিত হয়। ত্রস্তা, কোমলপ্রাণা ছায়াও পৃথিবীর কোলে কোথায় লুকান। বিশ্বপ্রকৃতির এই মায়ার খেলাও সাঙ্গ হয়।

ভক্তিভরে নতশিরে শ্রীপাদের পাদস্পর্শ করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Hearty Vijoya Greetings

To All

Bhattacharjee & Co.

55, SASTITOLA ROAD,
CALCUTTA-11

Phone : 35-4714

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মময়ী জগজ্জননী

অধ্যাপক শ্রীজীব ন্যায়তীর্থ

মা মা মা! যেন প্রাণ ভরিয়া তোমাকে মা বলিয়া ডাকিতে পারি। জানিনা মা! তোমাকে ডাকিলে কেন প্রাণে এত শান্তি পাই? এটা কি মা নামের গুণ না তোমার গুণ? বল, বল মা? প্রতিমার সম্মুখে দাঁড়াইয়া কাতরভাবে জিজ্ঞাসা করে এক কিশোর। তাহার নয়নদ্বয় হইতে দুই এক বিন্দু অশ্রু ঝরিয়া পড়িল।

পার্শ্বে ছিলেন পুরোহিত, তিনি লক্ষ্য করিলেন বালকের ভক্তিগদ্‌গদ ভাব, কণ্ঠস্বরে কাতরতা ও নয়নদ্বয়ে আর্দ্রতা।

পুরোহিত জিজ্ঞাসা করেন—বালক! আমি তোমার প্রশ্নের উত্তর দিতেছি। নাম ও নামীতে কোনও ভেদ নাই। তুমি যতবার নাম করিতেছ, ততবার শ্রীদুর্গার স্বরূপও ধ্যান করিতেছ।

কিশোর বলে—কৈ আমি ত, কিছুই বুঝিতে পারিনা।

পুরোহিত বলেন—বৎস! তোমার অশ্রুবিন্দু প্রমাণ করিতেছে যে,—শুধু শব্দ মাত্র মুখ হইতে উচ্চারিত হয় নাই—অন্তর্যামিনী মা ভাবরূপে তোমার অন্তরকে অধিকার করিয়াছিলেন। আর তুমি যে বলিলে—'তুমি কিছুই বুঝিতে পার না' এ কথাটায় আমি বড়ই সন্তুষ্ট হইয়াছি। 'বিজ্ঞাত মবিজানতাম্' —উপনিষদ্ বলিয়াছেন 'আমি জানি না যে বলে—সেই তাঁকে জানিতে পারে।' আরও বলিয়াছেন—'যস্যামতং তস্য মতম্'—যে মনে করে আমি ত' কিছু উপলব্ধি করি নাই সেই কিছু উপলব্ধি করিয়াছে, আর যে বলে আমি তাঁহাকে বুঝিয়াছি—তিনি কিছুই বুঝেন নাই।

কিশোর বলে—পুরোহিত মহাশয়! আমি এসব যেন হেঁয়ালীর মত শুনিতেছি। যদি উপলব্ধিই না হ'ল বা উপলব্ধি করিয়াছি বলিয়া বলিতেই না পারিলাম, তবে তাঁকে পাওয়া না পাওয়া দুই কি সমান হইল না?

পুরোহিত। বৎস! উপনিষদ্ হইল রহস্যশাস্ত্র, আপাতদৃষ্টিতে হেঁয়ালী বলিয়া মনে হইলেও ইহার মধ্যে আছে সাধনার অপূর্ব ইঙ্গিত। কিশোর বেশ মনঃসংযোগের সহিত তাঁহার কথাটি শুনিবার জন্য নিকটে বসিয়া পড়িল। যদুনাথ ও মধুসূদন নামে দুইটি ছাত্র কৌতূহলী হইয়া পুরোহিতের কথা শুনিবার জন্য উপস্থিত হইল। তাহারা বলিল—আমরা সংস্কৃত অনার্সে' কেনোপনিষদে পড়িয়াছি 'যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিজ্ঞাতং বিজ্ঞানতাং বিজ্ঞাত-মবিজানতাম্ ॥'—এই শ্লোকটি আমাদের অধ্যাপক পড়াইয়াছেন বটে, কিন্তু আমরা ঠিক্ বুঝিতে পারি নাই। আপনি কি বলিতেছিলেন বলুন না?

পুরোহিত একটু হাসিলেন ও বলিলেন—শুন, শুন, তোমরা সকলেই বুঝিতে পারিবে যে এটা হেঁয়ালী নয়, এটা একটা বাস্তব সাধনার প্রকাশ।

আমাদের দেহ মনঃ ইন্দ্রিয় বাহ্য-বস্তুকে নানাভাবে উপলব্ধি করে ও তাহা প্রকাশ করে। কিন্তু ব্রহ্মকে প্রকাশ করিতে পারে না। যে প্রকাশ করে—সে প্রকৃত ব্রহ্মকে উপলব্ধি করিতে পারে নাই বুঝিতে হইবে। মনঃ ও ইন্দ্রিয় যখন অন্তর্মুখী হয়, অর্থাৎ সমাধির অবস্থায় আসে—তখনই ব্রহ্মরসাস্বাদ সাধকের পক্ষে সম্ভবপর হয়, সমাধি হইতে ব্যুত্থান হইলেও তাহা বাক্যের দ্বারা প্রকাশ করা যায় না। সে তখন সেই সমাহিত অবস্থায়—সুষুপ্তি অবস্থার মত অর্দ্ধ অচেতন দশায় পতিত হয় তাহা বাক্যের দ্বারা বর্ণনীয় নহে বা বাহ্যবস্তুর উপলব্ধির মত বিজ্ঞাত নহে।

যদুনাথ বলিল—বুঝিয়াছি যেন trance এর মধ্যে consciousnessটা থাকে।

পুরোহিত বলেন—বাবা! আমার অতটা ইংরাজী বিদ্যা নাই। এটুকু বুঝি ইহা অবিজ্ঞাত অবস্থা। এই সমাধির মধ্যেই ব্রহ্মোপলব্ধি হওয়ায় 'বিজ্ঞাতম্ অবিজানতাম্'—বা যস্যামতং তস্য মতম্—একথা বাস্তব সত্য, হেঁয়ালী নহে। আর যাঁহারা বাহ্য ইন্দ্রিয়দ্বারা উপলব্ধ কোনও জ্ঞানকে ব্রহ্মজ্ঞান বলেন, তাঁহাদের পক্ষে অবিজ্ঞাতং বিজানতাম্—যাহা তাঁহারা জানিলেন বা প্রকাশ করিলেন, তাহা ব্রহ্মোপলব্ধি নহে।

আজ বৎস! তোমার যে 'মা' নাম উচ্চারণ করিতে করিতে অশ্রু ক্ষরিত হইল—জানিও ইহা শব্দমাত্রের মহিমা নহে—ঐ শব্দের সহিত জড়িত ব্রহ্মময়ীর ক্ষণিক ভাবাবেশের প্রভাব।

যদুনাথ বলিল—আচ্ছা! পুরোহিত মহাশয়, আপনি ত শ্রীদুর্গাপ্রতিমাকে ব্রহ্মময়ী বলিতেছেন? কিন্তু এই ক্ষুদ্র প্রতিমা কিরূপে ব্রহ্মময়ী হইলেন? আমরা ঐ কেনোপনিষদে পড়িয়াছি—

যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষুং ষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধিনেদং যদিদ মুপাসতে॥

তাহা ছাড়া আপনি বলিলেন, 'মা' নাম সেই ব্রহ্মময়ীর সহিত জড়িত। এ বিষয়েও কেনোপনিষদ্ বলিয়াছেন—

যদ্ বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদ মুপাসতে॥

'যাহা চক্ষুর দৃষ্টির বিষয় হয় না, অথচ যাহার দ্বারা চক্ষুরিন্দ্রিয়বৃত্তিগুলি ব্যাপ্ত হইয়া আছে—তাহাকেই ব্রহ্ম বলিয়া জানিবে—যাহার উপাসনা করিতেছ—তিনি ব্রহ্ম নহেন। যাহা বাক্যের দ্বারা প্রকাশিত হয় না অথচ যাহার দ্বারা বাক্‌শক্তি স্ফুরিত হয়, তাঁহাকে ব্রহ্ম বলিয়া জানিবে—যাহার উপাসনা করিতেছ—তিনি ব্রহ্ম নহেন।'

কেনোপনিষদে স্পষ্টরূপে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/325

প্রতিমাদির বা মন্ত্রের দ্বারা উপাসনা যে ব্রহ্মোপাসনা নহে একথা বলা হইয়াছে।

পুরোহিত উত্তরে বলেন—বাবা! আপাতদৃষ্টিতে এরূপ একটা অর্থ বোধ হইলেও প্রকৃতপক্ষে এই সকল মন্ত্রের অর্থ অন্যরূপ। বহু অজ্ঞ লোক আছে—যাহারা প্রতিমাপূজার অর্থই বুঝে না। তাহারা মনে করে যে, ঐ প্রতিমাটুকুই বুঝি সাক্ষাৎ ভগবতী। কিন্তু তাহাদের অজ্ঞতা দূর করিবার জন্য উপনিষৎ উদাত্ত স্বরে জানাইয়া দিলেন যে,—নেদং যদিদ মুপাসতে॥ লোক যাহার উপাসনা করে, তাহা ব্রহ্ম নহেন।

বস্তুতঃ জ্ঞানিগণ জানেন—উপাসনার বহু ভেদ আছে। সম্পদুপাসনা, প্রতীকোপাসনা প্রভৃতি। প্রতিমায় ব্রহ্মোপাসনা প্রতীকোপাসনার অন্তর্গত। প্রতীক শব্দের অর্থ অবয়ব। সর্বব্যাপক বিরাট বিভুর একাংশকে অবলম্বন করিয়া যে উপাসনা করা হয় তাহাই প্রতীকোপাসনা।

মধুসূদন বলিয়া উঠিল—তাহা হইলে ত' একটা গাছ, পাথর বা বাছুর, কুকুর ভেড়া, ছাগল—যাহাকে ইচ্ছা বাছিয়া উপাসনা করা যাইতে পারে।

পুরোহিত বলেন—হ্যাঁ, যদি তোমার ধ্যানধারণার বিষয়বস্তুরূপে ঐ সকল দ্রব্যকে গ্রহণ করিতে পার, তাহা হইলে উপাসনা করিতে পার। গীতায় ভগবান্ বলিয়াছেন—বৃক্ষের মধ্যে আমি অশ্বত্থ। পাথরের ত' বহুমূর্ত্তি পূজিত হন। বাছুর—গো বৎসদের পূজা গোপাষ্টমীতে হইয়া থাকে। কুকুর—আমাদের উপাস্য কালভৈরব বা দত্তাত্রেয় দেবের বাহনরূপে পূজিত, ছাগ অগ্নির বাহন এবং মেষ বায়ুদেবতার বাহনরূপে পূজা পাইয়া থাকেন। তবে কথা হইতেছে, শ্রীদুর্গা প্রতিমার এত মহিমা কেন? বহু সাধক ব্রহ্মধ্যান করিতে করিতে যে মূর্ত্তিতে তিনি সাধকের সম্মুখে চিদ্‌ঘনরূপে ধরা দেন—সেই মূর্ত্তিকে অবলম্বন করিলে সাধকের পক্ষে তাহা আশা ও আশ্বাসের স্থান। সর্বমূর্ত্তির মধ্যেই সেই ব্রহ্মসত্তা ব্যাপ্ত হইয়া রহিয়াছে। তথাপি গবাং সর্বাঙ্গজং ক্ষীরং যথা স্তনমুখাৎ ক্ষরেৎ এবং সর্বত্র গো দেবঃ প্রতিমাদিষু রাজতে॥ যেমন গোরুর দুগ্ধ সর্বাঙ্গব্যাপ্ত হইলেও তাহা গোস্তনমুখ হইতে ক্ষরিত হয় তেমনই সর্বব্যাপক দেবতা প্রতিমাদিতে বিশেষভাবে প্রকাশিত হইয়া থাকেন।

যদুনাথ বলে—আপনি কিরূপে জানিলেন যে,—শ্রীদুর্গা বহু সাধকের সম্মুখে দেখা দিয়েছেন।

পুরোহিত বলিলেন—বৎস! তুমি ত' কেনোপনিষৎ পড়িয়াছ? সেখানে 'উমা হৈমবতী বহু শোভমানা' দেবতাদের দর্শন দিয়াছিলেন। যে স্থানে ব্রহ্ম যক্ষরূপে আবির্ভূত হইয়াছিলেন, তিনি সেই আকাশে উমারূপে আবির্ভূতা হইয়া দেবগণের ভয় দূর করিয়াছিলেন, সুতরাং তিনিই যে ব্রহ্মময়ী, ইহা কি সন্দেহের বিষয়?

কুরুক্ষেত্র যুদ্ধের প্রাক্‌কালে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ যাঁহার সারথি, সেই অর্জুন তাঁহার নির্দেশে জগদম্বার দর্শন পাইয়াছিলেন, সুরথ ও সমাধি নদী-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH THE BEST COMPLIMENTS OF :

K. G. INDUSTRIES CORPORATION

"WARDLEY HOUSE"

25, SWALLOW LANE
CALCUTTA-1

Phones : 22-7408/9

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুলিনে মহীময়ী (মৃন্ময়ী) মূর্তি গঠন করিয়া সাধনা করিতে করিতে তৃতীয় বর্ষে 'মা'-এর প্রত্যক্ষ দর্শন ও বর লাভ করিয়াছিলেন। এই সমস্ত স্তবরাজির মধ্যে ব্রহ্মের যে লক্ষণ বেদান্তশাস্ত্রে বলা হইয়াছে—অর্থাৎ যিনি এই বিশ্বের সৃষ্টি-স্থিতি-লয় করেন তিনিই ব্রহ্ম, মার্কণ্ডেয় চণ্ডীতে সৃষ্টি স্থিত্যন্তকারিণী বলিয়া জগদম্বাকে বারবার বলা হইয়াছে। সুতরাং তিনি যে ব্রহ্মময়ী ইহাতে সংশয় করিবার কিছু নাই।

স্বয়ং শঙ্করাচার্য্য যিনি অদ্বৈত-ব্রহ্মবাদের পরম আচার্য্য, তিনিও বলিয়াছেন—"স্যাৎ পরমেশ্বর স্যাপি রূপং সাধকাভীষ্ট সিদ্ধ্যর্থম্' সাধকদিগের অভীষ্টসিদ্ধির জন্য পরমেশ্বরও রূপ ধারণ করেন।

মা ব্রহ্মময়ী হইয়াও জগজ্জননীরূপে দেখা দেন। এই বিশ্বের অস্তিত্ব তাঁহার কৃপাতেই আমরা উপলব্ধি করিতেছি। ব্রহ্মসত্তার উপর প্রতিষ্ঠিত এই দৃশ্যমান্ বিশ্বের অস্তিত্ব। শিব-শক্তি উভয় মিলিত হইয়াই এই বিশ্বের উৎপত্তি ও রক্ষা করিতেছেন। শিব ও শক্তি—উভয়ই নিত্যমিলিত। তাই আনন্দ-লহরীতে বলা হইয়াছে—'শিব-শক্ত্যা যুক্তো যদি, ভবতি শক্তঃ প্রভবিতুম্'। তিনি দ্যোতমানা আবার তিনিই অজ্ঞানরূপা। তিনিই চিতিশক্তি, আবার তিনিই ভ্রান্তিরূপিণী। তাই উপনিষদ্ বলিয়াছেন—'মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ দ্বে বাব ব্রহ্মণো রূপে' তিনি মূর্ত্ত ও অমূর্ত্ত উভয়রূপেই আছেন। সেই বিশ্বব্যাপক বহির্ভাগে কোনও কিছুই থাকিতে পারে না। কাজেই মূর্ত্তির মধ্যেও তিনি অমূর্ত্তের মধ্যেও তিনি। তিনি নিরাকারা হইয়াও সাকারা, বিশ্বকর্ত্রী হইয়াও বিশ্বসংহর্ত্রী। এই বিশ্বকে তিনি ক্রোড়ে করিয়া বসিয়া আছেন। আবার প্রলয় কালে তিনি এই বিশ্বকে নিজ স্বরূপে বিলীন করিয়া লইবেন। মা যেমন নিদ্রিত শিশুকে রাত্রিতে ক্রোড়ে করিয়া বসিয়া থাকেন, এই প্রলয়াবসন্ন বিশ্বকেও তিনি ক্রোড়ের মধ্যে রক্ষা করেন। আবার জীবাদৃষ্ট বশে সংসার সৃষ্টি করেন।

ভবকালে সৈব নৃণাং গৃহে বৃদ্ধিপ্রদা
ভবেৎ।
সৈবাভাবে তথালক্ষ্মীর্বিনাশায়োপ
জায়তে ॥

সুতরাং মা-এর স্বরূপ তাহার কখনও ব্যাহত হয় না। তোমরা সন্দেহ করিও না—'সংশয়াত্মা বিনশ্যতি!'

দৃঢ়প্রত্যয়সহ এই প্রতিমাতেই ব্রহ্মরূপিণী জগদম্বার আবির্ভাব ধ্যান করিয়া বল—

সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি
নমোঽস্তুতে ॥

তিনজনেই তখন প্রণত হইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

OUR PUJA GREETINGS TO ALL :

GOSWAMI & CO.

LEADING DEALER IN
CYCLES & ACCESSORIES

14, BENTINCK STREET
CALCUTTA-1

Phone No : 23-4387 Gram : DYNOLIGHT

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুবা নন্দী

বিভূতিভূষণ মুখোপাধ্যায়

আমার শেষতম উপন্যাসটিতে নায়ক-নায়িকার মিলন ঘটাতে রীতিমতো গলদ্‌ঘর্ম হয়ে পড়ি। এবং সেই জন্যই যখন হলাম সক্ষম শেষ পর্যন্ত, ঘাম দিয়ে জ্বর ছাড়বার মতোই বেশ একটি তৃপ্তি অনুভব করি। মনের যখন এইরকম অবস্থা চলছে সেই সময় চিঠিখানি পেলাম। লেখিকা একজন মহিলা।

লিখছেন—

মান্যবরেষু,

আমি নিতান্তই নিরুপায় হইয়া আপনার সকাশে উপস্থিত হইয়াছি। আমার স্বামী বহুদিন নিরুদ্দেশ। একটি কন্যা এবং দুইটি পুত্র লইয়া আমি বহুকষ্টে সামান্য চাষের জমির ওপর নির্ভর করিয়া দিনপাত করিয়া আসিতেছি; কিন্তু কন্যাটির বিবাহ দেওয়ার কোন উপায়ই করিতে পারিতেছি না। কন্যাটিও বড়। খুব সুন্দরীও। কিন্তু একে অর্থাভাব তায়, সেই অর্থাভাবের জন্য লেখাপড়া শিখাইতে না পারায় মনের মতন পাত্র পাইতেছি না। একা স্ত্রীলোক, দেখিয়া শুনিয়া দিবারও কেউ নাই। বড়ই বিব্রত হইয়া পড়িয়াছি। আপনি মহৎ ব্যক্তি, আমার এই কন্যাদায় হইতে উদ্ধার করিলে চিরকাল আপনার ঋণী হইয়া থাকিব। আপনি কতজনকে এইরকম দায় হইতে মুক্ত করিয়াছেন বলিয়া আপনার শরণ লইলাম। আমার প্রণাম লইবেন। ইতি—

প্রণতা
রুবা নন্দী
১৩এ মদন সাধু লেন
বাগবাজার, কলিকাতা।

চিঠিটা একটু অদ্ভুত লাগল। বিষয় বা লেখার দিক দিয়ে অবশ্য নয়। কন্যাদায়গ্রস্ত মোটামুটি কোন একজন শিক্ষিতা মহিলার হাতের চিঠি যেমন হওয়া স্বাভাবিক, এও তাই। অদ্ভুত লাগল লেখাটার জন্য। অত্যন্ত কাঁচা হাতের লেখা। অক্ষরগুলার কোনটা বড়, কোনটা ছোট; লাইনগুলা আঁকাবাঁকা, কোথাও বেশি ফাঁক, কোথাও ঘেঁষাঘেঁষি। যুক্তাক্ষরগুলা আরও না থাকায় জায়গায় জায়গায় যেন জট পাকিয়ে গেছে। একটা মোটামুটি ভালোভাবেই লেখা চিঠির লিপিবিন্যাস এরকম অপরিণত। কেমন যেন ঠেকেই চোখে প্রথমটা, অবশ্য কারণ অনেক থাকতে পারে। হয়তো ভদ্রমহিলা নিজে খুব অসুস্থা, ছোট ছেলেদের কাউকে দিয়ে লিখিয়েছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

...মেয়েকে দিয়েই বা কেন নয়? সঙ্কোচ বোধ করতে পারে? কিম্বা হয়তো তারই হাতের লেখা?—শিক্ষার এই অবস্থা। যুক্তি অনেক সংগ্রহ করা যায়, তবে, মনে হয় যেন কতকটা টেনেবুনেই। আরও একটু কেমন যেন খটকা লাগে চাষের জমির কথায়। অবশ্য, বাগবাজারে বাড়ি থাকলে চাষের জমি থাকা এমন কিছু রীতিবিরুদ্ধ নয়, জমি যে বাগবাজারেরই এমন কথাও লেখেন নি ভদ্রমহিলা, তবু কি করে যেন একটু খাপছাড়া হয়ই মনে

এও হতে পারে যে ভদ্রমহিলা সাহায্য ভিক্ষা করেছেন বলেই মনটা অনুসন্ধিৎসু হয়ে পড়ায় সামান্য অসামঞ্জস্যগুলা বড় হয়ে দেখা দিয়েছে; সে যাই হোক, চিঠিটা পড়ে মনের ওপর প্রথম ছাপটা যা পড়ল সেটা এই।

এ ছাড়া, শেষের প্রশংসাটুকু, অর্থাৎ অনেক কন্যাদায়গ্রস্তকে উদ্ধার করেছি—এর ওপর আমার কোন দাবিই নেই, একটিকেও করেছি কিনা মনে পড়েনা। ওটাকে এই ধরণের চিঠির ছেঁদো কথা বলে বাদ দেওয়া যায়, যদিও নিখরচায় যশটুকু ছড়াল কি করে সে রহস্যটা একটু থেকেই যায়।

যাই হোক, যেসব বললাম, এসবই মনের প্রথম প্রতিক্রিয়া, চিঠিটা পেয়ে। এটা আস্তে আস্তে কেটে যেতে লাগল এবং বাদসাদ নিয়ে যা রইল তা একটি অসহায়া নারী, একটি বয়ঃপ্রাপ্তা অনূঢ়া কন্যা; সুন্দরী বলে সমস্যাটি আরও ঘনীভূত হয়ে পড়ায় চিত্রটুকু আরও করুণ হয়ে উঠেছে।

মনটাকে ধীরে ধীরে অধিকার করে ফেলতে লাগল চিঠিটা এবং ক্রমেই একটা অশান্তির কারণ হয়ে উঠতে লাগল। এ-ধরণের সাহায্য-ভিক্ষা যে আজকাল এক শ্রেণীর লোকের মধ্যে রেওয়াজ দাঁড়িয়ে গেছে, এ তর্ক দিয়ে ব্যাপারটাকে কোন মতেই ঠেকিয়ে রাখা গেল না। এত অসঙ্গতি সত্ত্বেও কী যে একটা কোথায় ছিল আবেদনটার মধ্যে, যতই দিন যেতে লাগল, ততই বেশি করে মনে হতে লাগল, কিছু একটা করা নিতান্ত দরকার, তা সে যতই সামান্য হোক না কেন।

"যতই সামান্য" বলতে নগদ কিছু পাঠিয়ে দেওয়া। তাতে কিন্তু মনটা আবার সায় দিতে চায় না। প্রথম যা বাধা, এবং যুক্তিসঙ্গতও, তা এই যে, প্রবঞ্চিত হওয়ার সম্ভাবনা বেশি। দ্বিতীয়, ভদ্রমহিলার অর্থাভাবের চেয়ে লোকাভাবই বেশি। ওঁর আবেদন, কেউ উদ্যোগী হ'য়ে জোগাড়যন্ত্র ক'রে পাত্র ঠিক ক'রে, পাত্রপক্ষের সঙ্গে যথাবিধি কথাবার্তা ক'রে বিবাহটি দিইয়ে দেন। বেশি নিরুপায় উনি এইখানেই।

মুশকিল হয়েছে, তাঁকে ডেকে অবস্থাটা বোঝবার চেষ্টা করা যায় না। আমার একা পুরুষের বাড়ি; অসম্ভবই। দ্বিতীয় উপায়, গিয়ে খোঁজখবর নেওয়া। সেটা যেন আরও বিসদৃশ।

এরপর এই চিন্তা নিয়ে থাকতে থাকতে একদিন হঠাৎ মনে হোল। নিতান্ত ওঁর বাড়ি গিয়ে প্রত্যক্ষভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খোঁজ না নিতে পারি, কোন প্রতিবেশীর মাধ্যমে তো খবরটা নেওয়া যেতে পারে। একটু খুঁৎ যে তাতেও না থাকে এমন নয়, তবে বিষয়টা সমস্ত মন জুড়ে নিয়ে এমন একটা অশান্তি সৃষ্টি করল যে, অন্তত তা থেকে অব্যাহতি পাওয়ার জন্যও একবার চেষ্টা করাই ঠিক ক'রে ফেললাম।

প্রথমত, গলিটা খুঁজে বের করতেই দু'টো দিন লেগে গেল। যেদিন করলাম আবিষ্কার, সন্ধ্যা উৎরে গিয়ে অন্ধকারই হয়ে গেছে, বাগবাজার আমার বাড়ি থেকে অনেক দূর, গলিটা দেখে নিয়ে ফিরেই আস্‌তে হোল। দ্বিতীয় দিন ঠিক করলাম, প্রথমে নম্বর দেখে বাড়িটা বের করতে হবে। অনেকখানি হাঁটতে হোল, এদিকটা গলির শেষ দিক। নম্বরের ওপর দৃষ্টি রাখতে রাখতে অগ্রসর হচ্ছি, দেখি একটি বৃদ্ধ ভদ্রলোক বাড়ির সামনের রকে একটা মাদুরে বসে খবরের কাগজ পড়ছেন। একটু বেশ নিরিবিলিও মনে হোল জায়গাটা। দাঁড়িয়ে পড়ে "মশাই" — ব'লে এগিয়েছিও, উনিও কাগজ থেকে দৃষ্টি তুলেছেন, থমকে চুপ করে যেত হোল। খেয়াল হোল, ভদ্রমহিলা তাঁর স্বামীর নামটা দেননি। একেবারে স্ত্রীলোকের নাম নিয়ে প্রশ্ন করাটা বড়ই বেখাপ্পা মনে হোল, এবং তার জন্যে নিশ্চয় এমন একটা বিমূঢ় ভাব ফুটে উঠে থাকবে চেহারায় যে, ভদ্রলোক একটু বিস্মিতভাবে চেয়ে থেকে প্রশ্ন করলেন —"আমাকে কিছু বলছেন ?"

ততক্ষণে হুঁস হয়েছে। বললাম— "১৩এ নম্বরটা বের করতে..."

"খুঁজে পাচ্ছেন না ?"—মুখের কথা কেড়ে নিয়েই প্রশ্ন করলেন উনি। বললেন—"ভুল হয় একটু। এই গলি থেকেই ডান দিকে একটা ফিকড়ি বেরিয়েছে, ব্লাইণ্ড লেন, ছোটই, নম্বরটা ঢুকলেই দেখতে পাবেন।"

মানিয়ে নেওয়ার জন্যে একটু হেসে বললাম—"বড় গোলমেলে নম্বর দেখছি এদিকে।"

উনি যেন গল্পের জন্যও প্রস্তুত হয়ে সোজা হয়ে বসলেন, বললেন— "গোলমালটা কোথায় নয় বলুন না ? এই যে কাগজে লিখছে..."

বেশ চমৎকার একটি সুযোগ ছিল, ওঁর কথায় একটু স য় দিয়ে নিজে যে-গোলমালে পড়েছি তার কথা এনে ফেলা। কিন্তু আর ওদিকে নয়। কতকটা ভদ্রতা রক্ষার জন্যই একটু হেসে বললাম—"আজ্ঞে হ্যাঁ, কাগজ তো আর খোলবারই জো নেই।... আচ্ছা আসি, নমস্কার। ডান দিকে বললেন না ?"

ঘুরে পা চালিয়ে দিলাম।

আর প্রতিবেশী নয়। এবার একেবারে সোজা ভদ্রমহিলার সঙ্গে সাক্ষাৎ করতে হবে। স্বামীর নাম জানিনা, বাধাটুকু পেয়ে ভদ্রমহিলার নিজের নামটুকুও এতক্ষণে যেন একটু অদ্ভুত ঠেকল ; এ-নাম এক কচি মেয়ের কিম্বা সিনেমা-আর্টিস্টকেই মানায়। এ-নাম নিয়ে পরিচয় জানতে আরও যেন কুণ্ঠা ঠেলে আসতে লাগল গলায়। ও-পাটই তুলে দিলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WHILE THINKING OF BICYCLES

△△
△

Remember

Tara Cycle Stores

17/19. R. G. KAR ROAD
Shambazar, Calcutta-4

Telegram :
Tarcikel

Telephon :
55-5015

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এরপর খানিকটা এগুতেই কাণা গলি। এসে পড়ল এবং তারপরেই একেবারে চক্ষুস্থির!

কাণাগলিতে প্রবেশ করতেই দেয়াল দিয়ে ঘেরা কম্পাউণ্ডওলা বেশ বড় এক দোতলা বাড়ি। তারই গেটের থামে পেতলের ফলকে নম্বরটা লেখা—13-A, ওপরে গৃহস্বামীর নাম এবং পরিচয় লেখা P. K. Dutt, Zemindar. একেবারে হতভম্ব হয়ে গেছি। এ বাড়ি থেকে কন্যাদায়গ্রস্তা কারুর চিঠি বের হতে পারে কি করে? এর ভেতর ঢুকে এরকম একটা অসম্ভব ব্যাপার সম্বন্ধে খোঁজ নেওয়া যায়ই বা কি ক'রে? নম্বরের কোন ভুল করিনি তো? যদিও সে সম্বন্ধে নিঃসন্দেহই—এক-আধবার দেখা নয় তো—তবু পকেট থেকে চিঠিটা বের করে মিলিয়ে দেখছি, মোটরের হর্ণে চকিত হয়ে ফিরে দেখি একটি সুদৃশ্য মোটর যেন এই বাড়িতেই প্রবেশ করবার জন্যে মেইন গলি থেকে মুখ ঘুরিয়েছে। আরোহী পেছনের সীটে একজনই; বয়স্থ; গৃহস্বামী বলেই মনে হয়। আমি গেটের থামটার সামনেই দাঁড়িয়েছিলাম, হর্ণ শুনে পাস কাটাতে গাড়িটা আস্তে আস্তে গেটের মধ্যে প্রবেশ ক'রে খানিকটা এগিয়ে গিয়ে হঠাৎ দাঁড়িয়ে পড়ল। আমি এখন সরে আসবার জন্য ঘুরেছি, গাড়িটা হঠাৎ থেমে যেতে ঘাড় ফিরিয়ে দেখি কর্তা মুখটা বের করে এইদিকেই চেয়ে আছেন। বললেন—"একটু শুনবেন?"

এগিয়ে যেতে একটু ভালো করে দেখে নিয়ে প্রশ্ন করলেন—"আপনি হঠাৎ এখানে যে?"

বুঝলাম, মুখ চেনা আছে, লোক-মানুষের সভাসমিতি তো লেগেই থাকে।

সবই অপ্রত্যাশিত, অদ্ভুত, একটু আমতা-আমতা ক'রে বললাম—"এই যে—একটা নম্বর—মনে হচ্ছে, এই নম্বরটাই...."

"হ্যাঁ, এই নম্বরই, আসুন।"

মোটরের দরজাটা খুলে ধরেছেন, আমি দ্বিধাগ্রস্ত হয়ে দাঁড়িয়ে রয়েছি দেখে বললেন—"কন্যাদায়গ্রস্তা রুবা নন্দীর খোঁজে এসেছেন নিশ্চয়। ঠিক আছে, উঠে আসুন।"

গিয়ে উঠলাম আস্তে আস্তে। উনি একটু একটু হাসছেন, আমি একেবারে কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেছি। বাড়িটা একটু ভেতর দিকে, গাড়িটা গোল রাস্তা ঘুরে থাম-ওলা গাড়ি-বারান্দায় প্রবেশ করতে দরজা খুলে নেমে দাঁড়িয়ে আমায় আমন্ত্রণ জানালেন—"নামুন।" তারপর সিঁড়ি দিয়ে উঠতে উঠতে হেঁকে বললেন—"ওরে, কে আছিস—একবার রুবা নন্দীকে ডেকে দে তো। বলবি, আর একজন ঘটক এসেছেন।"

সিঁড়ি দিয়ে উঠেই চওড়া বারান্দা, দামী সোফা, সেটি পাতা, মাঝখানে একটি শ্বেতপাথরের টপ দেওয়া সুদৃশ্য গোল টেবিল। একটা সোফায় আমায় বসতে অনুরোধ করে, নিজে একটাতে বসতে বসতে বললেন—"কী কাণ্ডটা যে করেছে, কোথায় যে এর শেষ...."

এবার বেশ ভালোভাবেই হেসে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উঠলেন। যেন কিছু কিছু আন্দাজ পাচ্ছি এতক্ষণে, মন একটু সহজও হয়ে এসেছে, প্রশ্ন করলাম—"ব্যাপার-খানা কি বলুন তো?"

ঠিক এই সময় একটি ফ্রকপরা বছর চারেকের ফুটফুটে মেয়ে লাফাতে লাফাতেই সিঁড়ি বেয়ে নেমে এল এবং একবার আমার দিকে চেয়ে ওঁর হাঁটুর কাছে এসে গায়ে লতিয়ে পড়ে আবার আমার দিকেই কৌতূহলের দৃষ্টি নিয়ে চেয়ে রইল। কর্তা আমার প্রশ্নের উত্তরে বললেন—"এই আপনার শ্রীমতী রুবা নন্দী, সোজা এঁকেই জিজ্ঞেস করুন এবার।"

মেয়েটির চিবুক ধরে মুখটা ঘুরিয়ে প্রশ্ন করলেন—"কি দিদি, হোল মেয়ের কোনও হিল্লে?"

একটু জড়োসড়ো হয়ে গেলেও, বেশ সপ্রতিভ মেয়েটি। তাছাড়া দাদুই তো, ঠোঁট দুটি গুটিয়ে দুশ্চিন্তা-গ্রস্ত পাকা গৃহিণীর মতোই মাথাটা দুলিয়ে বলল—"বড্ড কাঁই। দেখতেও তেমন..."

নাকে-ঠোঁটে মিলিয়ে এমন একটা ভঙ্গি করল যে আমরা দুজনেই হেসে উঠলাম। একটুও অপ্রতিভ নয়। চোখ দুটো বড় বড় ক'রে ওঁর দিকে ঘুরে বসল—"আর জান দাদু?—বংছেও দোছ আছে।"

এবার একেবারে হোহো ক'রে হেসে উঠলাম, দুজনেই। কর্তা বললেন—"বুঝুন একবার ঘরের কেচ্ছা টেনে বের করাটা; মেয়েই তো!"

রুবাকে বললেন—"না, এবার আর ওসব কোন খুঁৎই থাকচে না। খুব ভালো পাত্রের সন্ধান এনেছেন উনি। ছেলে দেখতে শুনতে কার্তিক, খাঁই একেবারে নেই এদিকে নৈকষ্যকুলিন। ...তুমি যাও তো, বেশ ভালো করে চা, কেক, মিষ্টি সব সাজিয়ে নিয়ে এসো। আমি ততক্ষণ তোমার ঘরের অবস্থাটা ভালো ক'রে জানিয়ে কথাটথা পাকা ক'রে ফেলি।...কর্তার কিছু চিঠিপত্র এল?"

মেয়ের বিয়ের সুরাহা হয়েছে, নিরুদ্দেশ কর্তার জন্যে আর ভাবনা নেই রুবার, বব্ দুলিয়ে মাথা নাড়তে নাড়তে সিঁড়ি বেয়ে নাচতে নাচতে উঠে গেল ওপরে।

প্রশ্ন করলাম—"তা এইরকম দাদু থাকতে বাইরে পত্রাঘাত—এ রহস্যটা তো পরিষ্কার হচ্ছে না।"

"রহস্যটা জটিলও খানিকটা।"—দত্তজা মশাই হেলান দিয়ে গুছিয়ে বসলেন। বললেন— "ও বেচারির ভরসা আবার বিশেষ করে আপনাদের সাহিত্যিক সম্প্রদায়— যাঁরা গল্প-উপন্যাস লেখেন।"

প্রশ্ন করলাম—"এ পক্ষপাতিত্বের কারণ?"

"কিছু মনে করবেন না, আপনারা যে নানারকম জটিল অবস্থা থেকে নায়ক-নায়িকাকে টেনে তুলে তাদের মিলন ঘটাতে দক্ষ। আর এমন যোগাযোগ, আপনারই একখানি নভেল থেকে ও-বেচারি এই গূঢ় তত্ত্বের সন্ধান পায়।"

এরপর লঘু হাস্য-পরিহাসের মধ্যে দিয়ে জানতে পারলাম— আমার শেষতম গ্রন্থখানি নিয়েই একদিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবসরের মজলিসে মেয়েদের মধ্যে আলোচনা হচ্ছিল। তাইতো একেবারে গেল-গেল ক'রেও আমরা কি ভাবে সামলে নিই, সেই নিয়ে বিভিন্ন কণ্ঠে যে মন্তব্য হয় তার মধ্যেই একজন রুবাকে উদ্দেশ ক'রে বলেন—তার মেয়ের বিয়ের এত সমস্যা, ঘুম হচ্ছে না, যারা বই লেখে তাদের বলুক না ব্যবস্থা করতে। হাসিচ্ছলেই। এর পরেই ব্যাপারটা এই গুরুগম্ভীর আকার নিয়ে দাঁড়িয়েছে। প্রথমেই ওঁর টেবিল থেকে একটা চিঠি অদৃশ্য হোল। আমতা থেকে এক কন্যাদাগ্রস্তা মহিলা সাহায্য চেয়ে চিঠিটি দিয়েছিলেন। অবশ্য তার সঙ্গে এ-ব্যাপারটাকে যুক্ত করবার কোনই কারণ ছিল না। তারপর হারাবার পর দিন পাঁচেক পরে, এক ভদ্রলোকের (তিনি লেখকই) রুবা নন্দীর নামে লেখা একটি চিঠি হাতে পড়ায় দত্তজামশাই কৌতূহল বশে খাম ছিঁড়ে চিঠিটা পড়ে অনেকটা যেন হদিশ পান। মূল সেই চিঠিটা ধ'রে যেসব প্রশ্ন হ'তে পারে সেই সবের অবতারণা ক'রে চিঠিটি লেখা।

এই সূত্রটুকু ধ'রে রুবাকে শেষে ভুলিয়ে ভালিয়ে প্রশ্ন করে জানা গেল, ওদিকে মেয়েদের লঘুভাবে বলা কথাটা শুনে দারুণ অন্ধকারের মধ্যে একটা আলো সে দেখতে পায়। কিভাবে এইরকম অঘটনঘটপটীয়ান বই-লিখিয়েদের সঙ্গে যোগাযোগ করা যায় ভাবছিলই, এই সময় কন্যাদায়ের জন্য সাহায্য চেয়ে এই ভদ্রমহিলার চিঠিটি আসে। আদরের দৌহিত্রী, মামার বাড়ি এসে ওঁর কাছেকাছেই থাকে, দৈবক্রমে সেদিনও ছিল। চিঠিটা প'ড়ে আলতোভাবেই নিজের মনেই কন্যা-দায়ের সমস্যা নিয়ে কিছু বলে থাকবেন, রুবার দৃষ্টি প'ড়ে যায় চিঠিখানির ওপর। অদৃশ্য হয়ে যায় সেটি।

এর পরের সমস্যা একজন সক্ষম এবং বিশ্বাসী লিপিকার সংগ্রহ করা, রুবার নিজের সামনের সরস্বতী পূজায় হাতে খড়ি হবে, এখনও চার-পাঁচ মাস বাকি। তবে, এ নিয়ে খুব বেশি অসুবিধার সম্মুখীন হতে হোল না। ওর বিপুল প্রতিপত্তি এখানে, বিশেষ ক'রে ছোটদের মধ্যে! তাদের যেসব বস্তু লুব্ধ ক'রে, অথচ নাগালের বাইরে, দাদুর পেয়ারের নাতনীর শরণাপন্ন হ'লেই তা হাতে এসে যায়। এইরকম একজন পাওয়া গেল বিরুকে। সেও নাতি, পৌত্র, তবে স্কুলের ছাত্র ব'লে, আদরের অভাব না থাকলেও কতক-গুলি বিধিনিষেধের মধ্যে প'ড়ে খানিকটা অসুবিধাগ্রস্ত। তাকে হাত ক'রে ফেলতে বেগ পেতে হোলনা রুবার। তাকে দিয়েই বই ঘাঁটিয়ে লেখকদের নাম জোগাড় ক'রে ঐ আগের পত্রখানির নকল করে করে পাঠিয়েছে। ঠিকানা অবশ্য প্রকাশকদের, যেমন আমার ক্ষেত্রেও দেখলাম। যতদূর জানা গেল, এযাবৎ পাঁচখানি এইরকম পত্র গেছে। শেষতম বোধ হয় আমারটিই। বইটা মহিলা-মহলে হাতে-হাতে ঘুরছিল, সংগ্রহ করা যাচ্ছিল না।

লিপিকার বীরু পঞ্চম শ্রেণীর ছাত্র উপস্থিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের গল্পের মধ্যে রুবা এল নেমে, চাকরের হাতে একটা ট্রেতে খাবার আর চায়ের সরঞ্জাম সাজানো। এবার মুখটা রাঙা হয়ে উঠেছে; উত্তেজনা, তার সঙ্গে একটু লজ্জাও, ওপরে নিশ্চয় আলোচনা চলছে, প্রশ্নাদির হিড়িকে প'ড়ে গিয়ে থাকবে। এবার আমিই কোলে টেনে নিলাম। আপত্তি নেই, তবে একটু জড়োসড়োই। চিবুকটা তুলে ধ'রে বললাম —"তা রুবা দিদি, মেয়েটিকে একবার দেখাতে হবে তো।"

"যাঃ।" আরও গুটিয়ে গিয়ে উত্তর করল এবার। বললাম—"না হয় থাক্, যখন বলছই খুব সুন্দর। আমিও একেবারে রাজপুত্রের মতন ছেলে এনে দোব, দেখে নিও।"... তাহলে কালই, কি বলো? রোববার, বেশ ভালো দিন।"

একটু হেসে মাথাটা একটু কাৎ করল। তবে, সরে পড়তেই চায়; হাত একটু ঢিলে করতে হুড়হুড় ক'রে উঠে গেল সিঁড়ি বেয়ে।

চা জল-খাবারের সঙ্গে ওদের জগৎটা নিয়েই গল্প চলল আমাদের। ওঠবার সময় রুবার হ'য়ে বিবাহের নিমন্ত্রণটা পাকা ক'রে দিলেন দত্তজা মশাই।

বললাম—"অ তি থি-নি য় ন্ত্র ণে র বাজারে আর হাঙ্গাম বাড়াচ্ছেন কেন?"

হেসে বললেন—"ভুলে যাচ্ছেন কেন, রুবার জগৎ সব আইন-কানুনের ওপরে।"

হেসে নমস্কার ক'রে বিদায় নিয়ে সোজা চৌরঙ্গীর বাসে গিয়ে উঠলাম। হগ্ মার্কেটে গিয়ে কন্যাদায়গ্রস্তা রুবা নন্দীর মেয়ের জন্য বেছে বেছে একটি সর্বাঙ্গসুন্দর বর সংগ্রহ করতে হবে আগে।

প্রতিযোগিতায় আজও শ্রেষ্ঠত্বের দাবী নিয়ে চলেছে

দশকর্ম্ম চন্দন ধূপ

ইহা দেশীয় গাছগাছড়া থেকে শাস্ত্রমতে প্রস্তুত। নিত্য ব্যবহারে, দেবালয়ে ও উৎসবে এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য্য।

একমাত্র পরিবেশক

সুষমা কটেজ ইণ্ডাষ্ট্রীজ প্রাঃ লিঃ

কলিকাতা—৪ ফোন: ৩৫-২৪৫০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Alliance
Jute Mills
Co. Ltd.

3, Netaji
Subhas Road, Calcutta-1

Manufacturers of :
ALL KINDS OF JUTE GOODS, TWINES, ETC.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতাজী জ্ঞানানন্দ সরস্বতী

শঙ্করনাথ রায়

পুরীর সমুদ্রতীর। পূর্ণিমা চাঁদের উদয় হয়েছে অনেকক্ষণ। ভুবন-ভোলানো আলোকধারা ছড়িয়ে পড়েছে সারা আকাশের গায়ে গায়ে। নীচে সমুদ্রবক্ষে উদ্বেল উন্মত্ত হয়ে উঠেছে বিপুল জলরাশি—ফেনিল তরঙ্গভঙ্গে অশ্রান্ত গর্জ্জনে, বারবার আছড়ে পড়ছে বালুবেলায়।

রাত ক্রমে গভীর হয়; সৈকত-চারীদের বেশীর ভাগ ফিরে যেতে থাকে নিজ নিজ আবাসে।

স্বর্গদ্বারের কাছে সমুদ্রের কোল ঘেঁষে নীরব নিশ্চল হয়ে বসে আছেন একটি সম্ভ্রান্ত সুন্দরী নেপালী তরুণী, সঙ্গে তাঁর সমবয়সী আর একটি মেয়ে। রাত অনেক হয়েছে, বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও তরুণীকে নড়ানো যাচ্ছে না। বিক্ষুব্ধ সাগরবক্ষের দিকে নির্নিমেষে তিনি তাকিয়ে আছেন, আর আয়ত নয়ন দুটি কি এক অজানা ব্যথায় হয়ে উঠেছে অশ্রুসজল।

এমনি সময়ে হঠাৎ সামনে এসে দাঁড়ান এক প্রৌঢ়া সন্ন্যাসিনী। দীর্ঘায়ত তনু, শিরে জটার ভার, হাতে দণ্ড কমণ্ডলু। সহাস্যে পরিষ্কার নেপালী ভাষায় সন্ন্যাসিনী প্রশ্ন করেন, "মাঈ, কি দেখছো এমন উৎসুক হয়ে? মনে মনে ভাবছোই বা কি? ভেতর থেকে কান্না কেবলই গুম্‌রে গুম্‌রে উঠছে—না?"

"কে আপনি, মা? আপনি কি অন্তর্য্যামিনী? আমার মর্ম্মবেদনার কথা আপনি কি ক'রে জানলেন?" ডুকরে কেঁদে উঠে বলেন তরুণী। লুটিয়ে পড়েন তাঁর চরণতলে।

সস্নেহে তাঁকে তুলে ধরে প্রসন্ন মধুর কণ্ঠে সন্ন্যাসিনী কহেন, "ছাখো মা, সাগরের এই কিনারাতেই যত উৎপাত উপদ্রব, যত ঢেউএর চঞ্চলতা আর ফেনার আবিলতা। গর্জ্জন, তোলপাড়, আঘাত, উন্মত্ততা নিরন্তর চলছে। এ যেন এক প্রলয়ঙ্কর কাণ্ড, সব কিছু ভেঙ্গে চুরমার করে ফেলতে চায়। কিন্তু ঐ দূরে বহুদূরে তাকিয়ে ছাখো—সব কিছু শান্ত মধুর, অভয় শ্যামসুন্দর মূর্ত্তি। নয়ন মনপ্রাণ ভরে উঠবে ওখানে পৌঁছুলে।"

"মাগো, এরই জন্যেই তো কেঁদে মরছি এতকাল, কিন্তু পরম শান্তির, পরম মুক্তির পথটি তো আজো খুঁজে পাইনি।"

"ওখানে যেতে হলে যে, কিনারার এই ঢেউগুলো পার হতে হবে। কিন্তু একা একা তো পারা যাবে না, এজন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Puja Compliments & Best Wishes :

Telegrams :
"MERSYNDI"

Office : 22-2253
22-6944

Godown : 55-6357

Merchants' Syndicate

5, CLIVE ROW,
(2nd Floor, Room No. 47)
CALCUTTA-1

Distributors :

THE INDIAN STEEL & WIRE PRODUCTS LTD.
TATANAGAR

For

Wire Nails—M. S. Wire Rod In Coils—G. I.
Wires—H. B. Wires—Black Annealed
Wire—Etc. Etc.

Stockist :

Box Strapping 'Cherry' Brand
H. T. Wire : Black or Coated

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চাই কৌশলী ও সুদক্ষ নাবিকের সাহায্য। তাঁর দয়া পেলে তবেই মানুষ হতে পারে নির্ভয়, নিরাপদ, নইলে আঘাতের পর আঘাত খেয়ে বারবার ফিরে আসতে হবে, আছড়ে পড়তে হবে কিনারায়।"

সন্ন্যাসিনীর দৃষ্টি প্রসারিত হয়ে গেলো তরঙ্গায়িত সাগরের মহা-বিস্তারে। ভাবাবেশে কিছুক্ষণ নীরব থেকে আবার বলতে লাগলেন, "মা, এই সমুদ্রের যেমন দেখছো দুটো রূপ—ভীষণ আর অভয়, সসীম আর অসীম, চির চঞ্চল আর চির শান্ত, ভগবানেরও তাই। সংসারটা যেন তাঁর সীমাবদ্ধ ভীষণ চঞ্চলভাব, আর সংসারাতীত পরম ভাবটি হচ্ছে তাঁর শান্ত মধুর অভয়পদ। আর বুঝলে মা নাবিকের হাতে নিজেকে একেবারে সমর্পণ না করতে পারলে কিনারার এই ঢেউ-গুলোর ভয়ে জন্মজন্মান্তর আড়ষ্ট হয়েই কাটাতে হবে। এখানে এপারে শান্তি নেই মা, পরম শান্তি ওখানে।"

সন্ন্যাসিনীর অপরূপ সুঠাম মূর্ত্তি, উজ্জ্বল ব্যক্তিত্ব আর আশ্বাসভরা বাণী তরুণীর সম্মুখে সৃষ্টি করিল এক স্বর্গীয় মায়াজাল।

সজল চক্ষে তিনি মিনতি জানান, "মা, আশৈশব আমি যে স্বপ্ন দেখে এসেছি, ভগবৎ কৃপায় আজ বুঝি তা সফল হবে। আমার অন্তরাত্মা ডেকে বলছে, আপনিই আমার পরমাশ্রয়। দয়া করে আমায় চরণে স্থান দিন।"

তরুণীর চিবুক ধরে সন্ন্যাসিনী বারবার আদর করলেন, "মা তোমার সঙ্গে আজকের এই সাক্ষাৎ যে বিধি নির্দ্দিষ্ট। রাত অনেক হয়েছে, আজ তুমি ঘরে যাও, আবার আমাদের দেখা হবে।"

"কবে, কোথায় দেখা হবে কে জানে? না মা, দয়া করে যদি দর্শন দিয়েছেনই, চলুন একবার আমাদের কুঠিতে। আপনার সেবার সুযোগ দিয়ে আমাদের কৃতার্থ করুন।"

"বাছা, দেখা তোমার সঙ্গে যে হতে হবেই। তুমি আমায় জানো না, কিন্তু আমি তোমার সব জানি। নেপালের সুপ্রসিদ্ধ শাসক ধীরসিং সামসের জং বাহাদুরের কন্যা তুমি। নাম তোমার বিষ্ণুপ্রিয়া। মহাভাগ্যবতী, তাইতো ধনীর দুলালী হয়েও বাল্যকাল থেকে বেছে নিয়েছো ত্যাগ বৈরাগ্যের পথ, মুক্তির জন্য হয়েছো উতলা। বাছা আশীর্ব্বাদ করি তোমার অভীষ্ট পূর্ণ হোক।"—বলতে বলতে সন্ন্যাসিনী অন্ধকারাচ্ছন্ন বেলাভূমি দিয়ে কোথায় অদৃশ্য হয়ে গেলেন। ভারাক্রান্ত মনে, অশ্রুসজল চোখে বিষ্ণুপ্রিয়া তাঁর সঙ্গিনীকে নিয়ে ফিরে এলেন আপন ভবনে।

অতঃপর কয়েকদিন অতিবাহিত হয়। কিন্তু কই সন্ন্যাসিনীর দর্শন তো আর পাওয়া গেল না? প্রাণের ব্যাকুলতায় বিষ্ণুপ্রিয়া অস্থির হয়ে ওঠেন। ধাত্রীকন্যা বিমলা তাঁর সর্ব্ব সময়ের সঙ্গিনী, অতি অন্তরঙ্গ। তাকে ডেকে অনুনয় করে বলেন, "সন্ন্যাসিনী মাতা চলে যাবার পর থেকে সারা হৃদয় আমার হু-হু করছে, ধৈর্য্য-ধরা আর সম্ভব হচ্ছে না। স্থির করেছি, তাঁর আশ্রয়ই আমি নেবো, নেবো সন্ন্যাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH THE BEST COMPLIMENTS OF :

ELECTRO-AID

Distributing Co.

Manufacturers :

MOULDERS & ENGINEERING STORE DEALERS.

Specialist in S. R. B. P.

TUBES & FUSE ELEMENTS.

11, Crooked Lane, (1st floor)

Calcutta-1

Gram : ELECTROAID Phone : 23-5578

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দীক্ষা। বিমলা, তুই একবার শহরের পথঘাট ঘুরে আয়। যে করেই হোক, তাঁর সন্ধান আমায় এনে দে।"

বিমলা ভীতা হয়ে ওঠে, প্রমাদ গণে। বলে, "চুপ-চুপ সন্ন্যাসিনীর সঙ্গে গৃহত্যাগ করবে, একথা মুখেও এনো না। তোমার বড় ভাই, বড় রাণা বীর সিংজী যদি এসব শোনেন, কারুর আর রক্ষে রাখবেন না। তুমি শান্ত হও বিষ্ণুপ্রিয়া। বিদেশে এই তীর্থস্থানে নূতন জটিলতার সৃষ্টি ক'রো না।"

চুপ ক'রে যান বিষ্ণুপ্রিয়া, কিন্তু অন্তরের আর্ত্তি দূর হয় না। সৈকতে আবির্ভূতা সেদিনকার সেই সন্ন্যাসিনীর স্মৃতি যেন তাঁর সারা সত্তাকে জুড়ে বসে আছে।

ইতিমধ্যে একদিন সন্ন্যাসিনীর দর্শন মিললো, একটি নবীনা শিষ্যাকে সঙ্গে নিয়ে সেদিন ভোরবেলায় তিনি বিষ্ণুপ্রিয়াদের বাসভবনে এসে উপস্থিত। জ্যেষ্ঠা ভ্রাতৃবধূ তো মহা আনন্দিত। সাদর সম্বর্দ্ধনা জানিয়ে সন্ন্যাসিনীকে গৃহের ভেতরে এনে বসালেন। বিষ্ণুপ্রিয়া ছুটে এলেন দ্রুতপদে, সন্ন্যাসিনীর চরণে নিবেদন করলেন সাষ্টাঙ্গ প্রণাম।

আলাপ পরিচয় শুরু হলো। জানা গেল, সন্ন্যাসিনীও নেপালী কন্যা। শুধু তাই নয়, নেপাল রাজবংশের গুরুকুলে তাঁর জন্ম। আম্বালার প্রখ্যাত যোগীরাজ সহজানন্দ সরস্বতীর কাছে তিনি দীক্ষা গ্রহণ করেছেন। তাঁর পিতা পিতামহও ছিলেন এই যোগীরাজের মন্ত্রশিষ্য। দীক্ষার পর গুরু নব নামকরণ করেছিলেন—অদ্বৈতানন্দ সরস্বতী। প্রধানতঃ পরিব্রাজন ও তপশ্চরণ করেই আজকাল অতিবাহিত হচ্ছে তাঁহার সন্ন্যাস আশ্রমের দিনগুলো।

মাতাজী ও তাঁর শিষ্যার যথোপযুক্ত অ্যাপায়ন করা দরকার। গৃহকর্ত্রী, বীর সিংজীর স্ত্রী তাই ত্রস্তব্যস্তে গৃহান্তরে চলে গেলেন। এই অবসরে বিষ্ণুপ্রিয়া সন্ন্যাসিনী মাতার সকাশে নিবেদন করলেন তার প্রাণের আকাঙ্ক্ষা। করজোড়ে বল্লেন, "মাতাজী, সেদিন সমুদ্রতীরে আপনার দর্শন পাবার পর থেকেই আমি যেন আর আমাতে নেই। এ ক'দিন সারা মনপ্রাণ তৃষিত চাতকের মত আপনাকেই খুঁজে বেড়াচ্ছিল। আপনার চরণে আমি আত্মসমর্পণ করে বসেছি। আমার প্রাণের আকাঙ্ক্ষা, কৃপা করে আপনি আমায় দীক্ষা আর সন্ন্যাস দিন। আপনার নির্দ্দেশে তপস্যায় ব্রতী হয়ে এ জীবন সফল করে তুলি।"

"কিন্তু মা, সন্ন্যাস জীবন যে বড় কঠোর। ধনীর ঘরের দুলালী তুমি, সে কঠোরতা কি সহ্য করতে পারবে?" স্নিগ্ধস্বরে প্রশ্ন করেন মাতাজী অদ্বৈতানন্দ।

"মা, আমার চাইতে অনেকগুণ ভোগবিলাসময় জীবনে লালিত হয়ে আমাদের নেপালেরই অন্যতম রাজপুত্র গৌতম কি সন্ন্যাসের কৃচ্ছ্রতা হাসিমুখে সহ্য করেন নি। তাঁর তুলনায় আমরা তো অতি নগণ্য। না মা, নিজ সঙ্কল্প থেকে আমি চ্যুত হচ্ছিনে। আপনি দয়া করে আমার অভীষ্ট পূরণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WIth the best Compliments of :

B. B. PAUL & CO.

ENGINEERS & CONTRACTORS

3012, Agarwala Garden Road,

CALCUTTA 38

Phones :

Office : 45-1835

Factory : 45-2868

Cable : "BOOLAN"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহায়তা করুন।"

"এজন্যই যে আমার এখানে আসা, মাঈ।" স্মিতহাস্যে বলেন মাতাজী—

বিষ্ণুপ্রিয়ার ধাত্রীমা আর তাঁর কন্যা বিমলা এতক্ষণ পাশে দাঁড়িয়ে সব শুনছিলেন। সভয়ে তাঁরা বলে ওঠেন, "বিষ্ণুপ্রিয়া, এ তুমি কি করতে যাচ্ছো? তোমার দাদা বীর সিংজী একথা শুনতে পেলে যে মহা বিপদ হবে। আমরা তোমার দেখাশুনা করি, আমাদের গর্দান তো যাবে সবার আগে। তোমার পিতার দেহান্তের পর থেকে বড় ভাই বীরসিংজীই তোমার সব কিছু দায়িত্ব গ্রহণ করেছেন, পরম আদরে লালন করেছেন আর হাসিমুখে সহ্য করেছেন তোমার যত কিছু আবদার। সারা ভারতের তীর্থে তীর্থে সস্ত্রীক তিনি ঘুরে বেড়াচ্ছেন তোমার প্রাণে শান্তি মিলবে বলেই। এ হেন ভাইকে না জানিয়ে, আর অনুমতি না নিয়ে সন্ন্যাসিনী হওয়া তোমার উচিত হবে না, তা বলে রাখছি।"

মা তাজী অদ্বৈতানন্দ ঋজু হয়ে বসেন, ধীর গম্ভীর কণ্ঠে বলেন, "দ্যাখো, সন্ন্যাস নেবার অনুমতি বিষ্ণুপ্রিয়া তার দাদার কাছ থেকে কোনদিন পাবে না। অথচ সন্ন্যাস তাকে নিতে হবেই। শ্রীভগবানের বিধানে আগে থেকেই এটা নির্দিষ্ট হয়ে আছে। লগ্ন এবার সমাগত সন্ন্যাস ব্রত গ্রহণ করার পর বিষ্ণুপ্রিয়া অবশ্যই তার দাদাকে সব খুলে বলবে। শুভ বুদ্ধি দিয়ে তিনি এ পরিস্থিতি মেনেও নেবেন।"

"কিন্তু আমরা কি করে বিষ্ণুপ্রিয়াকে ছেড়ে প্রাণে বাঁচবো?"—কাতরকণ্ঠে প্রশ্ন করেন ধাত্রী-মা।

"ভয় নেই, তুমি আর তোমার মেয়ে বিমলাও তার সঙ্গিনী হবে—এই সন্ন্যাস আশ্রমে। হ্যাঁ, বিষ্ণুপ্রিয়ার সঙ্গে তোমাদের দুজনকেও আমি দেবো সন্ন্যাস। শুভসংস্কার নিয়ে তোমরা জন্মেছ, সুফল ফলবার সময় এবার এসে গিয়েছে।"

ধাত্রী-মার নয়ন দুইটি অশ্রুসজল হয়ে ওঠে, বাষ্পরুদ্ধ কণ্ঠে বলেন, "মাতাজী, তুমি পরম কৃপাময়ী, তাতে সন্দেহ নেই। জরা বার্দ্ধক্যের ভারে দেহ ন্যুব্জ, জীবনের শেষ প্রান্তে এসে আমি দাঁড়িয়েছি। এ সময়ে তোমার কৃপায় যদি উদ্ধার পাই, সে তো আমার জন্মজন্মান্তরের পরম সৌভাগ্য। বিষ্ণুপ্রিয়ার সঙ্গে আমার মেয়ে বিমলার ভারও তুমি নিচ্ছ—এ জেনে তার সম্বন্ধে আজ আমি একেবারে নিশ্চিন্ত হলাম।"

নিম্নস্বরে তিনজনকে কিছু কিছু নির্দ্দেশাদি দিয়ে মাতাজী নীরব হন। তারপর বীরসিংজী ও তাঁর স্ত্রীর আপ্যায়ন ও প্রণাম নিবেদন শেষ হলে সঙ্গিনীসহ ধীরে ধীরে সেই ভবন থেকে বেরিয়ে আসেন।

রাত্রি তখনো শেষ হয়নি, আকাশের ঘন অন্ধকার সবে মাত্র তরল হতে শুরু করেছে। দূর দিগন্তে জ্বল্ জ্বল্ করছে দু'চারটি নক্ষত্র। ধাত্রী-মা আর বিমলাকে সঙ্গে নিয়ে বিষ্ণুপ্রিয়া নিষ্ক্রান্ত হলেন গৃহ থেকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments from :-

M. S. (Manufacturing)

Private Ltd

ENGINEERS

Regd. Office :-
231B; Netaji Subhas Ch. Bose Road
Calcutta-47

City Sales Office :
25, Swallow Lane
Calcutta-1
Phone : 22-7408

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহ নিরাভরণ, পরনে আটপৌড়ে শাড়ী, দেউড়ীর দারোয়ানেরা ভাব্‌লো এরা সবাই প্রত্যূষে সমুদ্র-স্নানে যাচ্ছেন।

তিনজনে দ্রুতপদে গিয়ে উপস্থিত হলেন মাতাজী অদ্বৈতানন্দের কুটিরে।

মাতাজীর চোখ মুখ প্রসন্ন হাস্যে উচ্ছল হয়ে উঠেছে। বল্‌লেন, "তোমরা ঠিক সময়েই এসে গিয়েছো। লগ্ন উপস্থিত। তাড়াতাড়ি মস্তক মুণ্ডন করে সমুদ্রস্নান সেরে নাও।"

আয়োজন পূর্ব্ব থেকেই ঠিক করা ছিল। বিষ্ণুপ্রিয়া ও তাঁর সঙ্গিনীদ্বয় স্নান শেষে ফিরে এলে শুরু হলো বিরজা হোম। সন্ন্যাস দীক্ষা গ্রহণ করার পর বিষ্ণুপ্রিয়ার নামকরণ হলো —জ্ঞানানন্দ সরস্বতী।

অনুষ্ঠানের শেষে গুরু বহুক্ষণ ধরে সবাইকে দান করলেন সাধনোপদেশ। তারপর নির্দ্দেশ দেওয়া হলো, নব দীক্ষিতেরা যেন ভিক্ষায় বহির্গত হন এবং পূর্ব্বাশ্রমের গৃহ থেকেও যেন তণ্ডুলকণা সংগ্রহের কাজে ভুল না হয়।

রাণা বীরচন্দ্র ও তাঁর স্ত্রী ভোরে উঠে দেখলেন বিষ্ণুপ্রিয়া, তাঁর ধাত্রী ও বিমলা ঘরে নেই। দারোয়ানদের কাছে খোঁজ নেবার পর তাঁদের ধারণা হলো, খুব সকালে উঠেই ওরা সমুদ্রে স্নান করতে গিয়েছে। বেলা অনেক হলো তবুও কারুর দেখা নেই। বীরচন্দ্রের স্ত্রী ক্রমে বড় উতলা হয়ে পড়লেন। সমুদ্রের তটে লোকজন পাঠানো হলো, কিন্তু কোন সন্ধানই পাওয়া গেল না। পুরীর মন্দিরের আশে পাশে এবং রাজপথে তন্ন তন্ন করে খুঁজেও কোন ফলোদয় হলো না, রাণাভবনে নেমে এলো নৈরাশ্য আর বিষাদের ছায়া।

বেলা তখন প্রায় বারোটা। নগ্নপদ, মুণ্ডিত মস্তক, তিন সন্ন্যাসিনী রাণা-ভবনে প্রবেশ করলেন, ধীর পদক্ষেপে এগিয়ে গেলেন অন্দর মহলের দিকে। দেউড়ীর সিপাহীরা এ বেশে কাউকে চিনতে পারেনি, কিন্তু বাড়ীর দাসীদের চিন্‌তে ভুল হলো না। রাণার আদরের দুলালীর একি ভিখারিণী বেশ? কাষায় পরিহিতা, মুণ্ডিত-শির প্রভুকন্যার কাঁধে ঝোলানো রয়েছে ভিক্ষার ঝুলি। এ বড় মর্ম্মান্তিক দৃশ্য! পরিচারিকারা আর্ত্তস্বরে চীৎকার করে উঠলো। বীরচন্দ্র ও তাঁর স্ত্রী কান্নাও কলরব শুনে ছুটে এলেন।

সন্ন্যাসিনী জ্ঞানানন্দ ধীর প্রশান্ত কণ্ঠে বলে উঠলেন, "তোমরা দয়া করে আমায় কিছু তণ্ডুল ভিক্ষা দাও।"

রাণা ও রাণার স্ত্রী ভেঙ্গে পড়লেন দুঃখে, ক্ষোভে আর কান্নায়। একটু স্থির হবার পর শুরু হলো অনুরোধ উপরোধের পালা। ভ্রাতৃজায়া মিনতি করে বললেন, "বেশ, যদি তুমি চিরতরে গৃহত্যাগ করে চলেই যাও, তোমার পিতার দেওয়া অর্থ, অলঙ্কার, হীরা জহরৎ যা আমাদের কাছে গচ্ছিত রয়েছে সে সবও নিয়ে যাও। ভালো একটা মঠ মন্দির তৈরী করে স্থায়ীভাবে সেখানে বসবাস কর। আমরাও তোমার সম্বন্ধে কিছুটা নিশ্চিন্ত হই।"

কিন্তু সব চেষ্টাই হলো ব্যর্থ। ভিক্ষা ঝুলিতে শুধু একমুষ্টি তণ্ডুল সংগ্রহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH BEST COMPLIMENTS OF
THE SEASON FROM

SHREE KRISHNA RUBBER
WORKS LTD.

19, R. N. MOOKHERJEE ROAD,
CALCUTTA-1

Manufacturers of 'Olumpic Tubes'

Phone : 23-3090/99

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে নিয়ে মাতাজী জ্ঞানানন্দ সঙ্গিনী সন্ন্যাসিনীদের নিয়ে ফিরে গেলেন গুরুর কুটিরে।

বিলাসব্যসনের জীবনে চির অভ্যস্ত রাণা কন্যার এবার অভিযাত্রা শুরু হলো কৃচ্ছ্রময় সন্ন্যাস জীবনের পথে। দীর্ঘ ত্যাগ তিতিক্ষা ও তপশ্চর্য্যার পর হলেন তিনি আপ্তকাম।

নেপাল রাজপরিবারের দুহিতা এই সর্ব্বত্যাগিনী সন্ন্যাসিনীই উত্তরকালে সারা ভারতে পরিচিতা হয়েছিলেন মাতাজী জ্ঞানানন্দ নামে। তাঁর তপস্যাপূত জীবনের কল্যাণধারা পরিব্যাপ্ত হয়েছিলো পূর্ব্বভারতের এক বিস্তৃত অঞ্চলে। সহস্র সহস্র নরনারী তাঁর চরণাশ্রয় গ্রহণ করে এগিয়ে গিয়েছিলেন দিব্য জীবনের আলোক-দীপ্ত পথে।

ভারতের ধর্ম-সংস্কৃতিময় জীবনে নেপাল রাজ্য এক অসামান্য স্থান অধিকার ক'রে আছে। হিমালয় ক্রোড়স্থিত এই পুণ্যভূমির হৃদয়ে বিরাজিত রয়েছেন পরম জাগ্রত বিগ্রহ পশুপতিনাথ, আর শীর্ষে তার ঝলমল করছে গৌরীশঙ্করের উত্তুঙ্গ শৃঙ্গ। তুষারমৌলি ধবলগিরি আর কাঞ্চন-জঙ্ঘার মহিমময় রূপ যুগ যুগ ধরে উজ্জীবিত করে আসছে অগণিত সাধক ও শিল্পীজনকে। এই নেপাল থেকেই সমতলে নেমে এসেছে পরম পবিত্র গণ্ডকী নদী—গর্ভে যার সতত আবির্ভূত হচ্ছেন নারায়ণ-শিলা। শ্রীরামচন্দ্রের স্মৃতি বিজড়িত সরযূ ও কৌশিকী হিমালয় হতে নিঃসৃত হয়ে পুণ্যময় করে তুলেছে নেপালভূমিকে।

এতো গেল প্রাচীন যুগের কথা। আড়াই হাজার বছর আগেও দেখি নেপালের রাজপুত্র গৌতম তাঁর সর্ব্বস্ব ত্যাগ করে লাভ করেছেন মহা সম্বোধি, আর অকৃপণ করে তা ছড়িয়ে দিচ্ছেন বহুজনের হিতের জন্য। হাজার বছর আগেও নেপালের পবিত্র ভূমিতে সাধনপীঠ রচনা করতে দেখি শিবকল্প মহাসাধক মৎস্যেন্দ্রনাথ ও গোরখনাথকে।

মধ্যযুগেও আমরা দেখি, মুসলমানের আক্রমণ ও অত্যাচারে যখন সারা উত্তর-ভারত শঙ্কাকুল—বিপন্ন, তখন নেপালই আশ্রয় দিয়েছে হিন্দু সাধনার ধারক ও বাহক শত শত পণ্ডিত ও সাধককে; আজো এই চির স্বাধীন, চির উন্নত-শির হিন্দুরাজ্যে সংরক্ষিত রয়েছে অজস্র সংখ্যক মূল্যবান শাস্ত্র-গ্রন্থের পাণ্ডুলিপি।

এই মহিমময় নেপালেই আবির্ভূত হন মাতাজী জ্ঞানানন্দ সরস্বতী। তারপর উত্তরকালে তাঁর মহাজীবনের পুণ্যলীলা ও কল্যাণধারাকে ছড়িয়ে দেন এদেশের দিগ্‌বিদিকে।

মাতাজীর পিতার নাম ধীরসিং সমসের জং বাহাদুর রাণা। নেপালের প্রশাসনে তিনি এক গুরুত্বপূর্ণ স্থান অধিকার করতেন। ব্যক্তিগত জীবনে রাণাজী ছিলেন পরমধার্ম্মিক, বেদ-বিহিত ধর্ম্মানুষ্ঠানে ও যাগযজ্ঞে তাঁর প্রবল উৎসাহ ছিল। চিরকাল বিলাস লালিত হয়েও ধর্ম্মাচরণের জন্য যে ত্যাগ তিতিক্ষা ও কৃচ্ছ্র তিনি স্বীকার করতেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগদীশবাবুর গীতা

মূল অন্বয় অনুবাদ টীকা ভাষ্য-রহস্য ভূমিকাসহ
অসাম্প্রদায়িক সমন্বয়মূলক যুগোপযোগী ব্যাখ্যা ৬·০০

শ্রীকৃষ্ণ ও ভাগবতধর্ম
শ্রীকৃষ্ণতত্ত্ব ও লীলার শাস্ত্রীয় আলোচনা ৫·০০

ভারত-আত্মার বাণী
ভারতের শাশ্বতবাণী বিশ্বমৈত্রীর কথা ৫·০০

শিক্ষার্থীর ধর্মশিক্ষা ১·৫০

কর্মবাণী ১·২৫

সুলেখক **শ্রীঅনিলচন্দ্র ঘোষ এম. এ.-প্রণীত**

ব্যায়ামে বাঙালী ২·০০ — বাংলার ঋষি ৩·০০
বীরত্বে বাঙালী ১·৫০ — বাংলার মনীষী ১·২৫
বিজ্ঞানে বাঙালী ৪·০০ — বাংলার বিদুষী ২·০০
আচার্য জগদীশ ২·০০ — রাজর্ষি রামমোহন ১·৫০
আচার্য প্রফুল্লচন্দ্র ১·৫০ — যুগাচার্য বিবেকানন্দ ১·৫০
জীবন গড়া ·৭৫ — রবীন্দ্রনাথ ১·২৫

ব্যবহারিক শব্দকোষ

প্রয়োগমূলক অভিনব বাংলা অভিধান বহুল পরিবর্ধিত ও বহু পরিশিষ্ট-সংবলিত ৯·৫০

STUDENTS' OWN DICTIONARY OF WORDS, PHRASES & IDIOMS

প্রয়োগমূলক নূতনধরণের ইংরেজী-বাংলা অভিধান। এই দুই যুগান্তকারী সুসঙ্কলিত সর্বদা-ব্যবহার্য অভিধান প্রত্যেকের অপরিহার্য। ৭·৫০

প্রেসিডেন্সি লাইব্রেরী · ১৫ কলেজ স্কোয়ার কলিকাতা ১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তা জনসাধারণের শ্রদ্ধা ও বিস্ময়ের উদ্রেক করতো। রাণা ভবনে নিত্য নারায়ণ শিলার অর্চ্চনার ব্যবস্থা ছিল। তা ছাড়া, নিত্যকার পূজা হোম ও ব্রত উদ্‌যাপনের সঙ্গে অনুষ্ঠিত হতো সাধু এবং ব্রাহ্মণদের ভোজন আর অনাথ আতুর ভিক্ষুকদের সেবা।

তখন মাঘ মাস। পশুপতিনাথ-জীর শিবরাত্রি উৎসবের কয়েকটি দিন বাকী। ধীরসিংজী স্থির করলেন এবার উৎসব সমাপ্ত হয়ে গেলে সপরিবারে ভারতের কয়েকটি তীর্থদর্শনে বহির্গত হবেন। একদল আত্মীয় স্বজন, কর্ম্মচারী পুরোহিত এবং দাসীরা সঙ্গে যাবে। কাজেই প্রস্তুতি পর্ব্ব শুরু হয়ে গেলো।

চতুর্দশীর আগের দিন নিশীথরাত্রে ধীরসিংজী এক বিচিত্র স্বপ্ন দেখলেন। কুলদেবতা নারায়ণ শিলার পূজা ও ভোগরাগ গৃহে প্রতিদিন নিষ্ঠাভরে ও জাঁকজমকের সঙ্গে অনুষ্ঠিত হয়। দেখলেন,—মাঘমাসের তীব্র শীতেও শ্রীবিগ্রহ ঘর্ম্মাক্ত হয়ে উঠেছেন এবং তাঁর কলেবর নিঃসৃত এই ঘর্ম্মধারা উপাধান ও শয্যাকে সিক্ত করে টপ্‌টপ্‌ করে গড়িয়ে পড়ছে মন্দির তলে। আর রাণাজী এগিয়ে গিয়ে শ্রদ্ধাভরে অঞ্জলিপুরে তা পান করছেন।

প্রত্যূষে শয্যাত্যাগ করেই রাণা তাঁর পত্নীকে ডেকে তুললেন। সবিস্তারে খুলে বললেন গত রাত্রের স্বপ্ন বৃত্তান্ত।

রাণা-পত্নী সবিস্ময়ে বলে উঠলেন, "সে কি গো! আমিও যে রাত্রে ঠিক এই অদ্ভুত স্বপ্নই দেখেছি, আর ঐ ঘর্ম্মজল আমিও করেছি পান।"

ত্রস্তপদে উভয়ে ছুটে গেলেন শ্রী-মন্দিরে। পূজারীকে সঙ্গে নিয়ে গিয়ে পরীক্ষা করা হলো বিগ্রহের শয্যা ও কলেবর। এখনো তা সিক্ত রয়েছে এবং পূজাবেদীর নীচে গড়িয়ে পড়েছে ঘর্ম্মজলের ধারা।

পূজারী বেচারা তো ভয়ে কাঠ, এবার বুঝি তার প্রাণ যায়। আর্ত্ত-কণ্ঠে করজোড়ে বলে ওঠেন, "রাণাজী, দোহাই আপনার, প্রভুর সেবায় আমি কোন ত্রুটি করিনি। কিন্তু এই ভয়ঙ্কর শীতের রাত শ্রীঅঙ্গ যে এত ঘেমে উঠবে তা আমি বুঝতে পারিনি। একি অবিশ্বাস্য অলৌকিক কাণ্ড! আপনারা যেন আমার অপরাধ নেবেন না।"

ধীরসিংজী তাঁকে সান্ত্বনা দিয়ে এগিয়ে গেলেন সামনের দিকে। শ্রী-বিগ্রহের সিক্ত শয্যা ও পরিচ্ছদ নিংড়ে ঘর্ম্মজল বার করা হলো, স্বামী স্ত্রী উভয়ে মিলে তা পান করলেন পরম শ্রদ্ধায়।

শঙ্কিত পূজারীর দিকে তাকিয়ে রাণা স্মিত হাস্যে বললেন, "আপনার কোন অপরাধই নেই। প্রভুজী এ কাণ্ডটি ঘটিয়েছেন, হয়তো আমাদের কৃপা করবেন বলে। নিন্, প্রভুর কষ্ট হচ্ছে আপনি তাড়াতাড়ি শয্যা ও পরিচ্ছদ সব বদলে দিন্।"

কয়েকদিনের ভেতরেই ধীরসিংজী বেরিয়ে পড়েন তাঁর পরিকল্পিত তীর্থ-ভ্রমণে। তারপর বিগত হলো মাসের পর মাস। শেষের দিকে সদলবলে তিনি পাটনায় এসে উপস্থিত হলেন। ইতিমধ্যে জানা গেল, রাণাপত্নী অন্তঃসত্ত্বা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

D. DAS & Co.

ENGINEERS & FOUNDERS

18, RAJA WOODMUNT STREET,

CALCUTTA-1

Phone : 22 7836 Gram : DUCKFOOT.

Specialists in the manufacture of Fittings for

LOCOMOTIVE, STEAM, HEATING, OIL

FIRE, WATER, AND AIR SERVICE

IN GUN METAL, CAST IRON, CAST

STEEL AND SEMI STEEL

WORKSHOP :

BANTRA, HOWRAH.

Phone : 66·4616

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়েছেন। এবার পত্নীর বিশ্রাম আবশ্যক। মনস্থ করলেন সবাইকে নিয়ে কিছুদিন এখানকার গঙ্গাবক্ষেই অবস্থান করবেন। অতঃপর একদিন এক শুভলগ্নে মাতৃঅঙ্ক শোভিত করে ১৮৫৬ খৃষ্টাব্দের এক প্রভাতে ভূমিষ্ঠা হলেন মহাতপস্বিনী মাতাজী জ্ঞানানন্দ সরস্বতী।

মাতাজী উত্তরকালে ভক্তদের কাছে কথা প্রসঙ্গে বলেছেন "আমার পিতাজীর বিশ্বাস ছিল, নারায়ণ বিগ্রহের ঘর্ম্মজল পান করার ফলেই আমার জন্ম। তাই আমার নাম রেখে ছিলেন—বিষ্ণুপ্রিয়া। আদরের ডাক নাম ছিল লিচু। পিতাজীর সবচাইতে আদরের কন্যা ছিলাম। একটু কিছু-তেই অভিমানে আমার চোখ বেয়ে দরদর ধারে জল ঝরতো পাকা লিচুফলের মত। পিতাজী তাই রহস্য করে ডাকতেন লিচু বলে।"

পাটনার নিকট অঞ্চলের প্রধান তীর্থগুলি দর্শনের পর রাণা ধীর সিংজী কাঠমাণ্ডুতে প্রত্যাবর্ত্তন করলেন। কিন্তু দেশের মাটিতে পদার্পণের অল্পকাল মধ্যেই তাঁর জীবনে ঘটে গেল এক বিয়োগান্ত ঘটনা। স্বামীর ক্রোড়ে নবজাত আদরিনী কন্যাকে তুলে দিয়ে রাণাপত্নী মরধাম চিরতরে ত্যাগ করে গেলেন।

এখন থেকে শিশুকন্যার লালনের ভার পড়লো ব্রহ্মচারিণী পিসিমাতা আর জ্যেষ্ঠ ভ্রাতৃবধুর ওপর। রাণা ধীরসিংজীর পুত্রকন্যা কয়েকটি। কিন্তু এদের ভেতর কন্যা বিষ্ণুপ্রিয়া ছিলেন পিতার সব চাইতে আদরের। বিশেষ করে শৈশবে মাতৃহীনা হওয়ায় এ মেয়েটির জন্য রাণার স্নেহ মমতার অন্ত ছিলনা। ছোটবেলা থেকে অতিরিক্ত আদরে যত্নেই তিনি বর্দ্ধিত হতে থাকেন।

বিষ্ণুপ্রিয়া তখন পাঁচ ছয় বৎসরের বালিকা। সুযোগ পেলেই পিসীমার কাছে গিয়ে উপস্থিত হন, শোনেন পুরাণের নানা মনোরম উপাখ্যান। বালক রাজপুত্র ধ্রুবের বনগমনের কথা, শ্রীহরির দর্শন লাভের জন্য দুশ্চর তপস্যার কথা, কি জানি কেন বালিকার হৃদয় চঞ্চল করে তোলে —জন্মজন্মান্তরের শুভ সংস্কার হয়ে ওঠে উজ্জীবিত। প্রাসাদ সংলগ্ন বাগিচায় প্রবেশ করে বৃক্ষতলে বসে বালিকা বিষ্ণুপ্রিয়া মাঝে মাঝে ধ্যানস্থ হয়ে পড়তেন। এতো বালিকা সুলভ আচরণ নয়, একি অদ্ভুত ব্যাপার। তার এধরণের কাণ্ড দেখে অন্তঃপুরিকাদের বিস্ময়ের অন্ত থাকতোনা।

বালিকার আর এক বিশেষত্ব তার অসাধারণ ধীশক্তি ও বুদ্ধিমত্তা। ধীর-সিংজী তাই এখন থেকেই কন্যার ভাল শিক্ষার ব্যবস্থা করলেন, সংস্কৃত ব্যাকরণ ও সাহিত্যের পাঠ দেবার জন্য একটি পণ্ডিতকে নিযুক্ত করা হ'লো। কিন্তু এই শিক্ষাদান বেশী দূর অগ্রসর হতে পারেনি, কারণ বাল্য ও কৈশোরে বিষ্ণুপ্রিয়ার স্বাস্থ্য তেমন ভালো থাক্‌তো না। সব ভেবে চিন্তে পিতা অগত্যা তার ওপর থেকে পাঠের চাপ সরিয়ে নিলেন। এখন থেকে

(২২৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনপ্রিয় প্রকাশনী

৩৮-বি, সীতারাম ঘোষ ষ্ট্রীট, কলিঃ—৯

তত্ত্বাবধায়ক—শ্রীঅমরেশ মৌলিক

উৎকৃষ্ট প্রাইমারী পুস্তক প্রকাশক ও বিক্রেতা

শিশু হইতে ৪র্থ শ্রেণী পর্য্যন্ত যাবতীয় বিষয়ের পুরা সেট বই (দুই তিন প্রস্থ) এখানে পাইবেন।

গ্রাহকবর্গের সুযোগ সুবিধা এইখানেই সর্ব্বাধিক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভারতীয় জীবনাদর্শে চতুর্ব্বর্গ

অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী

ভক্তপ্রবর শ্রীরামপ্রসাদ গেয়েছেন—

'আয় মন বেড়াতে যাবি,
কালীকল্পতরুমূলে গিয়ে রে মন
চারি ফল কুড়ায়ে পাবি'

এই চারি ফলকেই আমাদের শাস্ত্রে বলা হয়েছে চতুর্ব্বর্গ। এই চতুর্ব্বর্গ হচ্ছে—ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ। আবহমান কাল থেকে পৃথিবীর মানুষ যা' কামনা করে আসছে, তা এই চতুর্ব্বর্গের কোনো একটা বর্গের অন্তর্ভুক্ত করা যায়। অবশ্যি, মুক্তিকামী বা মুমুক্ষু লোকের সংখ্যা সংসারে দুর্লভ, কেননা, নিজের বন্ধন-দশা সম্পর্কে যে ব্যক্তি সচেতন নয়, সে কখনো মুক্তির আকাঙ্ক্ষা করে না। পিঞ্জরাবদ্ধ বিহঙ্গম দীর্ঘকাল শৃঙ্খলিত থাকার ফলে যখন পরাধীনতার বেদনাও অনুভব করে না, তখন উদার আকাশ তাকে আর হাতছানি দিয়ে ডাকে না। আমরাও সংসারে মোহের শৃঙ্খলে বদ্ধ হয়ে নিজেদের বন্ধন-দশা বিস্মৃত হয়েছি, জন্মজন্মান্তরীণ সংস্কারের ফলে অনিত্য বস্তুকেই নিত্য বস্তু বলে মনে করছি, আর আমাদের সার্দ্ধত্রিহস্ত-পরিমিত দেহটাকে আমি অর্থাৎ আত্মা বলে ভ্রম করছি, তাই আমাদের ভেতর মুক্তির আকাঙ্ক্ষা জাগে না। আমরা সংসারে অর্থ চাই. ভোগ্যবস্তু চাই, মান-যশ-প্রতিপত্তি চাই, অপরের ওপর প্রভুত্ব করতে চাই। আমাদের শাস্ত্র বলেন—তুমি এ সব জিনিষ চাও, তাতে ক্ষতি নেই, কিন্তু সাবধান, কোনো অবস্থাতেই ধর্ম্মকে বিসর্জ্জন দিও না। ধর্ম্মের সঙ্গে অবিরোধে অর্থ ও কামের সেবা কর। শুধু ধর্ম্মের সেবা করলেও চলবে না, আবার শুধু অর্থ বা কামের জন্যে লালায়িত হলেও চলবে না। নীতিশাস্ত্রের নির্দ্দেশ হচ্ছে—

'ধর্ম্মার্থকামা সমমেব সেব্যা
যো হ্যেকসক্তঃ স জনো জঘন্যঃ।'

যিনি বুদ্ধিমান, তিনি ভোগ ও ত্যাগের, প্রেয় ও শ্রেয়ের, অভ্যুদয় ও নিঃশ্রেয়সের, ঐশ্বর্য্য ও বৈরাগ্যের ভেতর সমন্বয় করতে জানেন। তাই হরগৌরীর মিলন হচ্ছে আমাদের দাম্পত্য জীবনের আদর্শ। রামপ্রসাদের প্রতিদ্বন্দ্বী আজু গোঁসাই গেয়েছিলেন—

'এ সংসার মজার কুটি,
আমি খাই দাই আর মজা লুটি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিকে দিকে বেজে উঠেছে মহাপূজার
বোধন শঙ্খ ঃ জাতীয় জাগৃতির
এই মহাদিবসে গ্রহণ করুন
আমাদের প্রীতি ও
শুভেচ্ছা—

ন্যাশনাল প্ল্যানিং এণ্ড
কনষ্ট্রাক্শন লিঃ

কনষ্ট্রাক্টিং ইঞ্জিনীয়ারস্
গান্ধী হাউস
১৬, গণেশচন্দ্র এভিনিউ,
কলিকাতা-১৩
ফোন ঃ ২২-৩২২৪ (দুই লাইন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনক রাজা মহাতেজা
তার কিসে বা ছিল ত্রুটি,
সে যে এদিক ওদিক দুদিক রেখে
খেয়েছিল দুধের বাটি।'

মহর্ষি কণাদ বলেছেন, যার দ্বারা অভ্যুদয় বা পার্থিব সম্পদ এবং নিঃশ্রেয়স বা পরম মঙ্গল লাভ হয়, তাই হচ্ছে ধর্ম্ম। কিন্তু পার্থিব সম্পদ আহরণ কর্ব্বে শুধু নিজের ভোগের জন্যে নয়, বহুজনের মঙ্গলের জন্যে। আর ধর্ম্মকে বিসর্জ্জন দিয়ে কদাপি অর্থ সংগ্রহ কর্ব্বে না। সুতরাং খাদ্যে বা ঔষধে ভেজাল দেওয়া বা কালোবাজারি চিরতরে নিষিদ্ধ হোলো। একালের সমাজদর্শন বলে, আত্মকেন্দ্রিকতা বা অর্থ সংগ্রহের জন্যে দুর্নীতির আশ্রয় গ্রহণ সামাজিক ব্যাধির মধ্যে পরিণত।

মহামতি চরক বলেন, মঙ্গলকামী মানুষের এষণা বা ইচ্ছা তিনটি বিষয়ে প্রবর্ত্তিত হওয়া উচিত। প্রথম, প্রাণৈষণা। প্রত্যেক মানুষ প্রথমেই সর্ব্বপ্রযত্নে প্রাণরক্ষার চেষ্টা কর্ব্বে। কেননা, আমাদের প্রাণই যদি চলে যায়, তবে আর রইল কি? 'প্রাণ পরিত্যাগে হি সর্ব্বত্যাগঃ।' দ্বিতীয়, ধনৈষণা। প্রত্যেক মানুষ সদুপায়ে ধনোপার্জ্জনের ইচ্ছা কর্ব্বে। এ জন্যে কৃষি, শিল্প, বাণিজ্য, রাজসেবা প্রভৃতির আশ্রয় গ্রহণ কর্ব্বে। তৃতীয়ত, পরলোকৈষণা। সর্ব্বদা এমন কর্ম্ম কর্ব্বে যাতে পরলোকে কল্যাণ হয়। আর অপ্রত্যক্ষ বিষয়ে বুদ্ধিমান ব্যক্তি নাস্তিক্য বুদ্ধি বা সংশয়বুদ্ধি ত্যাগ কর্ব্বে। মহর্ষি চরকের এই নির্দ্দেশের যিনি অনুসরণ কর্ব্বেন, কণাদের সংজ্ঞা অনুসারে তিনি ধার্ম্মিক, কেননা, তিনি অভ্যুদয় ও নিঃশ্রেয়স উভয়ই লাভ কর্ব্বেন। এরূপ লোককে আমরা যথার্থ চতুর বলবো, কেননা,—

'যা লোকদ্বয়সাধনী তনুভৃতাং
সা চাতুরী চাতুরী।'

যে চতুরতার দ্বারা জীবগণের ইহকাল ও পরকালে যথার্থ সুখ, বা মঙ্গল হয়, সেই চতুরতাই হচ্ছে যথার্থ চতুরতা।

আমাদের দেশের ঋষিগণ অনেক সময়ে 'সদাচার' ও 'শিষ্টাচার' অর্থেও 'ধর্ম্ম' কথাটির প্রয়োগ করেছেন। 'আচারঃ পরমো ধর্ম্মঃ এষ ধর্ম্মঃ সনাতনঃ।' ঋষির নির্দ্দেশ হচ্ছে, আমাদের পিতৃ-পিতামহগণ যে পথে গমন করেছেন, সেই পথেরই অনুসরণ করতে হবে, এটাই হচ্ছে সনাতন ধর্ম্ম। যদি ত্রিকালজ্ঞ যোগীও হও, যদি সমুদ্র লঙ্ঘনেও সমর্থ হও, তথাপি মনে মনেও লৌকিক আচারকে লঙ্ঘন কর্ব্বে না। আমরা ঋষিদের এই সব বচন নিয়ে বিদ্রূপ করে থাকি, কিন্তু যাতে সমাজে কোনো বিশৃঙ্খলা বা বিপর্য্যয় দেখা না দেয়, সেই জন্যেই তাঁরা এই সকল নির্দ্দেশ দিয়েছেন।

আবার মহাভারতে যেখানে বলা হয়েছে, 'যেখানে কৃষ্ণ, সেখানেই ধর্ম্ম, আর যেখানে ধর্ম্ম, সেখানেই জয়' (যতঃ কৃষ্ণস্ততো ধর্ম্মঃ যতো ধর্ম্মস্ততো জয়ঃ), সেখানে ধর্ম্ম বলতে বোঝায় 'ন্যায়' বা 'নীতি।' অবশ্যি এ অর্থেও ধর্ম্ম হচ্ছে লোক স্থিতির মূল। আর এই ধর্ম্মের বিপরীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Telegraphic Address
"POLYWELD"

With the best compliments of :

KISHORE BROTHERS

**ENGINEERS
MECHANICAL ERECTORS
&
FABRICATORS**

Head Office :
9, CLIVE ROW, CALCUTTA-1
Phone : 22-9333, 22-9261.

Sales Office :
8, LYONS RANGE, CALCUTTA-1
Phones : 22-4763, 22-846?

Branches :
PATNA & DARBHANGA

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দ হচ্ছে অধর্ম্ম। মহাভারতে বলা হয়েছে :—

'অধর্ম্মেনৈধতে তাবৎ ততো ভদ্রানি পশ্যতি।
ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি॥'

অধর্ম্মের দ্বারা লোক বৃদ্ধিপ্রাপ্ত হয়, অধর্ম্মের দ্বারা মানুষ মঙ্গলকে দেখতে পায়, তারপর অধর্ম্মের আশ্রয় নিয়েই শত্রুগণকে জয় করে, কিন্তু পরিণামে অধর্ম্মের ফলেই সমূলে বিনাশ প্রাপ্ত হয়।

ইংরেজিতে যাকে আমরা বলি Virtue, সে অর্থেও ভগবান মনু 'ধর্ম্ম' কথাটির প্রয়োগ করেছেন। তিনি বলেছেন—

'ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণম্॥'

ধৈর্য্য, ক্ষমা, মনঃসংযম, অ-চৌর্য্য, দেহ ও মনের শুচিতা, ইন্দ্রিয়-নিগ্রহ, জ্ঞান, ব্রহ্ম-বিদ্যা, সত্যপালন ও ক্রোধ-শূন্যতা,—এই দশটি হচ্ছে ধর্ম্মের লক্ষণ।

এ ধর্ম্ম হচ্ছে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র সকলেরই ধর্ম্ম, এ ধর্ম্ম হচ্ছে সর্ব্ব মানবের ধর্ম্ম। অন্যত্র মনু মহারাজ বলেছেন—

'অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
এতং সামাসিকং ধর্ম্মং চাতুর্ব্বর্ণ্যেঽব্রবীন্মনুঃ॥'

অহিংসা, সত্য, অচৌর্য্য, দেহের ও চিত্তের শুচিতা ও ইন্দ্রিয়-নিগ্রহ, সংক্ষেপে এই কয়টি হচ্ছে চতুর্ব্বর্ণের অর্থাৎ সকল জাতির সাধারণ ধর্ম্ম।

পূর্ব্বমীমাংসার প্রথম সূত্রে মহর্ষি জৈমিনি বলেছেন, 'অথাতো ধর্ম্ম-জিজ্ঞাসা'। এখানে 'ধর্ম্ম' বলতে মহর্ষি বুঝেছেন বৈদিক ক্রিয়া যেমন যাগ-যজ্ঞাদি।

আমরা যেখানে ধর্ম্ম অর্থে শ্রৌত (বৈদিক) কর্ম্ম বা সদাচার বুঝি, সেখানেই আমরা বলি ধর্ম্মচর্য্যা আমাদের জীবনের চরম লক্ষ্য নয়। আমাদিগকে ধর্ম্ম ও অধর্ম্মের পারে যেতে হবে। গীতায় ভগবান বলেছেন—

'সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ'

শ্রীরামপ্রসাদ তাই গেয়েছেন—

'আমি কালী ব্রহ্ম জেনে মর্ম্ম ধর্ম্মাধর্ম্ম সব ছেড়েছি'।

সাধক-প্রবর কমলাকান্তও গেয়েছেন—

'এবার সর্ব্বনাশী ধরে অসি ধর্ম্মাধর্ম্ম দু'টো খেলি'।

ভগবান মনু বলেছেন—শ্রুতি, স্মৃতি, সদাচার ও আত্মতুষ্টি হচ্ছে ধর্ম্মের উৎস। যা শ্রুতিতে বিহিত হয়েছে, তাই ধর্ম্ম, যা স্মৃতিতে নিবদ্ধ রয়েছে অথচ যার সঙ্গে বেদের কোনো বিরোধ নেই তা'ও ধর্ম্ম, যা সদাচার-সম্মত, তা ধর্ম্ম, আবার যাতে আত্মতুষ্টি হয়, তাও ধর্ম্ম।

মহাভারতে ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন—বেদে মানুষের সকল ধর্ম্ম বা কর্ত্তব্য বিহিত নাই। যাতে লোকস্থিতি হয়, তা ধর্ম্ম, যাতে লোকের হিত হয়, তা ধর্ম্ম, আর যা অহিংসা-সংযুক্ত, তা'ও ধর্ম্ম। গীতায় ভগবান বলেছেন—যাগ যজ্ঞাদির দ্বারা মানুষের স্বর্গ-প্রাপ্তি হতে পারে কিন্তু পরম মঙ্গল লাভ হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

BLOOD BANK

MEDICAL COLLEGE HOSPITAL

CALCUTTA-12

Only a small amount of your blood can save many precious lives from the jaws of death.

Your body contains 5 litres of blood and you can easily part with just a fifth or sixth of that amount without the least harm to your system—just the quantity that the **Blood Bank** takes from you. **Donate** for your own sake and maintain account with the bank, so that you can withdraw in times of need for your dearest ones, the Bank is saving about **8000** lives a year but it wants more to save those who cannot be served for want of stock.

Space Donated by

HOUSE OF COMMERCE (Private) LIMITED

5/2, Garstin Place, Calcutta-1

ASIAN INDUSTRIES

27 Tollygunge Circular Road,

Calcutta-33

Phone No. : 45-1220

Makers of Synthetic & Natural Rubber Goods—

Moulded & Extruded

AUTOMOTIVE, MECHANICAL, INDUSTRIAL, TUBING, PROFILE, HOSE ITEMS ETC.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না। তাই দ্রব্যময় যজ্ঞের চাইতে জ্ঞানযুক্ত শ্রেষ্ঠ। মহাভারতে দেখতে পাই, যুধিষ্ঠির যখন অকারণে অর্জ্জুনকে তিরস্কার করেন ও তাঁর গাণ্ডীবের নিন্দা করেন, তখন অর্জ্জুন যুধিষ্ঠিরকে বধ করার জন্যে গাত্রোত্থান করলেন। অর্জ্জুনের এরূপ উপাংশুব্রত (গুপ্তব্রত) ছিল যে, যে ব্যক্তি গাণ্ডীবের নিন্দা করবে, তিনি তার শিরচ্ছেদ করবেন। এই সময়ে ভগবান শ্রীকৃষ্ণ তাঁকে এই নিষ্ঠুর কর্ম্ম থেকে প্রতিনিবৃত্ত করার জন্যে যে সকল উপদেশ দিয়েছিলেন, তা' এ যুগেও আমাদের প্রণিধান-যোগ্য। সত্য কি, আর অসত্যই বা কি, ধর্ম্ম কি আর অধর্ম্মই বা কি, এই সকল বিষয়ে শ্রীকৃষ্ণ যে যুক্তির অবতারণা করেছেন, তার গুরুত্ব সকলেই স্বীকার করবেন। তিনি বলেছেন—

'শ্রুতেধর্ম্ম ইতি হ্যেকে বদন্তি বহবো জনা।
তত্তে ন প্রত্যসূয়ামি ন চ সর্ব্বং বিধীয়তে॥
প্রভবার্থায় ভূতানাং ধর্ম্মপ্রবচনং কৃতম্।
যৎ স্যাদহিংসাসংযুক্তং স ধর্ম্ম ইতি নিশ্চয়ঃ।
অহিংসার্থায় ভূতানাং ধর্ম্মপ্রবচনং কৃতম্॥
ধারণাদ্ধর্ম্মমিত্যাহু ধর্ম্মো ধারয়তে প্রজাঃ॥

কোনো কোনো পণ্ডিত বলে থাকেন—শ্রুতি থেকেই ধর্ম্ম অর্থাৎ ধর্ম্মের বিষয়ে শ্রুতিই প্রমাণ। তোমার সে মতকে আমি দোষ দিই না, কিন্তু শ্রুতিতে নির্দ্দিষ্ট সকল ধর্ম্মই যে মানুষের পক্ষে বিহিত, তা, নয়। প্রাণিসমূহের মঙ্গলের জন্যেই ধর্ম্মের লক্ষণ করা হয়েছে, যাতে প্রাণীদের হিংসা না হয়, সেজন্যেই ধর্ম্মের লক্ষণ নির্দ্দিষ্ট হয়েছে, অতএব এই সিদ্ধান্ত হচ্ছে যে, যা অহিংসাযুক্ত, তাই ধর্ম্ম। ধর্ম্ম প্রজাসমূহকে ধারণ করে, এই ধারণ বা রক্ষা হেতুই পণ্ডিতেরা একে ধর্ম্ম বলেন, অতএব যা ধারণ-সংযুক্ত, তাই হচ্ছে ধর্ম্ম।

দেখা যাচ্ছে, শ্রীকৃষ্ণের সিদ্ধান্ত হচ্ছে, যাতে লোকহিত হয়, তাই ধর্ম্ম। গীতায়ও শ্রীভগবান লোক-সংগ্রহের আদর্শ স্থাপন করেছেন।

মহানির্ব্বাণ তন্ত্রেও বলা হয়েছে, যার দ্বারা লোকাশ্রেয় বা লোককল্যাণ সাধিত হয়, তাই হচ্ছে সনাতন ধর্ম্ম। রাজা রামমোহন মহানির্ব্বাণ তন্ত্র থেকেই লোকশ্রেয়ের আদর্শ গ্রহণ করেছিলেন। বাস্তবিক, বহুজনহিতায়, বহুজনসুখায় আমরা যে কর্ম্ম করি, তাই ধর্ম্মে পরিণত হয়, যে কাজ নিজের সুখের জন্যে করি, প্রবৃত্তির বশে অবশের মতো যে কর্ম্মের দিকে ধাবিত হই তা' কখনো ধর্ম্ম হতে পারে না। ঋগ্বেদেও বলা হয়েছে, যে শুধু নিজে ভোজন করে, সে পাপই ভোজন করে। ভগবদ্ গীতায় শ্রীভগবানের কণ্ঠেও আমরা এ কথার প্রতিধ্বনি শুনতে পাই।

মিল বলেন, যে কর্ম্মে অধিকতম লোকের প্রভূততম মঙ্গল (Greatest good of the greatest number) হয়, তাই আমাদের করণীয়। মিলের এ আদর্শ লোকস্থিতির অনুকূল, তাই এ আদর্শ ধর্ম্মেরই অন্তর্গত। মিল যে হিতবাদ-দর্শন (Utilitarianism) প্রচার করেছেন, তা কিন্তু আমাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয়া শুভেচ্ছা
গ্রহণ করুন

আর, এম, কুমার এণ্ড সন্স
পি ৪, নিউ হাওড়া ব্রিজ অ্যাপ্রোচ্

বিক্রয়কেন্দ্রঃ…
৬২-১এ, নেতাজী সুভাষ রোড,
কলিকাতা-১

ফোন—৩৩-৯৫৩১, ৩৩-৫১৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেশে নতুন কথা নয়। বঙ্কিমচন্দ্র তাঁর 'কৃষ্ণচরিত্রে' বিশদ ভাবে এ বিষয়ের আলোচনা করেছেন।

ধর্ম্মই যে মোক্ষলাভের উপায়, মহাভারতের শান্তিপর্ব্বে মহর্ষি কপিল সে কথা সুস্পষ্ট ভাবে বলেছেন। তিনি বলেছেন—

'আনৃশংস্যং ক্ষমাশান্তিরহিংসাসত্য-
মার্জ্জবম্।
অদ্রোহো নাভিমানশ্চ হ্রীস্তিতিক্ষা
শমস্তথা॥
পন্থানো ব্রহ্মণস্ত্বেতে'

'দয়া, ক্ষমা, শান্তি, অহিংসা, সত্য, সরলতা, দ্রোহশূন্যতা, অভিমান-বর্জ্জন, অকার্য্যে লজ্জা, তিতিক্ষা ও শম অর্থাৎ অন্তরিন্দ্রিয়-নিগ্রহ, এই সকল গুণ হচ্ছে মুক্তিলাভের উপায়।

কপিল বলেন, ব্রহ্মবিদ্যা হচ্ছে সাধারণ ধর্ম্ম আর মোক্ষবুদ্ধি হচ্ছে যতিধর্ম্ম। আবার আমাদের শাস্ত্রে শাশ্বত ধর্ম্ম, যুগধর্ম্ম, আপদ্ধর্ম্ম, রাজধর্ম্ম প্রভৃতির কথাও বিশদ ভাবে আলোচিত হয়েছে।

আবার আমরা যখন বলি, 'ধর্ম্ম হচ্ছে উপলব্ধির বস্তু, পাঠ বা বিচারের বস্তু নয়' তখন কিন্তু আমরা Religion অর্থেই 'ধর্ম্ম' কথাটির প্রয়োগ করে থাকি।

চতুর্ব্বর্গের দ্বিতীয় বর্গ হচ্ছে অর্থ। ইংরেজি অর্থনীতি-শাস্ত্রে 'ওয়েল্‌থ' (Wealth) কথাটার দ্বারা আমরা যা বুঝি, এই দ্বিতীয় বর্গের দ্বারাও আমি তাই বুঝে থাকি। 'অর্থ' 'বিত্ত' 'সম্পদ্' প্রভৃতি কথাগুলি প্রায় সমার্থক। মহর্ষি যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে বলেছেন—'বিত্তের জন্যেই বিত্ত মানুষের প্রিয় হয় না, আত্মার জন্যে বিত্ত মানুষের প্রিয় হয়ে যায়। বাস্তবিক পক্ষে মানুষের জীবনে বিত্তের প্রয়োজনের কথা ভারতের ঋষিগণ কখনো অস্বীকার করেন নি। বৈদিক ঋষিও দেবতার কাছে ধনধান্যের জন্যে প্রার্থনা জানিয়েছেন, ঋষির নির্দ্দেশ হচ্ছে— 'অন্নং বহু কুর্ব্বীত,' অর্থাৎ বহুলরূপে অন্ন উৎপাদন কর্বে। চণ্ডীর অর্গলা-স্তোত্রে শক্তি সাধকের প্রার্থনা—

'রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি'।

তবে ঋষির নির্দ্দেশ এই যে, ধর্ম্মকে অক্ষুণ্ণ রেখে অর্থাৎ সাধুভাবে বা সদুপায়ে ধন উপার্জ্জন করতে হবে, (বৌদ্ধগণের সম্যক্ জীবিকা) আর লোক-কল্যাণের জন্যে এই অর্থ ব্যয় করতে হবে। তা হ'লে অর্থ আর অনর্থের মূল হয়ে দাঁড়াবে না।

আমাদের দেশে গৃহস্থের পক্ষে অতিরিক্ত ধনসঞ্চয় করা অধর্ম্ম, ইহা একরূপ চৌর্য্যবৃত্তি। আমরা অর্থ উপার্জ্জন কোর্ব্বো ধর্ম্মকার্য্য-সম্পাদনের জন্যে, আত্মীয়-স্বজনের ভরণ-পোষণের জন্যে, অতিথি-সৎকারের জন্যে, দীন-দুঃখী-অনাথকে প্রতিপালনের জন্যে। তাই আমাদের শাস্ত্রকারগণ গৃহস্থদের জন্যে পঞ্চ যজ্ঞের বিধান দিয়েছেন ভগবান মনু এমন কথাও বলেছেন যে, চারটি আশ্রমের ভেতর গার্হস্থ্যাশ্রমই হচ্ছে শ্রেষ্ঠ, কেননা, যেমন মাতাকে আশ্রয় করে সকল প্রাণী জীবন ধারণ করে, তেম্নি অন্যান্য আশ্রমাবলম্বী মানুষেরাও গৃহীকে আশ্রয় করেই জীবন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনাদের প্রয়োজন মত

প্লাসটিক (পি, ভি,সি) কভার, ডায়েরি, ফাইল, ইত্যাদি

এবং

সর্ব্বপ্রকার সিল্ক স্ক্রীন প্রিন্‌টিং, কলার প্রিন্‌টিং, নভেলটি বাইণ্ডিং-এর জন্য আমরা সর্ব্বদাই আপনাদের সাহায্য করিতে প্রস্তুত আছি

বেঙ্গল বুক বাইণ্ডিং কোং

৩৪/১ বিডন ষ্ট্রীট কলিকাতা-৬

ফোন নং ৩৫-১৪৮৯

গ্রাহক, অনুগ্রাহক ও পৃষ্ঠপোষকেরা আমাদের

শারদীয়ার অভিনন্দন গ্রহণ করুন

কর্ক ও কর্কজাত দ্রব্য

রাধাবাজার বটল ষ্টোরস্

(কর্কের বৃহত্তম প্রতিষ্ঠান)

গ্রাম : KORKBAG

ফোন : ২২-৬৭৯৪ ও ২২-০৬৩৮

১৫নং রাধাবাজার লেন

শাখা :

১৩ নং রাধাবাজার ষ্ট্রীট

কলিকাতা-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধারণ করে। দেখা যাচ্ছে, ব্রহ্মচারী. বানপ্রস্থ ও যতিগণকে রক্ষা করার দায়িত্বও গৃহস্থগণের ওপরেই ন্যস্ত।

ভারতবর্ষের সমাজ-ব্যবস্থাই এ রকম ছিল যে, কারো পক্ষেই অতিরিক্ত ধন-সঞ্চয় করা সম্ভবপর ছিল না। আমাদের দেশে কৃপণ শুধু নিন্দনীয়ই ছিল না, সামাজিক বিধানে দণ্ডনীয়ও ছিল। শ্রীমদ্ভাগবতে বলা হয়েছে—

'যাবৎ ভ্রিয়েত জঠরং তাবৎ স্বত্বং
হি দেহিনাম্।
যোঽধিকমভিমন্যেত সস্তেন
দণ্ডমর্হতি'॥

যে পরিমাণ দ্রব্যে উদর-পূর্ত্তি হয়, সেই পরিমাণ দ্রব্যেই দেহীদের অধিকার রয়েছে, যে তার চাইতে বেশী সংগ্রহ করে, সে চোর, সুতরাং সে দণ্ডনীয়।

মহানির্ব্বাণ তন্ত্রে বলা হয়েছে, গৃহস্থকে ব্রহ্মনিষ্ঠ ও তত্ত্বজ্ঞানী হতে হবে। তিনি যা কিছু কর্ব্বেন, সকলই ব্রহ্মে অর্পণ কর্ব্বেন। অতএব, ত্যাগ-বুদ্ধির দ্বারা সংযত ভোগই গৃহস্থের আদর্শ। ভারতবর্ষকে সম্বোধন করে রবীন্দ্রনাথ বলেছেন—

'গৃহীরে শিখালে গৃহ করিতে বিস্তার,
প্রতিবেশী আত্মবন্ধু অতিথি অনাথে,
ভোগেরে বেঁধেছ তুমি সংযমের সাথে,
নির্ম্মল বৈরাগ্যে দৈন্য করেছ উজ্জ্বল,
সম্পদের পুণ্য কর্ম্মে করেছ মঙ্গল'।

গীতায় শ্রীভগবান বলেছেন—

'যে কাম ধর্ম্মের অবিরোধী,
আমি সেই কাম,'—
'ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি
ভরতর্ষভ'

বাস্তবিক এই কাম রয়েছে বিশ্বসৃষ্টির মূলে। অথচ এই কামই মানুষের প্রবলতম রিপু। শ্রীভগবান মানুষকে বুদ্ধি ও বিবেক দিয়েছেন, তাই মানুষ কামকে সংযত করে কল্যাণের পথে নিয়োজিত করতে পারে। মনে রাখতে হবে, সংযমের পথই হচ্ছে কল্যাণের পথ, নিগ্রহের পথ কল্যাণের পথ নয়। ভগবদ্গীতায় শ্রীভগবানও সে কথা আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন।

প্রাচীন পণ্ডিতেরা 'কাম' কথাটিকে সংকীর্ণ ও ব্যাপক উভয় অর্থেই প্রয়োগ করেছেন। ব্যাপক অর্থে 'কাম' হচ্ছে যে কোনো ভোগ্যবস্তুর প্রতি কামনা, এই অর্থেই যযাতি বলেছেন—

'ন জাতু কামঃ কামানামুপ ভোগেন
শাম্যতি।'

আবার সংকীর্ণ অর্থে 'কাম' বলতে বোঝায়, ইন্দ্রিয়-বিশেষের সম্ভোগ-লালসা। (বঙ্কিমচন্দ্রের 'বিবিধ প্রবন্ধে' 'কাম' প্রবন্ধটি দ্রষ্টব্য।) কাম স্বভাবত নিম্নগামী, মানুষ সাহিত্য-সাধনা, শিল্প-সাধনা, ধর্ম্মসাধনা প্রভৃতির ভেতর দিয়ে সেই কামকে ঊর্দ্ধগামী করতে পারে। মনস্তত্ত্বে একেই বলে কামের উদ্গতি বা Sublimation of the libido. বৈষ্ণব সাধকেরা বলেন—তোমার কাম, ক্রোধ প্রভৃতি রিপুগণকে শ্রীভগবানের অভিমুখ কর, তা' হলে তোমার শত্রুগণই হবে তোমার পরম মিত্র।

যাঁরা নৈষ্ঠিক ব্রহ্মচারী অথবা যাঁরা যোগ-সাধনায় পরম সিদ্ধি লাভ করতে চান, তাঁদের কঠোর ব্রহ্মচর্য্যব্রত পালন করতে হয়। কিন্তু যাঁরা গৃহস্থ, তাঁদের জন্যেও শাস্ত্রকারগণ সংযমের ব্যবস্থা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয়া পূজায় আমাদের শুভেচ্ছা গ্রহণ করুন

সেন মজুমদার অ্যাণ্ড কোম্পানী

৬নং ম্যাঙ্গো লেন, কলিকাতা-১

Gram : "STANDFAIR" Calcutta Phone : 23-4756 23-7111

G. S. AGENTS PRIVATE LTD.

6, MANGOE LANE,

CALCUTTA-1

Shipping, Clearing & Forwarding Agents.

পালি ও প্রাকৃত ★ হিন্দী ★ সংস্কৃত ★ অসমীয়া এবং ইংরাজী ও বাংলা ভাষায় মুদ্রণ কার্য্যে অগ্রণী

কমলা প্রিণ্টিং ওয়ার্কস্

গভর্ণমেণ্ট প্রিণ্টারস্

৩, কাশী মিত্র ঘাট ষ্ট্রীট : কলিকাতা-৩

ফোন : ৫৫-৩৯৬৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিয়েছেন। আমাদের দেশে বিবাহ ধর্ম্মেরই একটি প্রধান অঙ্গ আর এই বিবাহের উদ্দেশ্য সুসন্তান-লাভ। স্বামী বিবেকানন্দ বলেছেন,—হে ভারত, ভুলিও না···তোমার বিবাহ, তোমার জীবন, তোমার ধন ইন্দ্রিয়সুখের,—নিজের ব্যক্তিগত সুখের জন্যে নহে।' মহাভারতে ব্যাসদেব লিখেছেন, সাবিত্রীর পিতা অশ্বপতি সুসন্তান-লাভের জন্যে তীব্র নিয়ম অবলম্বন করলেন, তিনি যথাকালে নিয়মিত আহার করতে লাগলেন এবং ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় হলেন। এই সব উক্তি থেকে বোঝা যায়, সৌজাত্যবিদ্যা বা ইউজিনিক্‌সের চর্চ্চায়ও প্রাচীন ভারতীয়েরা উদাসীন ছিলেন না।

কাম মানুষের অতি দুর্জ্জয় রিপু। এই কামকে জয় করতে হলে আমাদের সর্ব্বদা সজাগ ও সতর্ক থাকা প্রয়োজন। বঙ্কিমচন্দ্র বলেছেন, সকল বৃত্তির অনুশীলন ও সামঞ্জস্যই ধর্ম্ম। কিন্তু মানুষ কখনো কামের অনুশীলন কর্ব্বে না। কারণ, কাম স্বভাবতই সম্প্রসারণশীল, সুতরাং আমাদের লক্ষ্য রাখতে হবে, কাম যেন কখনো প্রবল হয়ে বৃত্তি সমূহের সামঞ্জস্যকে নষ্ট না করে।

আমরা বলেছি, ধর্ম্মকে অক্ষুণ্ন রেখেই অর্থ ও কামের সেবা করতে হবে। মহাভারতের শান্তিপর্ব্বে ২৬৫ অধ্যায়ে দেখতে পাই,—যুধিষ্ঠির পিতামহ ভীষ্মকে জিজ্ঞাসা করছেন—ধর্ম্ম, অর্থ ও কাম এই তিনটির ভেতর কোন্‌টির দ্বারা মানুষের বেশী লাভ হয়? পিতামহ ভীষ্ম একটি আখ্যায়িকার সাহায্যে যুধিষ্ঠিরকে বোঝালেন, ত্রিবর্গের ভেতর ধর্ম্মই অধিক ফলপ্রদ।

'দেবতা ব্রাহ্মণাঃ সন্তো যক্ষা
মানুষচারণাঃ।
ধার্ম্মিকান্ পূজয়ন্তীহ ন ধনাঢ্যান্ন
কামিনঃ'।

পৃথিবীতে দেবতা, ব্রাহ্মণ, সাধু, যক্ষ, মনুষ্য ও চারণগণ (দেবযোনি বিশেষ) ধাৰ্ম্মিকদেরই পূজা করেন, ধনাঢ্য ব্যক্তির বা কামীদের পূজা করেন না।

তারপর ভীষ্মদেব বলছেন—

'ধনে সুখকলা কাচিৎ ধর্ম্মে তু
পরমং সুখম্।'

ধনের দ্বারা কখনো মানুষের কিঞ্চিৎ সুখ হয়, কিন্তু ধর্ম্মেই মানুষের পরম সুখ হয়ে থাকে।

একমাত্র চার্ব্বাক সম্প্রদায় ভিন্ন ভারতের সকল দার্শনিক সম্প্রদায়ই বলেছেন, আমাদের জীবনের উদ্দেশ্য মুক্তি বা নির্ব্বাণলাভ, অথবা তীর্থঙ্করদের মতো পরিপূর্ণতা লাভ। এই মুক্তির স্বরূপ-সম্পর্কে অবশ্য ভারতের দার্শনিকদের মধ্যে মতভেদ আছে। কিন্তু এ কথাটি আমাদের জানা দরকার যে খ্রীষ্টানগণ salvation বলতে যা' বোঝেন, আমরা মুক্তি বলতে তা বুঝিনা। 'বন্ধন' বলে কোনো কিছু স্বীকার না করলে 'মুক্তি' কথাটাও অর্থহীন হয়ে দাঁড়ায়। সাধারণত মুক্তি বলতে আমরা বুঝি ভববন্ধন থেকে পরিত্রাণ। মুক্ত পুরুষকে ভবচক্র-পরিভ্রমণ করতে হয় না, পুনরায় সংসারে যাতায়াত করতে হয় না, তাই তিনি দুঃখের হাত থেকে পরিত্রাণ পান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি

আপনার, আপনার
পরিবারবর্গের, দেশের
ও জগতের নিয়ত
মঙ্গল কামনা করি

শ্রীসৌরেন্দ্রমোহন সিংহ

প্রোঃ ভবানীপুর মোটার্স
২নং আশুতোষ মুখার্জি রোড,
কলিকাতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবশ্য, কোনো কোনো দার্শনিক (যেমন সাংখ্যমতাবলম্বীরা) মনে করেন যে, মুক্তি হচ্ছে দুঃখনিবৃত্তির অবস্থা. আবার কোনো কোনো দার্শনিক (যেমন বৈদান্তিকগণ) মনে করেন যে মুক্তি হচ্ছে নিরবচ্ছিন্ন আনন্দের অবস্থা, আবার কেউ কেউ জীবন্মুক্তি স্বীকার করেন, কেউ বা শুধু বিদেহমুক্তি স্বীকার করেন। বেদান্ত বলেন, আমরা নিত্য-শুদ্ধবুদ্ধমুক্ত-স্বভাব, আমাদের শুধু শ্রবণ, মনন ও নিদিধ্যাসনের দ্বারা উপলব্ধি করতে হবে যে আমরা মুক্ত। মুক্তির সন্ধান মানুষ করে বটে, কিন্তু এর মূলে রয়েছে অজ্ঞান। তাই বেদান্ত বলেছেন, —'কণ্ঠচামীকরবৎ'। যেমন রাজার ছেলের গলায় রয়েছে সোনার হার, কিন্তু সে অজ্ঞানের বসে বাইরে সেই হারের সন্ধান করছে এবং বিশাল রাজপ্রাসাদে একটা তুমুল কাণ্ড ঘটাচ্ছে। হঠাৎ তাঁর এক বন্ধু তাঁকে জিজ্ঞেস করলে—'কুমার, তোমার গলায় ওটা কি'? হঠাৎ কুমার নিজের কণ্ঠের দিকে দৃষ্টিপাত করলো—'সত্যিই তো, যা আমার সঙ্গে রয়েছে, সেই বস্তুকে এতক্ষণ বৃথা খুঁজে বেড়ালাম'। বৈদান্তিক বলেন—

'বদ্ধাভিমানী বদ্ধঃ স্যাৎ মুক্তো
মুক্তাভিমান্যপি।
কিংবদন্তীতি সত্যেয়ং যা মতিঃ সা
গতির্ভবেৎ'॥

যে সর্ব্বদা মনে করে, 'আমি বদ্ধ', সে বদ্ধই হয়ে যায়, আর যে সর্ব্বদা মনে করে 'আমি মুক্ত' সেই যথার্থই মুক্ত হয়।

মানুষের যেমন মতি, তেমন গতি হয়ে থাকে। (As a man thinks, so he becomes).

স্বামী বিবেকানন্দ. বলেন, বেদান্ত যে শুধু মোক্ষশাস্ত্র তাই নয়. বেদান্তকে আশ্রয় করে আমরা ব্যবহারিক জীবনেও কল্যাণ লাভ করতে পারি। বেদান্ত আমাদের আত্মবিশ্বাসকে জাগ্রত করে, আমাদিগকে আত্মার মহিমায় বিশ্বাস করতে শিক্ষা দেয়। আমরা মহাশক্তির আধার, এই ভাবনায় প্রতিষ্ঠিত হলে মানুষ সকল কর্ম্মেই সিদ্ধিলাভ করতে পারে, শুধু তাই নয়, ভাবনার দ্বারা মানুষ আধিব্যাধির হাত থেকেও মুক্তি লাভ করতে পারে এবং অনাবিল শান্তির অধিকারী হতে পারে, আবার যিনি অনন্তের সুরে হৃদয়বীণাকে বেঁধে নেন, শ্রীভগবান তাঁর যোগক্ষেম বহন করেন। র‍্যাল্‌ফ্ ওয়াল্ডো ট্রাইন॥ (Ralph Waldo Trine) তাঁর In Tune With the Infinite গ্রন্থে এ সকল বিষয়ের বিশদ আলোচনা করেছেন।

যাঁরা জীবন্মুক্ত, তাঁরা কি কর্ম্ম ত্যাগ করেন? গীতায় শ্রীভগবান বলেছেন —জীবন্মুক্ত পুরুষেরও লোকসংগ্রহের জন্যে কর্ম্ম করা উচিত। যোগবাশিষ্ঠ বলেন, যিনি জীবন্মুক্ত জ্ঞানী ব্যক্তি, তিনিও কর্ম্ম করবেন। শ্রীরামচন্দ্র বশিষ্ঠকে এর কারণ জিজ্ঞাসা করলেন। তখন বশিষ্ঠ বললেন—জ্ঞানী ব্যক্তি কোনো লাভের জন্যে কর্ম্ম করবেন না বা কর্ম্মত্যাগও করবেন না, তিনি যখন যে কর্ম্ম সম্মুখে উপস্থিত হয়, তাই অনাসক্ত ভাবে করবেন! মুক্ত পুরুষ যদি লোকসংগ্রহের জন্যে কর্ম্ম না করেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয়া শুভেচ্ছা গ্রহণ করুন

ব্রহ্মপুত্র ফার্টিলাইজার্স এণ্ড
ডিষ্ট্রীবিউটার্স প্রাইভেট লিঃ

২নং চার্চ লেন, কলিকাতা—১

টেলি : এগ্রিগ্রোথ ফোন : ২৩-৭১০৪

With the Compliments of :

Bengal Transport Company

Transport and Haulage Contractors

11, LANSDOWNE ROAD,

CALCUTTA-20

Phone : 47-2222, 47-2023

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহলে জনসাধারণের বুদ্ধিভেদ জন্মাবে। শ্রীভগবানও অর্জ্জুনের নিকট নিজের দৃষ্টান্ত স্থাপন করে বলেছেন—'হে পার্থ, ত্রিভুবনে আমার কর্ত্তব্য বলে কিছু নেই, আমার অপ্রাপ্ত বা প্রাপ্তব্যও কিছু নেই, তথাপি আমি সর্ব্বদা কর্ম্মে নিযুক্ত রয়েছি। কারণ, যদি আমি অতন্দ্রিত ভাবে কর্ম্ম না করি, তবে মনুষ্যগণ সর্ব্ব প্রকারে আমার অনুসরণ কর্ব্বে'।

আচার্য্য শঙ্করের মতে অজ্ঞান হচ্ছে বন্ধনের কারণ, আর জ্ঞানই হচ্ছে মুক্তির হেতু। (জ্ঞানং হি কৈবল্যম্।) আমরা স্বরূপতঃ মুক্ত-স্বভাব হলেও অজ্ঞানের বশে তা উপলব্ধি করতে পারি না। কিন্তু যাঁরা স্বরূপে প্রতিষ্ঠিত হন, তাঁরাই মুক্ত। এই মুক্ত পুরুষ ব্রহ্মের সঙ্গে তাঁর ঐক্য বা অভিন্নত্ব উপলব্ধি করেন এবং সর্ব্বদা আনন্দঘন অবস্থায় অধিষ্ঠিত থাকেন।

আচার্য্য রামানুজ কিন্তু জীব ও ব্রহ্মের ভিন্নতা ও অভিন্নতা উভয়ই স্বীকার করেন। বিশিষ্টাদ্বৈতবাদী রামানুজের মতে জীব কখনো ব্রহ্মে লীন হতে পারেন না, ব্রহ্মের আশ্রয় লাভ করে আনন্দময় ধামে বিরাজ করেন। তাঁর মতে মুক্তিলাভের উপায় ভগবৎ কৃপা। আর ভগবানের কৃপালাভের উপায়—তাঁর প্রতি অনন্যা ভক্তি। তবে নিষ্কাম ভাবে লোক-কল্যাণের জন্যে কর্ম্ম করা এবং শ্রীভগবানের প্রিয় কার্য্য সাধন করা,—মানুষকে মুক্তির পথে অগ্রসর করে দেয়।

ভারতের বিভিন্ন দার্শনিকগণ এবং শৈব, শাক্ত ও বৈষ্ণব সাধকগণ মুক্তি সম্পর্কে বিশদ আলোচনা করেছেন। আমরা সে সকল আলোচনার গহনে প্রবেশ কোর্ব্বো না। আমরা শুধু এ স্থলে বলে রাখি যে, গৌড়ীয় বৈষ্ণবগণ মুক্তিবাঞ্ছাকে (বিশেষতঃ সাযুজ্য মুক্তিকে) কৃষ্ণভক্তির পরিপন্থী বলে মনে করেছেন। তাঁদের মতে প্রেম হচ্ছে পঞ্চম পুরুষার্থ, আর নিত্যকাল অপ্রাকৃত ধামে যুগল-সেবা করার অধিকার-লাভই জীবের সর্ব্বশ্রেষ্ঠ প্রার্থনীয় বস্তু। তাঁদের মতে মুক্তি হচ্ছে পঞ্চবিধা, স্বারূপ্য, সামীপ্য, সার্ষ্টি, সালোক্য ও সাযুজ্য। (স্বারূপ্য অর্থে ভগবানের স্বরূপপ্রাপ্তি, সামীপ্য অর্থে ভগবানের সমীপে বসতি, সার্ষ্টি অর্থে শ্রীভগবানের সমান ঐশ্বর্য্যপ্রাপ্তি, সালোক্য অর্থে ভগবৎধামে বসতি আর সাযুজ্য অর্থে জীব ও ব্রহ্মের অভিন্নতার অনুভূতি।) কবিরাজ গোস্বামী বলেছেন—

……'মোক্ষবাঞ্ছা কৈতব-প্রধান,
যাঁহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্দ্ধান।'

অন্যত্র তিনি বলেছেন,—

কৃষ্ণে যাঁর অনুরাগ জন্মেছে, সেই রসিক জন
'নরক বাঞ্ছয়ে, তবু সাযুজ্য না লয়।'

আমরা বলবো, যাঁর সংসারের বন্ধন ক্ষয় হয়েছে, বিষয়-বাসনাকে যিনি জয় করেছেন, তিনি মুক্ত। যিনি সর্ব্ব কর্ম্ম-ফল শ্রীভগবানে অর্পণ করেছেন, তিনি মুক্ত, আবার যিনি আত্মার স্বরূপ উপলব্ধি করেছেন, তিনিও মুক্ত, যিনি যথার্থ ভগবৎ-প্রেমিক, তিনিও মুক্ত। এই মুক্তিই হচ্ছে আমাদের জীবনের নিঃশ্রেয়স বা Summum Bonum.

আবার মুক্ত পুরুষদের মধ্যে যাঁরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লোক-কল্যাণের জন্যে আত্মনিয়োগ করেন, তাঁরা বিশেষ ভাবে আমাদের নমস্য।

আমরা দুর্লভ নরজন্ম প্রাপ্ত হয়েছি, তাই সাধনা ও তপশ্চর্য্যার ভেতর দিয়েই আমাদিগকে ধীরে ধীরে মুক্তি বা পরিপূর্ণতার দিকে অগ্রসর হতে হবে। যে পরিমাণে আমরা আমাদের সাধনায় সিদ্ধি লাভ কোর্ব্বো, সেই পরিমাণে আমাদের দেহে ও মনে ঘটবে রূপান্তর। অবশেষে এই সাধনার মধ্য দিয়ে আমরা ভাগবতী তনু বা পক্ব দেহ লাভ কোর্ব্বো। আর সেদিনই আমাদের হবে 'কুলং পবিত্রং জননী কৃতার্থা।'

রাজজ্যোতিষী

বিশ্ববিখ্যাত জ্যোতির্ব্বিদ ও তান্ত্রিক রাজজ্যোতিষী, মহোপাধ্যায় শ্রীহরিশচন্দ্র ভট্টাচার্য্য শাস্ত্রী, জ্যোতিঃতীর্থ, প্রেসিডেন্ট, ভারত জ্যোতিষ সম্মেলন; হস্তরেখা ও কোষ্ঠিদৃষ্টে ভূত ভবিষ্যতের নির্ভুল গণনা, শাস্ত্রসম্মত মহাশক্তিশালী কবচাদি প্রদান, শান্তিস্বস্ত্যয়ন ও তান্ত্রিক ক্রিয়াদিতে নিপুণ। শাস্ত্রী মহাশয় দেশের শ্রেষ্ঠ মনীষীগণের ও উচ্চপদস্থ রাজকর্ম্মচারীদের অজস্র প্রশংসাপত্র পাইয়াছেন।

—ঃ সদ্য ফলপ্রদ ও জাগ্রত কবচসমূহ ঃ—

শান্তি কবচ ঃ বগলা কবচ ঃ নৃসিংহ কবচ ঃ আকর্ষণী কবচ

পণ্ডিত মহাশয়ের লিখিত দুইখানি উচ্চ প্রশংসিত গ্রন্থ ঃ—

১। জুয়েল অব পামিষ্ট্রী—(ইংরাজী) ৭৲

২। সামুদ্রিক রত্ন—(বাংলা) ৫৲

হাউজ অব অ্যাষ্ট্রোলজি

৪৫-এ, শ্যামাপ্রসাদ মুখার্জ্জী রোড, কালিঘাট, কলিকাতা-২৬

(হাজরা পার্কের পূর্ব্ব দিকে)

* ফোন ঃ ৪৭-৪৬৯৩ *

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতীশ মুখোপাধ্যায় প্রসঙ্গে

কৃষ্ণদাস সিংহ রায়

সতীশবাবুর সঙ্গে আমার পরিচয় হয়েছিল বেশ আশ্চর্য্যভাবে। ১৯০৫ সালে যখন বঙ্গভঙ্গ হোল তখন আমরা ইস্কুলে পড়ি। পূর্ব্ববঙ্গের চাঁদপুরে বাড়ী—পড়াশুনার চেয়ে খেলাধূলায় বেশী সুনাম ছিল। অন্যান্য অনেকের সঙ্গে আন্দোলনে যোগ দিয়ে ইস্কুল ছাড়লুম। বিলিতি চিনি বিক্রির বিরুদ্ধে পিকেটিং করতে গিয়ে গ্রেপ্তার হলুম। তারপর 'ন্যাশনাল কাউন্সিলের' স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়ে কলকাতায় এলুম ন্যাশনাল কলেজে পড়তে। কলেজে ভর্ত্তি হয়ে উঠলুম মধ্য কলকাতায় রাধানাথ মল্লিক লেনে একটা মেসে। সেটা ১৯০৭ সাল - কলেজের অধ্যক্ষ ছিলেন শ্রীঅরবিন্দ আর সুপারিন্টেণ্ডেণ্ট ছিলেন সতীশ মুখুয্যে মশাই। আমার নিজের সম্বন্ধে বলতে পারি যে, পড়াশুনা বড় একটা হচ্ছিল না। যে মেসে ছিলুম সেটা ছিল সন্ত্রাসবাদীদের আড্ডা। যুগের হাওয়া আমার গায়ে লেগেছিল—সন্ত্রাসবাদের দিকে ধীরে ধীরে আকৃষ্ট হচ্ছিলুম।

একদিন সতীশবাবু আমাদের বিজ্ঞানের ক্লাস নিচ্ছেন। Physics-এর একটা প্রশ্নের আমার উত্তর শুনে অনেকক্ষণ আমার দিকে চেয়ে রইলেন। তারপর আমার নাম, ধাম, পরিচয় জিজ্ঞেস করলেন। দেশ কোথায়? বাবার নাম কি? তিনি কি করেন? এখানে কোথায় থাকি? ইত্যাদি। সব শুনে বললেন, বিকেলে ছুটির পর দেখা করতে। আমি ত ভীষণ ঘাবড়ে গেলুম। পাড়াগাঁয়ের ছেলে, সবে কলকাতায় এসেছি—ভাবলুম, নিশ্চয় কোন অপরাধ করেছি যার জন্য কৈফিয়ৎ তলব করবেন। প্রাণ হাতে করে বিকেলে গুটি গুটি ওঁর ঘরে ঢুকলুম। বললেন, "পাড়াগাঁ থেকে এসে সোজা যেখানে উঠেছ সেটা ত টেররিষ্টের ঘাঁটি। আমি লক্ষ্য করেছি, এখন থেকেই ক্লাস কামাই করছ। ওখানে আর কিছু দিন থাকলে পড়াশুনা ত হবেই না, প্রাণেও মারা পড়বে। এই নাও আমার বাড়ীর ঠিকানা। আজই বিকেলে মেস থেকে তোমার সমস্ত জিনিস পত্র নিয়ে এসে আমার ওখানে গিয়ে ওঠ।"

শিবনারায়ণ দাস লেনে সাধারণ ব্রাহ্মসমাজের উল্টোদিকে একটা মেস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best wishes :=

DESHBANDHU HOSIERY FACTORY.

Factory Office :

100/A, Garpar Road,
Calcutta-9.

Telephone No, : 35-4583

Telegram : KNITWOOL

পূজার প্রীতি ও শুভেচ্ছা :—

লক্ষ্মীশ্রী মুদ্রণ শিল্প

৪৫, আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা-৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাড়ী। ন্যাশনাল কলেজের নামকরা ছাত্র ও প্রফেসরদের নিয়ে সতীশবাবু সেখানে থাকতেন। থাকতেন মানে রাত্রে শুতেন। সকালে বেরিয়ে যেতেন এবং কলেজের কাজ সেরে ফিরতেন অনেক রাত্রে। কোন কোন দিন রাত্রে ফিরতেনই না—দেরী হয়ে গেলে কলেজেই টেবিলের ওপর শুয়ে বাকী রাতটা কাটিয়ে দিতেন। কয়েকদিন থাকার পরে আমার চোখে পড়ল যে সতীশবাবুকে দেখবার কেউ নেই। সম্পূর্ণ আত্মভোলা লোক—সর্ব্বদা কাজ নিয়ে ব্যস্ত। নিজের জামা, কাপড়, জুতো ঠিক জায়গায় থাকে না, এজন্য বেরোবার সময় প্রায়ই তাঁকে অসুবিধায় পড়তে হয়। ছেলেবেলা থেকে আমার অপরের সেবা করতে ভাল লাগে। চাঁদপুরে থাকতে নিজের বাড়ীতে ছাড়াও বাইরের অনেক অসুস্থ রোগীর সেবা করতে লোকে ডেকে নিয়ে যেত। আমি সতীশবাবুর জিনিষপত্র গুছিয়ে রাখতে শুরু করলুম—যাতে দরকার মত সব কিছু হাতের কাছে পান। সতীশবাবু এটা লক্ষ্য করে প্রীত হলেন এবং তাঁর প্রিয় ছাত্রদের সঙ্গে পরিচয় করিয়ে আমার খুব তারিফ করতে লাগলেন।

এর কিছুদিন পরেই আলিপুরে সুরু হল মাণিকতলার প্রসিদ্ধ বোমার মামলা। শ্রীঅরবিন্দ গ্রেপ্তার হলেন। মোকদ্দমায় সাক্ষী দিতে ন্যাশনাল কলেজের সুপারিন্টেণ্ডেন্ট হিসেবে সতীশবাবুকে ডাকা হল। সতীশবাবু সাক্ষী দিলে তাঁকে খুন করা হবে বলে সন্ত্রাসবাদীরা ভয় দেখাতে লাগল। এদিকে ন্যাশনাল কলেজকে রক্ষা করার জন্য স্যার গুরুদাস ব্যানার্জি, হীরেন্দ্র নাথ দত্ত প্রমুখ নেতারা সতীশবাবুকে কোর্টে উপস্থিত হতে পীড়াপীড়ি করতে লাগলেন। ন্যাশনাল কলেজের ভিতর যে সব ছাত্র বাস করত তাদের একজনের বাক্সের ভিতর একটি রিভলবার পাওয়া গেল। তখন ন্যাশনাল কাউন্সিলের নেতারা ঠিক করলেন যে, ছাত্রদের আর কলেজে রাখা হবে না। তাদের জন্যে উইলিয়াম্‌স লেনে একটি ছাত্রাবাস খোলা হোল। সতীশবাবুর মেসের ছেলেদিগকেও সেখানে পাঠানো হোল। আমাকে যেতে বলা হলে আমি খুব আপত্তি জানিয়েছিলাম, কিন্তু সতীশবাবু অনেক বুঝিয়ে আমাকে পাঠিয়ে দিলেন। যেদিন পাঠালেন সেই রাত্রেই উইলিয়াম্‌স লেনের বাড়ীতে আমার কলেরা হলো। প্রবল এসিয়াটিক কলেরা। ডাক্তার ইন্দুমাধব মল্লিক, নীলরতন সরকার প্রভৃতি প্রসিদ্ধ ডাক্তারেরা হিমসিম খেয়ে গেলেন। আমার কোন সংজ্ঞা ছিল না। পরে শুনেছি, তাঁর কাছ থেকে চলে আসার অব্যবহিত পরেই আমার কলেরা হওয়ায় সতীশবাবু অত্যন্ত কাতর প্রাণে তাঁর গুরুদেব শ্রীশ্রীবিজয় কৃষ্ণ গোস্বামী প্রভুর শরণাপন্ন হওয়ায় এই প্রত্যাদেশ পান যে আমাকে কলেজ থেকে ছাড়িয়ে নিতে হবে। তাঁকেই আমার শিক্ষার ভার নিতে হবে। আমার জন্যে ভবিষ্যতে কিছু কাজ নির্দ্দিষ্ট আছে। এই প্রত্যাদেশের পর সতীশবাবু তাঁর সহকারী হারাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টেলিগ্রাম—কেসিমার্ট

রাণার

সাইকেল, সাইকেল রিক্সা ও পার্টস্

সারা ভারতের পরিবেশক—

কমলা সাইকেল মার্ট

২এ, বেন্টিঙ্ক ষ্ট্রীট
কলিকাতা-১
ফোন : ২২-৭৮৮৩

৩নং বেন্টিঙ্ক ষ্ট্রীট,
কলিকাতা-১
ফোন : ২৩-৭১২৮

শাড়ী শাড়ী শাড়ী

উত্তর কলিকাতায় একমাত্র প্রতিষ্ঠান

বেনারসী, সিল্ক ও ফ্যান্সী শাড়ী
আধুনিকতম বৈচিত্রময়
বস্ত্র সম্ভার

পূজার বাজার এখনই করুন

ওরিয়েণ্টাল জুয়েলার্স
সিল্ক হাউস

৮১, বিধান সরণী, কলিকাতা-৪
ফোন : ৫৫-১০৯৯

বিঃ দ্রঃ—প্রত্যহ সকাল হইতে রাত্রি পর্য্যন্ত দোকান খোলা থাকিবে।

শা[ড়ী] শা[ড়ী] শা[ড়ী]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চাকলাদার মহাশয়কে পাঠিয়ে তখনই কলেজ রেজিষ্টার হতে আমার নাম কেটে দেন। সেদিনই আমার নাম রাখেন 'কৃষ্ণদাস।' এর পূর্ব্বে আমি দেবেন্দ্র নামে পরিচিত ছিলাম।

তারপর দীর্ঘ ১৩ বছর, ১৯২১ সাল পর্য্যন্ত, নিরবচ্ছিন্নভাবে সতীশবাবুর সেবা করবার সুযোগ পেয়েছি। তাঁকে ছেড়ে মা বাবার সঙ্গে দেখা করতে দেশে পর্য্যন্ত যাইনি। প্রতিদানে যা পেয়েছি তা ভাষায় প্রকাশ করা যায় না। কলেজে যাওয়া বন্ধ করে দিলেন, নিয়মিত কিছু পড়াতেন না বা পড়তে বলতেন না। তা হলে শিখলুম কি করে? এর উত্তরে আমি বলবো তাঁকে সেবা করাই মহৎ শিক্ষালাভ। তাছাড়া তাঁর কাছে সর্ব্বদা যে সব গুণী জ্ঞানী উপস্থিত হয়ে নানা বিষয়ের আলোচনা করতেন তা শুনে শুনে পুস্তকে যা কিছু জ্ঞান সঞ্চিত আছে সবই জানা হয়ে যেতো। তখন পুস্তকে একবার চোখ বুলিয়ে নিলেই সবকিছু বোধগম্য হতো। তিনি যা লিখতেন সব আমাকে পরিষ্কার করে নকল করতে হতো। একদিন 'Philanthropy' লিখতে বানানে ভুল করেছিলাম। যার ফলে এক নাগাড়ে প্রায় তিন ঘণ্টা বানান সম্বন্ধে তিনি আমাকে এত কথা শুনিয়েছিলেন যে জীবনে আর কখনও বানান ভুল করিনি। একটু সন্দেহ হলেই অভিধান দেখার অভ্যাস বদ্ধমূল হয়ে গিয়েছিল। দিনের বেলা পড়াশুনায় কাটাবার পর রাত্রে সতীশবাবু Dawn কাগজের জন্যে লিখতে বসতেন। তখন তো ইলেকট্রিক ছিল না। একটা বড় টেবিলের ওপর কয়েকটা মোমবাতি জ্বলত। তার একধারে বসে সতীশবাবু লিখতেন। আমরা অন্যদিকে বসতাম—একটা করে পাতা লেখা হলে তিনি সেটা আমাদের দিকে ছুঁড়ে দিতেন। এত তাড়াতাড়ি লিখতেন যে সেটা কপি করে না দিলে প্রেসের কেউ পড়তে পারতো না। আমাদের কাজ ছিল কপি করা। তাঁর টানা লেখা পড়া এমন অভ্যাস হয়ে গেছল যে অনেক সময় নিজের পুরোণ লেখা পড়তে না পেরে সতীশবাবু আমাদের কাছে পাঠোদ্ধারের জন্য নিয়ে আসতেন। এ বিষয়ে expert (এক্সপার্ট) ছিলুম রবি ঘোষ (প্রিন্সিপ্যাল রবীন্দ্রনারায়ণ ঘোষ) আর আমি। এই ভাবে লেখা আর কপি করা চলত গভীর রাত্রি পর্য্যন্ত। সকালে সেগুলো আমরা প্রেসে দিয়ে আসতুম। সতীশবাবু যখন বেরোতেন তখন প্রায়ই আমাকে সঙ্গে নিয়ে যেতেন। তাঁর সঙ্গে অনেক দিন দুপুরবেলাটা ইম্পিরিয়াল লাইব্রেরীতে বই পড়ে কাটিয়েছি, আবার অনেক সভা—সমিতিতে গেছি, অনেক জ্ঞানী গুণী-জনের সঙ্গে দেখা হয়েছে।

শিবনারায়ণ দাস লেনের মেসে তখন যাঁরা থাকতেন বা নিয়মিত আসতেন তাঁদের মধ্যে রাধাকমল ও রাধাকুমুদ মুখুয্যে, বিনয় সরকার, রবি ঘোষ, হারাণ চাকলাদার প্রভৃতির কথা খুব মনে পড়ে। এঁরা সবাই ছিলেন সতীশবাবুর প্রিয় ছাত্র—কারুর কোন জিজ্ঞাস্য থাকলে সতীশবাবু সকলকে নিয়ে আলোচনা করে বুঝিয়ে দিতেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best compliments of :

Howrah Insurance Company Limited

★

12B Netaji Subhas Road
CALCUTTA-1

★

Business Transacted

FIRE, MARINE, ACCIDENT ETC.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এর আগের যুগে তাঁর ছাত্রদের মধ্যে স্যার অতুল চ্যাটার্জী, কিরণ দে, মহিম ঘোষ—ইত্যাদি ছিলেন। সতীশবাবু এঁদের বিলাতে পাঠিয়ে আই-সি-এস করে এনেছিলেন। তাঁর ধারণা ছিল যে এই সব ভাল ছেলেরা যদি ফিরে ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, জজ ইত্যাদি হয় তো দেশের অনেক উপকার, অনেক সেবা করতে পারবে। পরে যখন দেখলেন, বিলেত থেকে তারা সাহেব হয়ে ফেরে তখন নিজের ভুল বুঝতে পারলেন। সতীশবাবু একদিন আমায় হেসে বলেছিলেন, "বড্ড বেঁচে গেছ, কৃষ্ণদাস, আর কিছুদিন আগে এলে তোমাকেও I. C. S. করে ছাড়তাম।"

ছাত্র ছাড়া সে যুগের প্রায় সকল মনীষীর সঙ্গে সতীশ বাবুর অন্তরঙ্গতা ছিল। তাঁরা মাঝে মাঝে আমাদের মেসেও আসতেন—আমি যে সময়টা তাঁর কাছে ছিলুম তার মধ্যে সিষ্টার নিবেদিতা, রামেন্দ্র সুন্দর ত্রিবেদী, পি, সি, রায়, বিপিন চন্দ্র পাল, যদুনাথ সরকার, অবনীন্দ্রনাথ ঠাকুর, নন্দলাল বসু প্রভৃতিকে দেখেছি। বঙ্গচ্ছেদ রদের আন্দোলনের সময় কলেজ স্কোয়ারে তিনি তাঁর অনুগত ছাত্রদের নিয়ে যে আড্ডা বসাতেন সেখানে কখনও কখনও মহামতি গোখলে, শ্রীনিবাস শাস্ত্রী এবং বৈজ্ঞানিক সি, ভি রমণের মত বিশিষ্ট লোকদেরও উপস্থিত হতে দেখা যেতো।

এইভাবে নানা আলাপ অলোচনা, পড়াশুনা, লেখা ও কপি করার মধ্য দিয়ে আমার জ্ঞানের পরিধি অজানিতে বেড়ে চলত। আমি নিজে বুঝতে পারতাম না। একবার তাঁর সঙ্গে কাশীতে গিয়ে অসুস্থ হয়ে পড়ি। একলা বিছানায় শুয়ে বই পড়ছি এমন সময় উনি আমার খবর নিতে এলেন। Carlyle-এর French Revolution পড়ছি দেখে আশ্চর্য্য হয়ে জিজ্ঞাসা করলেন, "পড়ে ভাল লাগছে? মানে বুঝতে পারছ?" উত্তরে "হ্যাঁ" বলায় খুব আনন্দ প্রকাশ করলেন ও বললেন "দেখেছ, তোমাকে এ বই-তো কখন পড়াইনি বা পড়তে বলিনি। কিন্তু তোমার মধ্যে জ্ঞানের বিকাশ হয়েছে, তাই এই বই সহজে পড়তে ও বুঝতে পারছ।" শিক্ষা সম্বন্ধে তিনি বলতেন 'educate' মানে 'to draw out from within'—অর্থাৎ ভিতরের শিক্ষাই আসল শিক্ষা। তা ছাড়া শিক্ষার আর একটা প্রণালী আছে তা হচ্ছে 'imposition from without'—জ্ঞানের বাহ্য আহরণ। ভিতরের বিকাশ না হলে বাহ্য আহরণ কেবল তোতা পাখীর জ্ঞানে পর্য্যবসিত হয়। তিনি বিদ্যার্থীর ভিতরের বিকাশের দিকে সমধিক দৃষ্টি রাখতেন।

১৯২১ সালে মহাত্মাজি ভারতব্যাপী অহিংস অসহযোগ আন্দোলন আরম্ভ করলেন। তখন দেশের সর্ব্বত্র নব-জীবনের সঞ্চার হয়েছে। মহাত্মাজি এলাহাবাদ থেকে বেহার যাচ্ছিলেন। তখন সতীশবাবুর অন্যতম অনুরাগী আচার্য্য কৃপালিনী আমাকে সঙ্গে নিয়ে বেহার যান। ঐ সময় একদিন সাসারামে বিশ্রামের সময় মহাত্মাজি কৃপালিনীজিকে ডেকে বললেন যে, মহাদেব দেশাইকে পণ্ডিত মতিলালজি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Phone : 24-534

MULLICK BROTHERS

DEALERS IN :—

LACE, RIBBON, KNITTING WOOL & BUTTON Etc.

D. 69, NEW MARKET,
CALCUTTA-13.

With Best Compliments of :

PAINTS & LACQUERS

11-B, Surendra Nath Banerji Road,
Calcutta-13.

Factory : 17/1, CHANDI GHOSH ROAD, CAL-40

Phone : OFFICE	FACTORY	RESIDENCE
24-1837	46-7702	46-4707

Gram : PAINTSLAC

MANUFACTURERS OF QUALITY PAINTS, VARNISHES, ENAMELS
NITROCELLULOSE & INDUSTRIAL FINISHES Etc.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এলাহাবাদে রেখে দিয়েছেন। সেজন্য মহাত্মাজির কাজের চাপ অত্যন্ত বেড়ে গিয়েছে। তাঁর কাজের জন্য একজন কর্ম্মঠ যুবক পেলে খুব ভাল হয়। কৃপালিনীজি বললেন, "এই ত কৃষ্ণদাস রয়েছে, খুব কাজের ছেলে, একে নিয়ে নিন।" মহাত্মাজি তৎক্ষণাৎ জিজ্ঞাসা করলেন, আমি রাজী আছি কিনা। আমি নিরুপায়। মহাত্মাজিকে বুঝিয়ে বললাম যে, সতীশবাবুর অনুমতি ছাড়া আমার সম্মতির প্রশ্ন ওঠে না। মহাত্মাজির অনুরোধে সতীশবাবু সানন্দে আমাকে তাঁর কাছে পাঠিয়ে দেন। সানন্দে সম্মতি দেওয়ার পেছনে অন্য কারণ ছিল। সতীশবাবুর গুরুদেব শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী তাঁকে বহুদিন আগে বলেছিলেন যে ভারতবর্ষের স্বাধীনতা লাভ হবে হিংসার পথে নয় অহিংসার মাধ্যমে। যখন সে কথা শুনেছিলেন তখন অহিংসা আন্দোলনের কথা কেউ ভাবতেই পারতেন না। তাই মহাত্মাজির অহিংস সত্যাগ্রহের খবর শুনে সতীশবাবু বুঝেছিলেন যে এঁর কথাই তাঁর গুরুদেব জানিয়ে গেছেন।

১৯২১ সাল থেকে দীর্ঘ আট বছর কাল মহাত্মাজির সেবা করেছি। ১৯২৮ সালে একরকম জোর করেই মহাত্মাজির কাছ থেকে বিদায় নিয়ে সতীশবাবুর কাছে ফিরে আসি; রাজনীতির ঘূর্ণিপাকে হাঁপিয়ে উঠেছিলুম। পরে ১৯৩৬ সালে সতীশবাবু আমাকে গোরখপুরে পাঠালেন গীতাপ্রেসে কাজ করার জন্য। ১৯৪৮ সালে সতীশবাবু যখন শেষবার অসুস্থ হয়ে পড়েন তখন খবর পেয়ে আমি কিছুদিন গিয়ে সেবা করেছিলুম। দিনে অন্য লোকেরা পালা করে থাকত—রাত্তিরে আমি duty দিতাম। একাদিক্রমে ১০/১২ দিন জাগার পর অসুস্থ হয়ে পড়ি। তখন ভয় হল, একে উনি অসুস্থ, তার ওপর আমার অসুখ নিয়ে সকলে বিব্রত না হয়। এই ভেবে গোরখপুরে ফিরে গেলুম। সেখানেই তাঁর দেহত্যাগের খবর পাই।

সতীশবাবুর ধর্ম্মজীবনের একটা প্রধান অঙ্গ ছিল গুরুভক্তি। আকাশ-বৃত্তি পালনের যে আদেশ গুরুদেব তাঁকে দিয়েছিলেন, সতীশবাবু অক্ষরে অক্ষরে তা পালন করেছিলেন "এঁটো কলাপাতার" মত জীবনধারণ করে। সতীশবাবুর দীক্ষাগ্রহণ একটা আশ্চর্য্য ব্যাপার। তাঁর পিতা কৃষ্ণনাথ মুখোপাধ্যায় ছিলেন কোঁৎ প্রবর্ত্তিত Positivist দর্শনের ভক্ত। নিরীশ্বরবাদী Positivism এর মতে মানব সেবা ও সমাজ সেবাই হলো প্রকৃত ধর্ম্ম। সেজন্য সতীশবাবুও সেবার কাজের ভেতর একেবারে ডুবে ছিলেন। ভগবান আছেন কি নেই, তা ভেবে দেখার দরকার বোধ করেন নি। হঠাৎ একদিন মেঘ গর্জ্জনের মত দৈববাণী শুনতে পেলেন—"ভগবান আছেন। ভগবান আছেন। ভগবান আছেন।" সম্পূর্ণ যুক্তিবাদী হয়েও এটা এত স্পষ্ট শুনেছিলেন যে, তাঁর মনে আর কোন সংশয় রইল না। ঈশ্বর যদি থাকেন তো কি করে তাঁকে লাভ করা যায় এটাই তখন প্রশ্ন। ছুটলেন তাঁর বন্ধু মহেন্দ্র নাথ গুপ্তর (শ্রীম) কাছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয় সম্ভাষণ

গ্রহণ করুন

বাগনান পাওয়ারলুম

কো-অপারেটিভ সোসাইটি লিঃ

পোঃ—বাগনান জিঃ—হাওড়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমহংস দেব তখন দেহ রেখেছেন—তাঁর শিষ্যরা বরানগর কি আলমবাজার মঠে আছেন। সতীশবাবু চাইলেন তাঁদের সঙ্গে যোগাযোগ করতে। শ্রীম বললেন, "ওরা তো সাধন ভজন করছে। চলুন এমন লোকের কাছে নিয়ে যাই যাঁর ভগবদলাভ হয়েছে।" এই বলে গোঁসাইজীর কাছে সতীশবাবুকে নিয়ে গেলেন। দীক্ষার পর প্রথমদিকে সতীশবাবু জপতপ নিয়ে খুব মেতে উঠেছিলেন। গোঁসাইজী একদিন তাঁকে জপ করতে নিষেধ করলেন, "আপনি শিক্ষা নিয়ে থাকুন, আপনার হয়ে আমি জপ করব। আপনাকে আর ওসব কিছু করতে হবে না।" তারপর থেকে সতীশবাবু নিজের থেকে আর জপ করতেন না। তবে মাঝে মাঝে তাঁর "জপ হোত"। তখন হাতের সব কাজ ছেড়ে দিতেন। আমাদেরও ইসারা করে সরে যেতে বলতেন। অনায়াসে ভিতর থেকে তাঁর জপ হতে থাকত—কয়েক ঘণ্টা ধরে। সেটা থেমে গেলে সতীশবাবু বেরিয়ে এসে আমাদের সঙ্গে স্বাভাবিক ভাবে মিশতেন। একেই শাস্ত্রে বলে "অজপা জপ।"

সতীশবাবু কাউকে দীক্ষা দেন নি। তবে একদিন একটি শাস্ত্রগ্রন্থের ভিতর হঠাৎ আঙ্গুল দিয়ে একটি মন্ত্র দেখিয়ে বললেন, "কৃষ্ণদাস, এই তোমার মন্ত্র।" একে যদি দীক্ষা বলা যায় তবে তিনি আমার দীক্ষাগুরু।

শেষের দিকে হিন্দু ইউনিভার্সিটির অধ্যাপক মালানি সতীশবাবুর খুব সঙ্গ করেছিলেন। তিনি রোজ যে কোন বিষয়ে তাঁর প্রশ্ন সতীশবাবুকে লিখে পাঠাতেন। সতীশবাবুও লিখে তার উত্তর দিতেন। এই রকম প্রশ্নোত্তরে মালানি সাহেবের অনেকগুলি খাতা ভরে উঠেছে। আমায় একটা খাতা পড়তে দিয়েছিলেন—অপূর্ব্ব রত্ন। কিন্তু বড়বাবুর কড়া আদেশ—"ছাপাতে পারবে না। প্রশ্ন তুমি করেছ, উত্তরও খালি তোমার জন্য।" মালানি সাহেবও সে আদেশ শিরোধার্য্য করেছেন। খাতাগুলি বাঁধিয়ে যত্ন করে রেখেছেন। রোজ পড়েন—এগুলি তাঁর শেষ জীবনের পাথেয় স্বরূপ।

———



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best compliments from :

BARANAGORE METAL CASTINGS CO.

Manufacturers of Plants, Machines and Accessories for Rubber and other Industries

★

Baranagore Metal Castings Co.

109, B. T. Road, Calcutta-35

Phone : 53-3816

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদান্ত-সাধনা

তীর্থস্বামী

বেদান্তোক্ত তত্ত্বসাক্ষাৎ করণের সাধন রহস্য সম্বন্ধে নানা ভাবে নানা প্রকার প্রশ্ন জিজ্ঞাসা ও শঙ্কা উত্থাপন করা হইয়া থাকে। সে সমস্ত জিজ্ঞাসার নিবৃত্তি ও শঙ্কার সমধান করার জন্য এস্থলে এই ক্ষুদ্র প্রবন্ধে কিঞ্চিৎ প্রয়াস করা হইতেছে।

বেদান্ত বলিতে সাধারণতঃ বেদের অন্ত বা সার স্বরূপ উপনিষৎ-সাহিত্যকেই বুঝায়। তন্মধ্যে দশটি (ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডূক্য, তৈত্তিরীয়, ঐতরেয়, ছান্দোগ্য ও বৃহদারণ্যক) উপনিষদই প্রধান। এই উপনিষৎ সমূহ শ্রুতি প্রস্থান নামে অভিহিত হয়। উপনিষদ্ সাহিত্যের আপাত বিরুদ্ধ প্রতীয়মান বাক্য সমূহের সমন্বয় সাধন করিয়া উপনিষত্তত্ত্ব নির্দ্ধারণ ও ঔপনিষদ পুরুষ তত্ত্ব (বা ব্রহ্মতত্ত্ব বা আত্মতত্ত্ব) নির্দ্ধারণ মানসে এবং তত্তত্ত্ব সাক্ষাৎকার বা তত্তত্ত্বের অপরোক্ষ অনুভূতি লাভের সাধন-বিষয়ক তত্ত্ব নির্ণয় মানসে ব্যাসদেব ব্রহ্মসূত্র প্রণয়ন করেন। ইহা প্রস্থান ত্রয়ীর অন্তর্গত ন্যায় প্রস্থান নামে কথিত হয়। এই ব্রহ্মসূত্রের আরও বহুনাম দার্শনিক গ্রন্থাদিতে দৃষ্ট হয়। যথাঃ—কৃষ্ণসূত্র, হরিসূত্র, ব্যাসসূত্র, উরুক্রমসূত্র, বেদান্তসূত্র, বেদান্তদর্শন, উত্তর মীমাংসাসূত্র, উত্তর মীমাংসাদর্শন, বিষ্ণুসূত্র, ভেদসূত্র শারীরক মীমাংসাসূত্র, শারীরকসূত্র, ও শারীরক মীমাংসাদর্শন ইত্যাদি। কুরুক্ষেত্রের মহা সমরাঙ্গনে কর্ত্তব্যভ্রান্তি বশতঃ যুদ্ধ বিমুখ পার্থকে উপলক্ষ্য করিয়া তদীয় সখা ভগবান শ্রীকৃষ্ণ কথোপথনচ্ছলে, সমস্ত মানব জাতিকে যে আত্মতত্ত্ব বা ব্রহ্মতত্ত্ব ও তত্তত্ত্বানুভূতির সাধন উপদেশ করিয়াছিলেন তাহাও বাদরায়ণ ব্যাসদেবই তাঁহার স্বপ্রণীত মহাভারতের মধ্যে শ্লোকাকারে লিপিবদ্ধ করিয়াছেন বলিয়া প্রথিত। এই শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ শ্রীমদ্ভগবদ্গীতা নামে প্রসিদ্ধ। এই শ্রীমদ্ভগবদ্গীতা সম্বন্ধে মনীষিগণ বলিয়াছেন—

সর্ব্বোপনিষদোগবো, দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃত মহৎ॥

তাৎপর্য্যানুবাদ—উপনিষদাবলী গাভী-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমূহ, দোহন কর্ত্তা স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ, বৎস অর্জ্জুন, আর গীতামৃত অর্থাৎ অমৃতময়ী গীতা হইল মহাদুগ্ধ, এবং সুধী অর্থাৎ বিবেকবুদ্ধি সম্পন্নগণই এই মহাদুগ্ধের পানকর্ত্তা।

এই শ্রীমদ্‌ভগবদ্‌গীতা প্রস্থানত্রয়ীর অন্তর্গত স্মৃতি প্রস্থান নামে প্রসিদ্ধ।

এই প্রস্থানত্রয়ীর অধুনা প্রাপ্ত ব্যাখ্যাগ্রন্থাদিতে বহু দার্শনিক মতবাদের অভ্যুত্থান দৃষ্ট হয়। যথা:—আচার্য্য শঙ্কর ব্যাখ্যাত নির্ব্বিশেষাদ্বৈতবাদ, ভাস্করাচার্য্য ব্যাখ্যাত ভেদাভেদবাদ, রামানুজাচার্য্য ব্যাখ্যাত বিশিষ্টাদ্বৈত-বাদ, মধ্বাচার্য্য ব্যাখ্যাত দ্বৈতবাদ বা স্বতন্ত্রাস্বতন্ত্রবাদ, নিম্বার্কাচার্য্য ব্যাখ্যাত দ্বৈতাদ্বৈতবাদ, শ্রীকণ্ঠাচার্য্য ব্যাখ্যাত শৈববিশিষ্টাদ্বৈতবাদ, শ্রীপতি পণ্ডিতাচার্য্য ব্যাখ্যাত শুদ্ধাদ্বৈতবাদ, বল্লভাচার্য্য ব্যাখ্যাত শুদ্ধাদ্বৈতবাদ, বিজ্ঞানভিক্ষু ব্যাখ্যাত আত্মব্রহ্মৈক্য ভেদবাদ, এবং বলদেব বিদ্যাভূষণ ব্যাখ্যাত অচিন্ত্যভেদাভেদবাদ।

এত মতবাদ থাকাসত্ত্বেও প্রাচীন কাল হইতে একাল পর্য্যন্ত সাধারণতঃ বেদান্ত বলিতে অদ্বৈতবাদ বা নির্ব্বিশেষাদ্বৈতবাদকেই বুঝায় এবং এই নির্ব্বিশেষাদ্বৈতবাদেরই প্রাধান্য দৃষ্ট হয়। প্রচীন কালে যাঁহারা বেদান্ত দর্শনের মতবাদকে খণ্ডন করিতে প্রয়াস করিয়াছেন তাঁহারা নির্ব্বিশেষাদ্বৈত-বাদকেই খণ্ডন করিয়াছেন। তদানীন্তন সময়ে বেদান্ত দর্শনে নির্ব্বিশেষাদ্বৈত-মতবাদেই প্রতিষ্ঠিত হইত।

এইভাবে বেদান্তদর্শনের মতবাদ আক্রান্ত এবং খণ্ডিত হইলেও বেদান্ত-দর্শন সগৌরবে স্বমহিমায় সমাহিত ছিল। অর্ব্বাচীন কালে সূত্রাকারে লিখিত এই বেদান্ত দর্শনকেই, সূত্রের অধিকরণ নির্ণয়ে এবং পূর্ব্বপক্ষ উত্তরপক্ষ (বা সিদ্ধান্ত পক্ষ) নির্ণয়ে, এক সূত্রকে দুই পৃথক সূত্রে বিভক্তকরণ, দুইসূত্রকে একত্র করিয়া একসূত্ররূপে পরিণত-করণ, সূত্রবর্জ্জন, নূতন সূত্র পরিগ্রহণ, সূত্র-ক্রমবিপর্য্যয়, সূত্র পাঠান্তর পরিগ্রহ—ইত্যাদি নানা ভাবে নানা প্রকারে হেরফের সাধন করিয়া বহু ভাষ্যকার স্ব স্ব ভাষ্যে বিভিন্ন দার্শনিক মতবাদের প্রতিষ্ঠা করিয়াছেন। আবার প্রত্যেকেই দাবী করিতেছেন যে তাঁহার নিজ সূত্র পাঠই প্রাচীন পরম্পরাক্রমে ব্যাখ্যাত হইয়া আসিতেছে।

অধুনা-প্রাপ্ত সমস্ত ভাষ্য মধ্যে নির্ব্বিশেষাদ্বৈতবাদ মূলক শঙ্করাচার্য্য প্রণীত ভাষ্যই প্রাচীনতম। তাই তিনি আদিভাষ্যকার নামে কথিত হন।

আচার্য্য শঙ্কর প্রদর্শিত নির্ব্বিশেষা-দ্বৈতবাদমূলক মার্গানুসারে বেদান্তোক্ত সাধনরহস্য বা পদ্ধতি সম্বন্ধে পর্য্যা-লোচনা করিলে দেখা যায় যে নির্ব্বিশেষা-দ্বৈতবেদান্ত মতে চারিবেদের চারি মহাবাক্যমূলক তত্ত্ব সাক্ষাৎকার বা তত্ত্বাপরোক্ষানুভূতি লাভের অন্তরঙ্গ সাধন হইল—(১) শ্রবণ (২) মনন ও (৩) নিদিধ্যাসন। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ"— বৃহদারণ্যক+উপ-নিষৎ— (৪।৫।৬)। আর বহিরঙ্গ সাধন হইল—(১) স্ব (বর্ণাশ্রমোচিত) ধর্ম্মানুসারে স্বকর্ম্মাচরণ দ্বারা ভগবদর্চ্চনা

(১৭৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিমাদ্রির প্রতিষ্ঠাতা, বহুজনের অধ্যাত্মজীবনের আলোক-দিশারী, বহুজনের পরমারাধ্য ও পরমাশ্রয়, ব্রহ্মস্বরূপ মহাত্মা, যোগীশ্বর শ্রীশ্রীকালীপদ গুহরায় গত ১৯শে অক্টোবর, '৬৬, ২রা কার্ত্তিক, ১৩৭৩ সন, ষষ্ঠী তিথিতে মহাপ্রয়াণ করেন। 'স্মরণে' কাব্য-স্তবকটি তাঁহারই পবিত্র স্মৃতিতে উৎসর্গিত।

—সঃ হিমাদ্রি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজি হিমাদ্রি অদ্রিহীন

জগদানন্দ বাজপেয়ী

বলো গো বন্ধু, বলে দাও মোরে
কোন সুরে বাঁধি কাব্য-বীণ্ !
আছে শুধু হিম নাই সে অদ্রি
আজি 'হিমাদ্রি' অদ্রিহীন।
সে মহাগিরির গাত্র বহিয়া
নামিত করুণা নিঝর হইয়া,
করিয়া সজল শ্যামল সিক্ত
কত না চিত্ত রিক্ত দীন,
নাই সে অভ্রচুম্বী অচল
আজি 'হিমাদ্রি' অদ্রিহীন।
সে মহাশৈল সানুদেশে আসি
একদা যাহারা করিল ভীড়
চির নির্ভর আশ্রয় ভাবি
তারি ছায়াতলে বাঁধিল নীড়,
তাঁর করুণার সুশীতল ছায়া
আজিও ঘিরিয়া তাহাদের কায়া
আছে আস্তৃত, তাঁহার আশীষ
আজো পরশিছে তাদের শির
সেই তো পরম পাথেয় তাদের,
সেই সম্বল 'হিমাদ্রির'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগীশ্বর শ্রীশ্রীকালীপদ গুহ রায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হোথায় শানাই সাহানার সুরে
উৎসব-পুরে বাজিছে ওই,
ভাসিছে পুলকে পল্লী নগর
আসিছে বুঝি আনন্দময়ী !
সেদিনও এমনি ষষ্ঠির তিথি
এই ধরণীর পরম অতিথি—
স্নেহ সুশীতল মায়ের অঙ্কে
স্নেহের দুলাল হইল লীন,
নাই যে অভ্রভেদী সে অচল।
তাই 'হিমাদ্রি' অদ্রিহীন।



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালীদা'র উদ্দেশে

বিভুপদ কীর্তি

সেদিনো তোমারে কেহ চেনে নাই
আজিও কি চেনে কেহ!
প্রাণের নাগাল কেহ পায় নাই
—ছুঁয়েছে কেবল দেহ।
যারা এলো তব চরণের তলে,
প্রাণ ঢেলে দিল নয়নের জলে,
হৃদয় উজাড় করি দিল যত
প্রেম, প্রীতি আর স্নেহ—
কি যে পেলো আর কি তারা পেলো না
তুমিও কি নাহি জানো?
সকলি জানিয়া, সকলি বুঝিয়া
কেন যে অবাক মানো!
ও পারের স্রোতে পাল তুলে দিয়া
কি দেখিছ তবে ফিরিয়া ফিরিয়া,
ছেড়ে যেতে যেতে চকিত দিঠিতে
কেন তাহাদেরি টানো!
কোথায়, কি তব পথের নিশানা
কি হবে সে কথা ভেবে?
যেখানেই থাকো, সেখান হইতে
আবার টানিয়া নেবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই বা বুঝিনু কোথা বন্ধন—
আমরা তোমার আপনার জন
মনে জানি মোরা, শূন্য এ ঘর
আবার ভরিয়া দেবে।
যেখানে রয়েছো, আছে সাথে তব
আমাদের ভালবাসা ;
আমাদের লাগি তৃষ্ণা তোমারো
সেই ত পরম আশা।
এখানে যেমন পেয়েছি তোমারে—
তেমনি করিয়া পাইব ওপারে ;
তোমার হইয়া, তোমারে লইয়া
বাঁধিব নূতন বাসা।
মরণের ঘরে, মরণের পরে
মরেনা ত ভালবাসা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধরণীর অর্ঘ্য

জয়ন্তী ভট্টাচার্য্য

ফল পুষ্পে মধু ছিল, অরণ্যেতে শোভা,
পাখীকণ্ঠে ছিল গান, তবুও বসুধা
সাগরে কল্লোল তুলে বলেছে অস্ফুটে
"এ সম্পদ দিব তুলে কার করপুটে !"
ম্লান ফুল গেছে ঝরে, কাকলী নীরব—
উচ্ছল ঝর্ণাও স্তব্ধ, করি অনুভব
কি মহাশূন্যতা জাগে ধরণী জুড়িয়া
সব স্বাদ-গন্ধ-মধু শুষ্ক করি দিয়া
হুতাশ-নিঃশ্বাস বায়ে। দূরের আকাশ
সে রিক্ততা পানে চেয়ে ফেলিল নিঃশ্বাস।
একান্ত করুণাভরে ; একটি তারকা
সে করুণাভার বয়ে ঘুচাইতে ব্যথা
নামিল ধরণীপরে। একখানি প্রাণ
সকল প্রাণের লাগি আপনারে দান
করি দিল নির্দ্বিধায়।
সমস্ত ভুবন
স্বর্গের আলোক জ্বেলে উৎসব মগন
হোলো যবে, স্বর্গ যে নিষ্ঠুর -
ফিরিয়া চাহিল সে গো হয়ে ঈর্ষাতুর।
শ্যামলী ধরণী তাই কোমল বাহুতে
রাখিতে নারিল ধরে—হ'ল ছেড়ে দিতে
আকাশের তারাটিরে আকাশের কোলে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জননী হৃদয় তার ভাসি আঁখি জলে
চাহি দেখে উর্দ্ধপানে, অগণ্য তারার
রাজসভা মাঝে চেনা যায়না তো আর—
দুখিনীর ধন কোথা পরি রাজবেশ
রাজা হয়ে বসে আছে।
তবুও কে জানে—
সহসা ক্ষণেক তরে ধরণীর পানে
হয়তো চাহিবে ফিরে। মুছি অশ্রুজল
দিয়ে তার অতিক্ষুদ্র পার্থিব সম্বল
সাজায় অর্ঘ্য ফিরে। মুহূর্তের নেত্রপাতে
সর্ব্ব সফলতা তার স্থির হয়ে আছে—
একথা বুঝেছে, তাই অনন্ত মাধুরী
কুসুমে কুসুমে সে যে দিল আজি ভরি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ম্যাক্সমূলারের ঋগ্বেদ সংস্করণ

নন্দ মুখার্জি

ইন্দো-ইউরোপীয় ভাষাজগতের প্রাচীনতম সাহিত্যিক কীর্তিস্তম্ভ হলো বেদসমূহ। মুখে মুখে এই সম্পদ এক যুগ থেকে আর এক যুগে চিরবহমান। বেদ হলো ভারতবর্ষের পবিত্র ধর্মগ্রন্থ, কিন্তু এ-গ্রন্থের বিষয়সূচী এমনই গভীর ও গূঢ় যে পাশ্চাত্য জগতের মহান পণ্ডিতদের পক্ষে এর প্রতি দর্শকের ঔদাসিন্য নিয়ে বসে থাকা সম্ভব হলো না। সম্যকভাবেই তাঁরা অনুভব করলেন, এমন অমূল্য আকর মুষ্টিমেয় কোনো শ্রেণী বা জাতির নাগালের মধ্যেই সীমাবদ্ধ রাখা সমীচীন নয়। এই উপলব্ধির দ্বারা অনুপ্রাণিত হয়ে বিখ্যাত জার্মান্ ভারতবিদ্ ম্যাক্সমূলার সর্বপ্রথম প্রকাশ করলেন চারহাজার বছরের প্রাচীন ঋগ্বেদের পূর্ণ সংস্করণ, যার তুল্য প্রাচীনগ্রন্থ পৃথিবীর কোন গ্রন্থশালাতেই নেই।

সায়ন-ভাষ্য সম্বলিত ম্যাক্সমূলারের ঋগ্বেদের ছয়টি সংস্করণ প্রকাশিত হয় ১৮৪৯ থেকে ১৮৭৪ সালের মধ্যে। এটি একটি উল্লেখযোগ্য ঘটনা, কারণ এর ফলেই ইউরোপে সংস্কৃতচর্চার নব-উষা সূচিত হলো।

ঋগ্বেদের মুদ্রিতরূপ ভারতবর্ষে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি করলো। গোঁড়া হিন্দুরা তুমুল প্রতিবাদ তুললেন, ছাপা গ্রন্থাংশের মৌলিকত্ব সম্পর্কে সন্দেহ প্রকাশ করলেন। ধর্মের নামে প্রচার নিষিদ্ধ করার প্রচেষ্টাও দেখা গেল। আচরণটা বিসদৃশ ঠেকাই স্বাভাবিক, কিন্তু স্বয়ং ম্যাক্সমূলারের ভাষায় বলতে গেলে, একথা আমাদের ভুললে চলবে না যে, "হিন্দুরা ঋগ্বেদকে শুধু হাজার হাজার বছর পূর্বের ঈশ্বরপ্রকটিত সত্য বলেই শ্রদ্ধা করেন না ; তাঁরা বিশ্বাস করেন, ঋগ্বেদ জগৎ-সংসার সৃষ্ট হওয়ার পূর্বেও ছিল ; ব্রহ্মার মানসলোকে এ-বেদ বিরাজমান ছিল অনন্তকাল এবং ভূলোক সৃষ্টির পূর্বেই বেদমন্ত্র হয়েছিল অনুরণিত। হিন্দুরা এঁকে শুধু গ্রন্থ বলে মনে করেননি, মনে করেছেন ঈশ্বরপ্রকটিত সত্যরূপে, যা অখণ্ড পরম্পরায় গুরু থেকে শিষ্যে বয়ে চলেছে।" পূর্বে, মনু-সংহিতার কালে, বেদ লিপিবদ্ধ করা বা বিক্রয় করা নিষিদ্ধ ছিল। এমন কি উনবিংশ শতাব্দীর পরিবর্তিত পটভূমিতেও বেদের মুদ্রিত সংস্করণ প্রকাশ একরকম আসুরিক অপকর্ম মনে করা হত। একজন ম্লেচ্ছ কর্তৃক সেই পবিত্র গ্রন্থের মুদ্রিত সংস্করণ প্রকাশ গোঁড়া হিন্দুদের শিউরে তুলেছিল, বেনারস, বোম্বাই ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীসুহাস দে'র সৌজন্যে ● সে কোন্ বনের হরিণ ● শিল্পী : নন্দলাল বসু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণার পথে পথে সেই গ্রন্থের হাজার হাজার সংখ্যার বিক্রয়-ব্যবস্থা তাঁদের ব্যথিত করেছিল।

এই প্রতিকূল প্রতিক্রিয়ায় ম্যাক্স-মূলার বিস্মিত হন নি, কারণ, "মুদ্রণযন্ত্র আবিষ্কারের পর এরাস্‌মাস যখন নিউ টেষ্টামেণ্টের প্রথম সমালোচনা-সম্বলিত সংস্করণ প্রকাশ করেছিলেন তখন যে কি তুমুল আন্দোলন হয়েছিল তা তাঁর জানা ছিল।"

তবে, একথা মনে করা ভুল হবে যে গোটা হিন্দু সমাজই ম্যাক্‌সমূলারের প্রতি বিরূপ হয়েছিল! উদারপন্থীরা, এমন কি কিছু প্রাচীনপন্থী হিন্দুও এই প্রশংসনীয় কাজের জন্য ম্যাক্‌স-মূলারকে হিন্দুর পবিত্র ধর্মগ্রন্থের অদ্বিতীয় প্রবক্তা বলে অভিনন্দিত করলেন।

প্রথম যাঁরা ম্যাকস মূলারের ঋগ্বেদের সংস্করণকে স্বীকৃতি দিলেন তাঁদের মধ্যে প্রখ্যাত সংস্কৃত-পণ্ডিত রাজা রাধাকান্ত দেব একজন। রাজা রাধাকান্ত ছিলেন বাঙলার রক্ষণশীল-দলের শিরোমণি, কাজেই তাঁর মতন ব্যক্তির অনুকূল অভিমত ম্যাক্‌স-মুলারকে বিশেষভাবে আনন্দ দিল।

১৮৫১ সালের নভেম্বরে রাজা রাধাকান্ত দেব ম্যাক্‌সমূলারকে একটি প্রশস্তিবাচক পত্র দিলেন। পত্রটির কিয়দংশ এইরূপ ঃ

সম্প্রতি মহামান্য কোর্ট অফ ডাইরেকটার্স মারফৎ তাঁদেরই পৃষ্ঠপোষকতায় প্রকাশিত আপনার মহান ও মূল্যবান কীর্তি ঋগ্বেদ-সংস্করণের প্রথম খণ্ড উপহার পেয়ে বিশেষ সম্মানিত বোধ করেছি। কিছু-দিন আগে, আপনার এই গ্রন্থের যে-নমুনা কপিটি আমার কাছে পৌঁছে দেবার জন্য রোয়ারকে বিনীত অনুরোধ জানিয়েছিলেন, সেটি সাগ্রহে পাঠ করেছিলাম এবং যদিও আরও কিছু সময় কাছে রাখার ইচ্ছা সত্ত্বেও তাড়াতাড়ি ফেরৎ দিতে বাধ্য হয়েছিলাম, নমুনা-গ্রন্থটি পাঠে আমার দৃঢ়বিশ্বাস জন্মেছিল যে আপনি আশাতীত সাফল্য লাভ করবেন। এবং আপনার প্রকাশিত সংস্করণটি নিঃসন্দেহে তা প্রমাণিত করছে......এর মধ্যে আপনার প্রগাঢ় পাণ্ডিত্য, বিশ্লেষণী বিচক্ষণতা ও গবেষণার কাজে অতুলনীয় অধ্যবসায়ের পরিচয় ফুটে উঠেছে; আপনি এমন এক অসাধারণ শ্রমশীলতা ও অদমিত ঐকান্তিকতার দৃষ্টান্ত রেখে গেলেন যা উৎসাহের অভাবে হিম হয়না, অসুবিধায় বাধাপ্রাপ্ত হয়না। আপনার পরিশ্রমের ফলে প্রথম বেদের সমস্ত সংহিতার পূর্ণ সংকলন বৈদিক পণ্ডিতদের হাতে গিয়ে পৌঁছবে, যার বিছিন্ন অংশমাত্র মুষ্টিমেয় কয়েকজনের ঘরে আবদ্ধ ছিল। এবং এর ফলে, পবিত্র বেদের মুখশ্রীর সামনে এতদিন যে পর্দা পড়েছিল, অতীত ইতিহাসের ছাত্ররা তা টান মেরে সরিয়ে দেবে; প্রাচীন প্রাচ্যের—এমনকি প্রাচীন পৃথিবীর ইতিহাসের—উপাদান যোগাবে তারা এবং এর দ্বারা আপনার এমন এক স্মৃতিসৌধ গড়ে তুলবে যা পিতলের চেয়েও স্থায়ী হবে।"

'শব্দকল্পদ্রুম'-নামক সংস্কৃত ভাষার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক বিরাট শব্দকোষ-রচয়িতা এমন এক বিখ্যাত পণ্ডিতের কাছ থেকে এহেন প্রশংসাপত্র পেয়ে ম্যাক্সমূলার অভিভূত হয়েছিলেন। রাজা রাধাকান্তের উজ্জ্বল ইংরাজী-ভাষা ম্যাক্সমূলারকে বিস্মিত করেছিল। তিনি স্বীকার করেছিলেন, পত্রলেখক (রাজা রাধাকান্ত দেব) যতখানি ইংরাজী ভাষা আয়ত্ব করেছেন, জানিনা কোনো পাশ্চাত্য পণ্ডিত প্রাচ্যের কোনো ভাষা ততখানি আয়ত্ব করতে পেরেছেন কিনা!

রাজা রাধাকান্তের পত্রের উত্তরে ম্যাক্সমূলার লিখলেন :

"১৮৫১ সালে আমার ঋগ্বেদের প্রথম সংস্করণ হাতে পেয়ে আপনি আমায় যে পত্র দিয়েছিলেন তা এত দেরীতে পৌঁছেছিল যে ইতিমধ্যে আমি আমার দ্বিতীয় খণ্ড প্রায় সমাপ্ত করে এনেছিলাম এবং সেইজন্য আমি পত্রোত্তর স্থগিত রেখেছিলাম। আমার উদ্দেশ্য ছিল পত্রোত্তরের সঙ্গে দ্বিতীয় খণ্ডটিও আপনাকে পাঠানো,—আমার সংকল্পের অটলতা ঘোষণা করা ; অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যেই চতুর্দশ শতাব্দীর প্রখ্যাত পণ্ডিত সায়নাচার্যের টীকা সমেত আপনাদের ঋষিদের সমগ্র স্তোত্রের সংকলন প্রকাশ করা! আমার গ্রন্থের মুখবন্ধে আমি উল্লেখ করেছি, আপনার অমূল্য শব্দকোষের কাছে আমি কতখানি ঋণী! আপনার ঐ গ্রন্থ আপনাকে শুধু আপনার দেশবাসীর কাছেই শ্রদ্ধেয় করবে না, ইউরোপের সমস্ত জ্ঞানীগুণীর কাছেও করবে।....যদি আমার এই ঋগ্বেদের সংস্করণ আপনার দেশবাসীকে আবার সেই সাহিত্য অধ্যয়নে ফিরে যেতে সাহায্য করে, যা প্রাচীনদের বিচারে তাঁদের ধর্মের সর্বাপেক্ষা প্রামাণিক সাহিত্য বলে গণ্য, তাহলে আমি মনে করবো, এ হবে এগিয়ে যাওয়ার উল্লেখযোগ্য দৃষ্টান্ত—এ হবে সামনের দিকে পদক্ষেপ, পিছনের দিকে নয়। অবশ্য আমি আশা করি, ভবিষ্যতের ভাণ্ডারে তাদের জন্য আরও কিছু রাখা আছে কেবলমাত্র প্রাচীন সংস্কার ও পূজা-অর্চনায় ফিরে যাওয়ার তুলনায় যা মহত্তর..."

বাঙলা সরকারের মারফৎ ম্যাক্সমূলারের ঋগ্বেদের দ্বিতীয় খণ্ড পেয়ে রাজা রাধাকান্ত দেব ১৮৫৫ সালের ৫ই মার্চ তারিখে লিখলেন :

"...আপনার মহামূল্য উপহার আমি যে কেমন শ্রদ্ধা ও হর্ষের মিশ্রিত অনুভূতি দিয়ে গ্রহণ করেছি তা প্রকাশ করার ক্ষমতা আমার নেই। আমাদের পণ্ডিতরা হতচকিত হয়েছেন, এবং যখন তাঁদের বলা হচ্ছে যে তাঁদের হাতের ঐ গ্রন্থটি সম্পাদনা করেছেন এমন একজন সুদূরপ্রবাসী ইউরোপীয় পণ্ডিত যাঁর পক্ষে কোনো বৈদিক পণ্ডিতের সঙ্গে আলোচনা বা পরামর্শ করা সম্ভব হয়নি ;—যাঁকে বিভিন্ন মূলবচন ও টীকা সংগ্রহ করতে হয়েছে, নকল করে পুঙ্খানুপুঙ্খ বিচার করে সাজাতে হয়েছে, পাঠ মূলভিত্তিক হচ্ছে কিনা সে-সিদ্ধান্ত নেবার জন্য এতদ্সম্পর্কীয় দুষ্প্রাপ্য ও অপ্রতুল উপাদান উৎসকে খুঁজে দেখতে হয়েছে, আর দৃষ্টিশক্তিকে কষ্ট দিয়ে বারবার প্রুফ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংশোধন করতে হয়েছে।

....এমন এক দুঃসাধ্য দায়িত্ব মাথায় নিয়ে আপনি হিন্দুদের অমূল্য উপকার করেছেন, তাদের হাতে তুলে দিয়েছেন তাদেরই পবিত্র ধর্মগ্রন্থের নির্ভুল ও মহান সংস্করণ।

রাজা রাধাকান্ত দেবের ভাষায় এ কথা নিঃসংশয়ে বলা যায়, এই ঋগ্বেদ মহাত্মা ম্যাক্সমূলারের যে স্মৃতিসৌধ রচনা করলো তা পিতলের চেয়েও দীর্ঘস্থায়ী।

'রিঙ্গারস'

আর্ণিকা হেয়ার অয়েল

চুল ওঠা ও কেশের অকালপক্কতা নিবারণের শ্রেষ্ঠ মহৌষধ

(২ আউন্স শিশি দেড় টাকা)

সি, রিঙ্গার এণ্ড কোং

২৩ নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা—১

বিনা ফি-তে চিকিৎসকগণ দ্বারা সর্ব্বপ্রকার রোগী চিকিৎসার ব্যবস্থা

(১০ টা হইতে ৭ টা)

WITH THE COMPLIMENTS OF :

Commercial Union Assurance Co. Ltd.

COMMERCIAL UNION HOUSE

3, MIDDLETON STREET

CALCUTTA-16

Telephone : 44-3501

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরৎ সাহিত্যে পরকীয়াবাদ

হরেকৃষ্ণ মুখোপাধ্যায়, সাহিত্যরত্ন

শরচ্চন্দ্রের পরিচয় নয়, নাম জানিতে পারি সুরেশ সমাজপতির সাহিত্য পত্রে প্রকাশিত "কাশীনাথ" গল্প পড়িয়া। গল্পটি দুই সংখ্যায় বাহির হইয়াছিল। তাহার পূর্বে আমি শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়ের নাম শুনি নাই। সে আজ কত দিনের কথা। তখন কি-ই বা বুঝি। তথাপি গল্পটা কিন্তু খুবই ভাল লাগিয়াছিল।

ভারতবর্ষের অনুষ্ঠান পত্রে শরচ্চন্দ্রের ছবি দেখিয়াছিলাম। মুখে দাড়ি গোঁফ ছিল। কিন্তু কি উজ্জ্বল দুটি চোখ। মনে হইল এ হেন চক্ষুষ্মান অনেক কিছুই দেখিতে পান, দেখিতে জানেন। অথচ কেমন যেন উদাসীন। বহুদিন পরে ২০৩ কর্ণওয়ালিশ ষ্ট্রীটে ভারতবর্ষের পুরানো বাড়ীতে সেই দুটি চোখের সঙ্গে চোখাচোখি হইয়া গেল। জলধরদার ঘরটিতে বসিয়াছিলেন। তখনো গোঁফ দাড়ি ফেলেন নাই। জলধরদা পরিচয় করাইয়া দিলেন। একদিন বাজে শিবপুরের বাসায় গিয়াও দেখা করিয়াছিলাম।

পথের দাবী পড়িয়াও আর একদিন পানিত্রাসে গিয়া উপস্থিত হইলাম। ততদিনে পরিচয় ঘনিষ্ঠতর হইয়াছে। দেখিলাম পরনে একখানি তসর কোটের কাপড়, খালি গায়ে বসিয়া আছেন, অর্থাৎ গায়ে জামা নাই। কাপড়ের খুঁট গায়ে জড়ানো। গলায় তুলসীর মালা। দুপুরে খাইতে বসিলাম—সম্পূর্ণ নিরামিষ। একটি পাথরের থালায় অন্ন ব্যঞ্জন সাজানো। উপরে তুলসীর পাতা। বলিলেন, প্রসাদ খাও হে। বাড়ীতে বিষ্ণু আছেন, নিজের হাতে পূজো করি, অন্নের ভোগ হয়। খাওয়ার বৈশিষ্ট্য দেখিলাম, একটা পাথর বাটীতে খানিকটা দই, তার উপরে মাঝারি আকারের একখানি বাতাসা। দইয়ের বাটীতেও তুলসী পত্র ছিল।

আমার বিশ্বাস শরচ্চন্দ্র মনে প্রাণে বৈষ্ণব ছিলেন। ব্রজের পরকীয়া ভাব তাঁহার সর্ব্বান্তঃকরণে মাখানো ছিল। 'শ্রীকান্তের' দ্বারিক দাসের আখড়ার কথা আর একদিন আলোচনা করিব। আজ 'বিন্দুর ছেলে' হইতেই উদাহরণ দিব। শ্রীচৈতন্য চরিতামৃতে কৃষ্ণদাস কবিরাজ বলিয়াছেন,—

পরকীয়া ভাবে অতি রসের উল্লাস।
ব্রজ বিনা ইহার অন্যত্র নাহি বাস।

আচার্য্যগণ বলেন, নন্দালয়ে যমজ পুত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কন্যা আবির্ভূত হইয়াছিলেন—স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ এবং যে.গমায়া একাংশ। নন্দ নন্দন দ্বিভুজ মুরলীধর, কংস কারাগারে যিনি আসিয়াছিলেন তিনি চতুর্ভূর্জ। শ্রীমদ ভাগবত-পুরাণে নন্দাত্মজরূপে, কৃষ্ণের উল্লেখ আছে। স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ নন্দ নন্দন, যশোদার দুলাল। অথচ লোকে জানে শ্রীকৃষ্ণ নন্দ-যশোদার পালিত পুত্র। নন্দ যশোদার অহৈতুকী বাৎসল্য; এই স্বার্থ গন্ধ হীন অনাবিল মাতৃস্নেহ জগতে দুর্লভ। শ্রীকৃষ্ণের অন্তরঙ্গা শক্তি শ্রীরাধা। কিন্তু তিনিই ভালবাসার আদর্শ স্থাপনের জন্যে স্বজ্ঞানে সংসার কুলশীল ত্যাগ করিয়া মাত্র ভালবাসিবার জন্যই শ্রীকৃষ্ণে সর্ব্বাঙ্গ সমর্পণ করিয়াছিলেন। অন্তরে তাঁহার নিজ সুখের লেশমাত্রও কামনা ছিলনা। শরচ্চন্দ্র এইভাবেরই ভাবুক ছিলেন।

বিন্দুর ছেলের আরম্ভটা এইরূপ "যাদব মুখুজ্জে ও মাধব মুখুজ্জে যে সহোদর ছিলেন না, সে কথা নিজেরা তো ভুলিয়াই ছিলেন, বাহিরের লোকে ভুলিয়াছিল। দরিদ্র যাদব অনেক কষ্টে ছোট ভাই মাধবকে আইনপাশ করাইয়াছিলেন এবং বহু চেষ্টায় ধনাঢ্য জমিদারের একমাত্র সন্তান বিন্দুবাসিনীকে ঘরে আনিতে সক্ষম হইয়াছিলেন। বিন্দুবাসিনী অসামান্যা রূপসী। প্রথম যে দিন সে এই অতুল রূপ ও দশ সহস্র টাকার কাগজ লইয়া ঘর করিতে আসিয়াছিল সে দিন বড় বৌ অন্নপূর্ণার চোখে আনন্দাশ্রু বহিয়াছিল। অল্পদিনেই কিন্তু বিন্দুকে লইয়া সংসারের সকলেই বিব্রত হইয়া উঠিলেন। বড় বৌ স্বামীকে বলিলেন—এ কেউ ট সাপ। মাধব অনুযোগ করিলেন টাকাটাই কি দাদার বেশী হল? যাদব কিন্তু হাল ছাড়িলেন না। ছোট বৌ-এর ফিটের ব্যামো ছিল। দেখিলে সকলেই ভয় পাইত। একদিন এমনই ফিটের সময় বড় বৌ দেড় বছরের ঘুমন্ত ছেলে অমূল্যকে বিন্দুর কোলের উপর ফেলিয়া দিয়া পলাইয়া গেলেন। অমূল্য কাঁচা ঘুম ভাঙ্গিয়া চীৎকার করিয়া উঠিল। বিন্দু প্রাণপণ বলে নিজেকে সংবরণ করিয়া মূর্চ্ছার কবল হইতে আত্মরক্ষা করিয়া ছেলে বুকে করিয়া ঘরে চলিয়া গেল। অন্নপূর্ণা আড়ালে দাঁড়াইয়া তাহা দেখিলেন এবং ফিটের ব্যামোর এই অমোঘ ঔষধ আবিষ্কার করিয়া পুলকিত হইলেন। অমূল্য বিন্দুরই ছেলে হইয়া উঠিল। সে মাকে দিদি এবং বিন্দুকে ছোট মা বলিতে শিখিল। অমূল্যকে কেন্দ্র করিয়া বিন্দুর ছেলে গল্পটি জমাট বাঁধিয়া উঠিল।

সংসার-জ্ঞানহীনা যুবতী, পিত্রালয়ে জনক জননীর স্নেহে বর্দ্ধিতা, শশুরালয়ে দেবোপম ভাসুরের অকৃত্রিম স্নেহ, বড় জায়ের প্রীতি কৌতুক মিশ্রিত প্রশ্রয় এবং স্বামীর বহিঃ প্রকাশের আড়ম্বর বর্জ্জিত ভালবাসার বর্ম্ম বেষ্টনীর নিরাপদ আশ্রয়ে থাকিয়া অমূল্যকে লইয়া মাতিয়া উঠিল। অমূল্যই তাহার ধ্যান জ্ঞান, অমূল্যই তাহার প্রধান অবলম্বন। অমূল্যর খাওয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শোয়া, অমূল্যর শিক্ষা, অমূল্যর ভবিষ্যত চিন্তা সব রকমের মোটামুটি একটা কাঠামো তৈরী করিয়া বিন্দু সেই অনুসারেই চলিতে লাগিল। ঠিক সময়ে অমূল্যর দুধ না পাইলে সে রাগিয়া উঠে। পাছে অমূল্য খারাপ ছেলের সঙ্গে মেশে সেই চিন্তায় সে সন্ত্রস্ত হয়। অপর ছেলের সঙ্গে একটু দূরে পাঠশালায় পাঠাইতে তাহার মন সরেনা। সেই যশোদা জননীর আশঙ্কার ছায়া। গোষ্ঠে তো বহু রাখালই যায়। কিন্তু তাহার গোপাল তো বহুর দলের কেহ নহে। বনের পথে তৃণ কুশাঙ্কুর আছে, বন্যজন্তু আছে, গোপাল রোদে ঘুরিয়া বেড়াইবে সে ভয় আছে, ক্ষুধায় কাতর হইলে পাছে সময়ে না খায় সে দুশ্চিন্তা আছে।

অন্য ছেলেরা অমূল্যকে মারিতে পারে। এমন কি চোখ কানাও করিয়া দিতে পারে, এমনই কাল্পনিক কত চিন্তা বিন্দুর। অন্নপূর্ণা মা হইয়াও এমন চিন্তা মনেও স্থান দিতে পারেন না সে কথা জানাইয়া দিয়াছেন। তথাপি বিন্দুর মন মানে না। পাঠশালাটা শেষে তাহাদের বাহিরের ঘরেই স্থাপিত হইল।

যাদবের ভগিনী এলোকেশী এবং এলোকেশীর পুত্র নরেনকে লইয়াও কত অশান্তি। স্বচ্ছন্দ পথ-চারিণী স্রোতোস্বিনী যেখানেই বাধা প্রাপ্ত হইয়াছে, সেই খানেই ফুলিয়া ফুঁসিয়া উঠিয়াছে। ঘূর্ণাবর্তের সৃষ্টি করিয়াছে।

গোড়াতেই আমি যশোদা জননীর কথা বলিয়াছি। মা তাঁহার আদরের দুলালকে উদুখলে বাঁধিয়াছিলেন। বিন্দুও অমূল্যকে মারিয়াছে। না খাইতে দিয়া ঘরে বন্দী করিয়া রাখিয়াছে।

একটি ছবি টুকরা কথায় আঁকা, এত জীবন্ত যে মনে হয় তুলিয়া দেখাই। স্থানাভাব না থাকিলে আমি বিন্দুর সঙ্গে অন্নপূর্ণার, বিন্দুর সঙ্গে যাদবের মাধবের, এলোকেশীর নরেনের কথোপকথনগুলি তুলিয়া দিতাম। সেগুলি যেমন উজ্জল তেমনই সুন্দর, যেমন মধুর তেমনই মনোহারী। যেমন তীক্ষ্ণ তেমনই তপ্ত। এক একটা কথা যেন লাবণ্য ললিত নিটোল মুক্তা। আর গাঁথনি, একটাকে সরাইয়া অন্য একটা বসাইতে গেলেই মালাখানি শ্রীহীন হইয়া পড়িবে।

একদিন অমূল্যর পোষাক পরানো লইয়া মাধবের সঙ্গে, আর একদিন থ্যামটার নাচ দেখার প্রসঙ্গে অন্নপূর্ণার সঙ্গে, আর একদিন অমূল্যর জামার পকেটে সিগারেটের টুকরা দেখিয়া উদ্দেশ্যে এবং সাক্ষাতে অনুপস্থিত নরেনকে কেন্দ্র করিয়া ধীরে ধীরে বিন্দুর অশোয়াস্তি এবং ক্রোধ যখন প্রায় মাত্রা ছাড়াইবার পথ ধরিয়াছে, সেই সময় একটা ঘটনায় এই ক্রোধাগ্নিতে পূর্ণাহুতি নিক্ষিপ্ত হইল। কতকগুলি ছাত্র এক উড়েমালীর বাগানের গাছ ভাঙ্গে, তাকে মারে, আম চুরি করে, মালী হেড মাষ্টারকে জানায়। হেড মাষ্টার ছেলেদের দশ টাকা জরিমানা করেন। দলে অমূল্যও ছিল, তাহার ভাগ্যে দুই টাকা পড়িয়াছিল। টাকাটা বিন্দুকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না শুনাইয়াই অন্নপূর্ণা দিয়াছেন। সমস্ত শুনিয়া বিন্দু কাণ্ডজ্ঞান হারাইয়া ফেলিল, ইতিপূর্বে যাদব একবার, এবং অন্নপূর্ণা আর একবার অমূল্যর হইয়া বিন্দুর নিকট মার্জ্জনা চাহিয়াছিলেন। সুতরাং আজ আর বিন্দুর কথায় কোন সংযম রহিল না। দুইটা টাকা দিদি কেন দিয়াছে, কাহার টাকা দিয়াছে, কাহার টাকায় দিন চলিতেছে, কথায় কথায় এই সব কথা বিন্দুর মুখ হইতেই বাহির হইয়া পড়িল। অন্নপূর্ণা কঠিন শপথ করিলেন তোমাদের যদি কোন সাহায্য লই,—যেন বেটার মাথা খাই।

বিন্দুর দশহাজার টাকা যাদব দ্বিগুণ করিয়াছেন, মাধবের ওকালতির পসার জমিয়াছে, উপার্জ্জন বাড়িয়াছে। যাদব এই সব হইতে কিছু লইয়া পৈতৃক বাসভবনের অনতি দূরে একখানি নূতন বাড়ী তৈরী করিয়াছেন। বিন্দুর পরামর্শে গৃহপ্রবেশের দিন স্থির হইয়াছে, আত্মীয় স্বজন নিমন্ত্রিত হইয়াছেন, আসিয়াও পড়িয়াছেন, এমনই দিনে এই গণ্ডগোল। যাদব, অন্নপূর্ণা ও অমূল্য আসিলনা। সব পণ্ড হয় দেখিয়া মাধব গিয়া অন্নপূর্ণাকে ডাকিয়া আনিলেন কিন্তু অনুষ্ঠান অন্তে অন্নপূর্ণা যখন জলগ্রহণ না করিয়া চলিয়া গেলেন, মাধব জানিয়া শুনিয়াও অন্নপূর্ণাকে খাইতে অনুরোধ করিলেন না। মানিনী বিন্দুও অন্নপূর্ণাকে খাইবার জন্য সাধিতে পারিলনা। বিন্দু কিন্তু এবার আপনার অভিমানের আগুনে পুড়িয়া ভিতরে ভিতরে এক গুরুতর ব্যাধির কবলে গিয়া পড়িল। মাধবের পায়ে ধরিয়াও কোন ফল হইল না। যাদব আবার চাকুরী স্বীকার করিয়াছেন অমূল্য স্কুলে যায় অন্যপথে, সে বলে খাবার খাইতে পায় না। লুকাইয়া গাছ তলায় গিয়া দুটি ছোলা চিবাইয়া খায়। বিন্দুর পিতার কঠিন অসুখের সংবাদে যাদব বিন্দুর পিত্রালয়ে যাওয়ার অনুমতি দিয়া পত্র লিখিয়া পাঠাইলেন। পিত্রালয়ে গিয়া বিন্দুর প্রায় অন্তিম্ দশা উপস্থিত হইল। তখন নিরুপায় মাধব শেষ দেখা দেখাইবার জন্য অমূল্যকে আনিতে পুরানো বাড়ীতে উপস্থিত হইলেন। বিন্দু পায়ে ধরিয়াছে, কত কান্দিয়াছে, বলিয়াছে আমার দোষ হইয়াছে ঘাট মানচি, তুমি গিয়ে বলোগে। আমি ছেলের দিব্বি করচি আর কখনো—। মাধব বলিয়াছেন, তোমার কথা আমি গিয়ে বলবো, দাদা শুনতে পাবেন না। ইহারই পরিণাম—অভিমানিনী আহার ত্যাগ করিয়াছে। ঔষধ পর্য্যন্ত কেহ তাহাকে খাওয়াইতে পারে নাই। এইবার মাধব বোধ হয় পত্নীকে চিনিতে পারিয়াছেন। যাইবার সময় বলিয়া গেলেন—আমার কথা শুনিলেনা, কিন্তু যাহার কথা ঠেলিতে পারিবে না তাহাকেই আনিতে চলিলাম। সে রাত্রে বিন্দু নিশ্চিন্তে ঘুমাইয়াছিল।

প্রভাতেই যাদব বিপদের ছায়া দেখিয়াছিলেন। যাদব চাকুরী স্থানে গেলে ভৈরব আসিয়া বিন্দুর কঠিন ব্যাধি এবং গুরুতর অবস্থার কথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্নপূর্ণাকে বলিয়াছিল। সন্ধ্যায় মাধব আসিয়া উপস্থিত হইলেন। শুনিবামাত্র রাত্রেই যাদব অন্নপূর্ণা ও অমূল্যকে লইয়া মাধবের সঙ্গে ফরাসডাঙ্গা চলিয়া গেলেন।

'তখন সবে মাত্র সূর্য্যোদয় হইতে-ছিল, মাধব ঘরে ঢুকিয়া দীপ নিভাইয়া জানালা খুলিয়া দিতেই বিন্দু চোখ চাহিয়া সুমুখেই প্রভাতের স্নিগ্ধ আলোকে স্বামীর মুখ দেখিয়া মৃদু হাসিয়া বলিল—এখন এলে?

—এই আসচি, দাদা পাগলের মত কান্নাকাটি করচেন। বিন্দু আস্তে বলিল তা জানি। তাঁর একটু পায়ের ধুলো এনেচ? মাধব বলিলেন—তিনি বাইরে বসে তামাক খাচ্ছেন। বৌঠান হাত পা ধুচ্চেন। অমূল্য গাড়ীতে ঘুমিয়ে পড়েছিল। ওপরে শুইয়ে দিয়েচি, তুলে আনব? বিন্দু কিছুক্ষণ স্থির হইয়া থাকিয়া—'না ঘুমোক' বলিয়া ধীরে ধীরে পাশ ফিরিয়া অন্যদিকে মুখ করিয়া শুইল।

অন্নপূর্ণা আসিয়াও মুখ ফিরাইতে পারিলেন না, ঔষধ খাওয়াইতে পারিলেন না। বলিলেন—কথা শোন, মুখ ফেরা। বিন্দু তথাপি মুখ ফিরাইল না। বলিল—না দিদি আগে—বলিবার উদ্দেশ্য বোধহয় এই যে আগে বল আমাকে ক্ষমা করেচ, সব দোষ মার্জ্জনা করেচ। অন্নপূর্ণা বলিলেন—বলচিরে ছোট বলচি। শুধু তুই একবার বাড়ী ফিরে আয়। এমন সময় যাদব আসিয়া দ্বারে দাঁড়াইলেন। বলিলেন—বাড়ী চল মা আমি নিতে এসেছি।...হয় সঙ্গে করে নিয়ে যাব। নয়তো ওমুখো আর হব না। জান তো মা আমি মিথ্যে কথা বলিনে।

বাস্ কাজ হইয়া গেল মন্ত্র শক্তির মত। যাদব চলিয়া গেলেন। বিন্দু মুখ ফিরাইয়া বলিল—দাও দিদি কি খেতে দেবে। আর অমূল্যকে আমার কাছে শুইয়ে দিয়ে তোমরা সবাই ওঘরে বিশ্রাম করগে। আর ভয় নেই, আমি মরব না।

বিন্দু মরে নাই। ইহারা মরে না। বাঙ্গালার নিভৃত পল্লীতে কোন দরিদ্র গৃহস্থের ঘরে অনুসন্ধান করিলে আজিও তাহার দেখা পাওয়া যাইবে।

শারদীয়া শুভেচ্ছা গ্রহণ করুণ—

ধুবড়ী প্লাইউড ফ্যাক্টরী

ধুবড়ী, আসাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাপুরুষ চিত্রাবলী ঃ



আচার্য্য শঙ্কর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামানুজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



তৈলঙ্গ স্বামী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বামাক্ষেপা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



নাঙ্গাবাবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাঠিয়াবাবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



রামকৃষ্ণ পরমহংস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বিজয়কৃষ্ণ গোস্বামী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বালানন্দ মহারাজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



সন্তদাস বাবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



মহাত্মা সুন্দরনাথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীঅরবিন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



তন্ত্রাচার্য্য শিবচন্দ্র বিদ্যার্ণব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



স্বামী কৃষ্ণাশ্রম (গঙ্গোত্রী)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



সারদামণি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানানন্দ সরস্বতী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবীন্দ্র সাহিত্যের রসদর্শন

ডাঃ নরেশচন্দ্র ঘোষ

সাহিত্যের রসকে নিগূঢ়ভাবে উপলব্ধি ক'রে শিল্পী যখন আত্মিক-সত্তার পূর্ণ স্বরূপ উদ্‌ঘাটিত করেন, তখন শিল্পী দ্রষ্টারূপে জাগতিক চেতনায় সাধন-দুর্লভ সত্যকে সৃষ্টির ক্ষেত্রে বিস্তৃত করে তোলেন। ঐশী-চেতনার যে সুর রবীন্দ্র কাব্যে ধ্বনিত হয়ে উঠেছে—সেখানে আমরা এই সত্যের হিরণ্ময় রূপকে প্রত্যক্ষ করি। জীবনের পরিপূর্ণতা ও আনন্দ পথের পথিক রবীন্দ্রনাথ জীবন দেবতাকে কেন্দ্র করে যে ভূমার রস আস্বাদন করেছেন, তা হলো মহাজীবনের পটভূমিকায় মানবাত্মার রসের যোগে রসময়ের সাক্ষাৎ। শাশ্বত-সত্য ও সুন্দরের উপলব্ধির সাধনায় রবীন্দ্রকাব্যে জীবন দেবতার সঙ্গে রসভুঞ্জনের যে লীলা অনুষ্ঠিত হয় তা অপূর্ব্ব। প্রেমিক যেমন নিজেকে বিলিয়ে দিয়েই নিজের শ্রেয় ও প্রেয়কে খুঁজে পায় এও তেমনি উপলব্ধির আলোকে দিব্য আনন্দকে সুখে ও দুঃখে অতুলনীয় রূপে রসাস্বাদন করা। কবি তাই বলেন—

তুমি যে তুমিই, ওগো
সেই তব ঋণ—
আমি মোর প্রেম দিয়ে
শুধি চিরদিন।

প্রেমের সাধনায় নিত্যকালের জীবন-পথিক কবিসত্তা প্রেমের মধ্যে দর্শন করেছে প্রেমিকের সর্ব পরিপূর্ণতা ও আত্মবিকাশ।

ব্রহ্মকে আনন্দ স্বরূপ বলে জেনেছেন রবীন্দ্রনাথ, তাই তাঁর জীবনদর্শনের ভিত্তি হচ্ছে—"রসো বৈ সঃ। এই পরম মন্ত্রকে জীবনদেবতার লীলাতত্ত্বের সঙ্গে জড়িত করে জীবন-সাধনা করেছেন তিনি দিব্য আনন্দে উজ্জ্বল। রবীন্দ্রনাথের সাহিত্য এই সিদ্ধিরই স্বাক্ষর বহন করে। সত্যের ভাস্বর রূপ, মঙ্গলের হিরণ্যবর্ণ প্রকাশ এবং সুন্দরের সামঞ্জস্য তাই তাঁর রস সৃষ্টিতে হয়ে উঠেছে রঙে রসে মধুর। জীবনের সর্ব্ব দুঃখ বেদনার ঊর্দ্ধে আত্মার আনন্দ বিহার দেখি তাঁর সাহিত্যে।

রবীন্দ্র সাহিত্যে সীমার মধ্যে অসীমে'র সুর কানের ভিতর দিয়া মরমে ও প্রাণে প্রবেশ করে, পরম দর্শনের রাজ্যে চেতনাকে সমুত্তীর্ণ করে। তাই তাঁর সাহিত্যতত্ত্বে প্রকাশিত হয় বিশুদ্ধ চৈতন্যাশ্রয়ী চেতনা। পারমার্থিক অস্তিত্ব ও চেতনা শেষ পর্য্যন্ত আত্ম-বিকাশের ভূমারস আস্বাদন করে।

অসীম নিত্যসুন্দর। দ্রষ্টা কবি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেমনি দেখেন হিরণ্যবর্ণ পুরুষকে তেমনি দেখেন ভীষণ ও ভয়ালকে। সীমা ও অসীমের মধ্যে সাহিত্যের রসমণ্ডল দৃষ্টি ক'রে দ্রষ্টা কবি উপলব্ধি করেন রস ভুঞ্জনের দ্বৈতসত্তাকে। অসীমের মধ্যে সীমা আপনাকে হারিয়ে ফেলে, পায় তার নরম সার্থকতা। আবার সীমাকে অবলম্বন করেই অসীমের রসআস্বাদন। রবীন্দ্রনাথ বলেছেন—

"হে অনন্ত যেথা তুমি ধারণা অতীত
সেথা হতে আনন্দের অব্যক্ত সঙ্গীত
ঝরিয়া পড়িছে নামি।"

এই অব্যক্ত সঙ্গীত জীবনকে সেই পরম আনন্দের রাজ্যে আকর্ষণ করে। মহাকবি কালিদাস পার্বতী-পরমেশ্বরকে দেখেছেন শব্দ ও অর্থের মত অদ্বৈত প্রকাশে। আর রবীন্দ্রনাথের মধ্যে দ্বৈত-সীমা ও অসীমের তত্ত্বদৃষ্টি সৃষ্টি করেছে তাঁর সাহিত্যতত্ত্বের প্রাণরূপ—জীবনদেবতা। রবীন্দ্রনাথের সাহিত্য তাই বাঙ্ময় হয়ে উঠেছে কবির পরমা মুক্তির চিন্তায়—

"আপনার কাছ হতে বহু দূরে
পালাবার লাগি
হে সুন্দর, হে অলক্ষ্য, তোমার
প্রসাদ আমি মাগি,
তোমার আহ্বান বাণী—
আমারে বাহির করো, শূন্যে শূন্যে
পূর্ণ হোক সুর—
নিয়ে যাক পথে পথে হে অলক্ষ্য
হে মহাসুদূর॥
—মুক্তি।

আমার নাম চিরুনী। সেই কোন আদ্যিকাল থেকে আমি মানুষের চুলের কেয়ারি করে আসছি। মানুষ যখন বনে বনে ঘুরত, তখন আমি ছিলাম মরা জন্তুর দাঁত। ইংরেজি 'কোম' (Comb) আর সংস্কৃত 'গভস্'—এ দুয়ের উৎস এক যার মানে 'দাঁত'। অস্থিকঙ্কাল থেকে উঠেছে 'কঙ্কতিকা' বা 'কাঁকই'। গোড়ায় দাঁত দিয়েই হত চিরুনির কাজ, পরে হাড় থেকে, শিং থেকে তৈরি হল চিরুনি। আমি আর সেই সেকেলে চিরুনি নই; এখন আমি হালফ্যাশানের কেতাদুরস্ত আলোয় ঝলমলে 'কিরণ'। দোকানে গিয়ে শুধু 'কিরণ' বললেই আমাকে পাবেন। সুদক্ষ কারিগরের হাতে মেশিনে কাটা প্রতিটি দাঁত নিখুঁত ও মসৃন।

কিরণ এর চিরুণি
যেমনি টেকসই, তেমনি রূপে গুণে সেরা
কিরণ প্রোডাক্টস প্রাইভেট লিঃ • কলিকাতা-৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহা সুদূরের সান্নিধ্যে এসে সীমা পরিপূর্ণতার প্রকাশে দীপ্যমান হয়ে উঠে—ভূমার মধ্যে নিজ রূপকে প্রমূর্ত করে তোলে। তাই কবির চোখে উদ্ভাসিত হয়—সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্ট—যিনি সর্বগত।

সাহিত্যতত্ত্বের হৃদমর্ম্ম হলো রস। এই রস সাহিত্যে আস্বাদন করা হয় বলেই সাহিত্য রসানন্দের অমৃত নির্ঝর। এই রস আস্বাদন কেবল স্থূল বাস্তব সম্ভোগে সীমাবদ্ধ নয়, ইহা অতীন্দ্রিয় মানস-সম্ভোগ—আনন্দময় সম্বিতের মধ্য দিয়ে ইহা আত্মার মহাজাগরণ।

রসসৃষ্টিতেই সাহিত্যের পরম তত্ত্ব বিকশিত হয়। ভাব ও রূপের অদ্বৈত সভাতেই রসময়ের ঘটে পরম প্রকাশ। এখানে জীবন রূপময়—দৈনন্দিন সংসারের পরিচয়কে খুঁজে পাই রূপকের সঙ্গে বাস্তব সত্যের সমবায়ে, মানবাত্মার হৃদপদ্মসম্ভব প্রকাশে। তাই সাহিত্য ও সাহিত্যতত্ত্ব একটি বিরাট রূপকথার মূর্তি বিন্যাসের মধ্য দিয়ে মর্ত্যের সীমা থেকে স্বর্গের অভিমুখে রসস্বরূপ প্রাণকে রূপায়িত করে তোলে।

রসতত্ত্ব হচ্ছে সাহিত্যের প্রাণসত্তা। আত্ম সম্প্রসারণের ভাববোধি বাধা-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Puja Greetings to our Patrons :

Sekhar Iron Works Private Ltd.

MANUFACTURERS OF PREFABRICATED TUBULAR SHEDS, HANGARS & BRIDGES FRP SHEETS & MOULDINGS.

Office :

P 16, C. I. T. Scheme L VII
India Exchange Place Extn.
CALCUTTA-12

Works :

26, Barrackpore Trunk Road
Kamarhatty
West Bengal

Phones :- 34-7614
34-7615

Panihati : 247

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বন্দ্বশূন্য পরিবেশে যেখানে আত্মহারা সেখানে সাহিত্যে। নিত্যরসস্ফূর্তি,—ইংরাজিতে যাকে বলা হয় 'সাব্‌লাইম'। সেই পরম রসবোধকে অভিব্যক্ত করে ভূমারসের আস্বাদন। এর তুলনা চলে আত্মোপলব্ধির আনন্দলাভে, অধ্যাত্মচেতনার জাগ্রত জীবনরস-বোধের পরম বিকাশে। বস্তুতঃ সাহিত্য ও অধ্যাত্ম তত্ত্ব এখানে একাত্মক —আনন্দের দ্যোতনায় ভাস্বর। তাই এখানে সত্য হয়ে উঠে—আনন্দং ব্রহ্মনো বিদ্বান ন বিভেতি কুতশ্চন।"

এটা অতি সত্য কথা যে, সাহিত্য-তত্ত্বের নির্ভরযোগ্য অথবা সর্ব্ববাদি-সম্মত কোন টীকা গ্রন্থ অদ্যাবধি রচিত হয়নি। আসলে সাহিত্য সৃষ্টিকে তাই বুঝতে হলে চাই রস-সচেতন মানস-বোধ। রসাস্বাদন পূর্ণ থেকে পূর্ণতর হয়ে উঠে এই মানস-বোধে।

মর্তজীবনের দুঃখে সুখে রবীন্দ্র-নাথের কবিধর্ম ভিত্তিরূপে গ্রহণ করছে উপনিষদ কথিত আত্মাকে 'উপাস্যং পরম ব্রহ্ম আত্মাযত্র প্রতিষ্ঠিত'—সেই সবিতামন্ত্রকে নিত্য চৈতন্যের উপলব্ধিতে যেমন জীবনে কবি গ্রহণ করেছেন, তেমনি তাঁর সাহিত্য ও মধুর হয়েছে ভূমার উপলব্ধিতে। কবি তাই বলেন—

"...জানি মোর আনন্দ স্বরূপ
রয়েছে উজ্জ্বল হয়ে। সুধা তার
দিয়াছিল আনি
এতদিন চতুর্দিকে রসপূর্ণ আকাশের বাণী
প্রত্যুত্তরে নানাছন্দে গেয়েছে সে
ভালোবাসিয়াছি।
সেই ভালবাসা মোরে তুলেছে স্বর্গের
কাছাকাছি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছড়ায়ে আপন অধিকার।"

—সেঁজুতি—জন্মদিন।

রবীন্দ্রসাহিত্যের তত্ত্ব বোঝাতে গিয়ে রবীন্দ্রনাথের কথাতেই বলা চলে, "বিশ্বব্রহ্মাণ্ডে সত্য নিয়মের সীমার মধ্যদিয়েই অনন্ত আপনাকে উৎসর্গ করেছেন।" রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বে আমরা প্রকাশ দেখি রসস্বরূপ কবি-আত্মার কবি-আত্মা এখানে জীবনদেবতার লীলার মধ্যে নিত্য উপলব্ধির মধ্য দিয়ে পরম রস আস্বাদন করে। কবি তাই বলেন—

"গভীরের স্পর্শ চেয়ে ফিরিয়াছি।
তার বেশি কিছু
হয়নি সঞ্চয় করা। অতঃপর গেছি
পিছু পিছু।"

—পরিশেষ : প্রণাম।

রবীন্দ্র-সাহিত্যের রসদর্শনের মর্ম্মবাণী এখানেই নিহিত। এখানেই পাই ঋষিগণের প্রত্যক্ষ উপলব্ধিগত সত্যের বাঙ্ময় কবির সাহিত্যসাধনার পরমা সিদ্ধি ঘটেছে ঋষি উপলব্ধ সত্যের ধারাটি অনুসরণ করে।

———

স্মরণীয় ৭ই ● অ্যাসোসিয়েটেড-এর গ্রন্থতিথি

প্রতি মাসের ৭ তারিখে আমাদের নূতন বই প্রকাশিত হয়

দিলীপকুমার রায়ের উপন্যাস

অঘটন আজো ঘটে ৬·০০

অঘটনের ঘটা ৬·০০

ভ্রাম্যমাণ ৭·৫০

(ভ্রমণ কাহিনী)

ডঃ উমা দেবীর

গৌড়ীয় বৈষ্ণবীয় রসের অলৌকিকত্ব ৬·০০

বনফুল-এর

শিক্ষার ভিত্তি ২·৭৫

শ্রীনিবাস ভট্টাচার্যের

শিক্ষা-সমীক্ষা ৬·০০

ধূর্জটীপ্রসাদ মুখোপাধ্যায়ের

আমরা ও তাঁহারা ৩·২৫

ঝিলিমিলি ৩·০০

[তাঁর শেষ জীবনের রচনাবলী]

ডঃ গুরুদাস ভট্টাচার্যের

বাংলা কাব্যে শিব ১০·০০

এমিরিটাস প্রফেসর

শ্রীশ্যামাপদ চক্রবর্ত্তীর

অলঙ্কার চন্দ্রিকা ৭·০০

মহামহোপাধ্যায় পদ্মবিভূষণ

গোপীনাথ কবিরাজ মহোদয়ের

সাহিত্য চিন্তা ৪·০০

ডঃ ক্ষুদিরাম দাসের

গবেষণামূলক গ্রন্থ

রবীন্দ্র প্রতিভার পরিচয় ১২·০০

ডঃ সুশীল কুমার গুপ্তের

রবীন্দ্র কাব্য প্রসঙ্গ :

গদ্য কবিতা ১০·০০

ইন্দিরা দেবী চৌধুরাণীর

পুরাতনী ৫·০০

ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিঃ

৯৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথ তীর্থ-পুরাণ কথা

শৈলেশ ব্রহ্মচারী

পরিব্রাজনে বার হয়ে মেবার কাশ্মীরের বুকে দাঁড়িয়ে যে পুরাণ কাহিনীটি শুনেছিলাম তাতে মন ভরে উঠেছিল। ঝিলাম নদীর উৎসের খোঁজ করতে গিয়েই। তা শুনেছিলাম কাশ্মীরে হরমুখ পর্ব্বত অগণিত জন-গণের নিকট এক মহা তীর্থ। হরমুখ পর্ব্বতে বাস করেন পর্বত তনয়া পার্বতী। পর্বতের পাদদেশে আছে এক বিশাল হ্রদ, অথৈ অতল। সে হ্রদকে তৎদেশীয় লোকেরা বলে সতী সাগর। এই সতী সাগর পর্বত, তনয়া পার্বতীর জল-ক্রীড়ার স্থল।

পার্বতী সন্ধ্যা সকাল সে হ্রদের বুকে নৌ-বিহার করেন— এই সংবাদ পায় এক মহাবলশালী দৈত্য। ক্রমে দৈত্যের অত্যাচারে দেবীর জলক্রীড়া ত বন্ধ হয়-ই এমনকি হরমুখ পর্বতে দেবীর তিষ্ঠানও দায় হয়ে ওঠে। দেবতারাও শোনেন এই সংবাদ। এ দিকে ঐ দৈত্য, ডাল, ঐ হ্রদেই দেবতাদের ক্রোধ হ'তে আত্মগোপন করার চেষ্টায় আশ্রয় নেয়। তখন আরম্ভ হয় দৈত্যের খোঁজ। ইন্দ্র তাঁর বজ্রকে নিয়োজিত করেন এ কাজে। খোঁজ পেয়ে বজ্র ফেটে পড়ে হ্রদের বুকে— তার ফলে বার-মূলার কাছে সেই হ্রদের পর্বত বেষ্টনী ছিন্ন ভিন্ন হয়ে যায়। বাঁধন হারা জল দুর্বার বেগে বেরিয়ে আসে কল কল নাদে। ঝিল ফাটা জল ঝিলম নাম নিয়ে এগিয়ে চলে সাগর অভিমুখে।

কিন্তু বজ্রের আক্রোশ শুধু ঝিলের বেষ্টনীকে ফাটিয়ে দিয়েই ক্ষান্ত হয় না। পার্শ্ববর্ত্তী কয়েকটী পর্বত-চূড়াও সমতলে পরিণত হয়। ফলে উৎপত্তি হয় এক উপত্যকার, অনিন্দ্যসুন্দর সমভূমির।

ওদিকে ঝিলের জল প্রবাহিত হয়ে গেলেও অনেক জল তখন-ও ঝিলের বুকে থেকে যায়। আর দৈত্য সেখানেই আত্মগোপন করে থাকে। ক্রমে সে হ্রদই হয় তার আবাস ভূমি। ডাল দৈত্যের আবাস ভূমি ছিল বলেই সেই হ্রদ আজও ডাল হ্রদ নামে পরিচিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ হ্রদে ডাল আত্মগোপন করে থাকে। এবং সুযোগ বুঝে তার অত্যাচার সর্ব্বত্র চালিয়ে যায়। এদিকে নব সৃষ্ট সেই অপূর্ব সুন্দর উপত্যকায় মানুষ এসে বাঁধে তার স্বপ্নপুরী। বিশাল নগরী। কিন্তু ডাল দৈত্যের অপরিসীম অত্যাচারে তারা উত্যক্ত হয়ে একে একে সে স্থান পরিত্যাগের সংকল্প করে। এ কাহিনী একদিন কশ্যপ মুনির কর্ণগোচর হয়। তিনি দেবতাদের অনুরোধে সেই উপত্যকার বুকে স্বীয় কুটীর নির্ম্মাণ করে দৈত্য ডালের নিধন কল্পে শুরু করেন কঠোর তপস্যা।

একদিন তাঁর তপস্যায় তুষ্ট হয়ে মুনির সম্মুখে উপস্থিত হন দেবী পার্বতী। কশ্যপ মুনির মুখে তাঁর তপস্যার কারণ অবগত হয়ে, দেবীর অসীম ক্রোধের প্রকাশ পায় তার তৃতীয় নেত্রে। সে ক্রোধ-জ্বালা ডাল হ্রদের বুকে স্পর্শ করা মাত্রই দৈত্য ডাল মৃত্যুবরণ করে। দেবী অতঃপর প্রসন্ন হন আর শান্তি পায় উপত্যকা বাসীরা। কাশ্যপ মুনির এই কীর্ত্তিকে অবিস্মরণীয় করে রাখবার জন্যেই সে উপত্যকা আজো কাশ্মীর নামে পরিচিত। আর দেবীর ক্রোধ, জ্বালা হ্রদস্থিত যে প্রস্তর খণ্ডের ওপর নিপতিত হয়েছিল, সে প্রস্তরই ক্রমে পর্বতাকার ধারণ করে হরি পর্বত নামে পরিচিত হয়। তাই এই পূত হরমুখ পর্বত কাশ্মীর হিন্দুদের কাছে এক মহাতীর্থ।

* * *

Phone : 22-7356

With Puja Greetings

K. A. Traders

HARDWARE, MECHINERY, TOOLS,
PIPES & FITTINGS MERCHANTS
AND GENERAL ORDER
SUPPLIERS.

22, CANNING STREET, (Ground Floor)
CALCUTTA-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুহাতীর্থ অমরনাথের বুকে দাঁড়িয়ে শুনেছিলাম পুরাণ মাহাত্ম্য। শুনেছিলাম, পরম ভাগবত শুকদেব কে?

শিবের গলায় মুণ্ডমালা দোলে। একদিন কৌতূহল বশবর্ত্তী হয়ে নারদ পার্বতীকে প্রশ্ন করেছিলেন, ঐ মুণ্ডগুলি প্রভু শিব কোথা হতে সংগ্রহ করলেন? পার্বতীকে নিরুত্তর দেখে নারদ পার্বতীকে জানিয়ে দিলেন যে ঐ গুলি দেবীরই বিভিন্ন জন্মের দেহমুণ্ড। শিব ঐ মুণ্ডমালা ধারণ করেই অমর হয়ে আছেন, অথচ দেবী জন্ম নিয়ে চলেছেন পুন:পুন:।'

এ সংবাদে দেবীর দুঃখের সীমা রইল না। শিব পার্বতীকে দুঃখকাতর দেখে, তাঁর প্রসন্নতা বিধানের জন্য দেবীকে বর প্রার্থনা করতে অনুরোধ করলেন। তখন দেবী নিবেদন করলেন,—"প্রভু, আপনি আমায় অমরতা লাভের উপদেশ দিন।'

শিব ভেবে দেখলেন, "দেবীর মনস্তুষ্টি করা প্রয়োজন, সুতরাং তিনি বললেন,— 'অমরতা লাভের উপদেশ? বেশ, তাই হবে কিন্তু তার জন্য প্রয়োজন একান্ত নির্জনস্থল কারণ, সে উপদেশ যে শুনবে সেই হবে অমর।"

শিব দুর্গা বেরিয়ে পড়লেন নির্জন স্থানের অন্বেষণে। বর্ত্তমান অমরনাথ গুহার নিকটে এসে শিব সে স্থানকে উপদেশ দানের জন্য উপযুক্ত মনে করলেন। অবশ্যি সে সময়ে সুপরিচিত অমরনাথ গুহার অস্তিত্ব সেখানে

With best Compliments from :

THE HIMALAYA OPTICAL CO.

IMPORTERS—MANUFACTURERS
&
SCIENTIFIC DISPENSING OPTICIANS
285-F, Bipin Bihari Ganguly St.,
Post Box. No. 7803
Calcutta-12

Phone : 22-4810

SHOW-ROOMS AT

301-B, B. B. Ganguly St.
Calcutta-12
Phone : 22-2485

161/1, M. Gandhi Road
Calcutta-7
Phone : 33-5985

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছিলনা। শিবের ইচ্ছামাত্র এটি সে সময়ে সৃষ্ট হয়—ইহাই অমরনাথগুহা।

ঐ গুহার অভ্যন্তরে শিব দুর্গা আসীন হলেন। অমর কথা শোনবার পূর্বে শিব ধ্যানস্থ হলেন, এ দিকে শিবকে নিদ্রিত মনে করে দুর্গাও নিদ্রিত হয়ে পড়লেন। অমর কথা শোনাতে বসেই শিব দুর্গাকে বলেছেন, "আমি যখন অমর কথা শোনাব, তুমি 'হুঁ' 'হুঁ' শব্দে আমাকে জানিয়ে যাবে যে, যে তুমি আমার উপদেশ শুনছ।"

ওদিকে আবার হয়েছিল কি, বাজি রাজা বহুদিন পূর্বে এক মুনির অভিশাপের ফলে তোতা পাখীতে পরিণত হয়ে ছিলেন। ঐ তোতা পাখী ঘটনাচক্রে তখন ঐ গুহাভ্যন্তরেই উপবিষ্ট ছিল উভয়ের অলক্ষ্যে।

এ দিক ধ্যান ভঙ্গের পর শিব অমরকথা শোনাতে আরম্ভ করলেন। পার্বতী তখন নিদ্রিতা। যখনই প্রভু শিব কথা প্রসঙ্গের মধ্যে মধ্যে প্রশ্ন করেন, "ওগো, শুনছ ত?" তখনই সেই তোতাপাখী 'হুঁ' 'হুঁ' শব্দে স্বীকৃতি জানাতে থাকে। এ ভাবে সে সবটা অমর কথা শুনল। কথা শেষে চক্ষু উন্মীলন করে শিব দেখলেন —দুর্গা নিদ্রিতা। তৎক্ষণাৎ দুর্গাকে জাগ্রত করে তিনি জানতে চাইলেন,— শুনেছ ত অমর কথা? দুর্গা জানালেন, না প্রভু, দুর্ভাগ্য আমার, আমি তখন নিদ্রিত ছিলাম।

With best Compliments from :

The Globe Nursery

CALCUTTA—4

Leading : ***NURSERYMEN*** * ***SEEDSMEN*** * ***FLORISTS***

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Compliments of :

NATIONAL RUBBER
Manufacturers Limited

LARGEST MANUFACTURERS OF
INDUSTRIAL & MECHANICAL

Rubber Products In India

Regd Office :
"LESLIE HOUSE"
19, Jawaharlal Nehru Road,
Calcutta-13.

Head Office (Sales) :
60B, Chowringhee Road
Calcutta-20

BRANCHES

Ahmedabad : Bangalore : Bombay : Calcutta :
Cuttack : Delhi : Gauhati : Hyderabad :
Jabalpur : Jaipur : Kanpur :
Kottayam : Ludhiana :
Madras : Patna

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিবের চমক্ লাগল,—"তবে-কে 'হুঁ' 'হুঁ' শব্দে সায় দিচ্ছিল ?"

এতক্ষণে শিবের দৃষ্টি আকৃষ্ট হল তোতাপাখীর দিকে। ক্রোধে উন্মত্ত হয়ে তিনি ত্রিশূল উত্তোলন করলেন। প্রাণ ভয়ে পাখীটি ধাবিত হল দিক্-বিদিক জ্ঞান শূন্য হয়ে— শিবও ছুটলেন তাকে অনুসরণ করে।

সে সময় নদীতটে ব্যাস-পত্নী মুখ ব্যাদান করে মুখ প্রক্ষালনে ব্যস্ত ছিলেন। অনন্যোপায় তোতা সেই মুখগহ্বরে প্রবেশ পূর্ব্বক আত্মগোপন করল। সতী স্ত্রীর আশ্রয় নিয়েছে তোতা, সুতরাং শিব ক্রোধ সংবরণ করে প্রত্যাবৃত হলেন। ফলেই পাখী অমরতা লাভ করল। ইনিই বেদব্যাস পুত্র জ্ঞানীশ্রেষ্ঠ শুকদেব হয়ে জন্মেছিলেন।

* * *

দক্ষিণী-তীর্থ মীনাক্ষী মন্দির প্রাঙ্গনে দাঁড়িয়ে শুনেছিলাম আর এক কাহিনী। কাহিনীটী ভারী সুন্দর।

মাদুরা দক্ষিণ ভারতের সাংস্কৃতিক কেন্দ্র-পীঠ। এর মূল হল তৎস্থানীয় তামিল-সঙ্গম। এ তামিল সঙ্গমে জ্ঞান প্রসঙ্গের বিচারক ছিলেন আট-চল্লিশজন জগৎবরেণ্য পণ্ডিত। এক সময় ছিল যখন এই তামিল-সঙ্গমের স্বীকৃতি না পেলে কোন পণ্ডিতকেই পণ্ডিত বলে গণ্য করা হ'ত না সে দেশে। কি ভাবে এঁরা বিচার করতেন পাণ্ডিত্যের শ্রেষ্ঠতা, শুনুন সে কাহিনী :

SHAU & CO.

129-10, Belilious Road,

HOWRAH.

Phone : 66-2322
66-5317

Manufacturers of

SLUICE VALVES AND COCKS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ডোমজুড় থানা পাওয়ারলুম

কোঅপারেটিভ সোসাইটি লিঃ

দক্ষিণ ঝাঁপড়দহ

হাওড়া

ধুতি, শাড়ি, থান মার্কিন

(মিহি ও মোটা)

ইত্যাদি প্রস্তুতকারক

যে কোন প্রকার

"সার" এর

প্রয়োজনে

অনুগ্রহ ক'রে একবার যোগাযোগ করুন—

ঘোষাল ব্যানার্জি এণ্ড কোং

ভারত গভর্ণমেণ্ট অনুমোদিত চা-বাগান সারের পরিবেশক

২৩, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা—১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একবার সর্ব বিদ্যাময়ী দেবী বীণাপানি, সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে অসম্মান করেন। ব্রহ্মা ক্রুদ্ধ হয়ে দেবীকে অভিশাপ প্রদান করেন যে, তাঁকে ৪৮ বার নরদেহে পৃথিবীতে জন্মগ্রহণ করতে হবে। শাপ মোচনের প্রার্থনা নিয়ে স্বরস্বতী ব্রহ্মার পদ-ধারণ করেন এবং অনেক মিনতি করতে থাকেন।

উত্তরে ব্রহ্মা বলেন, আমার কথা ত মিথ্যা হতে পারে না। তবে তোমার এই ৪৮ জন্মকে আমি এক উপায়ে সংক্ষেপ করে দিতে পারি— তুমি ইচ্ছা করলে একই বারে ৪৮ জন পণ্ডিতের মধ্যে নিজ আত্মাকে সন্নিবিষ্ট করতে পারবে। দেবী এ ব্যবস্থা স্বীকার করলেন। যথা সময়ে দেবী ৪৮ জন পণ্ডিতের দেহে নিজ আত্মাকে সন্নিবিষ্ট করার ফলে তারাই হলেন ঐ তামিল সঙ্গমের বিচারক— মহা ধুরন্ধর বেদবিদ্ পণ্ডিত।

এতে কিন্তু আর এক বিপদের কারণ ঘটে। ঐ ৪৮ জন পণ্ডিত ব্যতীত আরও বহু পণ্ডিত ঐ বিচারকের আসন দাবী করতে থাকেন। সুতরাং তাদের, অর্থাৎ ঐ পদের প্রকৃত যোগ্য কারা, তা বিচার করে কে?

যখন এ সমস্যা নিয়ে অত্যধিক অশান্তির সৃষ্টি হতে থাকে, তখন তার সমাধানে এগিয়ে আসেন স্বয়ং দেবাদিদেব মহাদেব। তিনি একটী স্বর্ণাসন স্থাপিত করে বলেন, এই আসনে কেবল মাত্র চারজন উপযুক্ত

TRUTH HAS NO TONGUE
BUT IT WILL SPEAK

IF YOU ASK FOR MINERALS, CHEMICALS &
FERTILISER

Then you will speak yourself I C M

INDIAN CHEMICAL & MINERALS CO.

101, N. S. ROAD. 1st Floor. CAL-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পণ্ডিতেরই স্থান হবে। যদি অযোগ্য কেউ এ আসনে উপবিষ্ট হন, তৎক্ষণাৎ আসনটি সংকুচিত হবে। প্রবাদ শোনা যায়, চারটি পণ্ডিতেরই তাতে স্থান সংকুলান হয়েছিল, অন্য কেউ তাতে উপবেশন করলেই তা সংকুচিত হ'ত।

আর একবার বিখ্যাত তামিল গ্রন্থ 'কুরল'এর সাহিত্য মানও তাতে যাচাই করা হয়। শোনা যায় তৎকালীন পণ্ডিতবর্গ 'কুরল' গ্রন্থের মান যাচাইয়ের উদ্দেশ্যে উহাকে আসনের এক প্রান্তে স্থাপিত করেন। সঙ্গে সঙ্গে এই গ্রন্থের কলেবর বৃদ্ধি হতে থাকে। এবং শেষ পর্যন্ত সেই চার জনের বসার স্থান একা 'কুরল' গ্রন্থই দখল করে নেয়; সুতরাং 'কুরলের' রচয়িতা তিরুবল্লুবরকে তৎকালীন শ্রেষ্ঠ বিদ্বানের আসন দেওয়া হয়।

সদ্য প্রকাশিত ! সদ্য প্রকাশিত !!

যুগনায়ক বিবেকানন্দ

স্বামী গম্ভীরানন্দ প্রণীত

স্বামীজীর অধুনাতম মূল্যবান প্রামাণিক জীবনী গ্রন্থ।

গ্রন্থের বৈশিষ্ট্য—দুষ্প্রাপ্য, নূতন ও প্রামাণিক উপকরণ অবলম্বনে লিখিত; নির্দেশিকা, পাদটীকা, উদ্ধৃতি ও কয়েকখানি মনোরম ছবি সম্বলিত।

সাইজ—ডিমাই : মূল্য ৭ সাত টাকা (প্রতি খণ্ড)

১ম খণ্ড ৪৭৪ পৃষ্ঠা (প্রস্তুতি)—২য় খণ্ড ৪৯০পৃষ্ঠা প্রচার—৩য় খণ্ড ৪৮৪ পৃষ্ঠা প্রবর্ত্তন

৩ খণ্ড একত্র নিলে ২০ টাকা; উদ্বোধন গ্রাহক পক্ষে ১৮ টাকা

স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা

দ্বিতীয় সংস্করণ

দশ খণ্ড : রেক্সিন বাঁধাই : প্রতি খণ্ড—সাত টাকা : একত্রে পঁয়ষট্টি টাকা

প্রাপ্তিস্থান

: উদ্বোধন কার্য্যালয় :

বাগবাজার :: কলিকাতা-৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঙ্কতিলক

গৌরীশঙ্কর ভট্টাচার্য

মাইতিদের পুকুরটা ছেলেবেলা থেকেই নেলীর কাছে পরম বিস্ময়ের বস্তু। অলীনের বাবার মতো আরও কতো লোকেই যে ঠেলা গাড়ি থামিয়ে শাক, আনাজ ধুয়ে নিয়ে আবার গাড়ি বোঝাই করে' চলতে থাকে তার ঠিক নেই। বড় বড় ঢল্‌-ঢলে সবুজ পাতায় ঢাকা পুকুরের জল দেখা যায় না। কতো দিন নেলীর ইচ্ছে হয়েছে ওই পাতার ওপর দিয়ে দিব্যি হেঁটে ও-ই ওপারে মন্দিরের ভাঙা পৈঠাতে উঠবে। মায়ের কাছে গল্প শুনেছে, দেবী কমলা ওমনি করেই কবে, কতোকাল আগে রায়-বাবুদের পুরুষোত্তমপুরের কুঁড়ে ঘরের দাওয়ায় উঠে এসেছিলেন।

গল্পের এই অংশটা স্মৃতি পথে এলেই নেলী মায়ের অনুকরণে করজোড়ে অন্তরীক্ষবাসিনী দেবীকে প্রণাম জানায়। ভর-দুপুর বেলায় যখন সবদিক নিশ্চুপ নিঝুম হয়ে পড়ে তখন নেলী একাই বেরিয়ে পড়ে, পথে যদি ভুলুয়াকে পায় তাহলে ত কথাই নেই। নইলে জটাধারী দাড়িওয়ালা সন্ন্যাসীর মতো বিরাট তেঁতুল গাছটাকে দেখলে ওর একটু গা ছম্‌ছম্‌ করে। তা করলেও মজা-পুকুরটার আকর্ষণ যেন নেলীর গলায় সোনার শিকল দিয়ে টেনে নিয়ে চলে। হ্যাঁ, এমনি দুপুর বেলাতেই ত দেবী কমলা পদ্মপাতার ওপর রাঙা টুক্‌-টুকে পা (নেলী জিভ্‌ কাটে। মা-কমলা যেন অপরাধ না নেন্‌। নেলী ছেলেমানুষ, তাই মা লক্ষ্মীর চরণকে 'পা' ভেবেছে। ফুল্লরা মেয়েকে সতর্ক করে দিয়েছে পা হ'ল প্রাণীদের—যারা মরে, আর দেব-দেবীর চরণ—তাঁরা অমর কি না!)—হ্যাঁ, চরণ ফেলে-ফেলে রায় বাবুদের ওপর প্রসন্ন হয়ে এসেছিলেন। রায় বাবুরা নাকি তখন খুব গরীব ছিলেন। তা নেলীরাও ত খুব গরীব! ওরাও ভাড়া করে থাকে। অবিশ্যি পুকুর থেকে ওদের বস্তীটা একটু দূর পড়ে।—সেইজন্যেই ত নেলীর আসা। চুপচাপ চোখ ঠিকরে দাঁড়িয়ে থাকা। মা কমলাকে আসতে দেখলেই নেলী ওঁর চরণে লুটিয়ে পড়বে। তখন তিনি হেসে ওর হাত ধরে' তুলবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :—

Lalit Mohan Ghosh

Head Office :
12, Dasarath Ghosh Lane,
Bamangachi
HOWRAH—6

Phone : 66-3689

Workshop :
32, Benaras Road,
Salkia,
HOWRAH—6

Phone : 66-2929

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলবেন—'ওঠ্-ওঠ্! পাগল মেয়ের কাণ্ড ছাখো!' নেলীর আজকাল ভালোভাবে স্নান করে, মা-লক্ষ্মীর পা মুছিয়ে দেবার জন্যে মাথার চুলগুলোকে কুঁড়িদের ঘর থেকে চুরি করা তেলে চুকচুকে ক'রে রাখে। সেই চুল দিয়ে পা মুছিয়ে তবে নেলী উঠবে। পথ দেখিয়ে নিজেদের ঘরে নিয়ে আসবে। কিন্তু দেবীকে বসতে দেবে কিসে? প্রশ্নটা যেন ভুলুয়াই করছে! ভুলুয়ার অজ্ঞতাকে ক্ষমার প্রসন্ন দৃষ্টি দিয়ে নেলী আশ্বস্ত করে—আরে মায়ের আবার বসতে জায়গা লাগে নাকি। তিনি যেখানে পা (নিজের ওপর বিরক্ত হল) রাখেন সেখানটাই ত সোনা হয়ে যায়! চারদিক ধনদৌলতে উথলে ওঠে। মায়ের হাসিতে ঘরের চালা অবধি সোনা হয়ে যায়। হ্যাঁ রে ভুলুয়া। আসবেন। নিশ্চয় তিনি আসবেন। নইলে কি আর এত কষ্ট দিতেন।

নেলীর মা ত বলে,—পরীক্ষা! এ সবই তাঁর পরীক্ষা! নিংড়ে নিংড়ে দেখে নিচ্ছেন। তাই ত ধরিত্রী বাবুদের বাড়ীর চাকরীটা মায়ের বিনা দোষেই চলে গেল। ওঁরা নাকি গরীব হয়েছেন। জিনিসপত্রের দাম যা বেড়েছে তাতে কর্তা নাকি 'সোম্সার' চালাতে পারছেন না। গরীব?—এ্যঃ! নেলীর ওসব চালাকী জানা আছে। ধরিত্রীবাবুর গিন্নী খুব চালাক কিনা, তাই গরীব সাজতে চাচ্ছেন। কিন্তু দেবী কমলার কাছে কোনো ধাপ্পা খাটে না। তিনি যে অন্তর্যামী! আসল গরীব যে, কে সেটা তাঁকে বলে দিতে হবে না। আর, হাজার চেষ্টা করলেও ধরিত্রীরা কিম্বা 'হ্যাস্মাগীরা' (ওরা অবিশ্যি বড়লোকীরই বড়াই করে। অতএব ওখানে বিপদের আশঙ্কা নেই।) এমনকি ভিখিরি ঝরুও নেলীদের মতো চরম গরীব হতে পারবে না। এ তল্লাটে খাটী গরীব একঘরই আছে—সে হ'ল নেলীরা।...এই ধরণের আরও কতো গভীর এবং জটিল হিসাবপত্রের জাল রচনা ক'রে রেখেছিল নেলী যে, দেবী কমলার রেহাই পাবার কোনো পথই খোলা ছিল না।

রোজের মতো সেদিনও নেলী দুপুরের অবকাশের আশায় সময় কাটাচ্ছিল। অলস অন্তহীন যেন এই সময়ের শম্বুকগতি—কাটে, কাটে, কাটে, তবু ফুরোয় না! দুপুর বুঝি আজ আর আসবে না। অথচ নেলীর পা ত উঠেই আছে। কোনো পিছুটান নেই। মা ত আজ দুপুরে রাঁধবে না! বারের উপোস। হ্যাঁ, ভক্তিশ্রদ্ধার বেলায় ছোট-বড় বাছতে নেই—মায়ের কথা! অবিশ্যি রেবা ত দুধের বাচ্ছা—ওর কথা 'ভেন্ন'! কাল রাতে ডাল-গাপ্পা রান্না হয়েছিল—পেট ভরে' খেয়েছে নেলী। মা ব'লেছে—এ মাসে অনেক পুণ্যির পুঁজি হবে—নোটন ষষ্ঠী, আরও কি-কি যেন আছে, নেলীর অতশত মনে থাকে না। ভাণ্ডারীর দোকানে ছাই আনতে গিয়ে নেলী প্রশ্ন করেছিল—'আজ ডিম সেদ্দ হয়নি ত গোপ্‌লা? গোপ্‌লাটা যেন কেমনতরো! সবসময়েই খিঁচিয়ে আছে। ভাণ্ডারী কাকা থাকলে কোনো ঝামেলাই হয় না। ডিমের কথায় গোপ্‌লা বাঁ হাতটা উঁচুতে তুলে ঘড়ি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best Compliments of :

MWK International Ltd., Inc.

Office : **3214—16th Avenue S. W. Seattle 4**
Washington U. S. A.

Cable : MACWYKO
20A, CAMAC STREET,
CALCUTTA-16
(India)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখল। ডিমের সঙ্গে ঘড়ির কি সম্পর্ক আছে? গোপ্‌লার ওইরকমই নক্‌শা। কাকা ত এখন জমিতে ফসল বুনতে গেছে। গোপ্‌লা খুব পয়সা মারছে আর সিনেমা দেখছে। হুঁ। নেলী হাঁ ক'রে চেয়েছিল—'কী রে বলবি ত!' গোপ্‌লার কালো কুচকুচে গায়ের সঙ্গে মাথার কালো চুলগুলো মিশে একাকার হয়ে যেত, ভাগ্যে চোখ দুটোতে কিছু শাদা আছে!

গোপ্‌লা হো-হো হেসে চক্‌চকে শাদা দাঁত বার করল—ডিম? ঘোড়ার ডিম? মাইরি—ডিম খাবে! তোর এখনো অনেক দেরী রে! দিদির বাজার আর তোকে পেতে হবে নি।

—অসভ্য!

নেলী আজকাল একটু-একটু বোঝে! খুব চটেছে। আরও রাগের কারণ, গোপ্‌লার কথা থেকে ধরা গেল না উনুনটা ডিমের ছোঁয়ায় অশুদ্ধ হয়েছে কি না। বারের উপোসে পাছে কোনো অনাচার হয় এই ভয়ে নেলীর আর ছাই নেওয়া হ'ল না। ছাইভস্ম মুখে থাকলে খিদেকে জব্দ রাখা যায়। গোপ্‌লার জন্যে আজ সে সৌভাগ্যও ঘুচে যাওয়ায় নেলী ক্ষোভে ফেটে পড়ল। খানিকটা দূরে সরে' গিয়ে ভেংচি কেটে ছুট্টে গলির ভেতরে পালিয়ে গেল। দোকান ছেড়ে গোপ্‌লা নড়তে পারবে না। আচ্ছা জব্দ! নেলী একা একাই হেসে কুটিপাটি!

…সময় আর কাটে না, শিবাজীটাও যদি থাকতো—! …শান্তির মা গজ-গজ করতে করতে কার উদ্দেশে গাল পাড়ছে—দাঁড়িয়ে দাঁড়িয়ে তাও শোনা হয়ে গেল। রেবা ঘুমিয়ে পড়েছে। ওকে ছুঁলেই মা অনর্থ বাধাবে। এবার গুটি গুটি পা বাড়ালো নেলী। ষোল আনা শুদ্ধ হয়ে প্রত্যাশা আর প্রত্যয়ের রথে চড়ে শীর্ণদেহ এই বালিকাটি দেবী কমলাকে পথ দেখিয়ে ঘরে আনতে এগোলো। নিঝুম নির্জন দুপুরে তিনি দেখা দেবার জন্যে আসবেন। পদ্মপাতা নেই তাই কী, শহর—বাজারে পদ্মপুকুর কোথায় পাবেন তিনি! তাই তাঁকে এই কচুরিপানার ওপরেই চরণ রক্ষা করতে হবে! নেলীই এই বিকট ব্যবস্থা করেছে। কিন্তু হায়, এ কী কাণ্ড। নেলী নিজের চোখকে বিশ্বাস করতে পারছে না। টল্‌টলে কাকচক্ষুর মতো জলের ওপর দিয়ে বায়ু তরঙ্গের অবাধ আনাগোনা! কোথায় গেল সেই পদ্ম-পাতার প্রতিনিধি কচুরী-পানার জঙ্গল? অন্যের কাছে এই পরিচ্ছন্ন, অম্লান জলের নাগরিক অববাহিকা স্নিগ্ধতা সঞ্চার করবে কিন্তু নেলীর চোখে জ্বালা ধরল! ওর বুকের ভেতর থেকে কান্নার জলস্তম্ভ হাড়-পাঁজরা ভেঙেচুরে বেরিয়ে এল। কালও ত ছিল! অথচ আজই ভৌতিক কোনো তাণ্ডবে সমস্ত পুকুর থেকে সেই পর্ব্বতসমান সবুজ মসৃণ ঢলঢলে পাতাগুলো উধাও, নিশ্চিহ্ন হয়ে গেল! তবে ত মা কমলা আসবেন না! দেবী কমলা কোন্ অপরাধে তাদের পরিবারকে এত বড় শাস্তি দিলেন? নিশ্চয় ওর দাদা জগন্নাথ যে কাঠবেড়ালী শিবানীকে আছাড় মেরেছে সেই! কিন্তু সেত অনেকদিনের কথা। কান্না, কান্না, কান্না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের শারদীয়া অভিনন্দন
ও
শুভেচ্ছা গ্রহণ করুন

প্রসিদ্ধ লৌহ ও ইস্পাত বিক্রেতা

ক্ষীরোদচন্দ্র ঘোষ এণ্ড সন্স

প্রাইভেট লিমিটেড
২০, মহর্ষি দেবেন্দ্র রোড,
কলিকাতা-৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বোধকরি ভুলুয়ার হৃদয়ে সমবেদনার সাড়া জেগেছিল। তাই নেলীর হাতখানা জিভ্ দিয়ে চাট্‌তে চাট্‌তে অবিশ্লেষ্য ধ্বনি করে উঠল—'আঁ—উঁ—উঁ—আঁউ!'

পৃথিবীতে একমাত্র এই দোসরটির কাছেই নেলী অকপটে মন খুলতে ভরসা পায়। ভুলুয়ার সমবেদনা ওকে অভিভূত করেছে। মাটির ওপর ধপ ক'রে বসে পড়ে' ভুলুয়ার গলা জড়িয়ে ধরে' নেলী মন উজাড় ক'রে কাঁদতে লাগল। আবেগ একটু প্রশমিত হ'লে, আস্তে আস্তে উঠে গিয়ে পুকুরধারে স্তূপীকৃত পানার জঞ্জাল থেকে যতটা পারল টেনে মাটির ওপর আছড়ে থেঁৎলে ঝাল মিটোতে লাগল।

মনের এইরকম অবস্থায় অলীন আর কুঁড়িকে দেখে নেলীর সমস্ত আক্রোশটা ওদের ওপরই পড়ল। নিজের অজ্ঞাতে মায়ের তিক্ত কণ্ঠস্বরের (এ ছাড়া আর কী-ই উত্তরাধিকার সূত্রে পাবার আছে) ঝাঁঝ চড়িয়ে বলল—মরেও কি শান্তি নেই! শত্তুররা এখানেও জ্বালাতে এসেছে।

কুঁড়ি যেন এতে আরও উৎসাহিত হয়ে উঠল—কেমন, বলিনি ঠিক এই তেঁতুলতলায় এসে বসে আছে। দেখলি ত অলীন!

অনিল মাতব্বরী চালে বলল—তোর মা ওদিকে খাবি খাচ্ছে আর তুই এখানে পানা ঘাঁটছিস? চ শীগগির—

রাখ তোর চালাকি, মায়ের আজ উপোস। সাঁঝের পর পূজো না দিয়ে কিছু খায় না মা! এ্যাঃ, বললেই হ'ল খাবি খাচ্ছে—উপোসের দিনে আমায় না দিয়ে মা খাবে? ইঃ—

কুঁড়ি এগিয়ে এসে নেলীর হাত ধরল—নারে, মাসী কিছু খায়নি সত্যি! তোকে এমনি খুঁজতে পাঠিয়েছে।

নেলীর নিজের কথার যাথার্থ্য সমর্থিত হওয়ায় কুঁড়ির ওপর খুশিই হ'ল। 'খাবি খাওয়া' সম্পর্কে এই দুই বালিকার অজ্ঞতায় অনিল যৎপরোনাস্তি স্তম্ভিত! এ বিষয়ে কথা বাড়নোর গরজ তার নেই। কোনও উপায়ে নেলীকে বাড়ি পাঠিয়ে কুঁড়িকে নিয়ে সরে' পড়ার মতলব আঁটছে সে। তাই বলল—যা-যা মাসীর শরীর খারাপ, ডাকছে! শীগগির পাতলা হয়ে যা!

তারপর কুঁড়ির দিকে ফিরে বলল—চল, দেখে আসি—দমদমে রেলগাড়ি আটকে রেখেছে। লাইনের ওপর কত লোক বসে আছে। আজ সকাল থেকে হুদো-হুদো মানুষ আর টেরেন্ ঠায় খাড়া রে কুঁড়ি—!

কুঁড়ির চোখ দুটো বড় বড় হয়ে উঠেছে—না বাবা, যাবো না। মাষ্টারমশাই আসবে। ঘরে না পেলে—হুঁ—মায়ের কাছে পিটুনি—

নেলী কিন্তু পরমোৎসাহে অনিলকে বলল—আমায় সঙ্গে নিবি? টুক্ ক'রে একবার গিয়েই আর দেখেই চলে আসব। মা টেরই পাবে না।

তারপর কুঁড়িকে ফলাও ক'রে বোঝাতে লাগল—জানিস, ফ্যালাদা বলছিল আমি শুনেছি—ওতরপারা বাণ্ডিল আরও কোথায় কোথায় নাকি গাড়ি আট্‌কেছে। কত লোক আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজায় আপনাকে সাদর সম্ভাষণ
জানাই

* *
*

প্রসিদ্ধ লৌহ ও ইস্পাত বিক্রেতা

টি, ডি, কুমার এণ্ড ব্রাদার্স
(প্রাইভেট) লিমিটেড
২১।১, মহর্ষি দেবেন্দ্র রোড
কলিকাতা-৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কতো পুলিশ। আমাদের এখানে ভোটের সময় যা লোক হইচিল তার চে'—ও কতো—অনেক লোক। ভারি গণ্ডগোল। না রে অলীন!

অনিল ভেংচে বলে—না রে অলীন! এঁ্যঃ তুই বুঝি দেখিচিস! যা—যা বাড়ি যা।

কোথায় গেছে দেবী কমলার জন্য শোক আর কোথায় তলিয়ে গেছে মায়ের কাতর আহ্বান! সবকিছু ছাপিয়ে নেলীর বালিকা হৃদয়ে অনিলের তাচ্ছিল্য-টাই বড় হয়ে বাজল। ওর চোখে সদ্য জলের দাগ তখনো শুকোয় নি। তারই ওপর নতুন অশ্রুধারা বইতে শুরু করল।

কুঁড়ি ওকে সান্ত্বনা দিল—কান্‌চিস কেন রে। অলীনটা অমনি খিটকেল খট্টাস রে!

কুঁড়ির কাছে এটাই তিরস্কারের সবচেয়ে কঠিন ভাষা।

ওরা দু'জনে হাত ধরাধরি ক'রে বস্তীর দিকে পা বাড়াতেই, পিছন থেকে অনিল এসে নেলীকে থাপ্পড় মেরে, লাফ দিয়ে সামনে রুখে দাঁড়াল—চলবে না! চলবে না! আমাদের দাবি মানতে হবে।

কুঁড়ি তেড়ে ওর হাত কামড়ে দিল—ইঃ! চলবে না। যা, মুখপোড়া! দাবি, না, খাবি! খিটকেল খট্টাস—!

নেলীরও এক হাত লড়তে ইচ্ছে করছিল কিন্তু সাহসে কুলোলো না। সে কুঁড়ির হাত ধরে টানল—চলে আয় রে!

তারপর বিড়বিড় করে বলতে লাগল—ঠায় তুলসী ঠিক থাকবে শাল্‌গেরামের মাথায়, আমার কিছু মান যাবে না ছোট্টলোকের কথায়!

ওদের এই গৃহযুদ্ধের মধ্যভাগে বড়দের একটি দল হাজির হয়েই সব ছত্রভঙ্গ ক'রে দিল। কে একজন উত্তেজিতভাবে বলছে—একটা রাজ্যের গোটা মাতৃজাতিকে এইভাবে বেগার আর ব্ল্যাকমার্কেটিয়ার করে দিল! এরপর ফিউচারটা—নেশনের সামনে ভবিষ্যৎটা কী দাঁড়াচ্ছে? একটা পুকুরের কিন্তু কচুরী-পানা তুললেই দেশ উদ্ধার হয়ে যাবে না! অবশ্যি এটা খুবই দরকারী কাজ সেটা আমি অস্বীকার করছি না। কিন্তু বৃহত্তর ক্ষতি ওই চোরাপথে—!

শিবনাথ বগলের ক্রাচটা জুৎ-করে লাগিয়ে বলল—এটা ভালো কাজ আপনি মুখ ফুটে ব'লেছেন ত! ব্যস্, তাহলেই হ'ল কাকাবাবু! আমাদের বস্তীর লোকেরা উদ্যুগ ক'রে, মেহনৎ ক'রে পুকুরের পানা সাফ করল। তিন বছরের মধ্যে জমিদারকে দিয়ে কিছু করানো যায়নি, বুঝলেন। এরপর জমিদার মশাই মাছের চারা ছাড়তে এলে, কী কাউকে জমা-বন্দোবস্ত ক'রে দিলে খুব গোলমাল হবে কিন্তু, বুঝলেন কাকাবাবু! আমরা মেহনৎ করব আর উনি লাভ করবেন?

চিন্তায় ধরিত্রীর কপালের রেখাগুলো স্পষ্ট হয়ে উঠেছে। চশমাটা চোখ থেকে নামিয়ে মুছতে মুছতে শিবুর দিকে তাকিয়ে তিনি বললেন—'হ্যাঁ, সেটা জমিদারের বোঝা উচিত। কিন্তু এতে খবরের কাগজের করার কি আছে, আমি ত বুঝছি না শিবু!' এবং কথায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments From :—

J. N. SEN & CO.

ENGINEERS

Manufacturers of Carriage Body Fittings, Signalling. Interlocking, Vacuum Brake Fittings & all Sorts of Modern rates.

52, INDIAN MIRROR STREET,

CALCUTTA-13.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিন্তার রেশ টেনে, একটু থেমে শুরু করলেন—"বড় জোর এটা হতে পারে যে, তোমাদের তরুণ সমিতি যে জন-কল্যাণমূলক কাজ করেছে তার একটা 'নিউজ' ছেপে দেওয়া যায়। সেই সঙ্গে জমিদারের অসহযোগিতার কথা উল্লেখ করা যায় কিনা সেটা বুঝতে পারছি না।"

শিবু, ঘণ্টেশ্বর, মণ্টু মাস্টার সবাই সমস্বরে বলল—ওটা আপনাকে করে দিতেই হবে কাকাবাবু। একটু চেষ্টা করলেই আপনি পারেন কাকাবাবু—!

—'তা হয়ত পারি। কিন্তু বাবা এর মধ্যে যদি'—থমকে গেলেন ধরিত্রী। তারপর ঢোক গিলে চিবিয়ে বললেন—'আচ্ছা দেখি!'

জগন্নাথ যে এর মধ্যে কখন এসে জুটেছে তা কেউ দ্যাখেনি। কাজেই সে যখন ঝাঁঝালো গলায় শাসাল—এতে দ্যাখাদেখির কিছু নেই। দু-দিনের জায়গায় সাতদিনের মেয়াদ চাইতে পারেন। মোদ্দা টাইম পেরিয়ে গেলে গণকমিটির কাছে—

শিবনাথ দাঁতমুখ খিঁচিয়ে উঠল—চুপ, যা শালা! চিটিংবাজী ফুটিয়ে দোবো! গণ-কমিটি দেখাতে হয় দম্‌দমে যা। একটা পার্টির কব্জায় কমিটি থাকলে তাকে গণকমিটি বলে না কি? তাও যদি তুই সেই কমিটির মেম্বার হতিস্! করিস ত ছেন্‌তাই আর চিটিংবাজী—!

জগন্নাথ গজ্‌গজ্‌ করতে থাকে—শালা গরু তুমি সব মাটি করবে। আর সাপোর্টার হতে গেলে কি আর মেম্বার হওয়া লাগে নাকি?

ধরিত্রী চিবিয়ে চিবিয়ে বলেন—দ্যাখো জগন্নাথ, এক পাড়ায় আমরা থাকি। শুধু শুধু একটা ঝগড়া-লড়াই-এর খোঁচ বাঁধিয়ে চলে' আমাদের কারুরই লাভ হবে না। সহযোগিতা সকল তরফেরই থাকা দরকার। সেটা আমরা বুঝি বলেই যুক্তফ্রন্ট সরকার আজও টিকে রয়েছে। নইলে দ্যাখো, কংগ্রেসের আমলে চালের দর কখনো দু'টাকা কে, জি, হয়নি। আর এখন, আমরা যুক্তফ্রণ্টের শুরুতে দেখলাম একটাকা আশী ক'রে কিলো। নামতে নামতে সেটা দেড় টাকায়ও এসেছিল কিন্তু এখন সাড়ে তিন, চার অবধি উঠেছে। গোটা দেশের মানুষ নিশ্চয় এমন অবস্থাপন্ন হয়ে ওঠে নি যে, এই দরে চাল কিনে খেতে পারে! অথচ এর বিরুদ্ধে তেমন বিক্ষোভ ত হচ্ছে না? কেন?

জগন্নাথ বলল—আপনাদের কংগ্রেস সরকারের আগেয় দুর্নীতির জন্যেই আজ আমাদের এই দশা মশাই। এখনো শালা দিল্লীর চালবাজী চলেছে পুরোদমে। আপনি যে কংগ্রেসের চোট্টাদের সাপোর্টার তা আমরা জানি মশাই।

ধরিত্রীর মুখ লাল হয়ে ওঠে। অতিকষ্টে উত্তেজনা দমন ক'রে তিনি চশমায় ডানহাতের দুটো আঙুল ছুঁইয়ে বললেন—আমি কী, সেটা বড় কথা নয়। আমার সরকার আমার দেশের মানুষকে দুর্নীতির দুর্গতি থেকে কতোখানি বাঁচাচ্ছে সেটাই বড় কথা জগন্নাথ। রাজনীতির ঝগড়া ত চিরকালই থাকবে। তবে মানুষের জন্যেই ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Phone : 22-0648

With the Compliments from :—

KAZIRANGA UDYOG

23A, NETAJI SUBHAS ROAD,

CALCUTTA—1

Manufacturer of :—

STEEL WOOL

* FACTORY *

GANDHI PARK

TINSUKIA (Assam)

Sole Distributors for West Bengal

D. WREN & CO.

25, Swallow Lane,

Calcutta-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজনীতি—রাজনীতির জন্যে মানুষ নয়! তা সেই মানুষই যদি মরতে বসে, সেই মানুষের পেটের অন্ন, তার শিক্ষা, তার স্বাস্থ্য সবই যদি ডুবতে থাকে তাহলে? তাহলে তুমি দেশ শাসন করছ কি জন্যে?

শিবনাথ, ঘণ্টেশ্বর, এবং আর যারা দাঁড়িয়েছিল তারা একেবারে নির্বাক! ধরিত্রীর কণ্ঠস্বর মৃদু হয়ে আসে। তিনি বলেন—আসল গলদটাত আদর্শবাদ নয়, গলদ আমাদের মধ্যে। আমরা স্বাধীনতার স্বাদ ভুলে বসে আছি। নিজের ইচ্ছেয় আমরা স্বার্থের এক-কড়াও ছাড়তে রাজী নই। পরের জন্যে ভাবতে আমরা ভুলে গেছি। কংগ্রেসের আমলে গলদটা দিন-দিনই বড় হয়ে উঠছিল। অসৎ লোকেরা কংগ্রেসকে মোগল মসনদ বানিয়ে ছেড়েছিল। কেননা নেতৃত্ব যে পাল্টানো দরকার এটা তলার লোকেরা টের পেলেও ওপর মহলে মোটেই আমল দেওয়া হয়নি। আর আজ যুক্তফ্রন্টকে আমরা হাজার অসুবিধে সত্ত্বেও, আদর্শবাদের পার্থক্য থাকা সত্ত্বেও মেনে চলেছি কেন? কেন জানো—নতুন সরকারের মন্ত্রীপরিষদে গণসংযোগের অভিপ্রায় পুরোপুরি তাঁদের কাজের মধ্যে দেখতে পাচ্ছি। মন্ত্রীরা শাসনযন্ত্রের ওপর ভরসা করে বসে' থাকছেন না। তাঁরা বিপদের ঝুঁকি নিয়ে সমস্যার মধ্যে ঝাঁপিয়ে পড়ছেন।

ঘণ্টেশ্বর প্রশ্ন করল—যুক্তফ্রন্ট সরকার কি টিকবে কাকাবাবু?

—সেকথা কি করে বলব? তবে এটুকু বলতে পারি যে, সরকার পাল্টে দিলেই আমাদের সুখের পসরা উপচে উঠবে এমনটা কল্পনাও করা চলে না। আমাদের যদি নিজেদের ধার করা খাদ্য খেতে না হয়, আবার তেমনি, বিদেশ থেকে আমদানী করা নতুন আদর্শবাদের বোঝা যদি জোর করে আমাদের ঘাড়ে চাপানোর চেষ্টা না হয় তাহলে সত্যিকার স্বাধীনতার মুখ দেখবো। আর সবচেয়ে বড় কথাটা আমরা আস্তে আস্তে অনুভব করছি যে, নিজে কাজে ফাঁকি দিলে অন্যের কাছে সততা আশা করার অধিকার আমার থাকেনা। সমাজের গোটা দেহটাকে চালাবার জন্যে সকলকেই মেহনৎ করতে হবে।

জগন্নাথ মাথা নেড়ে বলে—ওসব কেতাবী জ্ঞানের কথা শোনার দিন নেই মশাই। ওসব বুক্‌নী ময়দানের মীটিং এ গিয়ে বলবেন! আপনাকে যা বলা হয়েছে সেটা ক'রে দেখিয়ে দেবেন যে আপনার কাজে ফাঁকি নেই, বুঝলেন? খবরটা ছাপুন, ব্যস বুয়েচেন?

হাসতে হাসতে ধরিত্রী জবাব দিলেন—তোমার বলার অপেক্ষায় বসে থাকব না জগন্নাথ। আমায় মতো মানুষেরা সহযোগিতা চায়,—করতেও চায় পেতেও চায়। তাই পানা তোলার খবর পেয়ে এদিকে আসছিলাম। ভালো কাজ সব সময়েই ভালো কাজ—সে তুমি করলেও ভালো, আমি করলেও ভালো।

জগন্নাথ আরো যেন কিছু বলতে যাচ্ছিল, শিবনাথ তার ঘাড় ধরে ধাক্কা দিয়ে হঠিয়ে বলল—চলুন কাকাবাবু!

পুকুরের অপর পার দিয়ে কয়েকটি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"PRODUCTIVITY THE ONLY WAY TO SELF RELIANCE"

S. G. R. INDUSTRIES

PRIVATE LTD.

Manufacturers of Quality Rubber Products.

Head Office & Works :

10, THE MALL ROAD, DUM DUM,

CALCUTTA — 28

Phone : 57-2494 Gram : ESGEER—Dum Dum.

City Sales Office :

24, NETAJI SUBHAS ROAD,

(Room No. 14)

CALCUTTA-1.

Phone : 22-3113

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেয়েমানুষ ছুটতে ছুটতে এদিকেই আসছিল। তাই দেখে ধরিত্রী দাঁড়িয়ে পড়লেন। বাকী সকলেও থেমে গেল। প্রত্যেকেরই চোখে ঔৎসুক্যের উজ্জ্বলতা। মেয়েগুলির দৌড় হঠাৎ মন্থর হ'ল। তারা উচ্চকিত দৃষ্টিতে এধার-ওধারে তাকাচ্ছে। সামনে লোক দেখে ওরা ঘাবড়ে গেছে। পিছনে ফেরার উপায় থাকলে হয়ত বিপরীত দিকেই ফিরত। নিরুপায় ভাবেই ওরা ভাগ্যের হাতের পুতুলের মতো নিষ্প্রাণ ভঙ্গীতে আসতে লাগল। পিছন থেকে বিপদের সংকেত পেয়েই এদিকে আসছিল —এখন এদিকেও যে বিপদ, রাঘব-বোয়ালের মতো হাঁ করে রয়েছে তা কে জানতো। তবু সামনেই ওরা আসছে।

জগন্নাথ হঠাৎ সামনে এগিয়ে যায়। আর সঙ্গে সঙ্গেই হুঙ্কার ছাড়ে—শালা কালোবাজার করতে এসেছে। ধর্—ধর্—ধর্!

এরপর যা ঘটল সেটা সহজেই অনুমান করা যায়। ঘণ্টেশ্বর, শিবনাথ এবং আর সকলের মতো ধরিত্রীও ধেয়ে চললেন। এবং প্রকাশ্য দিবালোকেই সরকারের নির্ধারিত মূল্যে অসহায় স্ত্রীলোকদের কাছ থেকে সমস্ত চাল কিনে নেওয়া হ'ল। উপস্থিত সকলেই ভাগীদার হ'ল। মেয়েরা কাকুতি-মিনতি ক'রে এদের সহানুভূতি আকর্ষণে ব্যর্থ হয়ে অশ্রুমোচন করল। মোকামে ওরা তিন টাকা দরে কিনেছে, অন্ততঃ কেনা দামটা পেলেও ওরা ভাগ্যকে ধন্যবাদ দিত। কিন্তু ওই দেবতাটি বড়ই নিষ্ঠুর। নিয়তির নীতিশাস্ত্র বড়ই বিচিত্র।

ধরিত্রী প্রথমে ওদের সপক্ষে দু-একটা কথা বলবেন ভেবেছিলেন। কিন্তু তা হ'ল না। কে যেন তার কণ্ঠ রোধ ক'রে দিল। তাই তিনি নীরব দর্শক হয়েই রইলেন। এবং যখন শিবনাথ তাঁকেও এক কিলো চালের দাবিদার বলে ঘোষণা করল—তখনও তিনি প্রতিবাদ করলেন না। মাতৃ-জাতির প্রতি সম্ভ্রম ও সমবেদনা বোধকরি জঠরের দাবির ধমক খেয়ে লেজ গুটিয়ে নিল।

ন্যায্য (?) মূল্যে পাওয়া এই এক কিলো চালেই যেন জীবনের সমস্ত সঞ্চিত বুভুক্ষার নিবৃত্তি ঘটবে এমনই প্রসন্নতা নিয়ে ওরা পানা-তোলা পুকুরের স্বচ্ছ জলের ওপর বিকেলের লম্বিত ছায়া ফেলে যখন ঘরে ফিরছিল তখন পাড়ার অন্য লোকেরা দলে দলে থলি-হাতে গুপ্তধনের সন্ধানে ছুটে চলেছে। কিন্তু তারা বিয়োগান্ত নাটকের উপসংহারেরই অংশ হয়ে শূন্যগর্ভ-থলিতে রাজ্যের অসন্তোষ ভার নিয়ে ফিরল এবং লুণ্ঠন-কারীদের উদ্দেশে প্রকাশ্যেই গালি-গালাজ ছড়াতে ছড়াতেই ফিরল। যাদের কাছ থেকে চালগুলো কেড়ে নেওয়া হয়েছে জগন্নাথ তাদের কাছ থেকে নগদ কতো আদায় করল সেটা কেউই খোঁজ করল না।

তবে জগন্নাথ যখন সেই পয়সা দিয়ে তার মায়ের জন্যে ওষুধ আর কয়েকটা চাঁপা কলা (সন্ধ্যের পর বারের উপোসের পারণ হিসেবে) নিয়ে ঘরে ফিরল তখনো তাদের ঘরে বাতি জ্বলে নি। বাইরের দাওয়া থেকেই সে হাঁক দিল—নেলী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্ধকারে তার খুব কাছ থেকেই ক্ষীণ কণ্ঠে সাড়া মিলল। সেই শব্দ লক্ষ্য ক'রে জগন্নাথ দৃষ্টির জাল ফেলতে দুটি আবছা মূর্তি ধরা পড়ল। নেলী আর রেবা নিশ্চয়।

হেঁড়ে গলায় সে বকতে শুরু করে—শরীরের এই অবস্থায় বেরুতে বারণ করলুম। তবু বেরিয়েছে? যাক গে, ফিরলে দিবি—এই ওষুদ রাতে তিনবার, আর এই কলা রইল, আটা-গোলার সঙ্গে যেন খায়।

অপর তরফ চুপ-চাপ।

নিজের দায়িত্ব পালনের আত্মপ্রসাদে জগন্নাথের মনে একটু ফুরফুরে হাওয়া খেলছে। একটা বিড়ি (গাঁজা-দেওয়া) ধরিয়ে কতকটা স্বগতঃ ভাবেই বোনকে বলল সে—মা কোথায় গিয়েছে রে? লোটাও জ্বালতে পারিস নি? কখন ফিরবে কিছু ব'লে যায় নি?

নেলী সহজভাবেই জবাব দিল—ফিরবে না।

—রাগারাগি করেছে বুঝি?

—না।

—তবে?

এর জবাবে নেলী একটি কথাও বলল না। ডুক্‌রে কেঁদে উঠল।

আর রেবা রিন্‌রিনে গলায় আকাশবাণীর স্থানীয় সংবাদ-দাতার মতো নির্লিপ্ত কণ্ঠে জানাল—দিদা ছগ্‌গে-ছগ্‌গে। মামা।

কেউ দেখল না। জগন্নাথের এই ভ্রূ-কুঞ্চনে বিধাতার বিরুদ্ধে যে বাণ যোজিত হয়েছিল তাতে তিক্ততা ছিল না, বিদ্বেষও ছিল না। ছিল, মাত্র এইটুকু অভিযোগ—তোমার মনে যদি এই ইচ্ছাই ছিল, তবে আমায় দিয়ে অতগুলো মেয়েছেলের ওপর হামলাটা করিয়ে নিলে কেন?

অসহায় একটি শোকার্ত প্রাণের সকরুণ এ আক্ষেপ দৃষ্টি ও শ্রুতির অগোচরে কোথায় যে হারাল তা কী নিম-তলায় জোনাকিরা দেখল? কে জানে!

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৬ খণ্ড) ১২৫·০০

গৌড়ীয় বৈষ্ণবদর্শন (৫ খণ্ড) ১৩০·০০

শ্রীচৈতন্যভাগবত প্রথম প্রকাশ (৬ খণ্ড) ৭৮·০০

মহাপ্রভু শ্রীগৌরাঙ্গ — ৪০·০০

রাজমোহন নাথ

নাথপন্থের প্রাচীন পুঁথি ৬·৫০

KESHOB KANTO

The Message of the Geeta 12·00



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

A. H. Harton & Co. Ld.

ROPE MANUFACTURERS
SINCE 1780

Head Office : 8, DALHOUSIE SQ. EAST, CALCUTTA.

Telegrams : "HARTONCO," CALCUTTA. Telephone : Office : 22-2878, Works : 66-2011

We specialise in 'Ropes' and 'Lines' of all descriptions, viz.—

Manila Ropes	Loglines	Head Cords
Sisal Ropes	Pilot Lead Lines	Whip Cords
Hemp Ropes	Marlines	Temperband Cords
Coir Ropes	Seizing Lines	Dobby Twines
Jute Ropes	Spun Yarns	Coir Fenders
Cotton Ropes	Oakums	Bore Springs

Cordage Hawsers of any size up to 48″ circumference.

Registered contractors and regular suppliers to Government, Port Trusts, Railways, Mills, Mercantile Firms, Shipping and Engineering Workshops, Harbour and Dock Yards, etc.

Wanted Stockists and Distributors for West Bengal.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবীন্দ্রনাথের কয়েকটি গল্প

কবিশেখর কালিদাস রায়

উদ্ধার—দাম্পত্য জীবনের একটি প্রধান ব্যাধি পরস্পরের প্রতি অযথা সংশয়। এই সংশয়ই বহু দাম্পত্য জীবনের শোচনীয় পরিণাম ঘটায়। একে অন্যকে সংশয় করিলে—সংশয়ের পাত্রে দারুণ অভিমান জন্মে—এই অভিমান ক্রমে রোষ—রোষ ক্রমে বিদ্রোহে পরিণত হয়। এই বিদ্রোহ নিজের প্রিয়জন হইতে চিত্তকে বিমুখ করিয়া সত্যসত্যই অপরের প্রতি আসক্তি জন্মাইয়া দেয়। সংশয়ই ক্রমে পাপকে আমন্ত্রণ করিয়া আনে। আহত অভিমানই পরাসক্তিতে পরিণত হয়। ফলে একটা চুলের চিড়ই সংশয়ের রূপ ধরিয়া দাম্পত্য জীবনের মাঝখানে মস্তবড় ফাটলে পরিণত হয়। এই সত্যটিকে কবি এই গল্পে উদাহৃত করিয়া দেখাইয়াছেন সংশয়ের চরম পরিণতি অনেক সময় বিচ্ছেদেই শেষ হয় না—অকাল মৃত্যুতেই পরিসমাপ্ত হয়।

গল্পটি মনস্তত্ত্বের ক্ষেত্রে জন্মলাভ করিয়া বাস্তবের পথেই চলিতেছিল—মনে হইয়াছিল দীর্ঘপথ অতিক্রম করিয়া কোন স্বাভাবিক পরিণতি লাভ করিবে। কবি সহসা ইহার পথ ঘুরাইয়া ইহাকে Romantic পথে লইয়া গিয়া ইহার Romantic উপসংহার করিয়াছেন। ইহাতে পাঠক চিত্তে একটা আঘাত লাগার কথা। এজন্য যে পত্রখানি প্রাপ্তিমাত্র ছিঁড়িয়া ফেলিবার কথা সেই পত্রখানিকে গৌরীর খোঁপায় আশ্রয় দিয়া পরে পরেশের মুঠায় চালিত করিয়াছেন এবং appoplexy-র সাহায্য লইতে বাধ্য হইয়াছেন। এবং গৌরীর জন্যও তাহার বাক্সের মধ্যে বিষ সঞ্চিত রাখিয়াছিলেন। এ সমস্ত Romantic উপসংহারের জন্যই প্রয়োজন হইয়াছে।

দুর্বুদ্ধি—শোক ভগবৎ প্রেরিত প্রায়শ্চিত্ত। শোকের আঘাত অনেক সময় চিত্তশুদ্ধির সহায়ক হয়। মহাপাপিষ্ঠের কথা স্বতন্ত্র—যে ব্যক্তি একেবারে বিবেক বর্জ্জিত হয় নাই—শোকের আঘাত পাইলে সে মনে করে তাহার পাপের ফলেই বিধাতা তাহাকে দণ্ড দিলেন। এই চিন্তা ভ্রান্ত সংস্কার মাত্র হইতে পারে—কিন্তু তাহাতে পাপীর ও সমাজের কল্যাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PLEASE RING UP 22-2043

OR

CONTACT

Leica Insulated Cable Co.

9, Ezra Street, Calcutta-1

FOR

: CABLES & WIRES :

Makers of : 'Leica Brand' Rubber Insulated aluminium conductor Cables viz. T. R. S, V. I. R, Weather proof & Blasting Cables upto 660 volts grade.

RUBBER GOODS

Makers of Natural & Synthetic Industrial Rubber moulding & Extruded goods of all types.

AND

All types of Hydraulic, Steam & Water Packing viz, Rockhard Packing, Serpent Packing, Bull Dog Packing, Lead Packing etc. for Marine & Other Industry.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। নানা উপদেশ আর্ত্তের কাতর আবেদন নিবেদনে, সদৃষ্টান্তে যেখানে ফল হয় না—অনেক সময় দেখা যায় যমদণ্ড সেখানে সুফল দান করে। দুর্বুদ্ধি গল্পটি এই ব্যাপার লইয়া রচিত।

পল্লী অঞ্চলে দারোগারা নিরীহ গ্রামবাসীর উপর কিরূপ অত্যাচার করে এবং পল্লীগ্রামের ডাক্তার তাহার সঙ্গে যোগ দিয়া কত গুপ্ত পাপের প্রশ্রয় দেয়—তাহাও এই গল্পে রবীন্দ্রনাথ বলিয়াছেন।

সমস্যা পূরণ—এই গল্পটির রচয়িতা শরৎচন্দ্র হইলে অসঙ্গত হইত না। শরৎচন্দ্র যে নৈতিক সত্য বোধের দীক্ষা রবীন্দ্রনাথের কাছে পাইয়াছেন—এই গল্প হইতে তাহার প্রমাণ হয়। মানব চরিত্র এতই জটিল ও রহস্যময় যে গতানুগতিক ভাবে নৈতিক বিচার করিলে অনেক ক্ষেত্রে ভুলই হয়। এই গল্পের কৃষ্ণগোপাল বাবু সদাশয় বদান্য ক্ষমাশীল ব্যক্তি, ধর্ম্মনিষ্ঠ কাশীধামে জপতপ করেন বৃদ্ধ বয়সে, যৌবনে তিনি একটি যবনী বিধবার গর্ভে সন্তানোৎপাদন করিয়াছিলেন। এই জারজ পুত্রের প্রতি কর্ত্তব্য পালন করিয়াছিলেন সারা জীবন। নিজ পুত্রের নিকট অকপটে নিজের এই অপরাধ স্বীকার করিয়া পুত্রের কাছে জারজপুত্রের জন্য ক্ষমা প্রার্থনা করিলেন। কবি এই চরিত্রটি সম্বন্ধে কোন মন্তব্য প্রকাশ করেন নাই—কিন্তু একটা প্রশ্ন পরোক্ষভাবে এই গল্পে আভাসিত হইয়াছে—"নৈতিক বিচারে এই সৎসাহসী চরিত্রটির স্থান কোথায়? যৌবনের একটা পদস্খলনে কি তাহার জীবনব্যাপী মনুষ্যত্বের সাধনা ব্যর্থ?" গল্পে এই মানুষটির প্রতি কবির অশ্রদ্ধা প্রকাশ পায় নাই বরং শ্রদ্ধাই ব্যঞ্জিত হইয়াছে।

প্রায়শ্চিত্ত—স্বর্গ ও মর্ত্ত্যের মাঝখানে একটা অনির্দেশ্য অরাজক স্থান আছে যেখানে রাজা ত্রিশঙ্কু ভাসিয়া বেড়াইতেছেন—যেখানে আকাশ কুসুমের অজস্র আবাদ হইয়া থাকে। সেই বায়ুদুর্গ বেষ্টিত মহাদেশের নাম "হইলেও-হইতে-পারিত"। কতক যুবক আছে যাহারা এই মধ্যদেশ বিলম্বিত। এই শ্রেণীর যুবকেরা মনে করে, এ দেশে তাহাদের শক্তির ও প্রতিভার যথোচিত মর্য্যাদা হইতেছে না—তাহারা তাই সাগর পারের স্বপ্ন দেখে, এই শ্রেণীর যুবকেরা সমাজের জঞ্জাল, দেশের কলঙ্ক—পরিবারের গলগ্রহ। কবি বলিতে চাহিয়াছেন—যাহার মধ্যে সার আছে, মনুষ্যত্ব আছে—ইউরোপের শিক্ষালাভ কারলে তাহাদের সেগুলি আরো মার্জ্জিত হয়। আর যাহারা অসার, অপদার্থ, চরিত্রবলহীন, মেরুদণ্ডহীন—তাহারা বিলাতে গিয়া আরও অপদার্থ, আরো অসার, আরো হীনচরিত্র হইয়া ফিরিয়া আসে।

এই গল্পের অনাথবন্ধু এই শ্রেণীর একজন যুবক। এই গল্পটিকে প্রহসনাত্মক গল্প বলা যাইতে পারে। অনাথবন্ধুর প্রায়শ্চিত্ত যে ভাবে সমাপ্ত হইল তাহাকে প্রহসন বলা যাইতে পারে। কিন্তু প্রহসনের অন্তরালে যে গভীর Tragedy নিহিত আছে—তাহাই গল্পের লক্ষ্য। এই Tragedy অনাথবন্ধুর জীবনে নয়—কারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments of :

D. WREN & CO.

WARDLEY HOUSE

25, SWALLOW LANE, CALCUTTA-1

Gram : TROLLEY   Phone : 22-7408-9

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহার মত নির্লজ্জ পুরুষের পক্ষে Tragedy-র মর্যাদা দেওয়া যাইতে পারে না। Tragedy বিন্ধ্যবাসিনীর জীবনে। বিন্ধ্যবাসিনীকে কবি অতি যত্নে পরম সহানুভূতির সহিত আদর্শ হিন্দুপত্নীরূপে অঙ্কিত করিয়াছেন। বিন্ধ্যবাসিনী আপন মনের মাধুরী, শুচিতা, স্বপ্নের মহিমা দিয়া যে স্বামী দেবতার মূর্তি রচনা করিয়াছিলেন—বার বার আঘাতেও যে স্বপ্ন দেবতার সিংহাসন অটল ছিল—অনাথের জীবনের শেষ প্রহসনে তাহা একেবারে কালাপাহাড়ী আঘাতে চুর্ণ বিচুর্ণ হইয়া গেল। মনুষ্যত্বহীন, হৃদয়হীন নির্লজ্জ পুরুষের পরুষ হস্তের আঘাতে আদর্শ পত্নীর হৃদয়ে যে বেদনার সুর ধ্বনিত হইতেছে—সেই বেদনার সুরই এই গল্পের প্রাণবস্তু।

দর্পহরণ—স্বামী ও স্ত্রী দুইজনের সাহিত্য চেষ্টার প্রতিযোগিতায় এই গল্পে একটি প্রহসনের সৃষ্টি হইয়াছে। স্বামী হরিশ হালদারের শক্তি সামান্য কিন্তু পৌরুষ অভিমান অভ্রভেদী—স্ত্রীর কাছে ছোট হইবেন না—ইহাই তাঁহার পণ। তাহার আস্ফালন ও স্ত্রীকে পরাস্ত করিবার ব্যর্থ চেষ্টা আমাদের হাস্য উদ্রেক করে। শেষ পর্য্যন্ত হাস্যের ধারা রক্ষা করা যায় না। কারণ এদিকে নির্ঝরিণী একটি বিপরীত রসের সৃষ্টি করিতেছে। তাহার প্রকৃত শক্তি আছে—কিন্তু কতকটা লজ্জাশীলতা, কতকটা স্বভাবসিদ্ধ নম্রতা এবং কতকটা প্রেমের খাতিরে সে আত্মশক্তির সংবরণ করিতে চায়। শেষ পর্য্যন্ত স্বামীর মনে আঘাত লাগিবে ভয়ে নিজের রচনাগুলিকে পুড়াইয়া ফেলিল। প্রেমের কাছে সাহিত্যিক প্রতিষ্ঠা বা কৃতিত্বের কি মূল্য? পৌরুষ দর্প চূর্ণ হইল—প্রেমই বিজয়ী হইল।

অন্যান্য বহু গল্পের মত এই গল্পেও রবীন্দ্রনাথ পুরুষের অসারতা এবং নারীর মহত্বই দেখাইয়াছেন। এই সকল গল্পে পুরুষ উপহাস্য ও নারীই নমস্য।

পুত্রযজ্ঞ—এই গল্পটিতে হিন্দু ঘরের নারী যে কত অসহায়—তাহা দেখানো হইয়াছে। সেই সঙ্গে পুরুষ কত অবিচারক ও অত্যাচারী তাহাও বলিতে হইয়াছে। এটা মুখ্য কথা নয়—মুখ্য কথা—পুত্রলাভের জন্য তীব্র আকাঙ্ক্ষা। এই আকাঙ্ক্ষাকে এতই প্রবল করিয়া দেখানো হইয়াছে—যে ইহা মনের সমস্ত সুকুমার বৃত্তিকে ধ্বংস করিতেছে। পুত্র চাই নতুবা বিষয় সম্পত্তি ভোগ করিবে কে? বৈদ্যনাথ জগতের আর কাহাকেও এমন কি নিজেকেও এই সম্পদ ভোগ করিবার অধিকারী মনে করিতে পারে না। একদিকে যখন দেশব্যাপী দুর্ভিক্ষে বঙ্গ বিহার উড়িষ্যা অস্থি-চর্ম্মসার হইয়া উঠিয়াছিল, বৈদ্যনাথ তখন অন্নের মধ্যে বসিয়া ভাবিতেছিলেন—আমার অন্ন খাইবে কে? তখন সমস্ত উপবাসী দেশ আপন রিক্ত পাকস্থলীর দিকে চাহিয়া ভাবিতেছিল কি খাইব?

কবি দেখাইয়াছেন—যে জীবন বিশ্বহিতে সার্থকতা লাভ করিতে পারিত—তাহা কিরূপে ভ্রান্ত সামাজিক ও ধর্ম্মসংস্কারে ব্যর্থ হইয়া গেল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments from :

S. B. Engineering (1964) Corporation

25, SWALLOW LANE
CALCUTTA-1

Phone : 22-7409

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈদ্যনাথ গর্ভবতী পত্নীকে সন্দেহের বশে গৃহ হইতে তাড়াইয়া দিয়াছিল। সেই গর্ভেই তাহার পুত্র জন্মিয়াছিল কোন কুটীরের কোণে। একদিন প্রাতে বৈদ্যনাথের মার্ব্বেল মণ্ডিত দালানে একটি স্থূলোদর সন্ন্যাসী দুই সের মোহনভোগ ও দেড় সের দুগ্ধ সেবায় নিযুক্ত ছিল—এমন সময় সেই পুত্র মাতার আঁচল ধরিয়া আসিয়া দুটি অন্ন ভিক্ষা করিল।

বৈদ্যনাথ দারোয়ান দিয়া তাড়াইয়া দিল। এই চিত্রের দ্বারা গল্পের আর্ট রক্ষা হইয়াছে। নিয়তির এই নিষ্ঠুর পরিহাসের উল্লেখ করিয়া কবি গল্পটির উপসংহার করিয়াছেন। বৈদ্যনাথের অপরাধের দণ্ডবিধান বা প্রায়শ্চিত্ত বিধানের জন্য এই চিত্রটি সংযুক্ত হয় নাই। বৈদ্যনাথ জানিতেই পারিল না যে পুত্রের জন্য তাহার অসাধ্য সাধন—সেই পুত্র এক মুষ্টি অন্নের জন্য তাহার দ্বারে ভিক্ষার্থী। পাঠক চিত্তের ন্যায় বিচারবোধ, তৃপ্তির জন্যও ইহার অবতারণা নয়—কারণ, পুত্র ও পুত্রের হতভাগিনী জননী আশ্রয় বা অন্ন লাভ করিল না। গল্পের কলাশ্রীর দিক হইতে ইহা সঙ্গতি ও সামঞ্জস্য লাভ করিল। এই সঙ্গতি ও সামঞ্জস্যের তৃপ্তিই রসের সৃষ্টি করিয়াছে।

দৃষ্টিদান—একটি সর্বাঙ্গ সুন্দর গল্প। সাধ্বীসতী, সুচরিতা অন্ধ বধূর মনের ভাব দ্বন্দ্ব লইয়া যে সমস্যার সৃষ্টি হইয়াছে, সেই সমস্যার একটি চমৎকার সমাধান এই গল্পে কবি দেখাইয়াছেন।

কুমুদিনী চক্ষু দুটি হারাইয়াছিল—কিন্তু তাহার মানস চক্ষু উন্মীলিত হইয়াছিল। সে সত্যই দেবীত্ব লাভ করিয়াছিল। কবি এই কথাটি অতি চমৎকার ভাষায় বলিয়াছেন—

স্বামী কহিলেন—"কাজ ত দাসীতেও করে। আমি কি কাজের জন্য একটা দাসী বিবাহ করিয়া আমার এই দেবীর সঙ্গে একাসনে বসাইতে পারি?"—বলিয়া আমার মুখ তুলিয়া ধরিয়া আমার ললাটে একটি চুম্বন করিলেন। সেই চুম্বনের দ্বারা আমার যেন তৃতীয় নেত্র উন্মীলিত হইল—সেইক্ষণে আমার দেবীত্বে অভিষেক হইয়া গেল। এই দেবীত্বের মর্য্যাদা কুমুদিনী শেষ পর্য্যন্ত রক্ষা করিয়াছিলেন।

কুমুদিনী স্বামীকে দেবতাই মনে করিতেন। কিন্তু দেবত্বের মর্য্যাদা স্বামী রক্ষা করিতে পারেন নাই। স্বামী বলিতেছেন—"আমি মূঢ়, আমি অহঙ্কারী, কিন্তু তাই বলিয়া আমি পাষণ্ড নই। নিজের হাতে তোমাকে অন্ধ করিয়াছি—অবশেষে এই দোষে তোমাকে পরিত্যাগ করিয়া যদি অন্য স্ত্রী গ্রহণ করি তবে আমাদের ইষ্টদেব গোপীনাথের শপথ করিয়া বলিতেছি আমি যেন ব্রহ্মহত্যা মাতৃহত্যার পাতকী হই।" ইহা দেবতার মতই কথা, কিন্তু দেবত্বের ত নয়ই—মানবত্বের মর্য্যাদাও অবিনাশ হারাইতে বসিয়াছিল। অবিনাশ বলিয়াছে—কুমুদিনীর দাদা তাহাকে রক্ষা করিয়াছেন কিন্তু প্রকৃত পক্ষে রক্ষা করিয়াছে হেমাঙ্গিনী। হেমাঙ্গিনী অবিনাশের আবেদনে সাড়া দেয় নাই—সে কুমুদিনীর সর্বনাশ করিতে চাহে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

We can offer under Rupee Payment :

"Poldi" Tool & Alloy Steel (Czechoslovakia)
Cable & Rolling Mills.
Wire Drawing & Wire Rope Making Plants, (G. D. R.)
Flour Milling Plants (G. D. R.)
Draw Benches & Straightening & Polishing Machines (G. D. R.)
Chilled Cast Iron Rolls (G.D.R.)
Electric Hoist (Bulgaria)
Load Lifting Electro Magnet & Cranes (Bulgaria)
Electric Forklift and Platform Trucks (Bulgaria)
Electronic Measuring Devices (Bulgaria)
Fine Ceramic Machines (G. D. R.)
Complete Plants (Bulgaria)

For details please contact :

Biyani & Sons (P) Ltd.

Registered office :
137, CANNING STREET, CALCUTTA-1
Phone : 22-7862

Agency Department :
25, Ganesh Ch. Avenue, Calcutta-13
Phone : 23-5591 (3 Lines)

Branch office :
P9, Green Park Ext. New Delhi-16

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই। হেমাঙ্গিনী কবির একটি অপূর্ব সৃষ্টি। সেই জন্যই অবিনাশের মনুষ্যত্ব রক্ষা পাইল।

কুমুদিনীর চরিত্র কবি ক্ষমা, সংযম, আত্মনিবেদনের ভাব, গভীর বিশ্বাস দিয়া গড়িয়াছেন। অন্ধ হইয়া কুমুদিনী তাই সারাজীবন হাহাকার করে নাই—সে আপন মনেই সান্ত্বনা ও তুষ্টি লাভ করিতে পারিত। অন্ধ হওয়ার পর কুমুদিনী বলিতেছে—

"এখন মনে হইতে লাগিল দৃষ্টি আমাদের কাজের যতটা সাহায্য করে তাহার চেয়ে ঢের বেশি বিক্ষিপ্ত করিয়া দেয়—যতটুকু দেখিলে কাজ ভালো হয় চোখ তাহার চেয়ে ঢের বেশি দেখে। এবং চোখ যখন পাহারার কাজ করে কান তখন অলস হইয়া যায়—যতটা তাহার শোনা উচিত তাহার চেয়ে সে কম শোনে। এমন চঞ্চল-চোখের অবর্তমানে আমার অন্য সমস্ত ইন্দ্রিয় তাহাদের কর্ত্তব্য শান্ত এবং সম্পূর্ণভাবে করিতে লাগিল।"

কুমুদিনী পাতিব্রত্যের যোগ সাধনায় কেবল তৃতীয় নেত্র লাভ করেন নাই একটা অনাবিল আত্মপ্রসাদ লাভ করিয়াছিলেন। সেই আত্মপ্রসাদ লাভের একটা লৌকিক এবং বৈজ্ঞানিক ব্যাখ্যা দিতেছেন মাত্র। এই গভীর আত্মপ্রসাদ কুমুদিনীর জীবনকে মরুভূমির হাহাকারে পরিণত হইতে দেয় নাই তাহারই কথায়—

"আমি অন্ধ, সংসারের আলোক-বর্জিত অন্তর প্রদেশে আমার সেই প্রথম বয়সের নবীন প্রেম, অক্ষুণ্ণ ভক্তি, অখণ্ড বিশ্বাস লইয়া বসিয়া আছি। আমার দেবমন্দিরে জীবনের আরম্ভে আমি বালিকার করপুটে যে শেফালিকার অর্ঘ্যদান করিয়াছিলাম—তাহার শিশির এখনো শুকায় নাই।"

গল্পটি কুমুদিনীর জবানীতে লেখা। সেজন্য এই গল্পের ভাষাকেও কুমুদিনীর মুখের ও বুকের উপযোগী করিয়াই রচনা করিয়াছেন। বোবার যেমন একটা বিশিষ্ট দৃষ্টি আছে (সে দৃষ্টির কথা শুভা গল্পে কবি অতি চমৎকার করিয়াই বলিয়াছেন), অন্ধের তেমনি একটা বিশিষ্ট ভাষা আছে। এ ভাষা চক্ষুষ্মানদের ভাষা হইতে স্বতন্ত্র। এ ভাষা যেন অসহায়তার ভাষা, আত্ম-সমর্পণের ভাষা, হৃদয়ের গভীর অন্তস্তল হইতে উৎসারিত ভাষা—এ যেন 'শরৎপ্রভাতের শিশিরসিক্ত শিউলি ফুলের মত। কবি সেই ভাষাতেই এই গল্পটি লিখিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয় উৎসবের অভিনন্দন
গ্রহণ করুন

শ্রীসরস্বতী প্রেস
লিমিটেড

কলিকাতা-৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় সর্বগতে

ডক্টর রমা চৌধুরী

আজ পরমশুভ মাতৃপূজা-তিথি পুনরায় সমাগত সগৌরবে। সেই উপলক্ষ্যে দিকে দিকে উত্থিত হচ্ছে সানন্দে কতই না সুমধুর মাতৃ-বন্দনা :—

"ওঁ জয় ত্বং দেবী চামুণ্ডে ভূতাপ-হারিণি। জয় সর্বগতে দেবি কালরাত্রি নমোঽস্তুতে॥" (অর্গলা স্তোত্র ১)

"জয় হোক্ তব দেবি চামুণ্ডে!
ভূতাপহারিণি!
জয় হোক্ সর্বগতে কালরাত্রি,
প্রণাম তারিণি!"

এস্থলে জগজ্জননীকে অতি সুন্দর ভাবে বলা হয়েছে "সর্বগতা" অথবা সর্বব্যাপিনী, সর্ব জীবে, সর্ব বস্তুতে বিরাজিতা।

কি রোমাঞ্চকর, রমণীয়, রসঘন বর্ণনা এটী! স্বয়ং বিশ্বজননী বিশ্বব্রহ্মা-ণ্ডের সর্বত্রই নিহিতা হয়ে রয়েছেন—বাইরে সমগ্র বিশ্ব-প্রকৃতিতে ওতপ্রোত ভাবে; অন্তরে সমগ্র আত্মায় ওতপ্রোত ভাবে সমরূপে। চিন্তা করলেই কি মন আনন্দে ভরে ওঠে না পরিপূর্ণ ভাবে? কি অপূর্ব, আশাব্যঞ্জক, উৎসাহকারক, শান্তিদায়ক তত্ত্ব এটী! জীব এখন আর কেবল জীবই নয়, স্বয়ংই ব্রহ্ম, যেহেতু তার অন্তরে ব্রহ্ম ব্যতীত আর অন্য কিছুই নেই। সেজন্য জীব দীন নয়, হীন নয়, ক্ষুদ্র নয়, ক্ষীণ নয়, পাপী নয়, তাপী নয়, জড় নয়, মর নয়—স্বয়ংই ব্রহ্ম, স্বয়ংই সচ্চিদানন্দস্বরূপ, অনন্ত-সৌন্দর্য-মাধুর্য-ঐশ্বর্য-বিমণ্ডিত, আলোক-আনন্দ-অমৃতঘন ব্রহ্ম। জগতও অশুদ্ধ নয়, অপূর্ণ নয়; তিক্ত নয়, রিক্ত নয়, ক্লিষ্ট নয়, পিষ্ট নয়—স্বয়ংই ব্রহ্ম,—ভূমা মহান্, নিত্য-নিরঞ্জন, অমল-অভয়-অশোক ব্রহ্ম!

কিন্তু দর্শনের দিক্ থেকে কোনো তত্ত্বই তো গ্রহণ করা যায় না তার বিরুদ্ধে সম্ভাব্য আপত্তি সমূহের খণ্ডন না করে। সেজন্য "সর্বগতবাদের" ন্যায় এরূপ একটি মধুর-মোহন তত্ত্বের বিরুদ্ধেও যে সকল আপত্তি উত্থাপিত হয়েছে বিপক্ষ থেকে, তা'ও আমাদের খণ্ডন করতে হবে প্রথমেই।

এরূপ "সর্বগতবাদ" ত্রিতত্ত্ববাদী বেদান্তদর্শনের সুবিখ্যাত "পরিণাম-বাদের" সাক্ষাৎ ফল। "পরিণামবাদ" মতানুসারে, কারণ স্বয়ং কার্যে পরিণত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

For your requirements of :—

Rubber bush
Rubber packing
Rubber buckets
Rubber channels
and
other components of Industrials and Automobiles.

Please refer to

Messrs

N. B. S. Rubber Industries

104, S. K. DEB ROAD,
PATIPUKUR
CALCUTTA-48

Phone : 57-3819

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা রূপান্তরিত হয়—যেমন, কারণ মৃৎপিণ্ড কার্য মৃন্ময় ঘটে সাক্ষাৎ ভাবে, সত্যই পরিণত বা রূপান্তরিত হন; এবং সেজন্যই মৃৎপিণ্ড মৃন্ময় ঘটে নিহিত। একই ভাবে, এই মতানুসারে কারণ ব্রহ্ম কার্য ব্রহ্মাণ্ডে সাক্ষাৎ ভাবে, সত্যই পরিণত হন; এবং সেজন্যই তিনি "সর্বগত", বা সর্বব্যাপী বা বিশ্ব-ব্রহ্মাণ্ডে বিরাজিত।

কিন্তু এক্ষেত্রে প্রশ্ন এই, কারণ ব্রহ্ম কিরূপে সত্যই কার্য ব্রহ্মাণ্ডে পরিণত হতে পারেন? কারণ, কার্যে পরিণত হলে, কারণ ও কার্য সমস্বরূপ হয়ে পড়েন। যেমন, কারণ মৃৎপিণ্ড এবং কার্য মৃন্ময় ঘট স্বভাবতঃই এক ও অভিন্নস্বরূপ, বা মৃৎস্বরূপ! অথচ, এস্থলে কারণ ব্রহ্ম ও কার্য ব্রহ্মাণ্ড স্বরূপতঃই ভিন্ন এবং বিপরীত। ব্রহ্ম অজড়, অমর, নিত্য, শুদ্ধ, পূর্ণ, আনন্দ-রসঘন, ব্রহ্মাণ্ড ঠিক তার বিপরীত সর্বদিক থেকেই। তাহলে, কি করে ব্রহ্ম ব্রহ্মাণ্ডে পরিণত হতে পারেন। পুনরায়, নির্মল ব্রহ্ম যদি অমল ব্রহ্মাণ্ডে "সর্বগত" বা নিহিত হয়ে থাকেন, তাহলে তিনি নিজেই তো সমল হয়ে পড়বেন অনিবার্য ভাবেই।

এর উত্তর হলো যে, কার্য-কারণ-সম্বন্ধের মূল-কথাই হল কারণের কার্যে সত্য পরিণতি—এ ছাড়া, কারণ আর কি ভাবেই বা কার্যটীকে সৃষ্টি করতে পারেন? সেজন্য, অত্যাবশ্যকভাবেই কারণ ও কার্য সম-স্বভাব। অতএব, ব্রহ্ম এবং ব্রহ্মাণ্ড নিশ্চয়ই সমস্বভাব—আপাতদৃষ্টিতে যাই মনে হোক্, না কেন। সুতরাং ব্রহ্মাণ্ড নিঃসন্দেহে ব্রহ্মস্বরূপ। কেবল আমাদের নিজেদের অজ্ঞানবশতঃ আমরা এই মধুর-মনোহর তত্ত্বটীকে উপলব্ধি করতে পারিনা। দর্শন করতে হবে ব্রহ্মকে সর্বত্র—বিশ্বপ্রকৃতিতে সর্বত্র, আত্মার অঙ্গনেও সর্বত্র। "সর্বং খল্বিদং ব্রহ্ম" (ছান্দোগ্যোপনিষদ্ ৩।১৪।১)—এই মহামন্ত্রটী কেবল দার্শনিকের শূন্যগর্ভ আস্ফালন মাত্রই নয়; কেবল ধার্মিকের উচ্ছ্বসিত ভাবাবেগ-মাত্রই নয়; কেবল কবির ক্ষণভঙ্গুর স্বপ্ন-মাত্রই নয়; কেবল স্বপ্নবিলাসীর আকাশ ছোঁয়া কল্পনা মাত্রই নয়—কিন্তু আক্ষরিক অর্থেই, শাশ্বত কালই, সম্পূর্ণরূপেই সত্য। সেজন্য জীবজগৎ সত্যই ব্রহ্ম—যে দিক্ থেকেই দেখিনা কেন, সেই একই তত্ত্বে উপনীত হতে হয় অনিবার্য ভাবেই। কারণ, শঙ্কর প্রমুখ অদ্বৈত-বাদিগণের মতে, ব্রহ্ম ও ব্রহ্মাণ্ড সম্পূর্ণরূপেই এক ও অভিন্ন বলেই ব্রহ্মাণ্ডই ব্রহ্ম। পুনরায়, রামানুজ-প্রমুখ বিশিষ্টাদ্বৈতবাদিগণের মতে, স্বয়ং ব্রহ্মই ব্রহ্মাণ্ডে সাক্ষাৎভাবে পরিণত হন বলে', ব্রহ্মাণ্ডই ব্রহ্ম!

সুতরাং সন্দেহের অবকাশ নেই যে, আমাদের পরমাদরিণী জগজ্জননী "সর্বগতা" অতি নিশ্চয়ই। তাঁরই অমর প্রাণে প্রাণান্বিত এই বিশ্বব্রহ্মাণ্ড, —তাঁরই অনির্বাণ আলোকে নিত্য-উদ্ভাসিত; তাঁরই অনন্ত আনন্দে নিত্য-লীলায়িত; তাঁরই অফুরন্ত অমৃতে নিত্য-সঞ্জীবিত। এই মহৎ-মধুর সত্যটিকে বোঝাবার জন্যই, "সর্বগত" বিশেষণটি বারংবার শ্রদ্ধা-ভক্তির সঙ্গে উল্লেখ করেছেন আমাদের শ্রুতি-স্মৃতিসমূহ। তিনি যে আমাদের অতি আপন, অতি নিকট, অতি প্রিয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best Compliments from

BHARTIA COMMERCIAL CO. LTD.

Manufacturers of :

BRIGHT BARS AND SHAFTINGS

B1, GILLANDER HOUSE

8, NETAJI SUBHAS ROAD,

CALCUTTA-1

Factory :
Station Road
KHARDAH

Telegram : LINESHAFT
Telephone : 22-7735 & 22-0039
Factory : Barrackpore-28

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন—আমাদের প্রাণের প্রাণ, আত্মার আত্মা, জীবনের জীবন; আমাদের শাশ্বত ধ্যান-ধারণা, সাধনা-আরাধনা, এষণা-প্রেরণা—এই মনোরম তত্ত্বটিকে পরিস্ফুট কর্‌বার জন্যই তো শ্রীশ্রীমাতৃ-লীলা বিষয়ক শ্রেষ্ঠ গ্রন্থ পরমকরুণা-ঘনা "শ্রীশ্রীচণ্ডী" পরমা জননীকে শত শত বিশেষণ-বিভূষিত করেছেন সর্বদিক্ থেকেই। আমাদেরই প্রয়োজনার্থে, তিনি আজ "চামুণ্ডা"-রূপধারিণী, দানবধ্বংসে রতা। কিন্তু তা' সত্ত্বেও, তিনি আমাদের অশেষকরুণাকোমলা, স্নেহময়ী মমতাঘনা জননী—এই মহা-সত্যই যদি আজকের এই পূজাকালে আমাদের নিকট সুপরিস্ফুট না হয়, তাহলে সেই মহাড়ম্বর, মহানন্দোচ্ছল, মহাশুভ পূজাই ত হয়ে' যাবে আমাদের নিকট সম্পূর্ণরূপে ব্যর্থ!

শ্রীদিলীপকুমার রায়ের

অনামী	৫৷৷০	হাসির গানের স্বরলিপি	৩৲
মহানুভব দ্বিজেন্দ্রলাল	৫৲	অভাবনীয় (অঘটনী উপন্যাস)	১০৲
অঘটনের শোভাযাত্রা	১০৲	ভ্রাম্যমান (২য় সং)	৭৷৷০
মীরা—বৃন্দাবনে (কাব্যনাট্য)	৪৲	অঘটনের ঘটা (উপন্যাস)	৬৲
কৃষ্ণ কথা কাহিনী (ভাগবত ও মহাভারতের অনুবাদ—কবিতায়)	৬৲	দোলা (উপন্যাস—২য় সং)	৮৲
		ভিখারিণী রাজকন্যা	২৷৷০
		যুগর্ষি শ্রীঅরবিন্দ	১০৲
দ্বিচারিণী (উপন্যাস)	২৸০	ভাগবতী গীতি	৪৲
দ্বিজেন্দ্র গীতি (স্বরলিপি)	৮৲	শ্রীচৈতন্য (কাব্যনাট্য)	৩৷৷০
সুরবিহার দুই খণ্ড (ঐ)		অঘটনের পূর্বরাগ	১০৲
প্রতি খণ্ড	৪৲	তীর্থংকর (৩য় সং)	৮৲
দোটানা	৩৲	ধূসরে রঞ্জিত (উপন্যাস)	৯৲
ইন্দিরা দেবীর পত্রাবলী (ধর্ম ও যোগ সম্বন্ধে)	৫৲	ছায়ার আলো (উপন্যাস)	৭৲
		স্মৃতিচারণ ১ম খণ্ড	১২৲
অঘটন আজো ঘটে (উপন্যাস ৭ম সং)	৫৲	২য় খণ্ড	৬৷৷০

হরিকৃষ্ণ মন্দির, পুণা-১৬ ও কলিকাতার অন্যান্য সম্ভ্রান্ত পুস্তকালয়ে পাওয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best compliments from :—

Steel Brothers & Company Limited

(Limited in U.K. with Limited Liability)

Managing Agents & Merchants.

Principal Place of Business in India :

GILLANDER HOUSE

Netaji Subhas Road

CALCUTTA-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



মা এসেছে

নজরুল ইসলাম

জ্যোতির্ম্ময়ী মা এসেছে
আঁধার আঙিনায়,
ত্রিভুবনের ছেলেমেয়ে
আয়রে ছুটে আয়।
আনন্দ আজ লুট হতেছে
কে কুড়াবি আয়,
আনন্দিনী দশভূজা
দশ হাতে ছড়ায়।
মা যে অভয় দিতে এলো ভয়ের
অসুর দ'লে পায়,
আজ জিন্‌বো জগৎ মাভৈঃ বাণীর
বিপুল ভরসায়।
বুকের মাঝে টইটুম্বুর
ভরা নদীর জল—
ওরে, দুল্‌ছে টলমল্।

১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিমাদ্রি

ঝিলের জলে ফুট্‌লো কত
রঙের শতদল—
ছুঁতে মায়ের পদতল।
দেবসেনারা বাচ্ খেলেরে
আকাশ গাঙের স্রোতে,
সেই আনন্দে যোগ দেবে কে
আয়রে বাহির পথে।
আর যেতে দেবো না মা'কে
রাখবো ধরে পায়,
মাতৃহারা মা পেলে কি
ছাড়তে কভু চায়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দর্পহারী

কুমুদরঞ্জন মল্লিক

তুমি এসো দর্পহারী—
শান্ত, সহজ সরল জীবন
উঠলো হয়ে কি ঝক্‌মারি?
দস্যু দলের আস্ফালনে,
জাগছে ভীতি সবার মনে।
নিদারুণ সব অভাব ঘরে,
নিত্য নূতন কি দিগ্‌দারী!

এখন নিরাপত্তার অভাব—
হেরি নিত্য পল্লী গ্রামে
ডাকাত দলের নৈশ হানায়
সর্ব্বনাশ যে ডাইনে বামে।
লুটতরাজের খবর নিতি,
অস্বস্তি আর বাড়ায় ভীতি।
পুণ্য যে প্রায় শূন্য হ'ল—
পাপের পাল্লা হচ্ছে ভারী।

দুর্ভিক্ষের ওই করাল ছায়া
মলিন মুখ—আর শীর্ণ কায়া,
চক্ষু ফেটে জল যে আসে
কি দুর্দ্দিনই এলো, আহা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দীন বন্ধু আনো সুদিন—
আমরা সাহস শক্তি বিহীন,
ধর এবার সুদর্শন হে
ভয়াল দয়াল বংশীধারী।

এসো বিপদ ভঞ্জন এসো
এসো লজ্জা নিবারণ হে।
অশরণের শরণ এসো
প্রতি মনে—প্রতি গৃহে।
সকল দম্ভ দর্প হর,
সান্ত্বনা দাও, শান্ত কর।
অমঙ্গল হোক প্রতিহত
সব আতঙ্ক দাও নিবারি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলেন্দ্রনাথ

কবিশেখর কালিদাস রায়

ক'দিনইবা উজলিলে দেবেন্দ্রের জ্যোতিষ্ক সংসার
উদয় অস্তের মাঝে ব্যবধান স্বল্পই তোমার।
চোখে তোমা দেখি নাই, ছিলাম বালক—
রচনা-পত্রের ফাঁকে পাইয়াছি তোমার আলোক।
দেখিয়াছি ছবি,
দেখিয়াই চিনিয়াছি সর্বাঙ্গ সুন্দর তুমি কবি।
ক্ষীণায়ুর দেশ এটা কতজনই বিলুপ্ত যৌবনে,
শুনি দুঃখে 'আহা' বলি, কোন দাগ থাকেনা এ বুকে।
অকাল প্রয়াণ তব করিয়া স্মরণ
দীর্ঘশ্বাসে চমকিয়া উঠি ক্ষোভে, সে কি অকারণ?
সগোত্র সব্রত তুমি মম—
কি জানি কি যোগসূত্র মৃণালের সূক্ষ্ম সূত্র সম,
আজো অনুভব করি সেই ক্ষীণ ডোর
মনে হয় তব স্নেহ লভ্য ছিল মোর,
আশিষ পাথেয় তব প্রাপ্য ছিল দূর যাত্রা পথে,
কাম্য ছিল তব বাণী জীবনের ব্রতে।
গুরুর প্রথম শিষ্য তুমি যে অগ্রজ
ছিল শিরোধার্য্য মোর তব পদ রজঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমাপ্ত হইল শুধু ভারতীর শুভাধিবাসন,
করেছিলে পূজারীর আসন গ্রহণ—
সহসা মন্দির ত্যজি অনন্তের পথে গেলে চলি
শুকাল বেদিকামূলে উদ্যত অঞ্জলি।
কি যে হ'ত অবদান তব, তুঙ্গোত্তম
হিমাদ্রির পাশে সে কি হিন্দুকুশ সম ?
—আরো উচ্চ ? কে জানে, তা অলস জল্পনা
হয়ত বা, ক্ষান্ত তবু হয় না কল্পনা।
ছিলনাক কোন বিঘ্ন বাধা,
নিশ্চয়ই রাখিতে তুমি পিতৃকল্প গুরুর মর্য্যাদা।
জন্ম তব দেবতা বাঞ্ছিত মহাকুলে
চারিদিকে সারস্বত পরিবেশ, চির দ্বন্দ্ব ভুলে
যেথায় ইন্দিরা বাণী করিতেন আনন্দে বিরাজ,
ভৃঙ্গ হয়ে গুঞ্জরিত যেথা গুণী রসিক সমাজ
সেই পরিবেশে তব বিকসিত কৈশোর-যৌবন
নিকষিত সুবর্ণের পদ্মের মতন
ধূপধূমে পুষ্পগন্ধে ছিল যেথা নিশ্বাস পবন।
উদাত্ত আদর্শ ছিল, শুভ্র ছিল রুচি,
আচার বিচার বাক্য রীতিনীতি সদাচারে শুচি।
রসাবেশ অনুকূল চৌদিকে প্রেরণা,
স্বজনগণের প্রীতি সমাদর শুভশ্রী কামনা,
আশায় উজ্জ্বল ছিল সম্ভাবনাময় ভবিষ্যৎ,
সুরভি কুসুমাস্তীর্ণ দূর যাত্রাপথ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কী তোমার ছিলনাক ভাবি
ছলনা পরুষ রুক্ষ সংসারের দাবি।
রবির কিরণে সমুজ্জ্বল
উচ্ছল অচ্ছোদহ্রদে ছিলে তুমি প্রফুল্ল কমল।
সুন্দর! সুন্দর!
রম্য পরিবেশে চির সুন্দরের পূজা নিরন্তর।
রস গদগদ সেই সদানন্দ সৃষ্টির জগৎ
সুখস্বপ্নবৎ—
সে স্বপ্ন ভাঙিয়া গেল নিষ্ঠুর সে কালের আঘাতে,
বসন্ত দহিল যেন কন্দর্পের সাথে।
যা কিছু সুন্দর বিশ্বে মঙ্গলের সম্ভাবনাময়
তার লয় ক্ষয় অপচয়
জাগায় তা চিত্তে কাতরতা
হে কবি—তোমারে স্মরি পাই তাই ব্যথা।

- * -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জাগরে স্বপন

ইন্দিরা দেবী

এসেছিল সত্যি সখী, কাল কি বঁধু শ্যাম আমার?
পেয়েছিল এই নয়নই আমার দরশন কি তা'র?

ফুলে ফুলে শূন্য আমার বাগান গেল সাজিয়ে কে?
ভাঙা ঘরে চাঁদের আলোয় বাঁশি গেল বাজিয়ে কে?
আমার আঁধার আঙনে বল্ প্রদীপ গেল জ্বালিয়ে কে?
যুগ যুগের তৃষ্ণা ধরে সুধা গেল ঝরিয়ে কে?
এসেছিল কে সে অতিথ্? সে কি বঁধু শ্যাম আমার?
পেয়েছিল এই নয়নই আমার দরশন কি তার?

সত্যি কি এই কানেই আমি শুনেছিলাম নূপুর তার?
এই হাতেই কি চরণধূলি ছুঁয়েছিলাম বঁধুয়ার?
হ'ল রূপান্তর জীবনের কার জাদু বসন্তে রে?
কার পরশে আকাশ বাতাস উছল আজ সুগন্ধে রে?
ছুঁয়ে গেছে কে সে অতিথ্? সে কি বঁধু শ্যাম আমার?
পেয়েছিল এই নয়নই আমার দরশন কি তার?

হয় এমনো কখনো সই, পার অপারের কেউ কি পায়?—
যায় ডেকে সে বাজিয়ে বাঁশি—বৃন্দাবনের শ্যামরায়।
হ'বার যা তো ঘটে কতই—হয় না যা তা-ও হয় ধরায়:
মীরা আজো হরির প্রেমে হাসে কাঁদে নাচে গায়!
ডাক দিয়ে কে গেল অতিথ্? সে কি বঁধু শ্যাম আমার?
পেয়েছিল এই নয়নই আমার দরশন কি তার?

- ❋ -

(ইন্দিরা দেবীর ধ্যানশ্রুত মীরা-ভজনের অনুবাদ—শ্রীদিলীপ কুমার রায়)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৺যশোদানারায়ণ

(তর্পণ)

দিলীপকুমার রায়

ছিল ধন, তবু ছিল না তোমার ধনে আসক্তি ভবে।
জনে জনে দিতে দান—না ভাবিয়া ফল হবে কি না হবে॥
অকৃপণ মন বন্ধু তোমার চাহিত না বিকিকিনি।
যেথা যেতে তাই সুহৃদেরে, ভাই, নিতে সহজেই চিনি॥
নীতিবাদী তুমি ছিলে না তো, তাই অকুণ্ঠে দিতে মান
সমাজে যাদের নাই ঠাঁই—ছিল সরল তোমার প্রাণ॥
তাই তুমি ঋষি শ্রীঅরবিন্দে হৃদয়ের গুরু মানি'
দীক্ষা তাঁহার পেয়েছিলে তাঁরে পারাপারে পারী জানি'।

গুরু ভাই বোনে কত আনন্দে করিতে বরণ স্নেহে!
যারাই আসিত—দিতে আতিথ্য উদার, তোমার গেহে।
যোগী জ্ঞানী মুনি শিল্পী গুণীরে দিতে মালা আলো হেসে ঃ
সবারেই ভালোবাসাতে—তাদের কাছে ডেকে ভালোবেসে।
নিষ্ঠা করিয়া সঙ্কীর্ণতা করেছিলে বর্জন ঃ
গুরুবন্দনা তোমার তাই তো হয় নাই বন্ধন।
যাহারা তোমার বাহিরের ত্রুটি দেখেছে কেবল চাহি'—
জানে না—ঠাকুর নন বিচারক, তিনি যে ভাবগ্রাহী।

- * -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাছের শিশুরা

জগদীশ ভট্টাচার্য

ডিম ছিল,
ধানী হল,
আজ তারা জলের দুলাল।
পুকুরের বারো ফুট তরল আদরে
প্রাণের উল্লাসে খেলা করে।
এক কিলো ঃ দুই কিলো ঃ
তিন-চার-পাঁচ কিলো হলে
ওদের খেলার দিন সাঙ্গ হয়
জেলেদের লালসার জালে।
আমিষাশী শিকারীর হাতে
জলের শিশুরা অসহায়!

আরেক শিকারী পশু আছে,—
নরমাংস নারীমাংস শিশুমাংস
শিকার তাদের।
আকাশের অতিকায় রাক্ষুসে মাছের রূপ নিয়ে
ঝাঁকে ঝাঁকে উড়ে আসে তারা।
উড়ে উড়ে ডিম পাড়ে,
মৃত্যুগর্ভ নরকের ডিম।
ডিম ফোটে, ডিম ফাটে,
ডিমে ডিমে প্রলয়ের আগুন ছড়ায়।
মানুষের শিশুগুলি
চূর্ণ চূর্ণ পরমাণু হয়ে
মিলায় আকাশে।
ওই সব জড়শক্তি রাক্ষসের হাতে
প্রাণের পুতুলগুলি বড়ো অসহায়!!

- * -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজকের প্রতিশ্রুতি

সুতপা রায়

এখানেই শেষ করি অভিনয় তবে—
দাও ফেলে যবনিকা আজকের মতো।
সব রং মুছে নিতে কতো দেরী হবে
তা নিয়ে আজকে ক্ষোভ ক'রোনা অন্ততঃ।

কালকের আলো ফের ভোলাবে হয়তো—
এ শপথ গলে যাবে আঙুলের ফাঁকে ;
তবু আজকের প্রতি বিশ্বাসী থাকো—
হয়তো পৌঁছে গেছি জীবনের বাঁকে।

কে বলতে পারে, বলো, তারাভরা রাত
হয়তো আজকে তার খুলে যবনিকা
আমার সত্তার পানে মেলে দেবে হাত,
হৃদয়েতে জ্বেলে দেবে জ্যোতির্ম্ময় শিখা।
রূপসজ্জা দিয়েছি তো সব মুছে ফেলে,
হৃদয়ের ঐকতানও, শোনো, গেছে থেমে—
জীবনের সাজঘরে দ্বারখানি খুলে
আমাকে দাঁড়াতে দাও মঞ্চ থেকে নেমে।

হয়তো আজ-ই পাবো, হয়তো পাবোনা
প্রতীক্ষা জীবন ভরে হবে অকারণ—
আমি শুধে দিতে চাই জীবনের দেনা
পারি বা না পারি, তুমি করোনা বারণ॥

-*-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রপঞ্চ

পরমানন্দ সরস্বতী

মাটির ঘরে কোথায় পাবে
সুখের দুধ সর,
সুখের সরা ছিদ্র করে
কঠিন পঞ্চশর।

সুখের সুতোয়
যতই জাল বোনো,
মৌমাছি নয়—
কালো মাছি
ধরতে পারো কোনো।

স্বর্গ অলীক—অর্ঘ দেবে দেহ?
অঘোর রাতের ধূর্ত নায়ক
অমন্ত্রক কেহ।
সোনার পাত্রে রয় অবশেষ
সুরার ফেনা শুধু—
মরণ চাখে মধু।

আত্মরতির মায়া
স্বার্থ প্রাচীরে
রচে দুঃখের
দুর্ভর কালো ছায়া।
অগাধ শান্তি তৃপ্তির সাধ
মেলে মুক্তির তটে,
আঁধার পুঞ্জ জমা হয় শুধু
জীর্ণ মাটির ঘটে॥

- * -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃষ্ণচূড়া

অনন্তকুমার চট্টোপাধ্যায়

শিমুলের পলাশের কাল
বহুকাল কেটে গেছে—এখন আকাল,
তৃষ্ণার্ত্ত মাটির বুকে অঙ্কুরের ঘুম
এখনো ভাঙ্গেনি বন্ধু—দুপুর নিঝুম।

গাজনের সন্ন্যাসীর বেশ
এখনো ছাড়েনি পৃথ্বী—চৈত্র শেষ!
সে ত কবে হয়ে গেছে—তবু কেন উদাসীর চোখে
কামনার দীপ্তি নেই—তার মর্ম্মলোকে
নেই কেন কোন উন্মাদনা
সুদৃঢ় আশ্লেষবন্ধে চূর্ণ হয়ে হারাতে চেতনা।

তাই কি বৈশাখী মেঘ লীলাচ্ছলে দিগঙ্গনে এসে
অকস্মাৎ থেমে যায়; ফোঁটাদুই দাক্ষিণ্যের শেষে
ফিরে যায় বুক জুড়ে অতৃপ্তির হাহাকার রেখে
পৃথিবীকে তপস্বিনী দেখে।

আমি জানি এ তপস্যা একদিন হবে সমাপন
বাসনার বহ্নি জ্বেলে কৃষ্ণচূড়া দাঁড়াবে যখন
রক্তে রক্তে চঞ্চলতা—নিঃশ্বাসে প্রলয়—
জাগো জাগো কৃষ্ণচূড়া! —
ধরিত্রীর তপোভঙ্গে হোক তব জয়।

- ❋ -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবু ঢেউ ফিরে আসে

সন্তোষকুমার অধিকারী

বহুবিচিত্র মুখের ছবিকে এঁকে
সেই একমুখে বারবার ফিরে আসি,
বহু নদী বেয়ে শ্যাম তটভূমি থেকে
আমি শেষ সেই চেনা স্রোতে শুধু ভাসি।
উঠেছি পাহাড়চূড়ায় অনেক বার,
দেখেছি সুদূর খোয়াই ও প্রান্তর ;
ছিঁড়েছি নোঙর, হাওর হয়েছি পার,
খুঁজেছি তবুও চেনা এক বন্দর।
হায়, বিচিত্র নারি ! না, ছলনাময়ি !
সমুদ্রতটে দেখেছ কি ঝাউবন ?
শুনেছো কি শেষ রাত্রির বাতাসেতে
সেই অশরীরী হৃদয়ের ক্রন্দন !
দুরন্ত স্রোত, তবু ঢেউ ফিরে আসে,
ভোলে দিগন্ত, খোঁজে ঝিনুকের মুখে
ভালবাসা ; আশা আছড়ায় উচ্ছ্বাসে
বহুচেনা সেই মাটির বালুকা বুকে।
কোথা গেল পায়ে ঐরাবতের গতি,
কেন ভুলে যাই—এ জগৎ চলমান ?
সীমাকে ছেঁড়ার শপথ নিয়েছি বুকে—
কাণে বাজে তবু নির্ঝরিণীর গান !
অন্তবিহীন আকাশের নীল মেঘে
পাখা মেলে দিলে বহমান ছায়াপথ—
তবুও সবুজ চির চেনা নীড় খোঁজে
মৃত্তিকামুখী বিহঙ্গ মনোরথ !!

- * -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসার্থক তবু এ মানুষ

শান্তশীল দাশ

মানুষ সুন্দর হবে, মিলে মিশে রবে এক সাথে,
বিদ্বেষ বৈরিতা নয়, নানা জন এক পরিবার,
খুশি খুশি মন নিয়ে শুভ চিন্তা, শুভ অনুষ্ঠান—
এই তো সে চেয়েছিল জীবনের প্রথম প্রভাতে।

পশুরা হিংসার বশ, জৈব ধর্ম মেনে চলে শুধু,
তার বেশি সাধ্য নেই, এই নিয়ে পশুর জগৎ ;
সে-জগৎ হতে দূরে চলে এলো আরণ্য-মানব,
নতুন জগৎ সৃষ্টি করিলো সে স্বীয় প্রতিভায়।

ধীরে ধীরে সে-জগৎ ভরে উঠে কত না সম্পদে,—
মানুষের প্রতিভায় নিত্য-নব সৃষ্টির বিকাশ।
পশুরা পশুই রইলো ; জয়ধ্বজা ওড়ে মানুষের—
আকাশে বাতাসে ধ্বনি, "জয় জয় মানুষের জয়"।

মানুষ অনেক পেল, পেলনাক' কাম্য ধন তার।
নানা ঐশ্বর্যের ভারে ভারাক্রান্ত মানুষের চোখে
হতাশার জল ঝরে—কোথা সেই শান্তিনিকেতন ?
চারিদিকে বিদ্বেষের বহ্নি জ্বলে, অশান্ত ধরণী।

আবার নতুন করে সুরু তার হবে এ জীবন,
আনতেই হবে সেই কাম্য ধন, নইলে বিফল
সমস্ত সাধনা তার। গ্রহ হতে গ্রহান্তর পানে
যতই হোক না গতি, অসার্থক তবু এ মানুষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টাকা আসে.... আর যায়

কিন্তু ষ্টেট ব্যাঙ্কে টাকা আসে আর বেড়ে যায়

ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়াতে জমা রাখলে আপনার ভবিষ্যৎ সুরক্ষিত থাকবে। আপনি যখন লেখাপড়া বা কাজকর্ম্ম করতে থাকবেন আপনার জমা টাকা এদিকে বেড়েই চলবে। চেকের সুবিধে সমেত একটি সেভিংস অ্যাকাউণ্ট খুলুন। কর কমেছে ব'লে আপনার হাতে আরো টাকা থাকবে—তাই আপনি আরো বেশী জমাতে পারবেন ও ষ্টেট ব্যাঙ্কের দেওয়া সবচেয়ে বেশী হারের সুদের লাভও পেতে পারবেন।

১৯৬৫ সালের ১৮ই ফেব্রুয়ারী থেকে কার্যকরী নতুন সুদের হার

সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউণ্ট	৪%
সেভিংস ব্যাঙ্ক ডিপজিট	৫%

ফিক্সড্ ডিপজিট ঃ

৯১ দিন ও তার বেশী তবে ৬ মাসের কম ...	৫%
৬০ মাস ও তার বেশী	৭%
১২ মাস ও তার বেশী তবে ২৪ মাসের কম ...	৬%

আপনি চাইলেই সুদের হারের বিশদ বিবরণী পাবেন।

সকলের সেবায়—

ষ্টেট ব্যাঙ্ক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমন্বয়ের সমস্যা

নারায়ণ চৌধুরী

এই সংসারের পথে চলতে গিয়ে এত বিচিত্র পরস্পর বিরোধী আদর্শ-সংঘাত ও ভাব-দ্বন্দ্বের সম্মুখীন হতে হয় যে তার মধ্য থেকে বাছাই করে জীবনের সঠিক চলার পথটি খুঁজে বার করা এক কঠিন ব্যাপার। সমস্যাটি কঠিন আরও এই কারণে যে, ঠিক কী যে করণীয় তার হদিস পাওয়াই ভার। বিভিন্ন বিরোধী আদর্শগুলির মধ্যে সামঞ্জস্য সাধন করে একটা যৌগিক রাস্তা বার করে তাতে চলাই ঠিক, না কি অন্য সব আদর্শকে নির্মমভাবে ছাঁট্ই করে নিজের মনোমত একটি আদর্শকে বেছে নিয়ে সেই পথে চলাই ভাল—তা সব সময় ঠাহর করা যায় না। ফলে বিমূঢ়তা আরও বাড়ে। সংসারে ঠিক ঠিক কর্তব্য নির্ণয়ের পথ যে বড় কঠিন, বারেবারেই সেই সমস্যার মুখোমুখি হয়ে বিহ্বল হয়ে পড়া ছাড়া গত্যন্তর থাকে না।

বঙ্কিমচন্দ্র তাঁর 'কৃষ্ণচরিত্র' গ্রন্থে বলেছেন যে, বিভিন্ন পরস্পর-বিরোধী বৃত্তিনিচয়ের মধ্যে সামঞ্জস্য সাধনেই মনুষ্যত্বের পূর্ণতা। কথাটি অতিশয় মূল্যবান, এ কথার সারবত্তায় সন্দেহ করবার কোনো কারণ নেই, কিন্তু কেমন করে যে সেই সামঞ্জস্য সাধন করা যায় সেইটেই হল প্রশ্ন। বলা হবে, গীতায় শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত উক্তিতে এই সামঞ্জস্য সাধনের অভ্রান্ত পথ নির্দেশ দেওয়া আছে। গীতোক্ত উপদেশ অনুসারে চললে সামঞ্জস্য বিধান কঠিন মনে নাও হতে পারে। শুধু ভগবান শ্রীকৃষ্ণ বলে কথা নয়, আমাদের দেশের সব বড়ো বড়ো দার্শনিক, ধর্মসাধক, চিন্তাবীর যোগী ঋষি সন্ত শ্রেণীর মানুষ—তা তাঁরা পুরাতন কালেরই হোন আর এ কালেরই হোন—সকলেই একবাক্যে এই সামঞ্জস্য বা সমন্বয়ের তত্ত্বের ওপর জোর দিয়েছেন। সমন্বয় বাহিরের সঙ্গে ভিতরের, সমন্বয় ভিতরের বিভিন্ন যুধ্যমান প্রবৃত্তিগুলির মধ্যে, সমন্বয় সমাজের সঙ্গে ব্যক্তির, সমন্বয় কর্মের সঙ্গে জ্ঞান ও ভক্তির। তত্ত্বটির আক্ষরিক প্রকাশে তেমন জটিলতা নেই, অর্থ তার সোজা-সরল বলেই মনে হয়, কিন্তু তার পালন বড়োই দুরূহ। এত দুরূহ যে ক্ষুরের ধারের উপর দিয়ে চলাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

JIBON KRISHNA DEY

Founders & Mechanical Engineers

* *
*

Manufacturers of :

C. I. Sluice Valves (**Tested Quality**) all Sorts of Pipe Fittings, M. S. & G. M. Couplings for Petrol Sand and Gravel Hoses and Mechanical Jobs.

* *
*

3/4, KALIPROSAD CHAKRAVORTY LANE,

HOWRAH.

Phone : 66-4072

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বোধ হয় তার তুলনায় সহজ। বিশেষতঃ আমাদের মতো যারা সাধারণ সংসারী গৃহী মানুষ, একালীন জীবনযাত্রার পরিবেশ ও নানা দাবির সঙ্গে আপোষ-রফা করে পদে পদে যাদের সংসারে চলতে হয়, তাদের পক্ষে ওই আদর্শের আচরণ যে কী সাংঘাতিক কঠিন বস্তু, ভুক্তভোগী মাত্রেই আমরা নিজ নিজ জীবনের অভিজ্ঞতা থেকে তার সাক্ষ্য প্রদান করতে পারি।

অপরের অভিজ্ঞতার কথা সঠিক করে বলার উপায় নেই, আমি শুধু আমার নিজের দুস্তর অসুবিধার কথাটাই স্পষ্ট গ্রাহ্য ভাষায় প্রকাশ করতে পারি। উদাহরণে বক্তব্য পরিষ্কার হয়, আরও পরিষ্কার হয় যদি নিজের জীবন থেকে উদাহরণ দেওয়া যায়। সেই চেষ্টাই এখানে করব। পাঠকদের কাছে অকপট-ভাবে নিজের মন খুলে ধরতে চাই, তাঁরা সেই স্বীকারোক্তির অন্তর্নিহিত বক্তব্য মানুন বা না-ই মানুন, আন্তরিকতাটুকুর অন্ততঃ মর্য্যাদা দেবেন এই তাঁদের কাছে আশা করি।

প্রথমেই বলে রাখি, ভারতীয় ধর্ম-সাধনার আদর্শ আমাকে গভীরভাবে আকর্ষণ করে কিন্তু সেই সঙ্গে আবার এও মনে হয় যে, আমরা বর্ত্তমানে যে ধরণের জীবনযাপন করে থাকি—তার কঠোর জীবিকার সংগ্রাম, অভাব-অভিযোগ-অন্নাভাব, বিশৃঙ্খল সমাজস্থিতি, নিষ্করুণ, কখনও কখনও কুৎসিত পরিপার্শ্ব, ভিড়-আবর্জনা-কোলাহল-গণরোষের অভি-ব্যক্তি-মারামারি-কাটাকাটি, 'ট্রেণ-আটক-সম্পত্তি তছনছ কথায়-কথায় বহ্ন্যুৎসব—তার সঙ্গে ওই সুন্দর আদর্শ একেবারেই বেথাপ। ওই আদর্শের যথাযথ পালনের জন্য যে শান্ত, নিরুদ্বেগ, চঞ্চলতাবর্জিত আবহ চারদিকে থাকা আবশ্যক, আজকের পরিস্থিতিতে তার একান্তই অসদ্ভাব। ভারতীয় ঋষিরা সর্বাবস্থায় চিত্তকে স্থির, সহিষ্ণু, ধৈর্যশীল রাখবার কথা বলেন, ভিতরে ভিতরে শান্ত হয়ে যাবার পরামর্শ দেন ; কিন্তু বর্তমানের বিক্ষুব্ধ পরিস্থিতিতে কেমন করে যে তা সম্ভব তা তো বুঝতে পারি নে। সমন্বয় ও সামঞ্জস্যের আদর্শ আচরণ করতে বলা এক কথা, আর তাকে আচরণে ফুটিয়ে তুলতে পারা সম্পূর্ণ ভিন্ন কথা। সমাজের পঞ্জরে পঞ্জরে আজ অস্থিরতা ও চাঞ্চল্যের বেগ, কেমন করে তার মধ্যে আমরা অচঞ্চল থাকতে পারি। চতুষ্পার্শ্বের সর্ববিধ অভাব-ক্ষোভ-বঞ্চনা-অবিচার-অত্যাচারের দৃশ্যে অবিচলিত থেকে কোন্ জাদুবলে আমরা আত্মস্থ হব? কে আমাদের সেই রহস্যের সন্ধান পথ দেখিয়ে দেবে?

আমার মুশকিল হয়েছে এই যে, ভারতীয় সনাতন ধর্মসাধনার মূল্যবোধে যেমন আমি গভীরভাবে বিশ্বাস করি, তেমনি আবার একালীন প্রগতিশীল চিন্তাধারায়ও সমভাবে বিশ্বাসী। ভারতীয় বেদান্ত ও বৈষ্ণবদর্শনের ঐতিহ্য অনুশীলন করে যেমন আনন্দ পাই, তেমনি আবার পাশ্চাত্ত্যসূত্রে আগত একালীন সমাজতন্ত্রী চিন্তাদর্শও মনকে নিবিড়ভাবে টানে। একদিকে রামকৃষ্ণ-বিবেকানন্দ-অরবিন্দ-গান্ধী-রবীন্দ্রনাথ, অন্য দিকে মার্ক্স-এঞ্জেলস-লেনিন-মানবেন্দ্রনাথ- র'-রাসেল হাক্সলি—এই দুই বিপরীত কোটির চিন্তা-নায়কের দল সমভাবেই আমার অভি-নিবেশ দাবি করেন ও পেয়ে থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the Compliments of :

THE BENGAL FLOUR MILLS LTD.,

21, Netaji Subhas Road,

CALCUTTA-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এর কোন একটিকে ছেড়ে অন্য একটি বিকল্পকে বিনিঃশেষে গ্রহণ করতে আমার মন চায় না, কেন না ওই দুই ধারার মনাষীর দুই ধরণের চিন্তার মধ্যেই আমি রস খুঁজে পাই এবং একটির খাতিরে অন্যটিকে বর্জন করতে আমি নারাজ।

ফলে হয়েছে এই যে, যে আত্মসমাহিত প্রশান্তি ও অবিচল স্থৈর্যের অনুশীলনের অবশ্য প্রয়োজনীয়তার কথা ভারতীয় সাধকেরা বার বার বলে গেছেন তা কেবলই আমার বা আমার মত আর যাঁরা ভারতীয় ধারার প্রতি শ্রদ্ধাশীল হয়েও একালীন প্রত্যয়েও বিশ্বাসী, তাঁদের আয়ত্তের বাইরে থেকে যাচ্ছে। কেমন করে এই দুই কোটির জীবনাদর্শের মধ্যে সামঞ্জস্য সাধন করতে হয় তার তত্ত্ব আমি জানি না।

সামাজিক অন্যায় অবিচারের দৃষ্টান্তে আমার মন নিতান্ত ক্ষুব্ধ হয়, জনগণের বঞ্চিতজীবনের হতাশা ও ব্যর্থতা অন্তরকে স্থৈর্যহারা করে তোলে, মানুষের দৈনন্দিন মুখের গ্রাস কেড়ে নিয়ে যেসব লোভী মানুষ মুনাফার পাহাড় জমিয়ে তুলছে, সেইসব মনুষ্যদেহী হাঙর কালোবাজারী, চোরাকারবারী-মজুতদার জোতদারদের প্রতি রোষে-ক্রোধে ক্ষোভে আমার চিত্ত প্রতিনিয়ত মথিত হতে থাকে; অথচ ঠিক তার পরক্ষণেই কোনো ভারতীয় সাধকের রচনায় যদি এই উপদেশ পাই যে, বাহিরের ঘটনার দ্বারা মনকে বিচলিত হতে দিতে নেই, সর্বাবস্থায় স্থির ও শান্ত থাকার মধ্যেই ব্যক্তিত্বের সার্থকতা, তা হলে সেই উপদেশের যৌক্তিকতায় আস্থাশীল হয়েও তাকে পুরোপুরি মেনে নিতে কোথায় যেন আমার বাধে। স্থির ও শান্ত যে হব কোথায় তার উপযুক্ত পরিবেশ আজকের সমাজে? যে সাধকেরা এই জাতীয় উপদেশ দিয়ে গেছেন তাঁরা কি আজকের স্থিতি মনশ্চক্ষে কখনও কল্পনা করতে পেরেছিলেন? সকল কালের জন্যই যদি তাঁদের প্রচারিত আদর্শের উপযোগিতা, তবে এই কালের বিশেষ অবস্থায় কেন তাদের প্রয়োগে এত বাধা, এত অসুবিধা? এমনতরো অরাজক অবস্থা যে কখনও সৃষ্টি হতে পারে সেটির হিসাব না করেই কি তাঁরা তাঁদের আদর্শ প্রচার করেছিলেন?

জনগণের দুঃখদুর্দশায় আমার হৃদয় গভীরভাবে মথিত হওয়ার কথা বলেছি। এই আলোড়নের পশ্চাতে প্রতি মানুষেরই অন্তরে যে সহজ মানবতার আবেগ আছে তার পোষকতা নিশ্চয়ই আছে, না থেকেই পারে না, কিন্তু আমার বেলায় সেইটেই বোধ হয় একমাত্র কারণ নয়। পাশ্চাত্ত্যের সমাজতন্ত্রী সাহিত্য পাঠে আমার ভিতর এই চেতনা তীক্ষ্ণতর হয়েছে, সেটা স্পষ্ট অনুভব করতে পারি। মার্কসবাদের হিংসাচার আমি স্বীকার করি না—আমার ভারতীয় মন সেখানে আমাকে বাধা দেয়—কিন্তু মার্কসবাদের অন্তর্নিহিত করুণা ও শোষিত-বঞ্চিত জনগণের দুঃখে আত্মীয়তার অঙ্গীকারের আদর্শ আমার চিত্তকে গভীরভাবে আকর্ষণ করে আর তারই জন্য যেখানেই জনগণের অত্যাচারিত হওয়ার দৃষ্টান্ত প্রত্যক্ষ করি, সেখানেই আমার মন অত্যাচার-কারীর প্রতি বিদ্রোহী হয়ে ওঠে এবং ক্ষমার পথে নয় সহনশীলতার পথে নয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

SHALIMAR ROPES

are Serving the National Needs Of Ropes by their Standard and Durable Ropes.

Viz :—

1. Sisal Ropes
2. Manila
3. Cotton
4. Jute
5. Aloe
6. Terrylene Rope
7. Nylon
8. Silk/Wool
9. Tarred Marlin
10. Hemp Rope

Spun Yarns, Cord, Lines etc.

The Shalimar Rope Works Ltd.

14, NETAJI SUBHAS ROAD,
CALCUTTA.

Phone : 22-5265 Gram : SHALROPES

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অত্যাচারীর উপযুক্ত শাস্তি-বিধানের পথে সামাজিক সুবিচার প্রতিষ্ঠিত দেখবার জন্য মন আকুলি-বিকুলি করতে থাকে। এই জাতীয় ক্ষেত্রে কখনও কখনও ক্রোধ এত তীব্র হয়ে ওঠে যে, মন হিংসা-অহিংসার দ্বন্দ্বে টলমল করতে থাকে এবং বুদ্ধ-চৈতন্য-গান্ধীর প্রচারিত প্রেম, শান্তি ও অহিংসার পথই সর্বক্ষেত্রে একমাত্র আচরণীয় পথ কিনা সে বিষয়ে মনে সন্দেহ অঙ্কুরিত হয়ে ওঠে।

এই যে আজ পশ্চিম বাংলার অন্নাভাব-পীড়িত মানুষ ক্ষুধার তাড়নায় দিগ্বি-দিক্জ্ঞানশূন্য হয়ে কখনও কখনও আপন হস্তে আইন গ্রহণ করে এমনিতেই বিপর্যস্ত অবস্থা আরও বেশী বিপর্যস্ত করে তুলছে, এ দৃশ্য অতীব মর্মান্তিক। জনগণের স্বহস্তে আইনের অধিকার প্রয়োগ সমর্থনযোগ্য নয়, তাতে বিশৃঙ্খলাকেই আরও বাড়িয়ে তোলা হয় মাত্র। এটা যেমন স্বীকার করি তেমনি এ কথাও তো ভুলতে পারিনে যে, জন-গণের অভাব-অভিযোগ সর্বৈব সত্য। তাদের দুঃখ-দুর্গতি আশু প্রতিকারযোগ্য। পশ্চিমবঙ্গের জনগণের এই রিক্ত অবস্থা একদিনে হয়নি, ধীরে ধীরে অভাব পুঞ্জীভূত হয়ে আজ তা বিস্ফোরণের আকারে ফেটে পড়বার উপক্রম করেছে। সমাজ একটা বিপ্লবের কিনারায় এসে দাঁড়িয়েছে। আমাদের সামাজিক বিবেক আজ না হয় অচেতন অবস্থা থেকে পাশ ফিরে গা-ঝাড়া দিয়ে উঠেছে, কিন্তু এতদিন আমাদের এই সামাজিক বিবেক আত্মতুষ্টির কোন্ গহ্বরে মুখ লুকিয়েছিল? দীর্ঘদিন যাবৎ তিলে তিলে মানুষ শোষিত হয়েছে; দরিদ্র দরিদ্রতর হয়েছে, ধনী ধনীতর হয়েছে, তখন কোথায় ছিল জাতীয় নেতৃবৃন্দের অন্তরে বিবেক দংশনের অনুভূতি? সব দেখেশুনে এক এক সময় আমার মনে হয় এই হতভাগ্য দেশের ওপর দিয়ে বোধহয় একটা বড়ো গোছের বিপ্লবের ঝড় বয়ে যাওয়াই ভালো। জোড়াতালি দিয়ে, গোঁজামিল দিয়ে কাজ হাঁসিলের দিন বোধ হয় চলে গেছে, এখানে খানিকটা সেলাইয়ের ফোড় ওখানে খানিকটা রিফুকর্ম এইভাবে আর দেশের শাসনতন্ত্র বোধ করি খাড়া রাখা যাবে না। একটা প্রবল তছনছকারী সংগঠনের মাধ্যমে সবকিছু ওলট-পালটের পর তামসী নিশার ঝড়-বৃষ্টি-বিদ্যুৎ-বজ্রগর্জনের ঘনঘটার পর বালার্কের অরুণাভমণ্ডিত শান্ত ও নির্মল প্রভাতের অভ্যুদয়ের মত যদি আবার নতুন করে দিনের শুরু করা যেত তবে সম্ভবতঃ এই দেশের ভাগ্যে সুখোদয় হত। খণ্ড-খণ্ড সংস্কারের মধ্য দিয়ে পুরাতন অবস্থা-ব্যবস্থাকে জীইয়ে রাখার বদলে যদি ক্রান্তিকারী বা বৈপ্লবিক পরিবর্তনের মধ্য দিয়ে নতুন সমাজের জন্ম দেওয়া যেত তা হলে বোধ হয় ভালো হত।

কেন এই চূড়ান্ত পথের কথা বলছি ব্যাখ্যা করে সেটা বোঝাচ্ছি। বলা হয়, আমাদের দেশ সবচেয়ে আধ্যাত্মিক দেশ, মজ্জাগত ধর্মীয় প্রবণতার দেশ। ইহবিমুখতার দেশ। পারত্রিক মঙ্গলের জন্য নাকি এ দেশের মানুষ জাগতিক সুখস্বাচ্ছন্দ্য-ভোগকে তুচ্ছ করতে দ্বিধা করে না। অথচ এই দেশের মানুষ যত খাদ্যে ভেজাল মেশায়, দুধে জল দেয়, ওষুধে জালিয়াতি করে এমন বোধ হয় আর কোনো দেশে নয়। অতি মুনাফার লোভে খাদ্য লুকিয়ে রেখে কৃত্রিম উপায়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments of :

The Hooghly Flour Mills Company Ltd.,

Manufacturers of

'COCKATOO' Brand Quality Wheat Products.

4, BANKSHALL STREET,

CALCUTTA-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খাদ্যের দাম আকাশ ছোঁয়া করে তোলা আজকাল ব্যতিক্রম না হয়ে একটা নিয়ম হয়ে দাঁড়িয়েছে। আধ্যাত্মিকতার কী অপূর্ব পরাকাষ্ঠা। ধর্মাধর্মের কী চমৎকার সহাবস্থান। আর আমাদের নেতা ও শাসকদেরও বলিহারি যাই। ভেজাল মজুতদারী ইত্যাদির প্রতি রাষ্ট্রীয় স্তরে এমন অপরিসীম সহনশীলতা অন্য কোনো দেশে দেখা যায় না। যখনই ভেজাল দমনের কথা বলা হয় তখনই বলা হয় যে, এ বিষয়ে ব্যবস্থাবলম্বনের মত উপযুক্ত আইন সরকারের হাতে নেই। নেই তো সেই আইন তৈরী করবার পথে বাধা কোথায়? মজুতদারী-কালোবাজারী নিরোধের প্রশ্নে আমাদের পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী তো স্বীয় সরকারের ব্যর্থতা কবুল করে বলেই ফেললেন, ব্যাপকভাবে কালোবাজারী দমন করা সম্ভব নয়, দমন করবার চেষ্টা হলে নাকি দেশে গৃহযুদ্ধ বেধে যাবে!

এই তো আমাদের দেশের অবস্থা! অথচ এসব ক্ষেত্রে অন্যান্য দেশের আচরণের মান কত ভিন্ন। কাগজে পড়েছিলুম বিলাতের একটি চকোলেট কোম্পানীর চকোলেটে ইটের কুচি পাওয়া গিয়েছিল বলে সেই কোম্পানীকে বন্ধ করে দেবার শাসানি দেওয়া হয়, পরে মোটা রকমের খেসারত দিয়ে কোম্পানী পার পায়। জাপানের কোনো এক প্রসিদ্ধ ডেয়ারি-ফার্মে এক ভারতীয় যুবক কাজ করত। মালিক তার খদ্দেরদের ষোল-আনা খাঁটি দুধ বিক্রি করত এটা তার সহ্য হচ্ছিল না। সে এ দেশের জলহাওয়ায় মানুষ হয়েছে কিনা, তাই কেমন করে মানুষকে ফাঁকি দিতে হয় সেই বুদ্ধি তার মাথায় গজগজ করছিল। সে মালিককে দুধে জল মিশিয়ে সস্তায় মুনাফা বাড়াবার কায়দা শেখাতে যায়। জাপানী মালিক প্রথমটা ভারতীয় কৃষকের পরামর্শের অর্থ হৃদয়ঙ্গম করতে পারেনি—না পারারই কথা, কারণ দুধে জল মেশানো কাকে বলে তা তার জানা ছিল না। যখন হৃদয়ঙ্গম করতে পারল তখন ক্রোধে ক্ষোভে অগ্নিশর্মা হয়ে উঠল, এরকম প্রস্তাব যে কেউ করতে পারে তা তার অভাবনীয় ছিল। বলাবাহুল্য, ভারতীয় যুবকটির ওইখানেই চাকুরিতে ইতি হল।

কথাটির সত্যমিথ্যা বলতে পারব না, শুনেছি জার্মান ভাষায় 'Adulteration' বলে কোন শব্দ নেই। ওই প্রক্রিয়াটি কী তা জার্মানদের জানা নেই বলেই বোধ হয় তাদের অভিধানে ওই শব্দ বা ওই শব্দের প্রতিশব্দ দেওয়ার প্রয়োজন অনুভূত হয় নি। অথচ জার্মানী, জাপান, ইংলণ্ড আমাদের দেশের তুলনায় অনেক বেশী ঐহিকতাসম্পন্ন দেশ বলে কথিত। ভারতীয়রা নাকি অধ্যাত্ম-চেতনাসম্পন্ন জাতি; ইংরেজ জার্মান এরা নাকি সব জড়বাদী মানুষ!. এই যদি আমাদের আধ্যাত্মিকতার স্বরূপ হয় তা হলে তেমন আধ্যাত্মিকতার খুরে দণ্ডবৎ!

প্রসিদ্ধ লেখক নীরদচন্দ্র চৌধুরীর নাম অনেকেই শুনে থাকবেন। ইংরেজীতে কয়েকখানি মাত্র বই লিখে তিনি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছেন। নীরদ চৌধুরী অতিশয় ব্যক্তিত্ববাদী লেখক, তাঁর মতামত খুবই ধারালো কিন্তু প্রায়শঃ স্পষ্ট ও অপ্রিয়। তাঁর সকল মতামতের সঙ্গে সায় দেওয়া কঠিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

MAMSONA INDUSTRIES

Specialists in :

CASTINGS (Fe & Non Fe), SPARE PARTS, *Cocks & Valves* and CHEMICAL PLANTS, LABORATORY EQUIPMENTS, METALOGRAPHY INSTRUMENTS & ORE DRESSING EQUIPMENTS

&

Heat Treatment Furnaces

&

Drying Chambers

Office :

137, CANNING ST. (3rd floor) Cal.-1

Phone : 22-6198

With the Compliments from :—

Bharat Hardware & Textile Syndicate

14, Netaji Subhas Road,

Calcutta-1

Phone : 22-7171 (3 lines) Gram : 'BHARTESU'

Dealers in Cotton Waste, C. I. Pipe & Fitting, Paper Tube, Electrical Cables and financiers of all kind of vehicles.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে কোনো-কোনো সময় তিনি এমন মোক্ষম সব মন্তব্য করেন যার মৌলিকতা ও চমক ক্ষয় হতে সময় লাগে। তিনি তাঁর The Continent of the Circe বইতে লিখেছেন, ভারতীয়দের কে বলে মূলতঃ অধ্যাত্মবাদী ধর্মপ্রবণ জাতি? পূর্বাপর ভারতীয় ইতিহাস পাঠে তাঁর এই প্রতীতি জন্মেছে যে, ভারতীয়দের মত এমন অর্থলিপ্সু জাতি ভূমণ্ডলে খুব অল্পই আছে। নীরদ চৌধুরীর এই মত কতটা গ্রাহ্য বা অগ্রাহ্য আমি তা বলতে পারব না, আমি শুধু এই বলব যে, তিনি ভারতীয়দের জাতিগত বৈশিষ্ট্যের প্রশ্নটি সম্পূর্ণ ভিন্ন এক দৃষ্টিকোণ থেকে উপস্থাপিত করেছেন। তিনি একজন বাঘা পণ্ডিত, বহু-অধীত ব্যক্তি, আমার পছন্দের সঙ্গে মিলল না বলেই তাঁর যুক্তিকে এক কথায় নস্যাৎ করব এতটা আত্মপ্রেমী মনোভাব না থাকাই ভালো।

কী কথায় কী কথা এসে গেল! আমি বলতে আরম্ভ করেছিলুম সমন্বয়ের তত্ত্বের বিষয়ে, তা থেকে কথা প্রসঙ্গ থেকে প্রসঙ্গান্তর বেয়ে অনেক দূর গড়িয়ে গেছে। আমার এই রচনার মূল প্রতিপাদ্য হল, আজকের দিনে সমাজের স্থিতি এমনই বিক্ষুব্ধ, ভয়াল, ঝটিকা সম্ভাবনাময় যে ইচ্ছা করলেই মনকে স্থির রাখা যায় না। আমার চোখের ওপর নিত্য এমন সব ঘটনা ঘটছে যার আঘাতে স্বভাবতে মন ক্ষতবিক্ষত না হয়েই পারে না। রোজ খবরের কাগজ খুললে মন বিমর্ষ হয়ে পড়ে। তেতো বড়ির মত নানা অপ্রিয় সংবাদ গলাধঃকরণ করা ছাড়া গত্যন্তর থাকে না। সারাটা দিন তার দরুণ বিষিয়ে যায়। এই অবস্থায় মহাজনদের উক্ত স্থৈর্য ও ধৈর্যশীল হবার উপদেশ কাজে খাটাবার উপায় কি? কে বলে দেবে অন্তরে বাহিরে সুস্থিত হবার শ্রেষ্ঠ পথ কী? সভ্য পৃথিবীর সঙ্গে সকল সংস্রব ত্যাগ করে, খবর-কাগজের অত্যাচারকে পাশ কাটিয়ে, লোকালয় থেকে দূরে বনে গিয়ে বাস করলে অবশ্য সমস্যার একটা সমাধান হয় কিন্তু তার জো কোথায়? জীবিকার টানেই আবার সংসারে ফিরে আসতে হবে এবং কর্মের ঘানি টেনে বেড়াতে হবে। আমাদের প্রত্যেকেরই ঘাড়ের ওপর পরিবার প্রতিপালনের জোয়াল চাপানো, সেই জোয়াল কাঁধে নিয়ে উদয়াস্ত খাটুনির দায় থেকে কারও রক্ষা নেই, যদি সংসারে নিজে টিকে থাকতে হয় ও স্বজনদের টিকিয়ে রাখতে হয়। কিন্তু যেহেতু বর্তমান কর্মজগত অতিশয় রুক্ষরূঢ় পিচ্ছিল পথযুক্ত, অতীব প্রতিযোগিতাসঙ্কুল, দয়ামায়াশূন্য, সেই কারণে সাংসারিক মানুষ মাত্রেরই মানসিক ভারসাম্য বজায় রাখা অতিশয় কঠিন। বিশেষতঃ সাংসারিকদের মধ্যে যাদের চিত্ত কমবেশী অনুভূতিপ্রবণ, সূক্ষ্মসংবেদনশীল, কর্মচক্রের নিয়ত ঘূর্ণনের ফলে উৎক্ষিপ্ত ধূলিকর্দমের মালিন্য সত্ত্বেও যাদের স্বভাবের সৌকুমার্য এখনও পুরোপুরি নষ্ট হয়ে যায়নি, তাদের পক্ষে তো এই ভারসাম্য রক্ষা আরও কষ্টকর। সংসারে তীব্র অনুভূতিপরায়ণ লোকেরাই বেশী দুঃখ পায়। যার হৃদয় যত বেশী কোমল সুকুমার পেলব তার যন্ত্রণার মাত্রা তত অধিক। তার ওপর এই জাতীয় মানুষের মানসিক গঠনে যদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯শে সেপ্টেম্বর শুভারম্ভ

এক বিচিত্র নারী হৃদয়ের, মমতাময়ী মায়ের চাওয়া-পাওয়া,
বঞ্চনা-বেদনার হৃদয়দ্রাবী কাহিনী

: অন্যান্য ভূমিকায় :
মলিনা দেবী, ছায়া দেবী, রেণুকা রায়, শমিতা বিশ্বাস, গীতা দে, জহর রায়,
জহর গাঙ্গুলী, কানু বন্দোঃ, উৎপল দত্ত, অর্ধেন্দু মুখার্জি, সুখেন দাস,
আনন্দ মুখার্জি, সমরকুমার, মাঃ সৌমিত্র, মাঃ মলয় প্রভৃতি।

উত্তরা * পূরবী * উজ্জ্বলা ও সহরতলীর অন্যান্য চিত্রগৃহে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিজ্ঞাসার ব্যাপ্তি থাকে, থাকে কৌতূহলের বহুমুখিতা, থাকে নানামুখী জ্ঞানের তৃষ্ণা, তবে তো তার জীবনধারণই অসম্ভব হয়ে পড়ে। বিচিত্র মত ও পথের বিপরীত ঝোঁকগুলির মধ্যে সামঞ্জস্য সাধনের চেষ্টা করতে করতেই তার উদ্যম ও সময় নিঃশেষ হবার যোগাড় হয়, তাকে আয়ুর শেষ সীমায় এসে দাঁড়াতে হয়।

যাদের মন এক বল্‌গা, পথের ভালো-মন্দ যাই হোক একটা বিশেষ পথ আঁকড়ে ধরে যারা অন্তরে শান্তি ও তৃপ্তি পায়, যারা জানবার স্পৃহার ঘোড়াকে নানা দিকে ছোটাতে ভালো বাসে না, রাষ্ট্র ও সমাজের নানাবিধ সমস্যা নিয়ে মাথা ঘামানো নিরর্থক মনে করে, আপনার নিরাপদ দ্বন্দ্বসংঘাতহীন ক্ষুদ্র জ্ঞানের সীমার মধ্যে জীবন কাটিয়ে দিতে পারলেই যারা মনে করে জীবন যথেষ্ট ফলপ্রদভাবে কাটিয়ে দেওয়া হল, সেইসব আত্মতৃপ্ত সীমিত কৌতূহল একবর্ত্মাভি-মুখী মানুষের জীবনে সমস্যা অনেক কম। তাঁরা হয় কেউ রামকৃষ্ণদেবকে আশ্রয় করে বাঁচেন, কেউ শ্রীঅরবিন্দকে, কেউ গান্ধীজীকে কেউ কবিগুরু রবীন্দ্রনাথকে, আবার কেউ মার্ক্স, লেনিন কিংবা মাও-সে-তুংকে। কিন্তু যাঁদের জীবনের সাধনা বিস্তৃত, যাঁরা একইকালে বহু ধরণের চিন্তা ও ভাবের রস-সন্ধানী, কেবলমাত্র একজন চিন্তানায়ককে নিয়ে পড়ে থাকাকেই যাঁরা জীবনের পরমার্থ বলে মনে করেন না, তাঁদেরই হয় মুশকিল। শ্রীঅরবিন্দের আত্মতত্ত্ব যেমন তাঁদের ভালো লাগে তেমনই ভালো লাগে কিছু শর্তসাপেক্ষ মার্ক্স-এর ইতিহাসের দ্বান্দ্বিক বিশ্লেষণ, আবার মহাত্মাজীর বিস্ময়কর সত্যানুসন্ধিৎসাও তাঁদের হৃদয়কে গভীরভাবে আলোড়িত করে, আর রবীন্দ্রনাথের অনবদ্য সৌন্দর্যসৃষ্টির জাদুতে মোহিত হওয়ার তো কথাই নেই। এর ফাঁকে ফাঁকে যখন আবার রামকৃষ্ণ-বিবেকানন্দ-অভেদানন্দের অমৃতনিস্যন্দিনী বাণী-কণিকার সুধা পান করা যায়, পান করা যায় ভারতীয় সাধকদের দিব্যচেতনা উদ্ভাসিত অপূর্ব জীবনকাহিনীর রস, তখন তাঁদের চিত্ত আর এক বিমল আনন্দ ও তৃপ্তির লোকে বিচরণ করতে থাকে।

কিন্তু পূর্বেই বলেছি, এই সব মহাপুরুষের প্রচারিত বিভিন্নমুখী, কখনও কখনও বিপরীতমুখী আদর্শের মধ্যে সমন্বয় বিধান করা বড়ো শক্ত। এ এক অন্তহীন হৃদয়-মন-মন্থনকারী প্রক্রিয়া যার চাপ সারা সত্তার ওপর অনুভূত হয় এবং যা জীবনী শক্তিকে ক্ষয় করতে থাকে। বিভিন্ন পরস্পরবিরুদ্ধ বৃত্তির মধ্যে সামঞ্জস্য সাধন যেমন কঠিন, তেমনি কঠিন এই বিভিন্ন পরস্পরবিরোধী চিন্তার মধ্যে সামঞ্জস্য করা। এ একজন ব্যক্তির গোটা জীবনের সমগ্র অভিনিবেশ দাবি করে এবং তাকে নিয়ত অস্থির করে রাখে। কোনো একটা বিশেষ পথকে সকল সমস্যার বিশল্যকরণী মনে করতে পারার মধ্যে যে আত্মতৃপ্তির দ্যোতনা আছে তা তার বরাবর অনায়ত্ত থেকে যায়। এই অতৃপ্তির যন্ত্রণা বড়ো সাংঘাতিক।

নিজের কথা আরেকটু বলি। তাহলে বক্তব্য বিষয়কে আরও পরিষ্কার করতে পারব। আমার সমাজ-সচেতন মনে জনসাধারণের দুঃখদুর্দশা খুবই দাগ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH BEJOYA GREETINGS
FROM

Eastern Enterprises Ltd.

Liaison Office :
14/1B, EZRA STREET,
CALCUTTA-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাটে সে কথা আগেই বলেছি। মানুষের রাষ্ট্রীক-সামাজিক-বৈষয়িক দুঃখক্লেশের নিবৃত্তির পথের সন্ধান করতে গিয়ে স্বভাবতঃই আমার মন পাশ্চাত্ত্যের সমাজতন্ত্রী লেখকদের রচনার মধ্যে যথেষ্ট চিন্তার খোরাক পায়। নানা ঘরানার এবং নানা মতের সমাজতন্ত্রী ভাবের অনুশীলন করতে আমার ভালো লাগে। কিন্তু যখন দেখি পাশ্চাত্ত্য সমাজতন্ত্রী তথা সমাজতাত্ত্বিকদের লেখায় বৈষয়িক সুখসমুন্নতি-বিধানের ওপরই সবটুকু মনোযোগ নিবদ্ধ, আত্মতত্ত্বের কোনো কথাই তাতে নেই, তখন অবধারিত ভাবেই আমার মন ঝুঁকে পড়ে ভারতীয় সাধকদের অমূল্য বাণীর দিকে। শ্রীরামকৃষ্ণের অলৌকিক ঐশী তন্ময়তা বিবেকানন্দের অভীঃ মন্ত্র, শ্রীঅরবিন্দের গভীর অন্তর্নিবেশমূলক জ্ঞানদ্যুতি, মহাত্মাজীর আত্মসমীক্ষা—এ সব তখন মনের একমাত্র আশ্রয় হয়ে ওঠে। কিন্তু এঁদের প্রতি গভীর শ্রদ্ধাপর হয়েও আমি জানি, এঁদের রচনায় আত্মতত্ত্বের ওপর, ধর্মপিপাসার নিবৃত্তির ওপর, যত জোর দেওয়া হয়েছে তেমন জোর পড়েনি মানুষের স্থূল বাঁচবার সমস্যার ওপর মানুষের খাওয়া-পরার সমস্যার সুষ্ঠুতম সমাধান কোন্ পথে হতে পারে সেই প্রশ্নের ওপর। একমাত্র মহাত্মাজী একথার ব্যতিক্রম।

মানুষের জৈব প্রয়োজন মেটানোর সমস্যা আগে, তারপর তার আত্মোন্নতির সমস্যা। সেইখানেই পাশ্চাত্ত্যের সমাজ-তন্ত্রী সাহিত্যের এবং আধুনিক ভারতের সর্বোদয় সাহিত্যের উপযোগিতা। কিন্তু নিছক বেঁচে থাকলেই হল না; মানুষের আত্মজ্ঞানও আবশ্যক। তার জন্য আমাদের ভারতীয় সাধনার উৎস মন্থন করতে হবে। এইখানেই দুই ধারার সেতুবন্ধন।



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best Compliments of :—

* * *

Messrs.

JOY TARA ENGINEERING WORKS

10, Kedar Nath Deoty Lane,

HOWRAH.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদান্ত-সাধনা

(৮০ পৃষ্ঠার পর)

(২) নিত্যানিত্য বস্তু বিবেক, (৩) ইহামুত্রার্থফলভোগ বৈরাগ্য, (৪) ষট্ সম্পত্তি, যথা—(শম, দম, তিতিক্ষা, উপরতি, শ্রদ্ধা এবং সমাধান) (৫) মুমুক্ষুত্ব। প্রথমোক্ত নিষ্কাম কর্ম্মযোগ দ্বারা শুদ্ধচিত্তই শেষোক্ত বহিরঙ্গ সাধন চতুষ্টয়ের উৎপত্তির ও সিদ্ধির হেতু। শেষোক্ত বহিরঙ্গ সাধন চতুষ্টয় সম্পন্ন সাধকই ব্রহ্ম জিজ্ঞাসার অধিকারী বলিয়া বিবেচিত হন। আচার্য্য শঙ্করের স্ব-প্রণীত বিবেকচূড়ামণি, সর্ব্ববেদান্ত সিদ্ধান্ত-সার-সংগ্রহ, তত্ত্ববোধ, আত্মা-নাত্ম বিবেক এবং বিশেষ করিয়া অপ-রোক্ষানুভূতি নামক প্রকরণ গ্রন্থাদিতে তথা ভারতী-তীর্থ প্রণীত দৃগ্-দৃশ্য বিবেক এবং সদানন্দ যোগীন্দ্র সরস্বতী প্রণীত বেদান্তসার প্রভৃতি গ্রন্থে উপরোক্ত সাধন বিষয়ক বিবরণ উপলব্ধ হয়।

বহিরঙ্গ সাধন সমাপ্তির পর অন্তরঙ্গ সাধনত্রয় রূপ শ্রবণ মনন ও নিদিধ্যা-সনের আরম্ভ। শ্রীমদ্ভগবদ্ গীতার ১৮।৪৫-৪৬ শ্লোকদ্বয়োক্ত সাধনই প্রথমোক্ত বহিরঙ্গ সাধন।

স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং
লভতে নরঃ।
স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি
তৎশৃণু॥
যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন
সর্ব্বমিদং ততম্।
স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য—সিদ্ধিং
বিন্দতি মানবঃ॥

তাৎপর্য্যানুবাদ—মানুষ নিজ নিজ বর্ণ ও আশ্রম ধর্ম্মানুসারে শাস্ত্রীয় কর্ম্মে নিরত হইয়া জ্ঞাননিষ্ঠাযোগ্যতারূপ সিদ্ধি—(চিত্তশুদ্ধি) লাভ করে। স্বধর্ম্মানুসারে স্বকর্ম্মনিরত হইয়া মানুষ কিরূপে সিদ্ধি (চিত্তশুদ্ধি) লাভ করে, তাহা শ্রবণ কর ॥ ৪৫ ॥ মানুষ নিজ নিজ বর্ণ ও আশ্রম ধর্ম্মানুসারে কর্ম্মানু-ষ্ঠান দ্বারা সর্ব্বাধিষ্ঠান সর্ব্বান্তর্যামী, সর্ব্ব প্রবৃত্তি হেতু শ্রীশ্রীভগবানের অর্চ্চনা-করতঃ জ্ঞান-নিষ্ঠা-যোগ্যতারূপ সিদ্ধি (চিত্তশুদ্ধি) লাভ করে ॥ ৪৬ ॥

পরবর্ত্তী বহিরঙ্গ সাধন চতুষ্টয়ান্তর্গত প্রথম সাধন নিত্যানিত্যবস্তু বিবেক। ব্রহ্ম বা আত্মা স্বভাবতঃ অবিনাশী আর সমস্ত দৃশ্য বস্তুই বিনাশী। অর্থাৎ ব্রহ্ম বা আত্মা সত্য, জগৎ মিথ্যা, (বিচারাত্মক সাধন দ্বারা) এই রূপ যে দৃঢ় নিশ্চয় তাহাই নিত্যানিত্য বস্তু বিবেক। দ্বিতীয় সাধন হইল—ইহামুত্রার্থফল ভোগ বৈরাগ্য। বিচারা-ত্মক সাধনাভ্যাস ফলে সমস্ত দৃশ্য জগদ্রূপ ভোগবস্তুনিচয়ের অনিত্যতা ও মিথ্যাত্ববোধে উদ্বুদ্ধ সাধকের তত্তদ্‌ভোগ্যবস্তুনিচয়ে যে নৈস্পৃহ্য ও তুচ্ছত্ববুদ্ধি তাহাই ইহামুত্রার্থফল ভোগ বৈরাগ্য নামে সংজ্ঞিত হয়। তৃতীয় সাধন হইল ষট্-সম্পত্তি। যথা (১) বিচার বলে অন্তরিন্দ্রিয় নিগ্রহই শম (২) বিচার বলে বহিরিন্দ্রিয় নিগ্রহই দম (৩) বিষয়েন্দ্রিয়-সংস্পর্শ-জনিত সুখ দুঃখাদিকে বিচার বলে আগমাপায়ী অর্থাৎ নশ্বর বা অনিত্য বোধে যে চিত্ত বিক্ষেপরাহিত্য তাহাই তিতিক্ষা। (৪) বিচার বলে বিষয়েন্দ্রিয় সংস্পর্শ লাভের আগ্রহাভাবই উপরতি (৫) উপনিষদ্বাক্যে ও উপনিষদ্-বাক্য-ব্যাখ্যাতা আচার্য্যে যে নিশ্চয়াত্মিকা

১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Compliments
From

CARTER POOLER & COMPANY
Private Limited

1, Kashinath Dutta Road,
Calcutta-36.

Phone : 56-2978 (2 lines) 56-3640 56-2119 56-3342

Gram : FORKLIFT

Manufacturer of FORKLIFT TRUCK.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধি তাহাই শ্রদ্ধা। (৬) অভ্যাসদার্ঢ্য-ফলে স্বাভীষ্ট লক্ষ্য-বস্তুতে চিত্তের একাগ্রতা সাধনই সমাধান। চতুর্থ সাধন হইল মুমুক্ষুত্ব। জন্ম-কর্ম্ম-মৃত্যুরূপ সংসার চক্রের সহিত সর্ব্বসম্বন্ধ নিবৃত্তি-লাভের সুদৃঢ় ইচ্ছাই মুমুক্ষুতা। পরমহংস রামকৃষ্ণদেব বলিতেন—কাহাকেও জলের ভিতর চাপিয়া ধরিলে, জলের বাহিরে আসিবার জন্য তাঁহার প্রাণে যেমন তীব্র ব্যাকুলতা জাগে, জন্ম-কর্ম্ম মৃত্যুরূপ সংসার চক্রের সহিত সর্ব্বসম্বন্ধ নিবৃত্তির জন্য তেমন ব্যাকুল ইচ্ছার নামই মুমুক্ষা।

জীবব্রহ্মৈক্যবুদ্ধিই জন্ম-কর্ম্ম-মৃত্যু-রূপ সংসারবন্ধন হইতে মুক্তির হেতু। জীবব্রহ্মৈক্যানুভূতি বা ব্রহ্মাত্মৈক্যানু-ভূতিই মুক্তি। এই অনুভূতিই অপরোক্ষ অনুভূতি। ইহাই বোধি। ইন্দ্রিয়দ্বারা যে বিষয়ানুভূতি তাহা প্রত্যক্ষ অনুভূতি। গুরুমুখে বা শাস্ত্র মুখে বেদান্ত বাক্য শ্রবণের ফলে এবং অনুকূল যুক্তি তর্ক সহায়ে শ্রুত বিষয়ের মনন ফলে হয় পরোক্ষ ব্রহ্মানুভূতি। পরোক্ষ ব্রহ্মানুভূতির আবার দুইটী স্তর। প্রথম স্তরে শ্রবণ ফলে প্রমাণ-গত সংশয় ও অসম্ভাবনার নিবৃত্তি। দ্বিতীয় স্তরে মনন-ফলে প্রমেয়-গত সংশয় ও অসম্ভাবনার নিবৃত্তি। এই মননের অপর নাম বিচার। অনুকূল যুক্তি তর্ক সহায়ে শ্রুত বিষয়ের মনন করিয়া দৃঢ় সিদ্ধান্তে উপনীত হইতে হয়।

যোগবাশিষ্ঠ মহারামায়ণকার মুমুক্ষু ব্যবহার প্রকরণের ১৪।২ শ্লোকে বলিয়াছেন—

বিচারাত্তীক্ষ্ণতামেত্য ধীঃ পশ্যতি পরং পদম্।
দীর্ঘ সংসার রোগস্য বিচারো হি মহৌষধম্।

তাৎপর্য্যানুবাদ—বুদ্ধি বিচার-বশতঃ তীক্ষ্ণতা প্রাপ্ত হইয়া পরম পদ প্রাপ্ত হইয়া পরমপদ প্রাপ্ত হয়। বিচারই দীর্ঘ সংসার রোগের মহৌষধ স্বরূপ।

চরম অন্তরঙ্গ সাধন—নিদিধ্যাসন। যোগদর্শন চিত্তবৃত্তি নিরোধের জন্য যে অষ্টাঙ্গ যোগ সাধনার কথা বলিয়াছেন এবং হঠযোগ শাস্ত্র তজ্জন্য আরও যে সমস্ত (শারীরিক মানসিক এবং বাহ্য জগৎ সম্বন্ধীয়) সহায়ক সাধনের কথা বলিয়াছেন ঐ সমস্ত সাধনা সাধক সমাজে প্রচলিত আছে। ঐ সমস্ত সাধনার লক্ষ্য আর নির্ব্বিশেষাদ্বৈতবাদ মূলক বৈদান্তিক সাধনার লক্ষ্য বিভিন্ন। ঐ সমস্ত সাধনার লক্ষ্য চিত্তবৃত্তির নিরোধ অর্থাৎ স্বাত্মভিন্ন বস্তুতে চিত্তের বৃত্তিমানতা নিরোধ। বৈদান্তিকের সাধনার লক্ষ্য হইল স্বাত্মভিন্ন বস্তু হইতে চিত্তবৃত্তিকে নিরুদ্ধ করিয়া আত্মাতে বা ব্রহ্মে চিত্তকে বৃত্তিমান্ করা অর্থাৎ চিত্তবৃত্তিকে আত্মাকারা-কারিত বা ব্রহ্মাকারা-কারিত করা। একের সাধনা অভাবাত্মক অপরের সাধনা ভাবাত্মক। নির্ব্বিশেষাদ্বৈত-বাদমূলক বৈদান্তিক সাধনার ফল বা সাধ্য ব্রহ্মাত্মৈক্য-বুদ্ধির উদ্বোধন। এখানে অপর সমস্ত বৃত্তি নিরোধের পর জীবব্রহ্মৈক্য বিষয়ক মহাবাক্যসমূহের শ্রবণ মননের দ্বারা প্রমাণগত ও প্রমেয়গত অসম্ভাবনা বিদূরিত করিয়া "অহং ব্রহ্মাস্মি" (আমিই ব্রহ্ম—ব্রহ্মই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি) বৃত্তি অবলম্বনে নিদিধ্যাসন সহায়ে বিপরীত ভাবনার (আমি ব্রহ্ম নহি ও হইতে পারি না এইরূপ ভাবনার) নিবৃত্তি-সাধন করিয়া দৃঢ় ব্রহ্মাত্মৈক্যবুদ্ধির উদ্বোধনে অভিনিবিষ্ট হইতে হয়। এই ব্রহ্মাত্মৈক্য বুদ্ধিতে নিত্য স্থিতিলাভের সঙ্গে সঙ্গে (অর্থাৎ ব্রাহ্মীস্থিতিতে) "অহং ব্রহ্মাস্মি" বৃত্তির বিস্মরণ হয় (অহং যায় ব্রহ্ম বা আত্মামাত্র থাকে), উহাই চৈতন্য সমাধি বা জ্ঞান সমাধি নামে সংজ্ঞিত হয়। তাই এই সমাধির সংজ্ঞা নির্দ্দেশ করিতে যাইয়া উপনিষদের ঋষি বলিয়াছেন—"সমাধিঃ সম্বিদুৎপত্তি পরজীবৈকতাং প্রতি।"

শেষোক্ত বহিরঙ্গ সাধন চতুষ্টয়ে সিদ্ধিলাভের জন্য নিম্নাধিকারী সাধকের পক্ষে পাতঞ্জল দর্শনোক্ত অষ্টাঙ্গ যোগ এবং হঠযোগ শাস্ত্রোক্ত (শারীরিক মানসিক এবং বাহ্য জগৎ সম্বন্ধীয়) সহায়ক সাধন সমূহেরও প্রয়োজনীয়তা হইতে পারে। প্রয়োজন হইলে তাঁহারা তৎসমস্তের অনুষ্ঠান করিয়া সাধন চতুষ্টয়ে সিদ্ধিলাভ করতঃ চিত্তের অন্য সমস্ত বৃত্তি সম্পূর্ণ রূপে নিরুদ্ধ করণান্তর ব্রহ্মময়ী বৃত্তির সাধনায় নিরত হইবেন। উচ্চাধিকারী সাধকের পক্ষে ঐ সমস্ত সাধনায় সাহায্য নিষ্প্রয়োজন। তাঁহারা যোগশাস্ত্রোক্ত সাধন বিনাও শেষোক্ত বহিরঙ্গ সাধন চতুষ্টয় সম্পন্ন হইতে পারেন। সাধন চতুষ্টয়ে সম্যক-সিদ্ধিলাভের পর তীক্ষ্ণবুদ্ধি উচ্চতর সাধকের পক্ষে মহাবাক্য শ্রবণ মাত্রেই সঙ্গে সঙ্গে মনন তথা নিদিধ্যাসনের কার্য্যও সম্পন্ন হইয়া যায়, ব্রহ্মাত্মৈক্য বুদ্ধির উদ্বোধন হয় ও তাহাতে শাশ্বত স্থিতি লাভ হয়। যাহাদের তদ্রূপ হয় না তেমন কথঞ্চিৎ ক্ষীণবুদ্ধিসম্পন্ন সাধকের জন্য মাত্র পূর্ব্বোক্ত রূপে ক্রমশঃ শ্রবণ মননান্তর নিদিধ্যাসন রূপ অন্তরঙ্গ সাধনত্রয়ের অনুষ্ঠান প্রয়োজন ও বিধেয়। এইরূপ সাধকের নিদিধ্যাসন সাধনায় যোগশাস্ত্রোক্ত যোগাঙ্গগুলির প্রয়োগ কৌশল ভিন্ন রূপ। এই নিদিধ্যাসন সাধনারূপ রাজযোগ পঞ্চদশাঙ্গ। যথা—

(১) যম, (২) নিয়ম, (৩) ত্যাগ, (৪) মৌন, (৫) দেশ, (৬) কাল, (৭) আসন, (৮) মূলবন্ধ, (৯) দেহসাম্য, (১০) দৃক্‌স্থিতি, (১১) প্রাণ সংযমন (প্রাণায়াম) (১২) প্রত্যাহার, (১৩) ধারণা, (১৪) ধ্যান, (১৫) সমাধি।

যম—আকাশ হইতে আরম্ভ করিয়া সমস্ত বাহ্যজগৎ ও দেহ পর্য্যন্ত সকল বস্তুই ব্রহ্ম এইরূপ নিশ্চয় পূর্ব্বক সমস্ত ইন্দ্রিয়গুলিকে তত্তদ বিষয় হইতে দোষ দর্শন দ্বারা নিবৃত্ত করার নাম—যম। ইহার দার্শনিক নাম বাধসামান্যাধিকরণ। অবিদ্যাবশে সচ্চিদানন্দস্বরূপ ব্রহ্মেই বাহ্য জগৎ হইতে দেহ মন পর্য্যন্ত সমস্ত বস্তুভ্রম উৎপন্ন হইতেছে। প্রতিবস্তুকে বিশ্লেষণ করিলে সত্তা, চিতি, আনন্দরূপতা, এবং নাম ও রূপ এই অংশ পঞ্চক দৃষ্ট হয়। প্রতিবস্তুর বিভিন্ন নাম রূপ ব্যভিচারী কিন্তু প্রতিবস্তুতে আদ্যংশ ত্রয়-রূপ সচ্চিদানন্দ অব্যভিচারী। সচ্চিদানন্দরূপ ব্রহ্মাধিকরণেই বিভিন্ন নামরূপ ... স্থিতি। এই নামরূপভ্রান্তি বর্ধিত হইয়া একই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সচ্চিদানন্দ ব্রহ্মবোধ জাগ্রত হওয়ার নামই বাধসামান্যাধিকরণ।

নিয়ম—আমিই অর্থাৎ জীবাত্মাই সচ্চিদানন্দ স্বরূপ ব্রহ্ম এই বৃত্তি প্রবাহের বিরোধিনী বৃত্তি সমূহের দোষ দর্শন দ্বারা অনাদর পূর্ব্বক এই বৃত্তি প্রবাহকে নিরন্তর স্থির রাখার প্রচেষ্টাই নিয়ম নামে সংজ্ঞিত হয়।

ত্যাগ—যে সর্ব্বাধিষ্ঠানরূপ সচ্চিদানন্দ নামরূপের আধার বা অধিষ্ঠান রূপে থাকিয়া নামরূপে বিবর্ত্তিত হয়, সেই সর্ব্বাধিষ্ঠানরূপ চৈতন্যবোধের নিত্যানুসন্ধানে রত থাকিয়া নামরূপকে উপেক্ষা করার নাম ত্যাগ।

মৌন—"যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" অর্থাৎ বাক্য ও মন যাহাকে না পাইয়া ফিরিয়া আসে সেই সচ্চিদানন্দস্বরূপ ব্রহ্মই মৌন বলিয়া সংজ্ঞিত হয়। এইরূপ পারমার্থিক সত্যকে (আত্মাকে বা ব্রহ্মকে) বাক্যে প্রকাশ করার অক্ষমতা বোধের নামই মৌন। এই বোধে উদ্‌বুদ্ধ হইবার সাধনাই মৌন সাধনা। মূঢ়গণই বাক্য নিরোধরূপ কাষ্ঠমৌন সাধনার অধিকারী।

বিজন দেশ—শ্রীমদ্‌ভগদ্‌গীতোক্ত জ্ঞানের বিংশতি-সাধন বিবরণ মধ্যে "বিবিক্ত-দেশ-সেবিত্বমরতির্জ্জন-সংসদি" —অর্থাৎ নির্জ্জনবাস. ও প্রাকৃতজনের সংসর্গ ত্যাগের বিধান দৃষ্ট হয়। উচ্চাধিকারী বৈদান্তিকের সাধনায় নির্জ্জন দেশ রূপ যোগাঙ্গের প্রয়োগ ভিন্নরূপ। যে তত্ত্ব কালাতীত, দেশাতীত ও ব্যাপ্যব্যাপক-ভাবাতীত তাহাই (সেই ব্রহ্ম বা আত্মাই) অদ্বিতীয় অর্থাৎ দ্বিতীয়হীন বলিয়া বিজন দেশ এইরূপ ভাবনা করিতে হইবে।

কাল—নিমেষ হইতে আরম্ভ করিয়া কল্পাদি কাল পর্য্যন্ত স্থায়ী ব্রহ্মাদিস্তম্ব পর্য্যন্ত জীবের ও জগতের সৃষ্টি স্থিতি প্রলয়ের আধার স্বরূপ যে অখণ্ড অদ্বয় আনন্দ স্বরূপ কালাতীত ব্রহ্ম বর্ত্তমান তাহাকেই কালের ও অধিষ্ঠান অর্থাৎ অন্তককাল রূপে ভাবনা করিতে হইবে।

আসন—দেহ চলিতে থাকিলেও যে সুখ স্বরূপ ব্রহ্মে স্থিতি লাভ করিলে কোনও প্রকার কর্ত্তব্যাকর্ত্তব্য চিন্তাও চিত্তে উদিত হয় না, কালশব্দে নির্দ্দিষ্ট সেই সুখস্বরূপ কালাতীত ব্রহ্মকেই আসন বলিয়া জানিবে। পদ্ম-স্বস্তিকাদি যোগিসম্মত আসনে নিশ্চল হইয়া দেহ উপবিষ্ট থাকিলেও যদি সুখস্বরূপ ব্রহ্ম বুদ্ধি হইতে তিরোহিত হন তবে তাহাকে আসন বলা যায় না।

মূলবন্ধ—যাহা সর্ব্বভূতের অধিষ্ঠান রূপে আদিকারণ এবং যে অজ্ঞান চিত্তের বন্ধন হেতু সে অজ্ঞানের ও অধিষ্ঠান রূপে যাহা আদি কারণ, সেই ব্রহ্ম রূপ মূলবন্ধই সর্ব্বদা আত্ম রূপে ভজনীয়। এইরূপ ভজনাই মূল-বন্ধানুষ্ঠান।

দেহসাম্য—কেবল শুষ্ক বৃক্ষের মত শরীরের ঋজুতা ও অচঞ্চলতাকে দেহসাম্য বলা যায় না। স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে শরীরত্রয়ের সাত্ত্বিক রাজসিক ও তামসিক ভেদে যে বিষমতা তাহার মিথ্যাত্ববোধের দ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"যেমন রাজসিক অহংকার আছে, তেমনি সাত্ত্বিক অহংকারও আছে। যেমন পাপ মনুষ্যকে বদ্ধ করে, তেমনই পুণ্যও বদ্ধ করে। সম্পূর্ণ বাসনাশূন্য হইয়া অহংকার ত্যাগ পূর্ব্বক ভগবানকে আত্মসমর্পণ না করিলে পূর্ণ স্বাধীনতা নাই।"

— শ্রীঅরবিন্দ

রেনিও ব্রাদার্স প্রাইভেট লিমিটেড
২৩এ, নেতাজী সুভাষ রোড,
কলিকাতা-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাকে সমস্বরূপ ব্রহ্মে প্রবিলাপিত করার নামই দেহসাম্য।

দৃক্‌স্থিতি—নাসিকাগ্রবিলোকিনী দৃষ্টি তত্ত্বতঃ দৃক্‌স্থিতি নহে। দ্রষ্টা, দৃশ্য ও দর্শন [বিষয়ী, বিষয় এবং তদুভয়ের সম্বন্ধ) রূপ ত্রিপুটিকে মিথ্যাবোধে অধিষ্ঠান ব্রহ্মস্বরূপে বিলীনকরত অন্তঃকরণ বৃত্তিকে ব্রহ্মময়ী অর্থাৎ অখণ্ড ব্রহ্মাকারা করিয়া, জগৎকে ব্রহ্মময় দেখিবার নামই দৃক্‌স্থিতি।

প্রাণায়াম (প্রাণসংযমন)—নাসিকা টিপিয়া প্রাণ বায়ুর রেচক পূরক কুম্ভকের দ্বারা যে প্রাণায়াম উহা নিম্নাধিকারী অজ্ঞের জন্য। নাম-রূপাত্মক জগৎ প্রপঞ্চের মিথ্যাত্ববোধে উদ্‌বুদ্ধ হইবার নামই নামরূপাত্মক জগৎ প্রপঞ্চের নিষেধ রূপ রেচক।' আমিই ব্রহ্ম, ব্রহ্মই আমি—"এই অহং ব্রহ্মাস্মি" বৃত্তি রূপ যে চিত্তবৃত্তি, তাহাই পূরক। "অহং ব্রহ্মাস্মি" বৃত্তির নৈশ্চল্যই কুম্ভক। নিদিধ্যাসন রূপ রাজযোগে ইহাই প্রাণায়াম বলিয়া প্রথিত।

প্রত্যাহার—নামরূপাত্মক সমস্ত দৃশ্যমান জগৎ প্রপঞ্চ আত্ম চৈতন্যের সত্তা, স্ফূর্ত্তি ও প্রিয়ত্ব পাইলেই প্রকাশিত হয় আর না পাইলে প্রকাশিত হইতে পারে না অর্থাৎ নামরূপাত্মক সমস্ত দৃশ্যমান জগৎ প্রপঞ্চ আত্ম-চৈতন্যের বিবর্ত্ত মাত্র—এই বোধে উদ্‌বুদ্ধ হইয়া নাম রূপাত্মক জগৎ প্রপঞ্চ ও ক্রিয়ার অনুসন্ধান পরিত্যাগ পূর্ব্বক চিত্তের সচ্চিদানন্দ স্বরূপ ব্রহ্ম বা আত্মায় অবস্থানের নাম প্রত্যাহার।

ধারণা—যে যে পদার্থে মন আকৃষ্ট হয় সেই সেই পদার্থের নাম রূপকে মিথ্যাবোধে উপেক্ষা করিয়া কেবল তত্তন্নামরূপাধিষ্ঠান সচ্চিদানন্দ স্বরূপ আত্মচৈতন্যে মনের স্থিরীকরণের নামই ধারণা। প্রত্যাহারে নামরূপ ক্রিয়াকে মিথ্যাবোধে উপেক্ষা বা ত্যাগের প্রাধান্য আর ধারণায় মনকে নামরূপ ক্রিয়াধিষ্ঠান সচ্চিদানন্দ স্বরূপ ব্রহ্ম বা আত্ম-চৈতন্যে স্থিরীকরণের প্রাধান্য। (এই প্রত্যাহার ও ধারণা বুঝিবার জন্য শ্রীমদ্‌ভগবদ্‌গীতার ৬।২৫-২৬ শ্লোকদ্বয় দ্রষ্টব্য।)

ধ্যান—'অহং ব্রহ্মাস্মি' বৃত্তি অব-লম্বনে স্থূল সূক্ষ্ম কারণ দেহের অনুসন্ধান রহিত হইয়া যে অবস্থান তাহাই ধ্যান।" আমিই সচ্চিদানন্দ স্বরূপ পরমব্রহ্ম, এইরূপ শব্দানুবিদ্ধ অহংগ্রহ ধ্যান উচ্চাধিকারীর জন্য বিহিত। মধ্যমাধি-কারীর জন্য প্রপঞ্চ রূপ দৃশ্যানুবিদ্ধ ধ্যান অবশ্য কর্ত্তব্য রূপে বিহিত।

সমাধি—চিত্তবৃত্তি যখন বিষয়ী ও বিষয় উভয়ানুসন্ধান পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মাকারা হইয়া ধ্যানকর্ত্তা ও ধ্যেয় বস্তু এই উভয়কেই বিস্মৃত হয় অর্থাৎ উভয়বিষয়ক বৃত্তি বিবর্জ্জিত হওতঃ সম্যক্‌রূপে দ্বৈতানুসন্ধান রহিত হয় তখন তাহাকে সমাধি বলে। এই সমাধি আত্মবিমর্শহীন অজ্ঞানরূপ জড় সমাধি নহে। ইহা ব্রহ্মাকারা-বৃত্তি রূপ বলিয়া আত্মবিমর্শযুক্ত স্ফুরণরূপ চৈতন্য সমাধি বা জ্ঞান সমাধি। "সমাধিঃ সম্বিদুৎপত্তিঃ পরজীবৈকতাং প্রতি।" পরমাত্মা ও জীবাত্মার একতাকে লক্ষ্য করিয়া যে জ্ঞান উৎপন্ন হয়, তাহাই সমাধি অর্থাৎ অপরোক্ষানু-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

ভূতিরূপা জীবব্রহ্মৈক্যানুভূতিই সমাধি। ইহা বৌদ্ধ জ্ঞান নয়—ইহা বোধি।

নিদিধ্যাসন রূপ পঞ্চদশাঙ্গ রাজ-যোগের (বা জ্ঞানযোগের) সাধনায় অত্যন্ত সংক্ষেপে দিগ্‌দর্শনমাত্র করা হইল। একটা কথা সর্ব্বদা মনে রাখিতে হইবে যে ব্রহ্মতত্ত্বাধিগমে সাম্প্রদায়িকতার স্থান নাই। পিপাসুর জলপাত্রের প্রয়োজন নাই, জলেরই প্রয়োজন। মুমুক্ষুর মুক্তির প্রয়োজন, সম্প্রদায়ের প্রয়োজন নাই। সম্প্রদায় পাত্র, মুক্তি জল। জীবব্রহ্মৈক্যানুভূতিই মুক্তি। এই অনুভূতি যে প্রণালী অবলম্বনেই হউক পাইতে হইবে। প্রণালী বিভিন্ন হইতে পারে তাতে ক্ষতি নাই; কিন্তু পাইতে হইবে জীবব্রহ্মৈক্যানুভূতি। তাই আচার্য্য সুরেশ্বর বলিয়াছেন—

"যয়া যয়া ভবেৎ পুংসাং ব্যুৎপত্তিঃ প্রত্যগাত্মনি।
সা সৈব প্রক্রিয়েহ স্যাৎ সাধ্বী সা চানবস্থিতা॥"

বৃহদারণ্যক-ভাষ্য-বার্ত্তিকম্ ১।৪।৪০২

তাৎপর্য্যানুবাদ—যে যে প্রণালীতেই প্রত্যগাত্মবোধ অর্থাৎ জীবব্রহ্মৈক্যানুভূতি হউক না কেন সেই সেই প্রণালীই সেই সেই সাধকের পক্ষে শ্রেষ্ঠ।

উপযুক্ত সাধনকৌশলের মূল উদ্দেশ্য স্থির রাখিয়া যোগবাশিষ্ঠোক্ত জ্ঞানভূমিকা অবলম্বনে বা মাণ্ডূক্যোক্ত প্রণবালম্বনে বা অন্য প্রণালীদ্বারাও সাধক জীব-ব্রহ্মৈক্যানুভূতি লাভ করিতে পারেন। জীব-ব্রহ্মৈক্যানুভূতিই জীব জগদ্‌-ব্রহ্মৈক্যানুভূতি। ওঁ



Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

NASKARPARA

Jute Mills Co. Ltd.

Manufacturers

of

ALL QUALITIES OF JUTE GOODS

8, Dalhousie Square East, Calcutta-1.

Telegram & Cables :
"SOORATRADE"
Calcutta-1

Telephone :
Office : 22-6851
Mills : 66-2303

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ

দক্ষিণারঞ্জন বসু

মিডল্যাণ্ড হোটেল, ম্যাঞ্চেষ্টার

কল্যাণবরেষু,

স্নেহের ভাই খোকন, আমি এখন গ্রেট বৃটেনের শিল্প নগরগুলি ঘুরে বেড়াচ্ছি। একের পর এক শহর দেখছি আর তুলনা করছি নিজেদের অবস্থার সঙ্গে। আমাদের সঙ্গে আছেন কমনওয়েলথ রিলেসন্‌স্ অফিসের কেউ না কেউ। আর আছেন একজন ইস্কন প্রতিনিধি। তুমি তো জানোই, এবার ইস্কনের আমন্ত্রণেই বিলেতে এসেছি। ম্যাঞ্চেস্টারে মিঃ ল্যাসির সঙ্গে দেখা হলো। তিনি 'বোর্ড অব ট্রেডস্'-এর লোক। সে কথা অবশ্যি পরে জেনেছিলাম। ব্যবসা-বাণিজ্য জগতের লোক যে কখনো এমন সাহিত্যরসিক হতে পারে মিঃ ল্যাসির সঙ্গে দীর্ঘ আলোচনার সুযোগ না পেলে আমার সে উপলব্ধি কোন দিনই হতো না। ভদ্রলোক চসার থেকে শুরু করে সেদিনের কবি ডিলান টমাসের যুগ পর্যন্ত ইংরেজী সাহিত্যের ধারা নিয়ে কথা বলছিলেন। কিন্তু আমাদের সেই সাহিত্য আলোচনার কথা লিখে তোমায় বিব্রত করবো না। তুমি ব্যবসা জগতের লোক, সে বিষয়েই তোমায় লিখছি।

ম্যাঞ্চেষ্টারের মিডল্যাণ্ড হোটেলে আমরা উঠেছি। একদিন সকালে এক ভদ্রলোক আমাদের সঙ্গে সাক্ষাৎ করতে এলেন। নিজেই নিজের পরিচয় দিলেন। বললেন, আমি 'বোর্ড অব ট্রেডস্'-এর তরফ থেকে এসেছি। এ দেশের ব্যবসা বাণিজ্য, শিল্প-প্রগতি সমন্ধে আপনারা আমায় প্রশ্ন করতে পারেন। আমি আমার সাধ্যমতো উত্তর দেবার চেষ্টা করবো।

ইনিই মিঃ ল্যাসি। 'বোর্ড অব ট্রেডস'-এর প্রতিনিধি। অন্য কোনো প্রশ্ন জিগ্যেস করবার আগেই তাঁর কাছে এই 'বোর্ডঅব ট্রেডস' সম্পর্কেই কিছু জানতে চাইলাম।

মিঃ ল্যাসি একের পর এক আমার প্রশ্নের উত্তর দিয়ে চললেন। তাঁর বক্তব্যের মধ্য দিয়ে ইংলণ্ডের 'বোর্ড অব ট্রেডস্'-এর পুরো রূপটিই আমার চোখের সামনে স্পষ্ট হয়ে উঠলো। বুঝলাম, ইংলণ্ডের ব্যবসা-বাণিজ্য ও শিল্প প্রগতির নতুন জয়যাত্রা শুরু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

DAVENPORT & COMPANY

Private Limited

5 & 7, Netaji Subhas Road,
CALCUTTA-1

✲

MANAGING

Gielle Tea Estate
Beech Tea Estate
Bharnobari Tea Estate
Satali Tea Estate
Huldibari Tea Estate
New Chumta Tea Estate
Mornai Tea Estate
Tumsong Tea Estate
Teesta Valley Tea Estate
Balasun Tea Estate
Singbulli Tea Estate
Gyabaree Tea Estate
Narayanpur Tea Estate
Totapara Tea Estate
Sahabad Tea Estate
Atherton West Co. Ltd

✲

PRODUCER OF FINE INDIAN TEA

✲

LEADING FOREIGN EXCHANGE EARNERS
With
TRADE CONNECTIONS ALL OVER THE WORLD

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়েছে। ইংলণ্ডের 'বোর্ড অব ট্রেডস্' সেখানকার ব্যবসা-বাণিজ্যকে কতোখানি এবং কি ভাবে সাহায্য করছে তার একটা মোটামুটি ইতিহাস সরকার, শিল্পপতি ও দেশবাসীর সামনে তুলে ধরাকে আমার কর্তব্য বলে মনে করি। আমাদের দেশেও যদি এমনি ধরণের একটি প্রতিষ্ঠান গড়ে উঠতো তা হলে ব্যবসা বাণিজ্য ও শিল্প প্রসারের ক্ষেত্রে যে প্রচুর সহায়তা করতে পারতো, সে বিষয়ে আমার কোনো সন্দেহ নেই। দেশে ফিরে সে বিষয়ে লেখালেখি করার আগে তোমাকেই তা' নিয়ে কিছু লিখছি।

ইংলণ্ডের 'বোর্ড অব ট্রেডস্'-এর প্রতিষ্ঠা হয় অনেক কাল আগে। সপ্তদশ শতকের গোড়ার দিকে ব্যবসা-বাণিজ্যের কোনো কোনো বিষয় নিয়ে তদন্ত করার জন্যে প্রিভি কাউন্সিল একটি তদন্ত কমিশন নিয়োগ করেছিলেন। এই কমিশন যথারীতি তদন্ত করেন এবং কাজ শেষ হলে এই কমিশনের প্রয়োজনও ফুরোয়। এর পরেও পর পর কয়েকটি কমিশন এ সম্পর্কে কাজ করে যান। কিন্তু এঁর প্রত্যেকটির অস্তিত্বই ছিল ক্ষণস্থায়ী। অবশেষে ১৭৮৬ খৃষ্টাব্দে কাউন্সিলের নির্দেশ মতো ব্যবসা-বাণিজ্যের গতি-প্রকৃতি দেখবার জন্যে প্রিভি কাউন্সিলেরই একটি কমিটি গঠিত হয়। বর্তমান 'বোর্ড অব ট্রেডস্'-এর উৎপত্তি সেখান থেকেই। অবশ্যি বর্তমান বোর্ডের ক্ষমতা ও দায়িত্বের অধিকাংশই এসেছে পরবর্তীকালে পার্লামেন্টের আইন থেকে।

'বোর্ড অব ট্রেডস্'-এর প্রধান কর্মকর্তা হলেন তার সভাপতি। বর্তমানে এর কোন সহকারী সভাপতি নেই। সভাপতির কাজে সহায়তা করবার জন্যে আছেন একজন পার্লামেন্টেরী সেক্রেটারী ও একজন রাষ্ট্রমন্ত্রী (এই রাষ্ট্রমন্ত্রীর পদটি ১৯৫৩ খৃষ্টাব্দ থেকে সৃষ্টি হয়েছে। এঁর প্রধান কাজই হলো ইংলণ্ডের বাহির্বাণিজ্য ও রপ্তানীর প্রতি লক্ষ্য রাখা)। 'বোর্ডের কর্মচারীর সংখ্যা সাত হাজার। এঁদের সবার উপরে আছেন একজন স্থায়ী সম্পাদক। সলিসিটর প্রয়োজনবোধে স্থায়ী সম্পাদককে আইন বিষয়ে পরামর্শ দেন।

ব্যবসা-বাণিজ্য ও শিল্পক্ষেত্রে সরকারী স্বার্থ-সংরক্ষণই এই বোর্ড অব ট্রেডের মুখ্য উদ্দেশ্য। বোর্ডের প্রধান প্রধান কার্যাবলীকে নিম্নলিখিত সাতটি বিভাগে ভাগ করা যেতে পারে—

পৃথিবীর দেশের সঙ্গে যুক্তরাজ্যের বাণিজ্যিক সম্পর্ক স্থিরীকরণ হলো বোর্ডের অন্যতম প্রধান কাজ। তাছাড়া যুক্তরাজ্যের পক্ষ থেকে বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্যিক সংস্থায় প্রতিনিধিত্ব করাও বোর্ডের কর্তব্য।

'বোর্ড অব ট্রেডস্' সরকার ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ রক্ষাকারী সংস্থা হিসেবে কাজ করে। দেশের কোন্ অঞ্চলে নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠবে এবং কোথায় নতুন শিল্প সংস্থা স্থাপনের অনুমতি দেওয়া হবে না, তা ঠিক করাও হলো এই বোর্ডের কাজ।

বোর্ড অব ট্রেডস্ যুক্তরাজ্যের শিল্প

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Heartiest Puja Greetings to all :

**
*

Messrs Unichem Laboratories Ltd,

BOMBAY-60



★

Distributors for :

W. Bengal, Assam & Orissa.

THE PREMIER MEDICAL SUPPLIES & STORES,

44, Ezra Street, Calcutta-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও বাণিজ্যের পরিসংখ্যান সংগ্রহ করে তা প্রকাশের ব্যবস্থা করেন। এর মধ্যে কমনওয়েলথভুক্ত দেশসমূহের বাণিজ্যের পরিসংখ্যানও থাকে।

ট্রেড মার্ক, পেটেন্ট প্রভৃতি সম্পর্কে দীর্ঘ-মেয়াদী আইনের প্রয়োগ করা এবং আমদানী-রপ্তানী প্রভৃতির লাইসেন্স সম্পর্কীয় স্বল্প-মেয়াদী আইনের প্রয়োগ করার দায়িত্বও এই বোর্ডের। উপরের ছয়টি বিভাগে পড়ে না এমন সব কার্যের তদারকীও করতে হয় এই বোর্ডকে।

কলোনী ও কমনওয়েলথভুক্ত দেশসমূহসহ পৃথিবীর অন্যান্য দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করার ভার 'বোর্ড অব ট্রেডস্'-এর বাণিজ্যিক সম্পর্ক ও রপ্তানী বিভাগের উপর। এই বিভাগের কাজ হলো বৃটেনের বাণিজ্যনীতি নির্ধারণ ও বৃটেনের পক্ষ থেকে পৃথিবীর বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সঙ্গে বাণিজ্যচুক্তি সম্পাদন। বহির্বিশ্বে বৃটেনের বাণিজ্যিক স্বার্থ সংরক্ষণের সমস্ত দায়িত্বও এই বিভাগের ওপরেই রয়েছে। এই কাজ করার জন্যে কমনওয়েলথভুক্ত দেশগুলি ও আইরিশ রিপাব্লিকে বোর্ড-নিযুক্ত ট্রেড কমিশনার আছেন। পৃথিবীর অন্যান্য দেশে একাজ করে থাকেন ট্রেড মিশন বা কনস্যুলেট। বাণিজ্যিক সম্পর্ক ও রপ্তানী বিভাগের কতগুলি উপবিভাগও আছে। সাধারণ বিভাগের অন্তর্ভুক্ত 'রপ্তানী সংবাদ সরবরাহ' প্রতিষ্ঠান বিদেশে রপ্তানী বিষয়ক নানা খবরাখবর সংগ্রহ করে রপ্তানীকারী প্রতিষ্ঠানগুলিকে জানিয়ে থাকে। এই বিভাগেও পাঁচ হাজার স্থায়ী সদস্য আছে। সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান বিদেশে বাণিজ্য বিষয়ক সুখ-সুবিধের খবরাখবর সংগ্রহ করে মাঝে মাঝে সার্কুলার পাঠিয়ে সদস্যদের ওয়াকিবহাল রাখে। সাধারণ বিভাগের আর একটি শাখা দেশ-বিদেশে প্রদর্শনী ও শিল্প মেলা সমূহের খবর সংগ্রহ করে, তাতে সরকারের তরফ থেকে নিজেরাই অংশ গ্রহণ করে কিংবা ঐ সব মেলায় অংশ গ্রহণ করবার জন্যে বেসরকারী প্রতিষ্ঠানগুলিকে উৎসাহিত করে।

'বোর্ড অব ট্রেডস্'-এর বাণিজ্যিক সম্পর্ক ও রপ্তানী বিভাগ সরকারের সহযোগিতায় বৃটেনের রপ্তানীর ধারা সব সময়ই পর্যবেক্ষণ করে চলে। পৃথিবীর বিভিন্ন দেশে বাণিজ্য ব্যাপারে বৃটেনের প্রতিদ্বন্দ্বীদের নিয়মিত রিপোর্ট তৈরি করা ও এই বিভাগের অন্যতম কর্তব্য। সাধারণ বিভাগকে রপ্তানী বাণিজ্যের আর্থিক দিকের প্রতিও লক্ষ্য রাখতে হয়। কোন্ দেশের উন্নয়নমূলক পরিকল্পনা বিশ্বব্যাঙ্কের টাকায় কার্যকরী হচ্ছে, কোথায় আন্তর্জাতিক আর্থিক কর্পোরেশন টাকা খাটাচ্ছে, এই সব খবরাখবর তারা বৃটেনের কনট্রাকটর ও শিল্পপতিদের সরবরাহ করে এবং প্রয়োজন হলে তাদের পক্ষ থেকে ঐ সব প্রতিষ্ঠানের নিকট তদ্বির-তদারক করে। এক কথায় বৃটেনের বহির্বাণিজ্যের কলকাঠিটি এই 'বোর্ড অব ট্রেডস্'-এর হাতে তোলা আছে।

আন্তর্বাণিজ্যের ক্ষেত্রে বোর্ড অব ট্রেডসের প্রধান কাজই হলো. বৃটেনের বেশ কিছু দ্রব্যসামগ্রীর উৎপাদনের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

For Everything Electricals

Please Contact—

Messrs. POWER ENGINEERING CORPORATION

Licensed Electrical Contractors

&

Engineers

HILL CART ROAD, SILIGURI.

Tele : Siliguri 940

Calcutta Office :

159A, Rabindra Sarani,

Calcutta-5.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দায়িত্ব গ্রহণ করা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে বোর্ডের উপর খুব বেশী জিনিষের উৎপাদনের দায়িত্ব ছিল না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে এই দায়িত্ব খুবই বেড়ে যায়। কিন্তু যুদ্ধ পরবর্তীকালে বোর্ড অব ট্রেডের সে দায়িত্ব আর নেই। এখন তাঁরা উৎপাদনকারী প্রতিষ্ঠান ও সরকারের মধ্যে মধ্যস্থতার কাজ করেন। বিদেশে কোন্ দ্রব্য কি পরিমাণ রপ্তানী করা সম্ভব কিংবা কোন্ দেশের কোন্ দ্রব্য কি পরিমাণে আমদানী করলে বৃটেনের বাণিজ্যিক স্বার্থ কোনমতেই ক্ষুণ্ণ হয় না, এ সম্পর্কে বৃটিশ সরকার সব সময় বোর্ডের উৎপাদন বিভাগের পরামর্শ গ্রহণ করেন। বিদেশের বৃটিশ ইনস্যুরেন্স কোম্পানীগুলির কার্যাবলী তত্ত্বাবধানের জন্যে বোর্ড অব ট্রেডের অন্তর্ভুক্ত আরও একটি 'উৎপাদন বিভাগ' আছে। ১৯০৯—৪৬ সালের 'এ্যা স্যু রে ন্স কোম্পানীজ অ্যাক্টস' অনুসারে এই বিভাগ বিদেশে বৃটিশ ইনস্যুরেন্স কোম্পানীগুলির কার্যাবলীও পর্যবেক্ষণ করে থাকে।

লণ্ডন, বার্মিংহাম প্রভৃতি স্থানের ন্যায় যেখানে কল-কারখানার ভীড় অত্যধিক বেশি, সে সব জায়গায় নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান গড়ে না তুলে, সে সকল স্থানের শ্রমিক সংগ্রহের ও অন্যান্য নানা ধরণের সুবিধে লাভের সম্ভাবনা আছে, সে সব স্থানে নতুন শিল্প-প্রতিষ্ঠান গড়ে তোলাই—বৃটিশ সরকারের নীতি। 'বোর্ড অব ট্রেডস'-এর মাধ্যমেই সরকার তাঁর শিল্পনীতি পালন করে চলেন। বোর্ড কোন রকম পারিশ্রমিক না নিয়ে শিল্পপতিদের নতুন নতুন জায়গার সুযোগ-সুবিধে বিষয়ক তথ্যাদি সরবরাহ করে।

ব্যবসা-বাণিজ্যের নীতি নির্ধারণের পূর্বে তদ্‌সম্পর্কীয় পরিসংখ্যানের বিশেষ প্রয়োজন। এই জন্যে বোর্ড অব ট্রেডের অধীনে ১৮৩১ সাল থেকেই একটি 'পরিসংখ্যান বিভাগ' কাজ করে চলেছে। বাণিজ্য ও শিল্পদ্রব্যসমূহের পরিসংখ্যান গ্রহণ করে বোর্ড সরকারের বিভিন্ন বিভাগ, বিভিন্ন দেশের প্রতিনিধি, ব্যবসায়ী এবং শিল্পপতিদের সরবরাহ করে। বোর্ডের বাণিজ্য পত্রিকায় বৃটেন ও পৃথিবীর অন্যান্য দেশের বাণিজ্যবিষয়ক পরিসংখ্যান নিয়মিত প্রকাশিত হয়। এবং তাতে শিল্পবাণিজ্যবিষয়ক নানা প্রবন্ধও থাকে। 'বোর্ড অব ট্রেডস' বৃটেনের বাণিজ্য ও নৌ-চলাচলের মাসিক হিসেব পার্লামেন্টে উপস্থিত করে। পরিসংখ্যান বিভাগ বৃটেনের আমদানী ও রপ্তানীর পরিমাণ নির্ণয় ও সে সম্পর্কে রিপোর্টও তৈরি করে দেয়।

ব্যবসা ও শিল্প-বাণিজ্যবিষয়ক আইনগুলি প্রয়োগ করাও নির্ভর করে বোর্ডের ওপর। এরূপ আইন দু' রকমের। স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী। স্বল্প মেয়াদী আইনের জন্য আমদানী লাইসেন্স রপ্তানী লাইসেন্স বিষয়ক আইনগুলি প্রধান। এই সকল আইনের প্রয়োগভার বোর্ড অব ট্রেডস্-এর উপর। শিল্প-বাণিজ্যবিষয়ক দীর্ঘ মেয়াদী আইনের আওতায় পড়ে পেটেন্ট, ট্রেড মার্ক, কপিরাইট ইত্যাদি। পেটেন্ট অফিসের মূল কেন্দ্র হলো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লণ্ডনের চ্যান্সবেরী লেনে। এখানে চার লক্ষ গ্রন্থযুক্ত একটি বড় গ্রন্থাগার আছে। সেখানে প্রতি বছর প্রায় ৮৩,০০০ হাজার পাঠক পড়াশুনা করে। কোন কোম্পানী দেউলে হলে তা দেখবারও দায়িত্ব এই বোর্ডের ওপর।

বোর্ডের অর্থনৈতিক বিভাগ বোর্ডের অর্থনৈতিক বিভাগটি দেখাশুনা করে। পার্লামেন্টে উপস্থিত করার জন্যে বাৎসরিক হিসেব নিকেশের ভারও এই বিভাগের উপর। বোর্ড তাঁদের প্রতিনিধি মারফৎ দেশ-বিদেশের ব্যবসায়ী ও শিল্পপতিদের সঙ্গে সংযোগ রক্ষা করে চলে। পার্লামেন্টের সদস্যগণ ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করলে বোর্ড অব ট্রেডস্-এর সভাপতিকেই সে প্রশ্নের উত্তর দিতে হয়। এছাড়া প্রতিমাসে 'টার্গেট' নামে একটি বুলেটিন প্রকাশ করে বোর্ড দেশের উৎপন্ন দ্রব্যসমূহের খবরাখবর সকলের নিকট পরিবেশন করে।

ইংলণ্ডের 'বোর্ড অব ট্রেডস্'-এর অনুষ্ঠিত হাজার রকম কাজের এই সংক্ষিপ্ত বিবরণ। এই স্বল্প পরিসরে তার বিস্তারিত আলোচনা সম্ভব নয়। সংক্ষেপে এই কথা বলা চলে, যে সংস্থাটি দীর্ঘকাল ধরে কাজ করে আসছে, সে হলো এই 'বোর্ড অব ট্রেডস্'। শিল্প-বাণিজ্যর স্নায়ুকেন্দ্রে বসে, এই বোর্ড সারা দেশের শিল্প-বাণিজ্যকে সংহত করছে। আমাদের দেশে এই ধরণের কোনো সংস্থা প্রতিষ্ঠিত হলে শিল্পক্ষেত্রে তা দেশকে অনেকখানি সহায়তা করতে পারবে বলে আমার বিশ্বাস। ইংলণ্ডের 'বোর্ড অব ট্রেডস্'-এর প্রতিনিধি মিঃ ল্যাসির সঙ্গে আলাপ-আলোচনা করে এই বিশ্বাস নিয়েই আমি দেশে ফিরবো। 'বাণিজ্যে বসতে লক্ষ্মী' একথা মিথ্যে নয়। বাঙালী ব্যবসা-বাণিজ্য থেকে ক্রমশঃ দূরে সরে গেছে। তার ফল সে ভোগ করছে এবং আরো ভোগ করতে হবে।

শিল্প-বাণিজ্যের উন্নতি ছাড়া কোনো দেশ স্বাবলম্বী হতে পারে না। তুমি তো জানো, আচার্য প্রফুল্লচন্দ্র রায় আমায় কতো ভালোবাসতেন। জাতীয় স্বাবলম্বনের জন্যে তাঁর চিন্তার অন্ত ছিল না। বাঙালীকে ব্যবসা বাণিজ্যমুখীন করার জন্যে তিনি কতো কী-ই না করেছেন। কিন্তু দুঃখের কথা, দেশ স্বাধীন হবার পর কতগুলো এলোমেলো রাজনৈতিক চিন্তার হট্ট-গোল ছাড়া আচার্য রায়ের পরিকল্পিত গঠনমূলক মনোভাবের কোনো পরিচয়ই কোথাও পাওয়া যাচ্ছে না। সে জন্যেই আমার 'বাঙালী কোথায়?' আন্দোলনের চিৎকার। সাহিত্য ক্ষেত্রের লোক হলেও পশ্চিমী দেশ-গুলোর সঙ্গে নিজের দেশের তুলনা করতে গিয়ে মুষড়ে পড়ি। তাই এক নিরিবিলি অবসরে এ দেশের শিল্প বাণিজ্যের উন্নতির উৎস যে সংস্থা তার পরিচয় জানিয়ে তোমাকে এই দীর্ঘ চিঠিখানা লিখে ফেললাম। সু-নিয়ন্ত্রিতভাবে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটাতে হলে আমাদের দেশেও এমনি একটি প্রতিষ্ঠান থাকা দরকার। জানি না এ সব কবে হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Our Puja Greetings to all

★

The

United Provinces Sugar Co.

Limited

INDIA EXCHANGE

CALCUTTA-1

Phone No. : 22-7756

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Always Contact :

Jai Hind Investment & Industries Private Ltd.

For financial assisstance for the Purchase of Trucks, Buses, Taxis, Tempos, Cars etc. On easy Hire-Purchase terms :-

16, INDIA EXCHANGE PLACE,
CALCUTTA-I
PHONE NO. 22—1806

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইরাবতীর তীরে

বিভা সরকার

ঢং ঢং ঢং ঢং রাবী নদীর রামচৌতরার হেড ওয়ার্কস-এর গারদ-খানার পেটা ঘড়িতে শেষ প্রহরের ঘণ্টা পড়ল। মুলতান ডিস্ট্রিক্টের সবাই সিদ্ধু সাবডিভিসনের মধ্যে পড়ে এ অঞ্চলটি। নিশাচর জীবেরা এবার লুকালো তাদের গোপন আস্তানায়। হুতুম পেঁচার কর্কশ রব উঠলো হুক্কুক কুক্ কুক। এরা এদের বলে উল্লু। পাখার শন শন রব তুলে উড়ে চলে গেল বাদুড়েরা ফল বাগানের সর্বনাশ করে রাতের নিঝুম প্রহরে। সহস্র কাঁটায় খড় খড় করে আপন আপন গর্তের পথে ত্রস্তে পালালো সজারুরা সবজি বাগের যথেচ্ছ নষ্ট ভ্রষ্ট করে মালীর সন্ধানী দৃষ্টিকে ফাঁকি দিয়ে মনের আনন্দে। পথের ধূলায় জেগে রইল তাদের পদচিহ্ন আর কয়েকটা খসে পড়া কাঁটা সজাগ সচেতন মানুষকে বিদ্রূপ করতে। মোরগ প্রথম ভোরের ডাক ডাকলো কুক্কু কুঁ কুঁ। সে ধ্বনির প্রতিধ্বনি তুললে দূরে কাছে অন্যান্য মোরগেরা। ডানা ঝাড়া দিয়ে উঠলো পাখীরা গাছে গাছে রাতের বিশ্রাম পাওয়া ডানায় নবীন উদ্দীপনা নবশক্তি নিয়ে।

পূর্ব দিগন্ত উদ্ভাসিত করে সূর্যদেব বিশ্বের বুকে মুঠো মুঠো প্রাণ ছড়িয়ে উদিত হলেন। নিদ্রিত মানব, অচেতন মানব সেই প্রাণ স্পর্শে জেগে উঠলো নতুন দিনের মহিমায়। এমনি ধারা অপরূপের রূপমুগ্ধ হয়েই সেই বৈদিক যুগে ঋষিরা উষার বন্দনা-গানে মুখরিত করে তুলেছিলেন বনভূমি। নিবেদন করেছিলেন মুগ্ধ অন্তরের শ্রদ্ধাঞ্জলি। এই শ্রদ্ধার মধ্যেই তো দেবতার প্রকাশ, সেই চির সুন্দরের অভিব্যক্তি!

আপন বিশ্রাম কক্ষে জেগে উঠলেন চৌধুরী সাহেব প্রসন্ন হাল্কা মন নিয়ে। গত রাতে তাঁর বড় ভাল ঘুম হয়েছে। কয়দিন ধরে বদলির হাঙ্গামায় একটু বিব্রত ছিলেন। একান্ত নির্লিপ্ত নির্বিবাদী মানুষ; ঝুট ঝামেলা ভালবাসেন না আদপেই। নতুন এলেন তিনি মুলতানের এই সরায় সিদ্ধু সাব-ডিভিশনের সিধনাইএর বন্ধ বা রামচৌতরার বন্ধের প্রধান কার্য-ক্ষেত্রে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With compliments of

Johnston Pumps India Limited

2, FAIRLIE PLACE,
CALCUTTA-1

: Secretaries and Treasurers :
Macneill and Barry Limited.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক নজরে জায়গাটি তাঁর বড় ভাল লেগেছে। রুক্ষতার মাঝখানে যেন মরুদ্বীপ। শ্যামছায়া বিস্তার করে রেখেছে বাংলোর দীর্ঘ এলাকা। পাশেই রয়েছে সুন্দর একটি রেষ্ট-হাউস।

বিছানা ছেড়ে রাতের পোশাকেই বারান্দার নীচে বাংলোর সামনের ফুল বাগানে নামলেন তিনি। শীত প্রায় চলে গেছে। ঘরের মধ্যে শোয়া কষ্টকর হয়ে উঠেছে প্রথম রাতে; তবে মাঝ রাত থেকে বেশ ঠাণ্ডা বাতাস বয়, গায়ে চাদর ঢাকা দিতে হয়। দস্তুর মত কুয়াশা পড়ে। একেবারে খোলা আকাশের নীচে এখনও শোয়া যায় না। বিছানাপত্র ওস বা শিশিরে ভিজে যায়। এরই মধ্যে ফুল এসে গেছে শিরিষের গাছে গাছে। বড় ভাল লাগে চৌধুরী সাহেবের। গাছটির নীচে খানিক দাঁড়ান—অন্যমনা পায়ে পায়ে এগিয়ে যান। শিমুলের নগ্ন ডালে ফুল ফোটানোর মাদকতা। চোখ ফিরিয়ে নেন চৌধুরী সাহেব। তাঁর প্রৌঢ় চোখে যেন বিসদৃশ লাগে এত রক্তিম উগ্রতা। কেমন যেন যৌবনমত্তা নিলাজ নটিনীর রূপ। একেবারেই ভাল লাগেনা; এরপর যখন প্রখর গ্রীষ্মে ফল পেকে ফেটে গিয়ে যত্র তত্র হাওয়ায় তুলো ছড়াবে তখন সেও এক উৎপাত। কাটিয়ে দেবেন এটাকে। বাড়ীর এত কাছে রাখবেন না।

এখানের বাগান তাঁকে মুগ্ধ করেছে। বহুদিনে বহুলোকের যত্নে তিলে তিলে এ আজ হয়ে উঠেছে তিলোত্তমা। রেষ্ট হাউস আর তাঁর বাড়ীর মাঝখানে একটার পর একটা শুধু বাগান।

হঠাৎ বাঁ দিকের রাস্তাটায় দৃষ্টি পড়ে তাঁর। কে না জানি দুধারে ইউকেলিপটাসের দীর্ঘ সারি লাগিয়ে দিয়েছে। সুন্দর সোজা সোজা থামের মত গুঁড়ির ওপরে গিয়ে ছড়িয়ে পড়েছে ডালপালায় গাছগুলো। মাঝে মাঝে বেল ফুলের গাছের সারি। কে কবে সযত্নে সাজিয়েছিলো এ বাগান কে জানে! সে হয়ত দেখতেও পায়নি এর সমারোহ। অন্যের দৃষ্টিকে আনন্দ দিয়ে সার্থক হচ্ছে তাঁর পরিশ্রম। চৌধুরী সাহেবের কাজই তো এই। তিন বছর চার বছরের বেশী কোথাও থাকেন না—কত বাংলোয় কত বাগান এমনি যত্নেই না তিনি সাজিয়ে এসেছেন। আবার দুঃখও পেয়েছেন বৈ কি যখন গিয়ে দেখেছেন তাঁর পর যিনি এসেছেন তাঁর অযত্ন অবহেলায় গরু বাছুরে খেয়ে মাড়িয়ে ধূলিসাৎ করে দিয়েছে ভাল ভাল কলমি আমের চারা, বিশেষ যত্নে আনা নানা ফলের গাছগুলি। সেবার সেই পাতিয়ালা ষ্টেটের পাকপট্টনের বাংলোয় কয়দিনের জন্য যাবার সৌভাগ্য তাঁর হয়েছিলো। তার পর সেখানে বদলি হয়ে এসেছিলেন খান্না সাহেব। বাড়ীর সামনে বাগানে ঢোকার গেটের মাথায় অমন ফুলন্ত মার্সেল নীল গাছটা কিনা কেটে নির্মূল করে দিয়েছেন—যাকে বলে গোড়া কুপিয়ে শেষ করা। স্তম্ভিত হতবাক হয়ে গিয়েছিলেন। মানুষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Grams : DHARUBB

Phone : 66-2584
66-3507

PLEASE CONTACT :

Dhar
Rubber Manufacturing Co.

HOWRAH AMTA ROAD,
P. O. DASSNAGAR, HOWRAH.

For

* **Automobile rubber parts**
* **Moulded rubber goods**
* **Metal to rubber bonding**
* **Bearings, bushes, rings, buffers, profiles, oil seals, grommets and mountings etc.**

QUALITY, EFFICIENCY & LONG LIFE ASSURED !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এমনও পারে, ভেবে। চেপে গিয়েছিলেন ঘটনাটা শ্রীমতির কাছে। বড় দুঃখ পেতেন তিনি। গাছটা তো তিনিই হাতে করে লাগিয়েছিলেন। শুধু কি তাই, কত যত্নে তাকে লালন করেছিলেন। সোনা-রংয়ের গোলাপে যখন ভরে থাকতো গাছটা স্তবকে স্তবকে—সে যে সত্যই রাধিকার নয়ন বিমোহন রূপ! মুঠো মুঠো সূর্যকিরণকে যেন ধরে রেখেছে মনে হত। চুপ করে থাকতে পারেন নি তিনি। আহারে বসে কথাটি তুলেছিলেন গৃহস্বামীর কাছে। বড় নাকি 'মচ্ছর' হত গাছটায়। অর্থাৎ মশা। ঝোপ হয়ে গিয়েছিলো—খান্না গৃহিণী তাই মূলেই শেষ করে আপদ চুকিয়ে দিয়েছেন। আহারে হাত থেমে যেতে চেয়েছিলো তাঁর, খেতে মন চায় নি। বিশ্ব সংসার বিষ হয়ে গিয়েছিলো। যতক্ষণ ছিলেন কেবলই সেই শূন্য স্থানটি তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলো—অলক্ষ্যে সেই গাছটি যেন তাঁর কানে অভিযোগ জানিয়েছিলো, তুমি আমায় ফেলে চলে গেলে—দেখ এরা আমার কি দুর্দশাই করেছে! আজকের এই কাজ ভোলানো সকালে নানা কথা এলোমেলো তাঁর মনে পড়ছে। তাঁর বাড়ীর ভেতরের 'হাতা' বা অঙ্গনের বাইরে নদীর ধার বরাবর কয়েক বিঘে জুড়ে শুধু নানা জাতের লেবু গাছ। ফুল এসে গেছে এরই মধ্যে। বাতাসে ভেসে আসছে পাগল করা লেবু ফুলের গন্ধ। কমলা বা সন্তরা এখানে তেমন মিষ্ট হয় না যেমনটা হয় মাল্টা আর মিঠ্যা বা মুসম্বী। রায়বিও আর ওকাড়ার মাঝের রেল লাইনের ধার ধরে বরাবর বিঘের পর বিঘে মাল্টা ক্ষেত কে যেন করে রেখেছে। শীতের দিকে ঘন সবুজ পাতার ফাঁকে ফাঁকে থরে থরে টুকটুকে কমলা রং মালটা তাঁর মন মুগ্ধ করে দিয়েছিলো সেবার ওকাড়ায় যাবার পথে। কেমন যেন বহুদিন পরে প্রায় ভুলে যাওয়া কদম ফুলের কথা মনে পড়ে মন তাঁর আনচান করে উঠেছিলো!

ওকাড়ায় একটার পর একটা শুধু তুলোর কল। তাই কেমন যেন মিল অঞ্চলের অপরিচ্ছন্নতা। বাতাসে যেন সব সময় ভেসে বেড়াচ্ছে তুলো আর ধুলো। বড় রুক্ষ শুকনো পরিবেশ।

ফেরার পথে পা বাড়িয়ে থমকে দাঁড়ালেন তিনি। এরই মধ্যে কুঁড়ি এসেছে মতিয়াগুলিতে, কিছু কিছু ফুটতেও আরম্ভ হয়েছে। বৈশাখে এই গাছগুলি প্রায় ভরে যাবে ফুলে। পায়ে পায়ে এগিয়ে গেলেন তিনি। পরম স্নেহে স্পর্শ করলেন শ্বেত সবুজের সমারোহ। দুটি আধফোটা ফুল একটি ফুটন্ত ফুলের সঙ্গে হাতের মুঠোয় নিয়ে গন্ধ শুঁকলেন।

কখন ভোরের কুয়াশা গিয়ে বেশ দিন ফুটেছে। ফুলে পাতায় ঘাসে ঘাসে রাতের শিশির সূর্য্য স্নান সেরে ঝিকমিক করছে। ফলসার গাছটিতে বোল এসে গেছে, কুঁড়ি ভরেছে কচনার গাছটিতে। ভালই হবে—সুবিধে হবে শ্রীমতীর রায়তা বানাতে। কচি সিমূল ফুলের তরকারীও মন্দ লাগে না। আঙ্গুর লতার তলাটা খুবই পছন্দ হবে মেয়েটার। ওর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Lokenath Chatterjee & Sons

(Engineering Division)

Ancillary to : SMALL TOOLS MFG. CO. OF INDIA LTD.
Manufacturer of Precision Tools

WHAT WE MAKE

1. **Collets**
2. **Feed Fingers**
3. **Jig Bushes**
4. **M. T. Sockets**
5. **Clamping Sleeves**
6. **Turret Sockets**
7. **Lathe Centres**
8. **Milling Auto Lock Chucks**
9. **Milling Stub Arbour**
10. **Endmill Cutter**

Office :
18, Raja Woodmunt Street,
Calcutta-1

Factory :
Dock West Road (Hide Rd.)
Kidderpore-43

Phone : 22-4294

Phone : 45-1880

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এটা একটা ঝোঁক। আঙ্গুর গ্রোভ পেলে আর ছাড়তে চায় না। ছাতার পাখীর কচকচানি আর কাঠবিড়ালী-দের নাচনে কি আনন্দ! যে ও পায় সেই জানে। এদেশে আঙ্গুর ফলের জন্য নয়—সখের জন্য। কচি পাতায় পুরাণো পাতায় যেন রঙের রামধনু খেলে বেড়ায়—মনমাতানো মনোহরণ। দিনের কর্মব্যস্ততার আভাস চারি-দিকে। ঘরের দিকে ফিরলেন তিনি। গারদের পেটা ঘড়িতে আবার ঘণ্টা পড়ল, ছটা বেজে গেল। তাঁর বিছানা পত্র যথাস্থানে তুলে টেবিল চেয়ার ঝাড় পোঁছে ব্যস্ত হয়েছে পুরাণো বহুদিনের বেয়ারা রামরতন। বারাণ্ডার আরাম কেদারায় এসে বসলেন তিনি। ঝাড় পোঁছ ফেলে তাড়াতাড়ি এক জোড়া শুকনো স্লিপার এনে পা থেকে ভেজা জুতোটা খুলে ঝাড়নে পা মুছিয়ে দিল রামরতন। ছুটলো তারপর বাবুর্চিখানায়, চেয়ারের সামনে টীপয়টার ওপর বেড্ টি নামিয়ে সম্ভ্রমে প্রশ্ন করলো—হুজুরের তবিয়ৎ ভাল আছে তো? আজ বেড্টি বড় দেরী হয়ে গেল।

অনেকদিনের পুরাণো মানুষ। বেটা বাস্তু ঘুঘু! মনে মনে হাসলেন চৌধুরী। জানে সে ভাল করেই, মনিবের প্রশ্রয় আছে তার প্রতি। তাই সুযোগ পেলেই নানা অভিযোগ, নানা জনের নামে নালিশ করতে কুণ্ঠিত হয় না সে। আর এক সুবিধে চৌধুরী সাহেবের—বেটা পাড়ার গেজেট। সারা কম্পাউণ্ডের সব কটা লোকের নাড়ীর খবর ইচ্ছায় হ'ক অনিচ্ছায় হ'ক তাঁর কানে এসে ঠিক পৌঁছাবে এই রামতনের মারফৎ। আপন মনে বকে যাবে হতভাগা কাজের ফাঁকে ফাঁকে। বড় নির্ভর করতে অভ্যস্ত হয়ে পড়েছেন। সে না হলে চলেও না তাঁর। ঠিক জানে কখন তাঁর কি প্রয়োজন—হাতে জুগিয়ে দিয়ে যায়। অনেক সময় অনেক বিষয়ে নিজে তিনি একেবারেই আত্মবিস্মৃত। রামরতন এগিয়ে দিয়ে গেলেই কিন্তু মনে হয়—তাই তো, অত্যন্ত প্রয়োজন ছিলো এ বস্তুটির। যেমন গুণ আছে দোষও আছে বিস্তর হতভাগার! বেটা এক নম্বর পকেট-মার। মাঝে মাঝে মাত্রা ছাড়িয়ে বাটপাড়ের পর্য্যায়েও গিয়ে পড়ে। তবে একটা মহাগুণ ঐ কেনাকাটার বাজার পয়সা মারা ছাড়া কুটোটি নাড়তে দেবে না কাউকে। এমন কি ছেঁড়া জুতোর পাটিটিও নয়। জাগ্রত শ্যেনচক্ষু তদারক করে ফিরছে গরু মোষের দানা পেওয়া (তুলোর বীজ) থেকে আরম্ভ করে ঘোড়ার খোরাক সহিস বেটা ঠিক মত দিল কিনা। একটি মুরগীর ডিম পর্য্যন্ত এদিক্ ওদিক হবার উপায় নেই। শুধু কি কর্তা? গৃহিণী পর্য্যন্ত তাকে মেনে চলেন। এই যে সৃষ্টি ফেলে চলে গেছেন পরম নিশ্চিন্তে—জানেন এদিক ওদিক হবে না কিছুই যতক্ষণ রামরতন আছে। কিন্তু ঐ পর্য্যন্ত! হাতের কাছে কাছে চোখের সামনে সামনে ফুর ফুর। আসলে কিন্তু এক নম্বর ফাঁকিবাজ, কুঁড়ের বাদশা অন্য পাঁচজনকে হুকুম হাকাম আর হম্বি তম্বিতেই সিদ্ধহস্ত। সব জানেন চৌধুরী সাহেব, সব বোঝেন কিন্তু মুখে কিছুই বলেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRATUL MUKERJEE (STEVEDORES) PRIVATE LTD.

19, STRAND ROAD, CALCUTTA-1

Member Calcutta Stevedores Association
Affiliated with Bengal National Chamber of Commerce & Industry

STEVEDORES
FOR

- **Malabar Steamship Co. Ltd.**
- **New Dholera Steamships Ltd.**
- **National Steamship Co. Ltd.**
- **South East Asia Shipping Co. Pvt. Ltd.**
- **The Minearls & Metal Trading Corpn. of India Ltd.**
- **Government of India Ministry of Food.**

Telex—288

Telephones : Office : 22-3607 & 22-0215
After Office : 46-1741

Telegram : PRAMUK Calcutta

---

4 telling points make the

ROYAL INSURANCE GROUP

your natural choice

- Expert technical advice
- Efficient service
- Good settlements
- World-wide representation

ROYAL INSURANCE GROUP

ROYAL INSURANCE COMPANY LTD.
THE LONDON & LANCASHIRE INSURANCE COMPANY LTD.

(Incorporated in Great Britain with Limited Liability)

Calcutta Branch

5 & 7, NETAJI SUBHAS ROAD

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাজ পালান মন নিয়ে আরামে আরাম কেদারাটায় বসে রইলেন তিনি। আর কিছু না পেয়ে তাড়াতাড়ি রাতের পড়া দৈনিক-খানাই হাতের কাছে দিয়ে গেল রামরতন। আজ যেন ঠিক নিয়ম মত কাজে মন লাগাতে পারছেন না তিনি। ঠিক যেমনটি হয় ছেলেদের ছুটির পর প্রথম ক্লাসে যোগ দেওয়ার দিনটিতে। ইচ্ছে করেই নিয়মিত কাজে একটু গা ঢিলে দিচ্ছেন তিনি। বিস্মিত চোখে বার দুই এসে দেখে গেছে রামরতন। এমনটা তাঁর বড় একটা হয় না। অন্যমনস্কের মত রাতের কাগজটাই তুলে নিয়েছেন চৌধুরী। এলোমেলো যত্রতত্র চোখ বুলিয়ে যাচ্ছেন। আজকের দৈনিক কাল সন্ধ্যায় তাঁর কাছে এসে পৌঁছাবে। সকালে কাগজের জন্য উদগ্রীব হওয়া তিনি ভুলেই গেছেন। কমদিন তো নয়, রুড়কি থেকে বেরিয়ে তরুণ ইঞ্জিনীয়র এ কাজে যোগ দিয়েছিলেন, সে কি আজ!

কাগজখানা হাতে নিয়ে মন-বেদনায় ভরে যায়। আজকাল পাঞ্জাব-বাসী তথা সমগ্র ভারতের নরনারী বিদেশীর অন্যায় অত্যাচারে অনাচারে বিক্ষুব্ধ হয়ে রয়েছে, দেশের যুবশক্তি বিচলিত—এ এক আশ্চর্য ঝঞ্ঝাক্ষুব্ধ দিন। চরম দুর্দিন—আবার পরম সুদিনও বটে—দেশের সুপ্তি জেগেছে—অবসাদগ্রস্ত যৌবন আবার আত্মসম্মান-বোধে উদ্বেল—হয় মুক্তি নয় মৃত্যু—হৃদয়ে তাদের এই মহা অভীমন্ত্র—ভারতের নরনারী আজ এই পরম মন্ত্রকে—পরম ইষ্টকে স্বাগত জানাচ্ছে মনে প্রাণে। এই ১৯২৯ সালকে কলঙ্কিত করে ব্রিটিশ শাসনের স্বৈরাচার সমস্ত ভারত আত্মাকে বিক্ষুব্ধ করেছে, লালা লাজপৎ রায়ের ওপর নির্বিচারে অত্যাচার চালিয়ে যাচ্ছে ব্রিটিশ সরকার। কোনও প্রতিবাদেই তারা কান দেয় না। দমন নীতির আতঙ্কে ভারতবাসী সন্ত্রস্ত, ঠিক এই সময়ে পাঞ্জাবের ভগৎ সিং আর বাংলার বটুকেশ্বর ব্রিটিশ স্বৈরাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে চলে এলেন দিল্লীর কেন্দ্রীয় আইন সভার ভবনে। নিছক নিরীহের প্রতিবাদ নয়, এই তরুণ বিপ্লবী বোমা ফেলে বিদ্রোহ জানালেন শাসন পরিষদের সদস্যদের সামনে মৃত্যুকে তুচ্ছ পদদলিত করে। বোমাটি শুধু ঘটনাস্থলেই বিদীর্ণ হল না তার কম্পন সমগ্র ভারতে যেন ছড়িয়ে গেল। তাঁরা ধরা দিতেই চেয়েছিলেন আর পুলিস এঁদের ধরলেনও বটে কিন্তু নিগৃহীত ভারতের কোটি কোটি মানুষ সর্দার ভগৎ সিং ও বটুকেশ্বরের মধ্য দিয়ে যেন সকল প্রতিবাদ জানাতে পেরে তৃপ্ত হল। তারপর লাহোর ষড়যন্ত্রে ধৃত হলেন পাঞ্জাবের ভগৎ সিং, মধ্যভারতের সুখদেব আর দাক্ষিণাত্যের রাজগুরু। স্তম্ভিত বৃটিশ রাজের সামনে তিনতিনটি জ্বলন্ত অগ্নিশিখা নিপীড়িতা ভারত মায়ের। বিচার প্রহসনে ভগৎ সিং রাজগুরু আর সুখদেবের ফাঁসি হল এই রাবি নদী তীরস্থ লাহোর জেলে। রাতারাতি লাস জালিয়ে শেষ করে দিতে চেয়েছিল বৃটিশ রাজসরকার কিন্তু পারলেন কৈ—তাদের মৃত্যুতে আগুন হল দ্বিগুণ। ভারতের প্রতি প্রান্তের ধমনীতে একই জালা একই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমবায় এর তৈরী

APEX

মার্কা

সকল প্রকার মিশ্রসার ব্যবহার করুন।

সকল সমবায় সমিতিতে পাওয়া যায়।

দি ওয়েষ্ট বেঙ্গল
এ্যাপেক্স কো-অপারেটিভ্ এগ্রিকালচারাল
মার্কেটিং সোসাইটি লিমিটেড।

৩নং ডালহৌসী স্কোয়ার ইষ্ট।
কলিকাতা-১
ফোন—২৩-৭৬৯২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্ত্র উচ্চারিত হল। লাঞ্ছনার প্রতিবাদে সুরু হয়ে গেলো লাহোর জেলে বন্দীদের অনশন। বটুকেশ্বরেরা অনশন করলেন ১১৩ দিন। বাংলার যতীন দাস অনমনীয় শৌর্য্যে সে অনশনে প্রাণ দিলেন তবু আত্মসম্মান হারালেন না—যতীন দাসের মৃত্যুতে সারা ভারতের প্রাণ হল বেদনা মূর্ছিত। আবাল বৃদ্ধ বণিতা শোকবিহ্বল স্তব্ধ। চাপা বেদনার অসহায় আক্রোশে উদ্বেলিত জনতা পরাধীনতার নাগপাশ ছিঁড়তে চাইছে—প্রতিটি গণ্ডগ্রামেও এসে পৌছেচে সে মরণপণ কম্পন। চতুর্দিক শত শত তরুণের কণ্ঠনিনাদিত 'up up revolution' বিপ্লব দীর্ঘজীবি হক ধ্বনিতে প্রকম্পিত হচ্ছে। শাসকের হৃৎপিণ্ড কি এ কম্পনে শঙ্কিত? বৃটিশ রাজের শত বৎসরের ভিৎ বুঝিবা ভেঙ্গে পড়ে।

এই সুদুর পাঞ্জাবেই তো তাঁর জীবনটা প্রায় কেটে গেল। পঞ্চনদীর জলধারা বিধৌত এ পাঞ্জাবের ওপর দিয়ে বয়ে গেছে যুগে যুগে কত মানুষের বিভিন্ন সভ্যতার স্রোতধারা। সিন্ধুউপত্যকার আদি (Urban) নাগরিক সভ্যতার সঙ্গে এসে মিশেছে ভ্রাম্যমান গোধন প্রধান (Pastoral) আর্য সভ্যতা, বৈদিক সভ্যতা। সিন্ধুউপত্যকার আদিম অধিবাসীরা যে সভ্যতার অত্যন্ত উচ্চস্তরে পৌছেছিলেন তার ঐতিহাসিক প্রমাণ মেলে সিন্ধুপ্রদেশের Lar-ka-na সহরের মহেঞ্জদারোয় আর এইখানের এই Multan District এর রাবী কিনারের হরপ্পায়—যার সময় কাল ৩৫০০-২৭৫০ বি, সি ধরা হয়। এই তো সেদিন হরপ্পায় গিয়ে এসব দেখে তিনি বিস্ময়ে অভিভূত হয়ে পড়েছিলেন। তাঁদের গৃহনির্মাণের বস্তুর শ্রেষ্ঠতা, পদ্ধতি, নক্সা ও স্থাপত্য প্রণালী, স্নানাগার ইত্যাদির ধ্বংসাবশেষ উচ্চ কলাকৌশলেরই জয় ঘোষণা করে। চারুশিল্পে ও কারুশিল্পে তাঁরা যথেষ্ট উন্নতি সাধন করেন। তাঁদের পোড়া মাটির বা টেরা কোটার কাজগুলি দেখলে মুগ্ধ হতে হয়। এই পোড়া মাটির বা টেরা কোটার নানা খেলনা, অলঙ্কার, শীলমোহর তাঁরা গড়তেন। সোনা রূপা সীসা তামা টিন ইত্যাদির ব্যবহার তাঁরা ভাল ভাবেই জানতেন। তবে লোহার ব্যবহার বোধহয় অজানা ছিল। সোনা রূপা ইত্যাদ ধাতুতে খাদ সংমিশ্রণের দ্বারা বিভিন্ন বস্তু, গহনা শীলমোহর ইত্যাদির স্বাক্ষর তাঁরা রেখে গেছেন—কিন্তু লোহার কোনও নিদর্শন পাওয়া যায়নি। নয়ন মনোহর মুল্যবান পাথরের গহনাও তাঁরা ব্যবহার করতেন।

সুন্দর পদ্ম শোভিত বৃষ ও অন্যান্য জীবজন্তুর শীলমোহর থেকে জানা যায় তাঁরা হাতী, গরু, মোষ, ছাগল প্রভৃতি গৃহপালিত পশুদের লালন পালন করতেন। তবে ঘোড়া বা উটের কোনও উল্লেখ পাওয়া যায় না। এগুলি বোধহয় পরবর্ত্তীকালে আরব থেকেই আমদানী হয়েছে। পশম ও কার্পাসের ব্যবহার তাঁদের জানা ছিল।

মহেঞ্জদারোর আবিষ্কৃত এক ধ্যানী শিবমূর্ত্তি বিদগ্ধ জনের মনে বিস্ময় উৎপাদন করেছে। এ মুর্ত্তি প্রমাণ করেছে যে আর্যপূর্ব অধিবাসীরাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PUJA GRETTINGS
BY

National Laminators

★
★★

A Division of
NATIONAL TOBACCO CO. OF INDIA LTD.

1 & 2, Old Court House Corner,
Calcutta-1.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যান ধারণা করতে জানতেন। যোগাভ্যাস তাঁদের অজানা ছিল না। সভ্যতা সংস্কৃতির এক সুউচ্চ শিখরে তাঁরা পৌঁছাতে পেরেছিলেন এ কথা আজ ঐতিহাসিক সত্য, যদিও এই সভ্যতার বিষয়ে আজও অনেক কিছুই অজানা থেকে গেছে। যে সব শীলমোহর পাওয়া গেছে তার লিপির পাঠোদ্ধারে মানুষ অনেক অজ্ঞাত বিষয়ে জানতে পারবে যা আজও অজ্ঞতার অন্ধকারে লুপ্ত। হয়ত কোনও জ্ঞানান্বেষী এই বিস্মৃত দিনের অজ্ঞাত যবনিকা সরিয়ে আমাদের চোখে এক নতুন আলো জেলে দেবেন।

আর্যদের পর এই পথেই এসেছে ইরাণ থেকে পার্শীরা। তাদের ধর্মপুস্তক Zend-Avestan আর আমাদের বেদের বহু মিল থেকেই আমরা তার তুলনা পাই। তাঁরাও ছিলেন প্রকৃতির পূজারী অগ্নির, একান্ত উপাসক। ইন্দ্র, বায়ু, অগ্নি, মিত্র অর্থাৎ সূর্য ইত্যাদি দেবতারা অভেস্তাঁ এবং বেদ উভয় শাস্ত্রগ্রন্থেই সমভাবে পূজিত। এঁদের অগ্নিমন্দিরের অনির্বাণ শিখাটির মতই বেদের ধর্ম্মের সত্য শিখাটি চির প্রোজ্জ্বল। এমনি করেই যুগে যুগে হিন্দুধর্ম্ম বহিরাগত ধর্ম্মকে, সভ্যতাকে আপন সংস্কৃতির অঙ্গাঙ্গী করে নিয়ে নিজের শাশ্বত স্রোতধারাটি বজায় রেখেছে। ক্রমে আদি বৈদিক দেবতারা অপ্রধান ও আদিম দেবতা (শিব) প্রধান হয়ে উঠেছেন। ঋগবেদে বায়ু, অগ্নি, ইন্দ্র, বরুণ ইত্যাদি দেবতার প্রাধান্য লক্ষিত হয় এবং লিঙ্গ পূজাকে দূরে রাখা হয়। পরবর্ত্তী যজুর্বেদের সময় থেকে অশ্বমেধ যজ্ঞেও শিবপূজা দেখতে পাই। এই সময় কাল থেকেই শিব মহেশ্বর বা মহাদেবতা রূপে পূজিত। ক্রমে দেবীর পূজারও প্রাধান্য আরম্ভ হয়।

এই আর্যরা ভারতে আক্রমণকারী, লুণ্ঠনকারীরূপেই আসেননি—তাঁরা শান্তিকামী ঔপনিবেশিকের মতই তাঁদের গোধন ও অন্যান্য গার্হস্থ্য সম্পদ দেবদেবী কলা কৃষ্টি নিয়েই এই দেশে এসেছিলেন। এখানের অধিবাসীদের সঙ্গে ক্রমে বৈবাহিক সূত্রে মিলেমিশে ভারতের মাটির মাকে ভালবেসে মনেপ্রাণে ভারতবাসী হয়ে গেছেন। এই দেশের জলবায়ুতেই তাঁদের নাড়ীর টান গড়ে উঠেছিল। এদেশ তাই তাঁদের জন্মভূমি স্বর্গাদপি গরিয়সী হয়ে গেছে।

এই বৈদিক সভ্যতার গোধন-প্রধান ভ্রাম্যমান মানুষদের প্রথম উত্থান কোথায় হয়েছিলো সঠিক না বলা গেলেও এবং সে বিষয়ে বিদগ্ধজনের মনে মতানৈক্য থাকলেও ভারতে এঁরা এসেছিলেন পারস্য থেকে আফগানিস্থানের মধ্যে দিয়ে, খাইবারপাশ হয়ে পাঞ্জাবের পথে-এ কথা নিঃসন্দেহে বলা যায়—তারপর বহুদিন পরে এই পথেই এসেছিলেন গ্রীকরা। আরও পরে একে একে এসেছিলেন শক্,পহ্লব, কুষাণ, হূণ। এসেছিলেন মঙ্গল, আরব, তুর্কী। এসেছেন পাঠান মোগল। এঁরা সকলেই ভারতের মাটিকে ভালবেসে এইখানেই বসতি স্থাপন করে ভারতীয় সভ্যতার সঙ্গে মিলেমিশে একান্ত ভারতবাসী হয়ে গেছেন। বহু জাতির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best compliments from :

Young Industrial Cooperative
Society Limited

Factory :
5, Nadapara Road, Ariadaha,
24 Paraganas.

City Office :
64, Paikpara Row,
Calcutta-37
Telephone : 56-2218

With Compliments of :

**Tollygunge Industrial
Co-operative Society Ltd.**

MAJARHAT ROAD
SOUTH NIMTA
BIRATI, 24 PARGANAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বহু সভ্যতার মিলনের পীঠস্থান এ ভারতবর্ষ। এ দেশ সত্যই মহামানবের মহাতপস্যার ভূমি। সব সভ্যতার দানই সে গ্রহণ করেছে, নিজের করে নিয়েছে আপন স্বকীয়তায়। সবশেষে এলেন ইংরাজেরা জলপথে ভারতের দক্ষিণ উপকূলের বন্দর দিয়ে বণিক বেশে— দেড়শো বছর ধরে তাঁরা বিদেশীই থেকে গেলেন। ভারতের মাটিকে ভালবেসে এর জীবনধারায় মিশে এক হতে পারলেন না; শাসক ও শাসিতের সম্বন্ধ থেকে গেল চিরকাল। কিন্তু তাঁদের সভ্যতার দানকেও উপেক্ষা করেনি ভারতবর্ষ। তাদের কাছে যা নেবার ছিলো তা সসম্ভ্রমেই গ্রহণ করেছে।

ঋগবেদে আমরা যেমন পাঞ্জাবের সপ্তনদীর উল্লেখ পাই তেমনি আর্য্যরা যে আফগানিস্থানেও ছিলেন তারও প্রমাণ পাই ঋগবেদে (Kub) কাবুল, (Swastu) শ্বত, (Kurum) খুরুম ও (Gomati) গোমল নদীগুলির উল্লেখ থাকে। আর্যরা যে আফগানিস্থান থেকে খাইবার পাশের পথেই এসেছিলেন সে বিষয়ে আর কোনও সন্দেহের অবকাশ নাই।

এর পরের ইতিহাস আর্য অনার্যের এক দীর্ঘদিনের সংঘর্ষের ইতিহাস। আর্যরা ছিলেন গৌরবর্ণ দীর্ঘকায় উন্নতনাসা এবং প্রিয়দর্শন জাতি। পাঞ্জাবীরা আজও তাদের চেহারায় কিছুটা সে সত্যতা বহন করেন। অগৌরদের প্রতি তাঁদের প্রবল ঘৃণা ছিলো। এই বর্ণ বিদ্বেষ থেকেই জাতি বা বর্ণাশ্রমের উৎপত্তি। নিজেদের তাঁরা দেবপ্রিয় শ্রেষ্ঠতর মানুষ বলে মনে করতেন। তাঁরা ছিলেন তন্ত্রে মন্ত্রে বিশ্বাসী যাজ্ঞিক। তাঁরা যজ্ঞ করতেন আর সেই যজ্ঞে নানা আহার্য বস্তুসহ পশু বলি উপহার দিতেন দেবতাদের সন্তোষ সাধনের জন্য। দেবতাদের তাঁরা মানবীয় ভাবেই পূজা করতেন মহত্তর শ্রেষ্ঠতর ও ক্ষমতা সম্পন্ন মনে করেই। ক্রমে তাঁরা ভারতের নদীগুলির ধারে ধারে বসতি স্থাপন করে কৃষিপ্রধান গ্রামীন সভ্যতার উৎকর্ষ সাধনে ব্যাপৃত হয়েছিলেন বিশেষভাবে সরস্বতীর তীরে তীরে। তাঁরা আসবার বহুপূর্বে এ দেশে বড় বড় পুর (নগর) দুর্গ ইত্যাদি ছিল। ঋগবেদেই আমরা আদিম অধিবাসীদের এক সহস্র স্তম্ভ, দুর্গ, পুরীর উল্লেখ পাই যার বিরুদ্ধে আর্যরা যুদ্ধ করেছিলেন। ইন্দ্র বা পুরন্দর ছিলেন আর্যদের প্রধান দেবতা তিনি তাঁর বজ্র দিয়ে এই সব পুর ধ্বংস করে দিতেন। পুরন্দরের পূজা তাই আর্যরা অতি সমাদরে ও সাড়ম্বরে করতেন কিন্তু পরবর্তী কালে তিনি দেবরাজ মাত্র। আপন স্বর্গরাজ্যে অপ্সরা কিন্নরদের নৃত্যগীতে তেত্রিশ কোটি দেবদেবী পরিবৃত হয়ে আনন্দ উৎসবে বিলাস লাস্যে মত্ত। কথায় কথায় স্বর্গরাজ্য থেকে চ্যুত হয়ে এই ইন্দ্রদেবতা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের স্মরণাপন্ন হচ্ছেন।

বেদ রচয়িতা ঋষিদের মধ্যে অনেকেই ছিলেন মাতৃগোত্রে পরিচিত কিন্তু আর্য সভ্যতা পিতৃপ্রধান। এই মাতৃপরিচয় থেকে আমরা বুঝতে পারি অনার্যদের দ্বারা আর্যরা অনেকাংশ প্রভাবিত হয়েছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Grams : CASTOMECH HOWRAH. Phone : 66-2584
66-3807

With the Compliments of :—

DHAR & Co. (P.) Ltd.

MECHANICAL ENGINEERS AND FOUNDERS

★★
★

HOWRAH—AMTA ROAD
P. O. DASSNAGAR,
HOWRAH.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়াময়মিদং

সরিৎশেখর মজুমদার

শরীরযন্ত্র বিকল হয়েছে বলেই সদানন্দের আজ এই অবকাশ। ক্লান্ত অসুস্থ শরীরকে শিথিলভাবে এলিয়ে দিয়ে আকাশের সঙ্গে এই শুভদৃষ্টি। আশ্চর্য জীবন! চাকরির ঘানিতে এমনভাবে আর পাঁচজনের মতন ঘুরপাক খেতে খেতে তার অবস্থাটা যে সেই হতভাগ্য চোখ-বাঁধা বলদের সামিল, একথা ভাববার মতন সময় বা সজাগতা তার এতদিন ছিল না!

বড় ভালো লাগছে সদানন্দের! আষাঢ়ের এই অলস দুপুরে ঘরের সামনের চাতালে এমনভাবে আদুড় গায়ে চিৎপাত হয়ে শুয়ে আকাশকে দেখা, বড়ই ভালো লাগছে। নিজেকে যেন নতুন করে আবিষ্কার করে ফেলেছে সে। না, কৈশোরের সেই চপল সদানন্দ যেন মরেনি। আজও সে গুরুজনের সহস্র বাধানিষেধকে এড়িয়ে দাসেদের আমের বাগানে পালিয়ে যেতে পারে, কোঁচড়-ভর্ত্তি আম নিয়ে মালিকে ফাঁকি দিয়ে ঐ বাগানেরই উত্তর প্রান্তের বাঁশবনে কিশোরী বান্ধবী পারুলের সঙ্গে জামরুল বিনিময় করে বন্ধুত্বের বন্ধনকে দৃঢ়তর করতে পারে...

আঃ, কি সুন্দর বাতাস। কিছুটা রোদ-মাখা, তবু তা স্নিগ্ধ শীতল। অন্ততঃ, এই টালি-ঢাকা ছাওয়ায় পৌঁছে ঐ বাতাস কেমন স্নেহশীতল স্পর্শে সদানন্দের চোখদুটোতে আরামের আমেজ দিয়ে যাচ্ছে। এমন হাওয়া যেন অনেকদিন অঙ্গে মাখা হয়নি। অফিসের খাঁচায়, দীর্ঘ বাইশ বছরের বিদ্যুৎ-চালিত পাখার বাতাসে কেমন যেন বিমাতাসুলভ আচরণ ছিল। আর বাতাস? যেন, মায়ের পরশ। প্রকৃতি মায়ের আঁচল-দোলানো হাওয়া। ওপাশের বন-তুলসীর বেড়া কাঁপিয়ে, টুকটুকে লাল-লঙ্কার নোলক ছুঁয়ে কত হুটোপাটি করতে করতে সদানন্দের জরাগ্রস্ত দেহের উপর হুমড়ি খেয়ে পড়েছে।

কয়েক নিমেষ কেমন অবাক হয়ে আকাশের দিকে চেয়ে রইল সদানন্দ। একটা দুরন্ত ক্ষুদে প্রজাপতি অকস্মাৎ তাকে ছুঁয়ে পালাবার সময় যেন চোখে আঙুল দিয়ে আকাশের রূপ দেখিয়ে গেল। নীল-নীল আকাশের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of

Narkeldanga Roller Flour Mills

17/4, Canal West Road
Calcutta 9

Phone : 35-4124 & 35-4125

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গে দুধ-সাদা মেঘের মিতালির রূপ। আষাঢ় মাসে এমন রূপ ত' দেখা যায় না! এযেন শরতের আয়োজন। প্রকৃতির বিচিত্রলীলা। নীলসমুদ্রে সাদা পাল তুলে যেন কোনো সওদা-গরের ময়ূরপঙ্খী স্বর্গরাজ্যের স্বর্ণ সওদা করতে ছুটেছে।

অকস্মাৎ ঐ রাজ্য থেকে নির্বাসন ঘটালো দুটো শালিক। ঝটাপটি করতে করতে তারা মাটিতে পড়লো। লক্ষ্য একটি নিমফল। এইমাত্র নিমফলটি বৃন্তচ্যুত হয়ে পড়েছে। হাসলো সদানন্দ। ওরা স্বামীস্ত্রী। বেশ কিছুদিন হলো ঐ ইলেকট্রিক পোষ্টের তারের জালের মধ্যে আশ্চর্য দক্ষতার খড়কুটো দিয়ে বাসা বেঁধেছে। সংসার। স্বামীস্ত্রীর উষ্ণ নীড়। কিছুদিন আগে ওদেরই একজন কেমন বেকায়দায় পড়ে তারে আটকে গিয়েছিল। ছাড়া পাবার পর সে কি ডানা ঝাপটানি! তার সেই বিপন্ন অবস্থায় সঙ্গী শালিক কি করুণ আর্তনাদে আকাশ কাঁপিয়ে তুলেছিল। সদানন্দ সেই আর্তনাদে ছুটে এসে মৃত্যুর নিশ্চিত ফাঁদ থেকে শালিকটাকে বাঁচিয়েছিল। তারপর পরিতৃপ্তির কি প্রগাঢ় নিঃশ্বাসই না ফেলেছিল সে!

—কি হচ্ছে বাইরে রোদের ঝাঁঝে শুয়ে? ঘরের ভিতর থেকে কৃত্রিম ক্রোধমিশ্রিত কণ্ঠে হাঁক পাড়লো সহধর্মিনী উমা। উমার চিন্তার অন্ত নেই। ইদানীং স্বামীর শরীর ভালো যাচ্ছে না। বয়স পঞ্চাশ না ছুঁতেই শরীরে ভাঙন ধরেছে বেচারার। ক্লান্ত অবসন্ন পাঁজর কখনো বিশ্রামের জন্য বিনীত কাতর প্রার্থনা নিয়ে যেন সংসারের দরবারে বারবার উপস্থিত, কিন্তু প্রার্থনা আর মঞ্জুর হয় না। হবেই বা কেমন করে! এখনও যে অনেক দায়িত্ব। ছেলেদের মানুষ করা, মেয়ের বিবাহ, এমনি আরও কত কি! ডাক্তার বলে, বিশ্রাম নাও। স্নায়ুগুলো অজস্র ঘাতপ্রতিঘাতে একেবারে নিস্তেজ হয়ে গেছে। ডাক্তার বলে, প্রচুর প্রোটিন খাদ্য চাই! ঘড়ি ধরে খেতে হবে।

—ঘরে এসো, আর এই ছানাটুকু খেয়ে নাও! ডাক দিল উমা। সদানন্দের হাসি পেলো।

—দেখো বৌ, দেখে যাও!

—কি?

একটা নিমফল নিয়ে স্বামীস্ত্রী শালিকদুটো কি কোঁদলটাই না করছে!

স্বামীস্ত্রী কলহ করছে খাদ্য নিয়ে। স্বামী ভাগ বসাতে এসেছে স্ত্রীর প্রাপ্য বরাদ্দে? অথবা স্ত্রী? এদিকে উমা এসেছে ছানা হাতে। হয়তো গোপনে এজন্য ঋণও করেছে। নিজেকে না জানি কত ক্ষেত্রে বঞ্চিত করে রেখেছে বেচারা। কিন্তু স্বামীর মুখের গ্রাস ছিনিয়ে নেবার জন্য স্ত্রী-শালিক যদি নিতান্ত জৈবিক নিয়মে একটু কলহ করেই থাকে তাতে নিন্দার কি আছে! পূর্ণযৌবনা নিমগাছ এখন ফলভারে সার্থক, শাখায় শাখায় অফুরন্ত ফলসম্ভার। স্বামী-শালিক না হয় পরিশ্রম করে আর একটি ফল আহরণ করুক। উপস্থিত এই সোহাগের কলহে না হয় স্বামী হেরেই যাক্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উমার সেবামিশ্রিত পথ্যপাত্রটি নিঃশেষ করে সদানন্দ পাশ ফিরে শুলো। আবার আপত্তি করলো উমা।

—অমনভাবে রোদের তাতে বাইরে পড়ে থাকা কেন?

মাতৃস্নেহকাতর শিশুর মতন সদানন্দ করুণ আবেদন জানালো, —দাওনা একটু এখানে শুয়ে থাকতে। বড় ভালো লাগছে বাইরের জগতটা যেন মায়ের কোল। তুমিও এসোনা!

আশ্চর্য, উমা আর আপত্তি করলো না। সমাজ লজ্জা জলাঞ্জলি দিয়ে বাইরে এসে বসলো। নিস্তব্ধ নিশীথে নিভৃত শয়নকক্ষেও স্বামীর সোহাগ-সম্বোধনের উত্তরে এত সহজে তার পাশে এসে বসেছে বলে মনে পড়ে না উমার। আজ সে বসলো। স্বামীর রুগ্ন দেহখানির প্রতি মমত্ব-বোধেই হয়তো। হয়তো সে নিজেই জানে না, 'নামিয়ে চক্ষু মাথায় ঘোমটা টেনে' উমা-নাম্নী যে মেয়েটি দীর্ঘদিন দশের ইচ্ছা-বোঝাই-করা জীবনটা কোনক্রমে টানছিলো, সে আজ এতদিনে, এই প্রথম যেন, বিবাহ-রাত্রির বাঁশির ধ্বনি বিশ্ব আকাশে শুনতে পেলো। হ্যাঁ, এই নির্জন দ্বিপ্রহরেই। প্রতিবেশীদের দ্বার রুদ্ধ। স্বামীরা অফিসে গিয়েছে। ছেলেমেয়েরা স্কুলে। গৃহিণীকুল দিবানিদ্রায় মগ্ন। মানুষের দ্বিপ্রহর এখন ঝিম্‌ঝিম্। কিন্তু প্রকৃতির দ্বিপ্রহর কলরবমুখর। কত রকম পাখী ডাকছে। শালিক, ডাহুক, কাক, ছাতার, চড়ুই…। কতরকম প্রজাপতি, কতরকম…

—ওটা কি পাখী গো? কদিন ধরে ক্রমান্বয়ে ডাকছে? দিন নেই, রাত নেই, অবিরাম।

সদানন্দ আর একবার দাশ নার্সারীর বাগানের দিকে কান পেতে শুনলো।

—পাখীটা কি বলছে জানো? তিপ্‌তি হোক্। তিপ্‌-তি-হোক্। অর্থাৎ তৃপ্তি হোক্।

পাখীর ঐ কলস্বরের সঙ্গে কথাটা মিলিয়ে দেখলো। সত্যই ত। পাখীটা যেন ঐ কথাই বলছে, তৃপ্তি হোক্। আর! হৃদয়ের উঠোনটি যেন এক মঙ্গলাচরণে, এক শুভ আলিম্পনে পরিপূর্ণ হয়ে উঠলো। আর কোন কথা বললো না উমা। সদানন্দও। মুদিত নয়ন সদানন্দ উমার একখানি মুঠি নিজের মুঠির মধ্যে চেপে চুপ করে রইলো। উমা! আমার উমারাণী! না, রাণী শব্দটা যেন বড় পুরাতন, বড় সাম্রাজ্যগন্ধী। আধিপত্যের ঔদ্ধত্য সেখানে। দুঃখের সংসারে এসে বেচারা চিরকাল শুধু দুঃখই ভোগ করে গেল……কিন্তু এলোই বা কেন এই অভাবের সংসারে? ঐ যে শালিক-দম্পতি, কেন ওরা একে অপরের সঙ্গে বাঁধা পড়লো! ইলেকট্রিক পোষ্টের অনেক-তারের বিপদসংকুল সংযোগস্থলে খড়কুটোর ঐ যে সংসার, ওর ঘরণী না হয়ে স্ত্রীশালিকটি তার উষ্ণ দেহখানা সগর্বে স্ফীত করে অদূরের ঐ কদম্ব-শাখার অপর পুরুষ পাখীটার সঙ্গে নীড় রচনা করেও ত থাকতে পারতো। কেন থাকলো?…আচ্ছা, পারুলও ত আমার ঘরে আসতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারতো! কাঁচা আমে বা জামরুলে কোঁচড় ভর্তি করে গরবিনী কিশোরী পারুলও ত সেই আগের মতন আমার সাধাসাধির উত্তরে সাড়া দিয়ে এই সংসারে জাঁকিয়ে বসতে পারতো।

উমা ভাবছে ছোট ছেলেটার কথা। পাঠশালা থেকে তার ফিরে আসার সময় হলো। আর অল্পক্ষণের মধ্যেই শ্লেট বই বগলে করে স্বেদবিন্দু-চর্চিত মুখমণ্ডলে ক্লান্তি ও হাসির অপূর্ব শোভা ফুটিয়ে ঘরে ফিরবে। তারপর শুরু হবে তার মধুর অত্যাচার। আমি পড়ে এলাম, এক অসাধ্যসাধন করে ঘরে এলাম, অতএব তোমাদের তরফ থেকে অভ্যর্থনার কোনরূপ ত্রুটি আমি সহ্য করবো না, কোনমতেই না, এমন ভাব তার। কিছু দূরে একটা ডাহুক-শাবক তার মায়ের পায়ে-পায়ে কি চঞ্চল ভঙ্গিমায় ঘুরে বেড়াচ্ছে, মাকে অনুকরণ করে এখানে-ওখানে খুঁটে খাদ্য পরীক্ষা করছে। মায়ের সজাগ-দৃষ্টি! খুট্ করে কোথাও সামান্য একটু শব্দ হবামাত্র কি তড়িৎ তৎ-পরতায় শিশুকে আগলাচ্ছে। উমার হৃদয়খানা পরম সান্ত্বনায় ভরে গেল। ঐ ডাহুকীর মধ্যে নিজেকে খুঁজে পেয়ে পরম শান্তি অনুভব করলো সে।

আশ্চর্য আচরণ আষাঢ়ের। নীল সাদার ছোপ লাগা আকাশখানা দেখতে দেখতে মেঘে মেঘে ভরে গেল। কোনো মেঘ ঘন কালো, কিছুটা ছাই-ছাই। মেঘগুলো বৃষ্টি-সম্ভবা। গাছপালা ওদের চেনে, তাই তাদের শীর্ষে শীর্ষে শিহরণ জেগেছে। ডাইনে-বামে মাথা দুলিয়ে স্বাগত জানাচ্ছে সমাগতা কান্তাকে।

কিন্তু বসে বসে আষাঢ়ের এই রূপ দেখলে চলবে কেন। উঠোনে আমসত্ব ও বড়ি শুকোতে দেওয়া হয়েছে। ওদিকে দড়ির উপর ধুতি-শাড়ী ঝুলছে। বহু কষ্ট স্বীকার করে উমা সেগুলিতে সাবান দিয়েছে। স্বামীর মুষ্টিবন্ধন ছিন্ন করে উমা উঠে পড়লো —ওরে সর্ব্বনাশ! বিষ্টি এসে গেলো, গেলো সব! ধড়মড় করিয়া ছুটিল উমা।

টুপ্ টাপ্ টিপ্ টিপ্। বৃষ্টি এলো। গায়ে ছাট্ লাগছে বৃষ্টির। সদানন্দ সরলো না। বড় ভালো লাগছে তাই। যেন চন্দনের প্রলেপ। কতদিন বৃষ্টিতে ভেজা হয় নি। প্রকৃতির এই শান্তিজল সর্বাঙ্গে মাখবার মতন সামান্য সাহসটুকুও কবে হারিয়ে বসে আছে সদানন্দ। অথচ এই সদানন্দই স্কুল ও কলেজ জীবনে ফুটবল মাঠে নেমে অবিশ্রান্ত বৃষ্টিধারায় ভেকের মতন আচরণ করেছে। কোথায় গেল সেই সদানন্দ? ছিঃ ছিঃ।

—ঝম্‌ঝম্। ঝম্‌ঝম্। ঝম্‌ঝম। সদানন্দ এগিয়ে গেল। লাগুক বৃষ্টি-ধারা। এসো হে সজলঘন বাদল বরিষণে, বিপুল তব শ্যামলস্নেহে এসো হে এ জীবনে! সদানন্দ যেন পিপাসার্ত ছিল। কতোকালের পিপাসা। সমস্ত সত্তা ছিল তৃষ্ণার্ত। 'এসেছে বরষা, এসেছে নবীন বরষা। গগন ভরিয়া এসেছে ভুবন ভরসা।'

—কি হচ্ছে কি? উমার কণ্ঠে শাসন। ইতিমধ্যে আমসত্ব, বড়ি, ধুতি শাড়ি প্রভৃতি সামলে ফিরেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

এইবার এই অবুঝ স্বামীকে সামলানো।

—কাল গায়ে জ্বর ফুটছিল না? উঠে এসো বল্‌ছি—সদানন্দের ভ্রুক্ষেপ নেই। সে তখন অন্য রাজ্যে চলে গেছে। দশ বিশ বৎসর নয়, শত কোটি বর্ষ পূর্বের রাজ্যে। সৃষ্টির আদিম লগ্নে মহা-বারিপাত ও মহা-প্লাবনের দিনে বর্ষণনিমজ্জিত পৃথিবীর বুক থেকে ত্রাণকর্তা নোহ্‌য়ার নৌকায় মাত্র—যে-কয়জন স্থান পেয়েছিল তাদেরই একজন হয়ে গেছে সদানন্দ। আকাশের ঐ বারিধারার সঙ্গে তার পরিচয় একজন্মের নয়, কোটি কোটি জন্মের, কোটি কোটি যুগের!

—কি হচ্ছে? অমন করে ভিজছো তবুও!

—চুপ করো। আমার যা-ইচ্ছে করবো। সদানন্দের কেমন যেন ছেলেমানুষী অবিচার উমার ওপর।

উমা অবাক হয়ে গেল। চোখে জল এলো তার। জানালার গরাদ ধরে সজল নয়নে তাকিয়ে রইলো সামনের ঝাপ্‌সা পথটায়। ছোট ছেলেটার পাঠশালা থেকে ফেরবার সময় যে উত্তীর্ণপ্রায়!

"মহাপূজার শ্রেষ্ঠ অর্ঘ্য...
কিং কোং
আর্ণিকা
হেয়ার অয়েল
একমাত্র পরিবেশক:
আর. ডি. এম্. এণ্ড কোং
২১৭, বিধান সরণী
কলিকাতা-৬
ফোন: ৩৪-৩৮৩৬
প্রস্তুতকারক:
কিং এণ্ড কোং
কলিকাতা
(হোমিও কেমিষ্টস্,
স্থাপিত—১৮৯৪ সাল)

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বারীনদা

নলিনীকান্ত সরকার

১৯২০ সনের মার্চ মাস। কবিবন্ধু সাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায়ের সঙ্গে গেলাম হরিশ মুখুজ্যে রোডের 'নারায়ণ' কার্যালয়ে। দু তিন মাস পূর্বে বারীন্দ্রকুমার আন্দামান থেকে ফেরার পর দেশবন্ধু চিত্তরঞ্জন দাস 'নারায়ণ' মাসিক পত্রখানি তাঁকে দান করেছেন। 'নারায়ণ' কার্যালয়ের এই বাড়িতেই বারীন্দ্রকুমারের অবস্থিতি।

বারীন্দ্রকুমারের কাছে বসেছিলেন আর একজন আন্দামান প্রত্যাগত বিপ্লবী—অবিনাশচন্দ্র ভট্টাচার্য। দুজনেরই পদস্পর্শ ক'রে প্রণাম করলাম।

সাবিত্রীপ্রসন্ন পূর্বেই পরিচিত হয়ে গেছেন বারীন্দ্রকুমারের সঙ্গে। আমারও পরিচয় দিলেন তাঁদের কাছে।

আমি গাইতে পারি, পরিচয় পেয়ে ওঁরা দু'জনেই গান গাওয়ার জন্যে ধ'রে বসলেন। গাইলাম আমারই লেখা একটি গান: "আঘাতের পর আঘাত দিয়ে এই যন্ত্রটিরে মিলিয়ে নাও।"

কি জানি কেন, প্রথম পরিচয়ের দিনেই বারীন্দ্রকুমার আমাকে তাঁর স্নেহের শৃঙ্খলে আবদ্ধ করলেন। দিন-কয়েক বারীন্দ্রকুমারের কাছে যাতায়াতের কালে কোন্ এক সময় তিনি হয়ে পড়েছেন আমার বারীন দা।

আমি তখন লালগোলারাজের লাইব্রেরিয়ান। বারীন্দা বললেন—"তুমি লাইব্রেরির কাজে ইস্তফা দিয়ে চলে এস আমাদের কাছে। 'নারায়ণ' পেয়েছি; ইচ্ছা আছে শীঘ্রই একখানা সাপ্তাহিক বের করবার। সে সময় তোমাকে ডাকবো—তুমি চ'লে এস।"

পাঁচ ছ' মাস পরে ডাক এল। লালগোলার কাজ ছেড়ে কলকাতায় এসে বারীনদাদের গোষ্ঠীভুক্ত হলাম ৪।১ মোহনলাল স্ট্রীটের বাড়িতে। এখান থেকেই 'বিজলী' সাপ্তাহিকের প্রথম প্রকাশ।

এ বাড়িতে তখন বারীন্দ্রকুমার, তাঁর ভগিনী সরোজিনী দেবী, স্ত্রীপুত্র-সহ উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সস্ত্রীক অবিনাশচন্দ্র ভট্টাচার্য, আন্দামান-প্রত্যাগত আরও দুজন বারীন্দ্রকুমারের সহকর্মী—হৃষীকেশ কাঞ্জিলাল ও বিভূতিভূষণ সরকার। বিজলী-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Royal Half-Tone Co.

DESIGNERS, BLOCK MAKERS & COLOUR PRINTERS

4, SARKER BYE LANE,
(Near Sreemani Market, Cornwallis Street)
Calcutta-7

With best Compliments of

Shiva Engineering Works

WATER WORKS ENGINEERS

2, India Exchange Place,
Calcutta-1

Gram : 'HINDEQUIP'

Tele : 22-7383
22-13 5

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশের কিছুদিন পরে আরও দু'জন এখানে যোগ দিয়েছিলেন—বিধুভূষণ দে ও বর্তমান ডি, এম, লাইব্রেরির স্বত্বাধিকারী গোপালদাস মজুমদার।

*

আমার কৈশোরের আদর্শ বারীন্দ্রকুমার। বারীন্দ্রকুমারেরই সম্প্রদায়ভুক্ত ব্যক্তির কাছে আমি বিপ্লব-মন্ত্রে দীক্ষিত হয়েছিলাম। কিন্তু সে সময়ে তাঁর সঙ্গে সাক্ষাতের সৌভাগ্য হয়নি। প্রত্যক্ষ পরিচয়ের পূর্বেই মুরারিপুকুরের বাগানে খানাতল্লাসী, ধরপাকড়, আলিপুর বোমার মামলা ও তাঁদের দীপান্তর দণ্ড।

*

অদ্ভুত জীবন বারীন্দ্রকুমারের।

১৮৮০ সনের ৫ই জানুয়ারি তারিখে লণ্ডনের উপকণ্ঠে নরউডে বারীন্দ্রকুমারের জন্ম। তার পূর্বেই বারীন্দ্রকুমারের মাতা স্বর্ণলতা দেবীর মস্তিষ্কবিকৃতির লক্ষণ দেখা দিয়েছে। যে ডাক্তার চিকিৎসা করছেন তাঁর নাম ম্যাথিউ। বারীন্দ্রকুমারের জননী তাই এই নবজাতকের নাম রাখলেন ইমানিউয়েল ম্যাথিউ ঘোষ। ক্রয়ডনের বার্থ-রেজিষ্টারে এই নামই নথিভুক্ত হয়ে আছে। প্রায় সমুদ্রগর্ভে জন্ম ব'লে পরে তাঁর নামকরণ হ'লো বারীন্দ্রকুমার।

পিতা কৃষ্ণধন ঘোষ ছিলেন সিভিল সার্জন ডাক্তার। ডাক্তারীতে যেমন তাঁর খ্যাতি ছিল, তেমনি তিনি যশস্বী ছিলেন দয়ালু বলে। রংপুর ও খুলনার জনসাধারণ তাঁকে দেবতার মতো মনে করতো। এখনও তাঁর বহু কীর্তিকথা সেখানকার প্রাচীন ব্যক্তিরা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ ক'রে থাকে।

কিন্তু পারিবারিক জীবনে তিনি সুখী হ'তে পারেন নি। প্রেমপ্রবণ স্বামীর পতিপ্রাণা স্ত্রী যখন পাগল হ'য়ে গেল, তখন তিনিও যেন উদ্‌ভ্রান্ত হয়ে পড়লেন। উদ্দাম উন্মত্ত স্ত্রীকে নিয়ে কিছুকাল সংসারযাত্রা নির্বাহ ক'রে শেষ পর্যন্ত তাঁর ধৈর্যচ্যুতি ঘটলো। দুই শিশু—সরোজিনী ও বারীন্দ্রকুমারকে সঙ্গে দিয়ে তিনি দেওঘরের কাছে রোহিণীতে একটি বাড়ি ভাড়া ক'রে স্ত্রীর থাকার ব্যবস্থা করেছিলেন। দেওঘরে বাস করতেন বারীন্দ্রকুমারের মাতামহ ঋষি রাজনারায়ণ বসু। পিতামাতা এই পাগল কন্যা ও তাঁর সন্তানদের তত্ত্বাবধান করবেন বলেই হয়তো অদূরবর্তী রোহিণীতে তাঁদের বাসস্থানের ব্যবস্থা করা হয়েছিল।

এই বাড়িতে দুটি ভাই বোন ঐ পাগল মায়ের কাছে বাল্যজীবন যাপন করতে লাগলেন যেমন স্নেহে তেমনি নির্যাতনের ভিতরে। পাগলের খেয়াল—শান্ত অবস্থায় স্নেহ যেমন অপরিসীম, উগ্র অবস্থায় নির্যাতনও তেমনি নির্মম। বাল্যজীবনের এই নিদারুণ পরিবেশের মধ্যে দীর্ঘকাল কেটে গেল। বারীন্দ্রকুমারের বয়স তখন দশ। লেখাপড়ার নামগন্ধ নেই বললেও চলে। এই সময়ে পিতা কৃষ্ণধন তাঁর পুত্র-কন্যা দুটিকে কলকাতায় নিয়ে আসার সঙ্কল্প করলেন। পাগল মায়ের অজ্ঞাতসারে সরোজিনীকে প্রথমত একরূপ অপহরণ ক'রেই আনানো হ'লো। এইবারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বারীন্দ্রের পালা।

সকাল বেলা। মা বারান্দায় দাঁড়িয়ে আপন মনে ব'কে চলেছেন। বারীন্দ্র রোদ পোহাচ্ছেন একটু দূরে ব'সে। হঠাৎ একটা গুণ্ডার মতো লোক এসে পাগল মাকে বললে—"মেমসাহেব, ফুল লেগা?" এই কথা ব'লে এক কোঁচড় ফুল মায়ের সামনে সে ছুঁড়ে ফেলে দিল। ভদ্রমহিলা ফুল কুড়োচ্ছেন, সেই সময় বারীন্দ্র-কুমারকে নিয়ে সে দৌড় দিল। বলা আবশ্যক, এই ব্যাপারের আগের দিন বারীন্দ্রকুমারকে গোপনে এ কথা জানানোও হয়েছিল। দশ বারো জন লোক একখানা পাল্‌কি নিয়ে দাঁড়িয়েছিল কিছু দূরে। সম্মুখে একজন ভদ্রলোক। বললেন—"তোমার বাবা আমাকে পাঠিয়েছেন। তোমাকে তোমার রাঙামায়ের কাছে নিয়ে যাচ্ছি।"

ধর্মপত্নী পাগল হয়ে যাবার দীর্ঘ-কাল পরে ডাক্তার কৃষ্ণধন ঘোষ বারীন্দ্রকুমারের এই রাঙামাকে স্ত্রীর মতোই মর্যাদা দিয়ে গ্রহণ করে-ছিলেন।

সাঁওতাল পরগণার একটি বন্য পল্লীগ্রামে শৈশব ও বাল্যকাল অতিবাহিত ক'রে বিরাট অট্টালিকা-পূর্ণ কলকাতা শহরে এসে পৌঁছলেন কিশোর বারীন্দ্রকুমার। একটি গলির দোতলা বাড়ির সামনে এসে যখন ঘোড়ার গাড়ি থামলো, তখন নীচে ছুটে এসে তাঁকে কোলে তুলে নিলেন তাঁর রাঙা মা। রাঙা মা সম্বন্ধে বারীন্দ্রকুমার বলেন—"দীর্ঘছন্দ সবল বলিষ্ঠ দেহ, অপূর্ব রূপ সারা যৌবন-সুঠাম অঙ্গ বয়ে ঝরে পড়ছে। বয়স আন্দাজ ১৮।১৯ আমার জরাজীর্ণ শতছিদ্র কাপড় ছাড়িয়ে মা আমায় গরম জলের গামলায় ফেলে সাবান ও স্পঞ্জ দিয়ে ধুয়ে মুছে তুললেন, ধোয়া কাপড় পরিয়ে বুকে চেপে ধরে সে কি আদরের ঘটা।" এই রাঙা মায়ের সঙ্গে আমারও প্রত্যক্ষ পরিচয় ঘটেছিল; সে-কথা পরে যথাস্থানে ব'লবো।

ডাক্তার কৃষ্ণধন ঘোষ প্রতি মাসে দু'একবার কলকাতায় আসতেন, সে সময় পিতাপুত্রের সম্মিলন ঘটতো। বারীন্দ্রকুমার এই রাঙামায়ের কাছে থাকা কালেই ডাক্তার কৃষ্ণধন ঘোষ খুলনায় পরলোকগমন করেন।

*

পিতার মৃত্যুর পরে, ১৮৯৩ সন থেকে পাঁচটি বছর বারীন্দ্রকুমার কাটিয়েছিলেন দেওঘরে দাদামহাশয় রাজনারায়ণের বাড়িতে। সেখানকার স্কুল থেকেই বারীন্দ্রকুমার প্রবেশিকা পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। তার পরে তাঁর ছাত্রজীবন পাটনা ও ঢাকায়। এ ছাত্র-জীবন অধিক দূর অগ্রসর হয়নি।

এবারে আরম্ভ হ'লো কর্মজীবন। কারও সাহায্য না নিয়ে নিজেই উপার্জন করবার প্রচেষ্টা। দেওঘরে কয়েকটা টিউশনী ক'রে মাসিক আটাশ টাকা আয় হয়েছিল। কিন্তু ঘটনা-চক্রে প'ড়ে দেওঘর থেকে অন্তর্ধান করতে হলো বারীন্দ্রকুমারকে। বারীন্দ্র-কুমারের ইচ্ছা—কিছু জমি কিনে চাষ-আবাদ করা। কিন্তু জমি কেনার মতো অর্থের অভাব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাঙা মা তখন থাকেন বর্ধমানে একটি ভাড়া বাড়িতে। দু'এক জায়গায় ঘোরাঘুরি ক'রে বারীন্দ্রকুমার এলেন রাঙামায়ের কাছে। বারীন্দ্র আসায় রাঙা মা হাতে স্বর্গ পেলেন। বারীন্দ্রের ভবিষ্যৎ কর্মপন্থা শুনে রাঙা-মা বললেন, "আমার দপ্তরীপাড়ার বাড়ি বিক্রি ক'রে তোকে আমি টাকা দেবো, ভাবিসনি।"

তাই হ'লো। কিন্তু বাড়িটি বিক্রি ক'রে যে টাকা পাওয়া গেল, তাতে ঋণ-পরিশোধ করতেই তার অনেকটা বেরিয়ে গেল। ঋণ-পরিশোধের পর বাকি রইলো মাত্র ন'শো টাকা। এই টাকা সম্বল ক'রে বারীন্দ্রকুমার পাটনায় চায়ের দোকান খুললেন। সাইন বোর্ড—

B. Ghose's Tea Stall

Half anna cup, rich in cream.

এর সঙ্গে একটি ছোটখাটো ষ্টেশনারী দোকানও প্রতিষ্ঠিত হ'লো। বাড়িভাড়া করে তিনি রাঙা-মাকে পাটনায় নিয়ে এলেন। প্রথম প্রথম আয় মন্দ হ'লো না। খরচও যথেষ্ট। বিক্রী ভালো হ'লেও আয়ের অঙ্কটা যেন ক্রমশ ক্ষীণ হ'তে লাগলো। কারণ যারা ধারে মাল কিনতো, তারা আর ধার শোধ করবার জন্য দোকান-মুখো হ'তো না। ফলে ব্যবসাবুদ্ধি-বিহীন কল্পলোকচারী তরুণের ষ্টেশনারি দোকান এবং টি-স্টল দুইএরই গণেশ ওল্টাতে দেরি হ'লো না।

রাঙা-মায়ের সঙ্গে পরামর্শ ক'রে অর্থসংগ্রহের উদ্দেশ্যে বারীন্দ্রকুমার এলেন বরোদায় সেজদা শ্রীঅরবিন্দের কাছে। শ্রীঅরবিন্দ তখন বরোদার গায়কোয়াডের প্রাইভেট সেক্রেটারি কিম্বা মহারাজার কলেজের ভাইস-প্রিন্সিপাল—এইরূপ কোনো একটা মোটা মাইনের পদে অধিষ্ঠিত। শ্রীঅরবিন্দ অর্থ সম্বন্ধে উদাসীন ব্যক্তি;—সহজেই প্রয়োজনীয় অর্থ মিলবে, বারীন্দ্রের এ দৃঢ় বিশ্বাস।

বরোদায় শ্রীঅরবিন্দের কাছে এসে বারীন্দ্রের সকল অভাবই ঘুচেছে। দৈনন্দিন জীবনযাত্রা অনায়াস, শ্রীঅরবিন্দের স্নেহ, ভালোবাসা, আদর-আপ্যায়নে কিছুমাত্র অসদ্ভাব নেই। কিন্তু বারীন্দ্রকুমারের প্রার্থিত অর্থের প্রসঙ্গে তিনি নীরব!

বরোদায় সাহিত্য-চর্চা, বন্দুক নিয়ে শিকার প্রভৃতিতে দিন কেটে যায়। তার সঙ্গে চলে প্ল্যানচেটে ভূত নামানো। প্ল্যানচেটে আসতো পরলোকগত নানাজাতীয় আত্মারা। বারীন্দ্রকুমার বলেন—"রামমোহন বা বিবেকানন্দ অমনি কে এসে ক্রমাগত বক্তৃতা দিয়ে আমাদের উত্তেজিত করতে লাগলো দেশে আনন্দমঠের সন্তানসেনা গড়বার জন্যে।

[প্রসঙ্গত বলা যায়, শ্রীঅরবিন্দ কিন্তু বিলাতে থাকতেই স্বাধীন ভারতের স্বপ্ন দেখেছিলেন। ভারতীয় মজলিসে লোটাস অ্যাণ্ড ড্যাগারের রাজনৈতিক বক্তৃতাগুলির জন্য বৃটিশ গভর্ণমেণ্ট তাঁর প্রতি বিরূপ হয়েছিল।]

শ্রীঅরবিন্দ মহারাষ্ট্রের গুপ্ত সমিতিতে আগেই যোগ দিয়েছিলেন। বাংলাদেশে গুপ্ত সমিতি প্রতিষ্ঠা করবার জন্য তিনি বরোদা থেকে যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে কল-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Phones : 22-6161 & 22-0627
35-5574

Gram : "SUTITCO"

For QUALITY

TEA CHEST AND COMPONENTS
CONTACT

SUDERSHAN
TIMBER TRADING CO.

25-A, Swallow Lane, Calcutta-1

Factories :	*Timber Depot*	*Branches*
YAMUNANAGAR	ITARSI	TINSUKIA
PATHANKOT	(M.P.)	SILCHAR

With best puja greetings :

Coochbihar Weaver
Co-operative

Powerloom Society Ltd.

95/1, COSSIPORE ROAD,
CALCUTTA-2

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাতায় পাঠালেন। শ্রীঅরবিন্দের নির্দেশে অল্পদিন পরে বারীন্দ্রকুমার এসে যোগ দিলেন যতীন্দ্রনাথের সঙ্গে।

*

১৯০২ সনে বাংলায় এই বিপ্লব-বাদের প্রতিষ্ঠা শ্রীঅরবিন্দের প্রেরণায়। উদ্দেশ্য—যে-কোনো উপায়ে বৃটিশ-শাসনের অবসান ঘটানো। কিন্তু এই রাজনৈতিক বিপ্লববাদ প্রতিষ্ঠিত ছিল আধ্যাত্মিকতার উপরে। শ্রীমদ্ ভগবদ্‌-গীতার বাণী এর মূল মন্ত্র। বরাভয়করা নৃমুণ্ডমালিনী মহাকালীর কাছ থেকে এঁদের আন্তর শক্তি অর্জন।

বারীন্দ্রকুমার এই আধ্যাত্মিক শক্তি লাভ করবার জন্যে নর্মদার তীরে কয়েক জন সাধুর সঙ্গে সাক্ষাৎ করেন। দৈব-ক্রমে এখানেই তাঁর সঙ্গে দেখা হয় গৃহীযোগী শ্রীবিষ্ণুভাস্কর লেলের সঙ্গে। লেলের কাছ থেকে তিনি সাধন গ্রহণ করেন। পরে শক্তিমন্ত্রে দীক্ষা নেন শাখারিয়া স্বামীর কাছ থেকে।

গুরুলাভ ক'রে বারীন্দ্রকুমার ফিরে এলেন কলকাতায়। ইতিপূর্বে তিনি তাঁদের মুরারিপুকুরের বাগানে বিপ্লব-কেন্দ্র স্থাপন করেছেন। কয়েকটি তরুণ এসে সমবেত হয়েছেন সেখানে। অত্যন্ত সাধারণ ভাবে জীবন যাপন করেন তাঁরা,—ব্রহ্মচারীর জীবন। শ্রীমদ্‌ভগবদ্‌গীতা, উপনিষদ প্রভৃতি ধর্ম-গ্রন্থ পড়ানো হয় সেখানে। সঙ্গে সঙ্গে চলতে থাকে বিপ্লবী জীবনের প্রস্তুতি।

১৯০৫। ভারতের তখনকার বড়লাট লর্ড কার্জন বাংলাদেশ দ্বিখণ্ডিত করলেন। সারা বাংলায় তুমুল প্রতিবাদের আন্দোলন জেগে উঠ্‌লো। বিলাতী বর্জন-নীতি গ্রহণ করার সঙ্গে সঙ্গে ঘনিয়ে উঠলো দেশব্যাপী ইংরাজবিদ্বেষ। কলকাতায় ন্যাশনাল কলেজ প্রতিষ্ঠিত হ'লো। বরোদার কাজ ছেড়ে এসে শ্রীঅরবিন্দ এই ন্যাশনাল কলেজের অধ্যক্ষের পদে বৃত হলেন। বারীন্দ্রের সশস্ত্র বিপ্লবের প্রস্তুতির অন্তরালে রইলেন তিনি।

বারীন্দ্রকুমারের কর্মধারা নানামুখী: 'যুগান্তর' কাগজ বের ক'রে তিনি বিপ্লববাদ প্রচারে প্রয়াসী হয়েছেন। চলেছে লোকসংগ্রহ, অর্থসংগ্রহের প্রবল প্রয়াস।

১৯০৮ সালের ফেব্রুয়ারি মাসে শ্রীবিষ্ণুভাস্কর লেলে এলেন কলকাতায়। সুরাট কংগ্রেস থেকে ফেরবার সময় বরোদায় শ্রীঅরবিন্দ লেলের কাছে অধ্যাত্মসাধনার দীক্ষা লাভ করে-ছিলেন। কলকাতায় এসে তিনি স্কট লেনে শ্রীঅরবিন্দের আবাসে উঠলেন।

লেলে একদিন গেলেন বারীন্দ্র-কুমারের কর্মকেন্দ্র মুরারিপুকুরের বাগানে। সব দেখে শুনে তিনি বললেন —"তোমরা ভারতবর্ষকে স্বাধীন করবার জন্যে যে-পথে চলেছো, এ-পথ ছেড়ে দিয়ে আমার সঙ্গে এসো মাত্র ছ'মাসের জন্যে। এই ছ'মাসে ভগ-বানের আদেশ পাবে, কোন্ পথে কি ভাবে চলতে হবে। আর একটি কথা— দেশকে পরাধীনতা থেকে মুক্ত করতে হলে যে রক্তারক্তির একান্ত প্রয়োজন, তাই বা কে বললে? ভারত বিনা রক্ত-পাতেই মুক্ত হবে।"

বিনা রক্তপাতে দেশোদ্ধার হবে, এ-কথা বারীন্দ্রকুমার বিশ্বাস করলেন না। আর দেশমুক্তির সকল প্রয়োজন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ ক'রে ছ'মাসের জন্যে বাইরে থাকা তাঁর পক্ষে সম্ভব নয়—এ কথাও গুরুকে জানিয়ে দিলেন।

গুরু বললেন—'তিন মাসের জন্যে চলো।'

বারীন্দ্র—'অসম্ভব। তিন দিনের জন্যেও কাজ ছাড়তে পারবো না।'

গুরু। শীঘ্রই তোমাদের সম্মুখে ভীষণ বিপদ দেখতে পাচ্ছি।

বারীন্দ্র। মৃত্যু? না হয় ধ'রে ঝুলিয়ে দেবে, তার জন্যে তো প্রস্তুত হ'য়েই আছি।

গুরু। সে-বিপদ মৃত্যুর চেয়েও ভীষণ।

বারীন্দ্রকুমার গুরুর আদেশ অমান্য করলেন। শিষ্যের পরিণাম-চিন্তায় চঞ্চল ভবিষ্যৎ-দ্রষ্টা গুরু ক্ষুণ্ণ হ'য়ে ফিরে গেলেন।

* *

বেশি দিন গেল না। দু'তিন মাস পরে ৩০শে এপ্রিল মজঃফরপুরে ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড সাহেবের গাড়িতে বোমা পড়লো। ভাগ্যক্রমে কিংসফোর্ড সাহেব গাড়িতে ছিলেন না; —গাড়ির দুটি মহিলা আরোহী—মিসেস কেনেডি ও মিস কেনেডি—বোমার আঘাতে মারা গেলেন। বারীন্দ্রকুমার প্রেরিত প্রফুল্ল চাকী ও খুদিরামের এই ব্যর্থ প্রয়াসের পর পুলিস সচকিত হয়ে উঠলো। ২রা মে পুলিস মুরারিপুকুর বাগান খানাতল্লাসীর সঙ্গে সঙ্গে গ্রেপ্তার করলো বারীন্দ্রকুমার ও তাঁর সহকর্মীদের। আরম্ভ হ'লো বিখ্যাত আলিপুর বোমার মামলা। বারীন্দ্রকুমার ও কয়েকজন সহকর্মী মিলে স্থির করলেন—তাঁরা স্বীকার করবেন দেশোদ্ধারের জন্যে তাঁদের কার্যকলাপের কথা। ফাঁসিতে মৃত্যু যখন অবধারিত তখন দেশের লোককে তাঁরা জানিয়ে যাবেন দেশমুক্তির জন্যে তাঁদের পরিকল্পনা ও কর্মধারার কথা।

আলিপুরের সেসন কোর্টে তাঁদের বিচার আরম্ভ হ'লো। বারীন্দ্রকুমারের জন্ম ইংলণ্ডে। বৃটিশ নাগরিক হিসাবে তাঁর বিচার স্বতন্ত্র ভাবে হওয়া উচিত। কিন্তু আদালতে বারীন্দ্রকুমার বৃটিশ নাগরিকত্ব অস্বীকার করলেন। ফলে, আদালতের বিচারে মৃত্যুদণ্ড হ'লো বারীন্দ্রকুমারের। হাইকোর্টে আপীলের পর মৃত্যুদণ্ডের পরিবর্তে তিনি যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত হলেন। আন্দামান দ্বীপে বারো বৎসর দণ্ড ভোগ ক'রে মণ্টেগু-চেম্‌সফোর্ড বিলের প্রসাদে মুক্ত হয়ে অন্যান্য সহকর্মীদের সঙ্গে তিনি ফিরে এলেন।

* *

বারীন্দ্রকুমারের সম্পাদনায় নব পর্যায়ের 'নারায়ণ' বেরিয়েছিল ১৩২৭ সালের বৈশাখ সংখ্যা থেকে। সাপ্তাহিক 'বিজলী' বেরোলো ১৩২৭-এর ৫ঠা অগ্রহায়ণ তারিখে। আমিও যে লালগোলার চাকরি ছেড়ে এসে এঁদের গোষ্ঠীভুক্ত হয়েছি, এ কথা প্রথমেই বলেছি।

একই বাড়িতে এক সঙ্গে থেকে ভালো ক'রে চিনলাম বারীন্দ্রকুমারকে। দুঃসাহসিক অভিযাত্রীর দুর্নিবার মন, সহজ কৌতুকে ভরা সরল সরস প্রাণ, পরার্থপর পরদুঃখকাতর কোমল হৃদয়, নিত্য নূতন পরিকল্পনার মন্ত্রদাতা বারীন্দ্রকুমার। বারীন্দ্রকুমার কবি, গল্পলেখক, প্রবন্ধকার, সঙ্গীত রচয়িতা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঔপন্যাসিক ও চিত্রশিল্পী।

'বিজলী' অফিসের বাড়ি সে সময়ে অফুরন্ত আনন্দে পরিপূর্ণ হয়ে থাকতো।

পরের বছর 'বিজলী' শ্যামবাজার থেকে উঠে এল বৌবাজার স্ট্রীটে চেরি প্রেসের বাড়িতে। এইখানে বারীনদা নিয়ে এলেন তাঁর বাল্যকালের সেই রাঙা মাকে। অতি সরল প্রকৃতির বৃদ্ধা মহিলা। অত্যন্ত স্নেহপ্রবণ প্রাণ। বারীন্দ্রকুমারের বন্ধু ব'লে আমাদেরও তিনি দেখেন নিজের ছেলের মতন।

* *

বারীনদার আনুকূল্যে ১৯২১-এর মার্চ মাসে এসেছি পণ্ডিচেরিতে শ্রীঅরবিন্দের কাছে। বারীনদা তখন পণ্ডিচেরিতেই ছিলেন। বারীনদা যোগসাধনানিরত সদানন্দ সাধক। দীর্ঘদিন সাহচর্যের ফলে দেখেছি—শ্রীঅরবিন্দ কেবল তাঁর সেজদাই নন, তাঁর নূতন অধ্যাত্ম-জীবনের সহায় ও গুরু।

১৯২২-এ কিছুদিনের জন্যে তিনি কলকাতায় ছিলেন। কিছুদিন পরে আবার পণ্ডিচেরি-প্রয়াণ। দীর্ঘকাল—বোধ হয় সাত বৎসর—একটানা তিনি শ্রীঅরবিন্দ আশ্রমে ছিলেন।

১৯২৯। একদিন শুনলাম—বারীনদা কলকাতায় এসেছেন। উঠেছেন আর্য পাবলিশিং হাউসে। হঠাৎ আসবার কারণ জিজ্ঞাসা করলে তিনি বললেন—"আসবার ইচ্ছা হ'লো চ'লে এলাম। সেজদার কাছ থেকে আসবার অনুমতি চেয়েছিলাম, কিন্তু অনুমতি পাইনি। বিনা অনুমতিতেই চ'লে এসেছি। আর বোধ হয় পণ্ডিচেরি ফেরা হবে না।"

মনটা খারাপ হয়ে গেল। শ্রীঅরবিন্দের অসম্মতি সত্ত্বেও বারীনদা চলে এলেন! একবার গুরু বিষ্ণুভাস্কর লেলের আদেশ অমান্য ক'রে বারীনদা অশেষ লাঞ্ছনা ভোগ করেছেন; আবার এই গুরুর আদেশ লঙ্ঘন! এই দুশ্চিন্তাই জেগে উঠ্‌লো মনের মধ্যে।

কিন্তু বারীনদার মনে কোনো ক্ষোভ নেই। আত্ম-নির্ভরশীল হয়ে তিনি ভবিষ্যৎ-জীবন গড়ে তুলবেন, এই তাঁর দৃঢ় বিশ্বাস।

বারীনদা আবার 'বিজলী' বের করলেন। আবার আমরা যোগ দিলাম তাঁর সঙ্গে। কিন্তু 'বিজলী' বেশিদিন চললো না। 'বিজলী' বন্ধ হ'য়ে যাবার পর বারীনদা নানাপ্রকার বৃত্তির দ্বারা জীবিকার্জনের চেষ্টা করেছেন—এমন কি সেই পাটনায় বি, ঘোষের টী স্টলের মতো চায়ের দোকান খুললেন কাশীতে। কিন্তু কোনো প্রয়াসেই সফল হলেন না বারীনদা।

বার্ধক্যের কোঠায় প্রবেশ ক'রে বারীনদা বিবাহ-বন্ধনে আবদ্ধ হলেন। কিন্তু বিবাহিত জীবনেও তিনি সুখী হতে পারেন নি।

সাধারণ মানুষে যাকে দুঃখ বলে, বারীনদার জীবনের অধিকাংশ কাল কেটেছে এই দুঃখের মধ্যে। মনে হয়, ১৯২০ থেকে ১৯২৯ সন পর্যন্ত—এই দশটি বছর তাঁর সুখের জীবন।

কিন্তু তিনি কোনো দিনই দুঃখের কাছে পরাজয় স্বীকার করেন নি। বারীনদা ছিলেন দুঃখজয়ী। যে দুরবস্থায় মানুষ ভেঙে পড়ে, সেই সঙ্কটজনক পরিস্থিতির মধ্যেও বারীনদার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দময় মূর্তি দেখেছি : অফুরন্ত হাসি তাঁর অম্লান মুখে, স্বভাবসিদ্ধ কৌতুকের ফুলঝুরি ফুটতো কথায় কথায়। বারীন-দার ভিতরের সাধক-সত্তাই তাঁকে দুঃখে অনুদ্বিগ্নমনা থাকবার শক্তি দিয়েছিল।

বারীনদা অনেক সাধুসঙ্গ করেছেন। শেষ-জীবনে একজন শক্তি-ধর সাধু নাকি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে, "স্বপ্নে অথবা অন্য কোনোভাবে বারীন্দ্রকুমার যদি শ্রীঅরবিন্দের দর্শন পান, তাহলে তাঁর দেহ থাকবে না।"

১৯৫৯। রোগশয্যাশায়ী বারীন্দ্র কুমার একদিন তাঁর একজন অন্তরঙ্গ ব্যক্তিকে বললেন—"গতকাল রাত্রে রোগযন্ত্রণা থেকে মনটাকে গুটিয়ে ধ্যানের মধ্যে নিজেকে নিয়ে যাবার চেষ্টা করছি, এমন সময় সমস্ত ঘরটা যেন আলোয় উদ্ভাসিত হ'য়ে উঠ্‌লো এবং ঘরের এক কোণে শ্রীঅরবিন্দের জলজলে মূর্তিটা দেখতে পেলাম। শ্রীঅরবিন্দের উজ্জ্বল মূর্তিটা ধীরে ধীরে মিলিয়ে গেল। রোগযন্ত্রণাও যেন তখনকার মত একেবারেই ছিল না।"*

পরদিন—১০ই এপ্রিল—তাঁর অবস্থা এমনই শোচনীয় হয়ে পড়লো যে, তাঁকে সেদিন সন্ধ্যায় সুখলাল কারনানী হাসপাতালে স্থানান্তরিত করতে হ'লো। ব্যাধি—পেটের ব্যথা। কিন্তু একটি সপ্তাহ ধ'রে চিকিৎসকদের সর্বপ্রকার চেষ্টা সত্ত্বেও কোনও ফল ফললো না। ১৮ই এপ্রিল শনিবার ৭-১০ মিনিটে ভারতের মুক্তিসংগ্রামের বিশিষ্ট নেতা বারীন্দ্রকুমার শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন!

---

* বিপ্লবী বারীন্দ্রকুমারের জীবনের শেষ কয়েকটি দিন—শ্রীঅজিতকৃষ্ণ সুর; দৈনিক বসুমতী, ১৮ শ্রাবণ, ১৩৬৬

JOYPUR ENGINEERING WORKS

MANUFACTURERS, ENGINEERS &
ORDER SUPPLIERS

All Kinds & Sizes of C. I. &
G. M. Valves & Cocks.

Office & Works :—

ICHAPUR ROAD, DASNAGAR. HOWRAH.

Phone : 66-4905

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Puja Greetings :

Indian Steel Industries Limited

EXPORTERS OF FERROUS SCRAP

5, CLIVE ROW

CALCUTTA-1

PHONE : 22-2499, 22-3298

Cable : "YANTRIK"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Wishes & Puja Greetings

Kandla Trading Corporation

THX 36, ADIPUR (KUTCH)

INDIA

Calcutta Office :

5, CLIVE ROW

Telegram : YANTRIK Phone : 22-2499

★

Delhi Office :

No. 1439/40 LONI ROAD

DELHI—SHAHDARA

Telegram : IRONSTEEL Phone No : 212206

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতাজী জ্ঞানানন্দ সরস্বতী

(৪৭ পৃষ্ঠার পর)

ব্রহ্মচারিণী সাধিকা, পিসিমাতার, সান্নিধ্যে থেকেই এবং প্রধানতঃ তাঁর প্রভাবেই গড়ে উঠতে থাকে বিষ্ণুপ্রিয়ার অন্তর্জীবন।

প্রাসাদের মন্দিরে পূজা পাঠ লেগেই আছে। বালিকা বিষ্ণুপ্রিয়া দু'বেলাই সোৎসাহে এতে যোগদান করেন। পণ্ডিতদের পাঠ ও ব্যাখ্যা শুনে শুনে বাল্মীকি রামায়ণ আর তুলসীর রামচরিত মানস তার প্রায় কণ্ঠস্থ হয়ে ওঠে।

রামসীতার ওপর বিষ্ণুপ্রিয়ার ছিল অচলা ভক্তি। পিতার কাছে আব্দার শুরু হলো—সোনার রামসীতা বিগ্রহ তাকে এনে দিতে হবে। ধীরসিংজী কন্যাকে যতই বলেন—এ বয়সে বিগ্রহ পূজার দায়িত্ব কেন নিতে যাবে? কিন্তু তাকে বোঝানো দায়। একথায় কর্ণপাত করতে সে রাজী নয়।

কন্যা আশৈশব মাতৃহীনা, তাই স্নেহশীল পিতার পক্ষে তাকে এড়ানো বড় কঠিন। রাণাজীর আদেশে অচিরে স্বর্ণ বিগ্রহ এসে গেল আর এখন থেকে তাই হয়ে উঠলো বিষ্ণুপ্রিয়ার ধ্যান জ্ঞান।

ব্রহ্মচারিণী পিসিমাতার গুরুদেব সেবার প্রাসাদে এসে উপস্থিত। ইনি একজন উচ্চকোটির মহাত্মা। বালিকা বিষ্ণুপ্রিয়া ব্যাকুল কণ্ঠে অবেদন জানায় তাঁর কাছে, "প্রভু, সীতারামজীর দর্শন আমি চাই, এজন্য কি সাধন ভজন আমায় করতে হবে বলে দিন।"

একি অদ্ভুত আবদার এই বালিকার? গুরুদেব সবিস্ময়ে দৃষ্টি নিবদ্ধ করেন তার দিকে। কিন্তু শেষটায় তাঁকে রাজী হতে হয়, সস্নেহে বিষ্ণুপ্রিয়াকে কোলে তুলে নেন, শিখিয়ে দেন ওঙ্কার সাধনের গূঢ় প্রক্রিয়া। স্নেহপূর্ণ স্বরে বলেন, "ম', তুমি এই নিয়ে অভ্যেস কর, ধীরে ধীরে ভেতরের কবাট খুলে যাবে।"

উপদেশ অনুযায়ী বালিকা ঐ সাধন শুরু করে দেয়। কয়েকদিন যেতে না যেতেই দেখা যায়, এক অভূতপূর্ব্ব অস্ফুট ধ্বনি অহরহ সে অনুভব করছে।

একথা শুনে মহাত্মাটি মন্তব্য করেছিলেন, "এ যে অনাহত ধ্বনি। বড় শুদ্ধ আধার এই বালিকা। উপযুক্ত গুরু ও সাধন প্রাপ্ত হলে উত্তর জীবনে অবশ্যই ঘটবে এর পরমপ্রাপ্তি।"

অতঃপর নিয়মিত ধ্যান ধারণা ও সীতারামজীর অর্চ্চনায় বিষ্ণুপ্রিয়ার প্রায় তিনবৎসর কেটে যায়। এবার সে পদার্পণ করে ত্রয়োদশ বৎসরে। পিতা বীরসিংজী ব্যস্ত হয়ে ওঠেন মেয়ের বিয়ের জন্য। সুযোগ্য বরের জন্য অনুসন্ধান শুরু হয়।

বিষ্ণুপ্রিয়া কিন্তু একেবারে বেঁকে বসলো। বিয়ে সে কখনো করবে না, সংসার বন্ধনের জালে নিজেকে জড়িয়ে ফেলতে সে রাজী নয়। সারা জীবন ইষ্টদেব সীতারামজীর পূজাধ্যানে কাটিয়ে দেবে, এই তার সঙ্কল্প।

ভ্রাতৃবধূ আর পিসীমা অনেক ক'রে মেয়েকে বোঝাতে চেষ্টা করেন, "কেন? সতী, সীতা, দময়ন্তী এই সব মহিয়সী নারী কি বিবাহিত জীবনযাপন করেন নি? কোন্ সন্ন্যাসিনী বা যোগিনী তাঁদের চাইতে বড়, বলতো?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু কোন যুক্তি তর্ক অনুরোধ উপরোধেই বিষ্ণুপ্রিয়াকে টলানো সম্ভব হয় না।

এদিকে রাণাজী এক সম্ভ্রান্ত ঘর থেকে পাত্র নির্ব্বাচন করে ফেলেছেন। ছেলেটি সৎ, সুদর্শন ও অশেষ গুণসম্পন্ন। সে যে এই কন্যার উপযুক্ত বর সে বিষয়ে কারুর দ্বিমত নেই। একদিন শুভক্ষণ দেখে বিয়ের পাকা কথাও দেওয়া হয়ে গেলো।

বিষ্ণুপ্রিয়া কিন্তু অন্তঃপুরিকাদের দৃঢ়স্বরে জানিয়ে দেয়—বিবাহের সে ঘোর বিরোধী, আজীবন ব্রহ্মচারিণী হয়েই সে কাটিয়ে দেবে। এ বিয়ের সম্বন্ধ যেন অবিলম্বে ভেঙ্গে দেওয়া হয়। নতুবা সে জীবন বিসর্জ্জন দিতে পশ্চাদ্‌পদ হবে না।

সকলে মহাপ্রমাদ গণলেন। বিয়ের পাত্র, দিন-ক্ষণ, সব যে স্থির হয়ে গেছে। এখন উপায়? রাণাজীকে সবিস্তারে সব জানানো হলো। কন্যার দৃঢ় মনোভাবের কথা শুনে চিন্তিত ও চঞ্চল হয়ে উঠলেন তিনি।

সেদিন বিষ্ণুপ্রিয়া সবে তার পূজা ধ্যান সমাপন করে উঠতে যাচ্ছে, এমন সময় পিতা প্রবেশ করলেন তার কক্ষে। ধীরসিংজী দক্ষ-প্রশাসক ও সুচতুর রাজনীতিক। আসন পরিগ্রহ করেই কন্যার সঙ্গে শুরু করলেন তার রুচি ও প্রবণতা অনুযায়ী নানা প্রসঙ্গ। সীতারামজীর সিংহাসন কেমন হয়েছে, পূজা-অর্চ্চনার আরো কি ভালো ব্যবস্থা করা যায়—এমনি সব কথা বলে কন্যাকে উৎসাহিত করে তুললেন। তারপর বলে ফেললেন মনের আসল কথাটি,—"দ্যাখো, মা, তোমার ইষ্টদেব সীতারামজীর কোন্ গুণটি আমার কাছে সব চাইতে বড় মনে হয়, তা জানো? তা হচ্ছে তাঁর পিতৃভক্তি। পিতৃসত্য পালনের জন্য রাজ্য ছেড়ে তিনি বনবাসে চলে গেছেন, চরম আত্মত্যাগের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অধিকার করেছেন কালজয়ী আসন। এখানে আমার প্রশ্ন, তোমারও কি উচিত নয়, পিতৃসত্য পালনের জন্য সর্ব্বরকমের ত্যাগ স্বীকার করা? তোমার বিয়ের সম্বন্ধ স্থির করে পাত্রপক্ষকে আমি কথা দিয়েছি সে কথা রাখতে না পারলে আমি ও আমার পিতৃপুরুষ অধোগামী হবো। এর চাইতে আমার মৃত্যু অনেক বেশী কাম্য। তুমি কি তোমার ইষ্টদেবের কথা স্মরণে রেখে তোমার পিতৃসত্য ও পিতার প্রাণ মান রক্ষা করবে না?"

বলতে বলতে রাণাজীর চোখ দুটি অশ্রুসজল হয়ে এলো। কন্যা বিষ্ণুপ্রিয়াও ভেঙ্গে পড়লেন কান্নায়, লুটিয়ে পড়লেন পিতার স্নেহময় কোলে।

তাকে কিছুকাল সান্ত্বনা দেবার পর রাণা বলে উঠলেন, "তা হলে, মা বিষ্ণুপ্রিয়া, তোমার আর এতে অমত নেই। বিয়ের দিন নির্দ্ধারিত হয়েই আছে, ঐদিনের জন্য আমরা এবার প্রস্তুত হই। কি বল?"

"বেশ, সীতারামজীর চরণ স্মরণ ক'রে পিতৃসত্য আমি পালন করবো, পিতাজী,"—মৃদুস্বরে সম্মতি জানায় বিষ্ণুপ্রিয়া।

কয়েকদিন অতীত হয়েছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কন্যার বিয়ের দিনটি প্রায় সমাগত। উৎসবের প্রস্তুতিতে প্রাসাদ সরগরম। অন্তঃপুরিকারা সবাই উৎসাহে আনন্দে ভরপুর। কিন্তু বিয়ের কনের মুখে নেই এতটুকু হাসি, নেই কোন উৎসাহ উজ্জ্বলতা। সারাদিন থাকে সে চিন্তাকুল, বিষাদাচ্ছন্ন।

স্নেহময়ী গুরুজনেরা নানা কথায় বিষ্ণুপ্রিয়াকে সান্ত্বনা দেন, উৎসাহ দেন আসন্ন সংসার জীবনকে সানন্দে বরণ করে নেবার জন্য।

বিয়ের আর মাত্র তিন দিন বাকী। সেদিন ভোর হতে না হতেই বিষ্ণুপ্রিয়া চঞ্চলপদে ব্রহ্মচারিণী পিসিমার কক্ষে এসে উপস্থিত।

"হ্যাঁরে, আজ যে তোর চোখে মুখে আনন্দ উথ্‌লে পড়ছে? কি ব্যাপার বল্‌তো?" স্মিতহাস্যে পিসিমা প্রশ্ন করেন।

"সব কথা বলতেই তো তোমার কাছে এলুম, পিসিমা। জানো, ইষ্টদেব সীতারামজীর কৃপা হয়েছে। আমার প্রাণের কথা তিনি শুনেছেন। কাল রাতে স্বপ্নে আমায় দেখা দিয়ে গেলেন। বললেন, 'ওগো, আগে থেকেই এত ভেবে মরছো কেন? তোমার বিয়ে যে এজন্মে হবে না, তাতো আগে থেকেই রয়েছে বিধি-নির্দ্দিষ্ট। যাও, আর নিরানন্দে থেকো না।' আমার মনে কোন গ্লানি নেই, পিসিমা। তোমরা যতই হৈ চৈ কর, দেখো—এ বিয়ে ভেঙ্গে যাবে। প্রভুজীর কথা কি কখনও মিথ্যে হয়?"

ভ্রাতুষ্পুত্রীর কথা শুনে চমকে ওঠেন পিসিমা, দুশ্চিন্তাও কম জাগেনা।



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WEST BENGAL STATE COOPERATIVE BANK LIMITED

Established-1918

Phones : 23-8491/2. **(A Scheduled Bank)** Gram : Provbank.

Registered office : 24/A, Waterloo Street, Calcutta-1.

Branch : 28/A, Shyamaprosad Mukherjee Road, Cal.-25.

Paid Up Capital.	....	Over Rs	1,10.32 lakhs*
Working Funds.	....	Over Rs	15,43.38 lakhs
Reserve & other Funds.		Over Rs	2,28.00 lakhs
Govt. & other Trustee Securities.	...	Over Rs	2,96.00 lakhs

***SHARES** held by the

GOVERNMENT OF WEST BENGAL— Rs 21.00 lakhs

Normal Banking business transacted for the public.

Deposit Rates

Savings Bank Account. ...	4% P.A.
Deposit fixed	
for 15 days to 45 days.	1½% P.A.
„ for 46 days to 90 days.	3% P.A.
„ for 91 days & over but less than 6 months.	5% P.A.
„ for 6 months & over „ „ 1 year.	5½% P.A.
„ for 1 year & over „ „ 2 years.	6% P.A.
„ for 2 years & over „ „ 3 years.	6¼% P.A.
„ for 3 years & over „ „ 5 years.	6½% P.A.
„ for 5 years & over „ „ 7 years.	7% P.A.
„ for 7 years & over „ „ 9 years.	7¼% P.A.
„ for 9 years & over	7½% P.A.
Reserve Fund Deposit of Cooperative Societies.	6¼% P.A.

A. C. Chowdhury. **Manager** B. Majumdar **Chairman** N. Sen Gupta. **Joint Registrar of C. S.** *Secretary.*

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্ন সব সময় সত্য হয়না, আবার হয়ও তো। অদৃষ্টে কি আছে, কে জানে? আদর করে বিষ্ণুপ্রিয়াকে কাছে টেনে নিয়ে বলেন, "লীলাময় শ্রীভগবানের যা অভিরুচি, তাই হবে। কিন্তু তুই যেন এ স্বপ্নের কথা কাউকে বলবিনে। প্রাসাদের কেউ যেন ঘুণাক্ষরে এ বিষয় না জানতে পারে।"

বিষ্ণুপ্রিয়ার মনের মেঘ, দুঃখভার, সব কিছু এবার অপসারিত হয়ে গিয়েছে। উৎফুল্ল অন্তরে চঞ্চলপদে সেখান থেকে সে ছুটে বেরিয়ে যায়।

পরদিনই প্রাসাদে খবর এলো, বিবাহের পাত্র আকস্মিক কাল রোগের আক্রমণে ইহলোক ত্যাগ করেছে। রাণা ধীরসিংজী নৈরাশ্যে ভেঙে পড়লেন, উৎসব মুখর প্রাসাদের আলো-গান-হাসি-আনন্দ নিয়তির নিষ্ঠুর আঘাতে এক মুহূর্তে কোথায় মিলিয়ে গেল।

কিছুদিন পরে ধীরসিংজীকে সবিস্তারে জানানো হলো কন্যার এই স্বপ্ন বৃত্তান্ত। এমনিতেই কিশোরী বিষ্ণুপ্রিয়া বিবাহের ঘোর বিরোধী, ব্রহ্মচারিণী হয়ে সাধন ভজনের পথ অনুসরণ করবে বলে সে দৃঢ় প্রতিজ্ঞ। তার ওপর দেখা যাচ্ছে দৈবের এই প্রতিকূলতা। ধীরসিংজী ভেবে চিন্তে স্থির করলেন, অতঃপর কন্যার বিয়ের কথা নিয়ে আর তিনি মাথা ঘামাবেন না। এবার থেকে তার ঈপ্সিত অধ্যাত্ম জীবনের পথই সে অনুসরণ করে চলুক।

কিশোরী বিষ্ণুপ্রিয়ার আনন্দের অবধি নাই। সংসার জীবনে আর তাকে জড়িয়ে পড়তে হবে না, প্রাণের ইচ্ছা এবার তার পূর্ণ হবে, ইষ্টপূজা ও ইষ্টধ্যানের মিলবে অখণ্ড অবসর।

এখন থেকে অষ্টপ্রহর তার জীবন আবর্ত্তিত হতে থাকে সীতারামজীকে কেন্দ্র করে। প্রভুজীর সাজসজ্জা, অর্চ্চনা ও ভোগরাগ নিয়ে সদাই সে মহা ব্যস্ত। কন্যার সাধন-জীবনের অনুকূল ব্যবস্থার জন্য পিতা আজকাল পরম উৎসাহী। শাস্ত্রবিদ পণ্ডিত, সিদ্ধসাধক ও সন্ন্যাসীরা প্রায়ই কাঠমাণ্ডুতে পশুপতিনাথজীর দর্শনে আসেন। ধীরসিংজী পরম সমাদরে আপন প্রাসাদে এঁদের আমন্ত্রণ করে আনেন, কন্যা বিষ্ণুপ্রিয়াও সাগ্রহে এঁদের সেবা যত্ন করেন, শাস্ত্রব্যাখ্যা আর তত্ত্বোপদেশ শ্রবণ করে হন কৃতকৃতার্থা।

ইতিমধ্যে দুই বৎসর অতিবাহিত হয়ে গিয়েছে। বিষ্ণুপ্রিয়ার বয়স এখন পনের। এই সময়ে হঠাৎ একদিন বর্ষীয়ান রাণা ধীরসিংজী পরলোকে প্রস্থান করলেন। প্রচণ্ডতম এই শোকের আঘাতে মুহ্যমান হয়ে পড়লো বিষ্ণুপ্রিয়া।

শৈশব থেকেই সে মাতৃহারা। তারপর থেকে স্নেহময় পিতার পক্ষপুটেই পেয়েছে সে আশ্রয়, তাঁর ওপরই করেছে একান্তভাবে নির্ভর। এবার সে আশ্রয় তার অপসৃত হলো, সঙ্গে সঙ্গে কেটে গেল সাংসারিক জীবনের বৃহত্তম বন্ধন।

পিতার মৃত্যুর ভেতর দিয়ে মানব জীবনের অনিত্যতা, অসারতা প্রকটিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments Of :

M/s, Laminated Plastics

16/A Naktala Road
Calcutta-47
Phone : 46-4546

Manufacturers of Synthetic
Resin Bonded Pape Tube used in Transformer,
Switch Gear & H. T. & L. T Line.

পূজার আনন্দ উৎসবে সবার তরে আমাদের
আন্তরিক অভিনন্দন

কানোড়িয়া এণ্ড সনস্ প্রাইভেট লিমিটেড

রেজিষ্টার্ড অফিস :
১৩৪, ক্যানিং ষ্ট্রীট,
কলিকাতা—১

টেলিফোন : ২২-৯৬১১, ২২-৪৯২৬

টেলিগ্রাম : ইগেইমেণ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়ে উঠলো বিষ্ণুপ্রিয়ার সারা সত্তায়। এখন থেকে তীব্র বৈরাগ্য ও কৃচ্ছ্রময় জীবন যাপন শুরু হলো তার।

জ্যেষ্ঠভ্রাতা বীরসিংজী আর তাঁর স্ত্রীর পরম স্নেহের পাত্রী বিষ্ণুপ্রিয়া। পিতৃবিয়োগের পর থেকে আরো অধিকতর যত্নে তাঁরা তাঁকে লালন করতে থাকেন। অবাধে তিনি যাতে নিজ ধর্ম্ম-জীবন গঠন করতে পারেন, পূর্ব্ববৎ পূজা পাঠ ব্রত নিয়ম ও দান-ধ্যানাদির অনুষ্ঠান করতে পারেন সেজন্য থাকেন সদা তৎপর।

ক্রমে বিষ্ণুপ্রিয়া বিশ বৎসরে পদার্পণ করেন। এ সময়ে তীর্থদর্শনে তাঁর অভিলাষ হওয়াতে বীরসিংজী ও তাঁর পত্নী সোৎসাহে তাঁকে নিয়ে বেরিয়ে পড়েন ভারতের প্রধান তীর্থ-গুলি দর্শনের জন্য। এই সময়েই মহাধাম পুরীক্ষেত্রে নাটকীয়ভাবে বিষ্ণুপ্রিয়ার সঙ্গে মাতাজী অদ্বৈতানন্দ সরস্বতীর সাক্ষাৎ ঘটে। বিলাস-লালিতা রাণা কন্যা হন সন্ন্যাসিনী।

দীক্ষার পরদিন মাতাজী অদ্বৈতানন্দ নূতন শিষ্যাদের ডেকে এনে বসালেন তাঁর ভজন কুটিরে। প্রশান্তকণ্ঠে বললেন, "আমার গুরুজী শ্রীমৎ সহজানন্দজীর প্রাণে একটা আকাঙ্ক্ষা ছিল। তিনি চাইতেন, ভারতের নারীদের অধ্যাত্ম-উন্নয়ন ত্বরান্বিত হোক, ব্রহ্মবিদ্ নারী সাধিকারা আবির্ভূতা হোন এবং আচার্য্যপদ গ্রহণ করুন। প্রাচীন যুগে এদেশে অম্ভিনী, বাক্, মৈত্রেয়ী প্রভৃতি ব্রহ্মজ্ঞ নারী কত মুমুক্ষুকে কৃপা ক'রে গেছেন। আজকের দিনেও আনতে হবে তেমনি অধ্যাত্ম-জাগরণ। কিন্তু মাতৃজাতির ভেতরে ব্রহ্মবিদের সংখ্যা না বাড়লে জাতির প্রকৃত উন্নয়ন, প্রকৃত কল্যাণ, কি করে হবে বলতো? আমার গুরু তাই বেছে বেছে ভালো আধারযুক্ত কয়েকটি জ্ঞান-পিপাসু গৃহস্থ কন্যা সংগ্রহ করেছিলেন। অকৃপণ করে তাঁদের কৃপাও ক'রে গেছেন। সেই ধারাটিকে অক্ষুণ্ণ রাখার জন্যই আমি এ কাজ করে যাচ্ছি। তোমরাও সেদিকে সতর্ক দৃষ্টি রাখবে।"

খানিকক্ষণ নীরব থেকে মাতাজী অদ্বৈতানন্দ আবার বললেন, "গুরু পরম্পরার ভেতর দিয়ে জ্ঞানের আলো ছড়িয়ে পড়ে সমাজের স্তরে স্তরে। কিন্তু এ আলো, এ জ্ঞান, বিতরণ করতে হলে আগে তোমাকে পেতে হবে জ্ঞানময় সত্তাকে। নইলে লোকে তোমার কাছ থেকে কিছু গ্রহণ করবে কেন? লোক শিক্ষার অধিকারই বা তুমি পাবে কি করে? বহু ভাগ্য বলে সন্ন্যাস দীক্ষা পেয়েছো, এবার ত্যাগ তিতিক্ষা ও তপস্যার মধ্য দিয়ে এজীবনকে সার্থক করে তোল, লাভ ক'র জীবের বহু আকাঙ্ক্ষিত ব্রহ্মজ্ঞান।"

পুরীধামে আরো কিছুদিন অতি-বাহিত হলো। সেদিন শিষ্যাদের সঙ্গে নিয়ে অদ্বৈতানন্দ সরস্বতী গোবর্ধন মঠ দর্শনে এসেছেন। মঠাধিপতি শঙ্করাচার্য্য তাঁর পূর্ব্ব পরিচিত। উভয়ের মধ্যে অনেকক্ষণ নানা নিগূঢ় শাস্ত্রালাপ হলো। কুটিরে ফিরে এসে সরস্বতীজী নবীনা সন্ন্যাসিনীদের বললেন, "তোমরা শঙ্কর সম্প্রদায়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্ন্যাসিনী। আচার্য্য প্রতিষ্ঠিত চারটি আদি মঠ দর্শন করা তোমাদের অবশ্য কর্ত্তব্য। পুরীধামের পরম পবিত্র গোবর্ধন আজ দেখলে। এরপর রইলো শৃঙ্গেরী, দ্বারকা ও জ্যোতির্ম্মঠ। সারা ভারতের তীর্থ পরিব্রাজন ও সন্ন্যাস আশ্রমের এক বড় কর্ত্তব্য। এই পরিব্রাজনের ভেতর দিয়ে সন্ন্যাসী ও সন্ন্যাসিনীরা লাভ করে কর্ম্মজীবনের বিচিত্র অভিজ্ঞতা। তাছাড়া, সাধক জীবন কৃচ্ছ্রসাধনে অভ্যস্ত হয়, আর অহমিকার কাঁটা ক্রমে ক্ষীণতর হয়ে আসে। আমি নিজে সঙ্গে থেকে তোমাদের এই পরিব্রাজন ব্রত শুরু করাবো।"

পদব্রজে প্রতিদিন সবাইকে দীর্ঘ-পথ অতিক্রম করতে হয়। কাঁটার ঘায়ে এক একদিন পদযুগল রক্তাক্ত হয়ে ওঠে, শ্রান্ত ক্লান্ত দেহ অবসন্ন হয়ে লুটিয়ে পড়তে চায়, কোনদিন আহার জুটে, কোনদিন থাকতে হয় একেবারে উপবাসী, তবুও মাতাজী জ্ঞানানন্দের মুখে একটি শব্দ নেই। তিনি বুঝে নিয়েছেন, রাণামহলের ভোগবিলাস-প্রাচুর্য্যময় জীবনে চিরদিনের তরে ছেদ পড়ে গিয়েছে, এবার থেকে পূর্ব্বাশ্রমের সকল কিছু সংস্কার, সকল কিছু অভ্যাস তাঁকে বর্জ্জন করতে হবে। দূর করতে হবে মনের বিকার, সর্ব্ব অভিমানের কাঁটা সমূলে করতে হবে উৎপাটন।

কয়েকদিন পরে গুরু লক্ষ্য করলেন, নবীনা শিষ্যা জ্ঞানানন্দের নরম দুটি পায়ের তলা একেবারে ক্ষতবিক্ষত হয়ে গিয়েছে, তাঁর পক্ষে এখন পথ চলা দায়। তাই এবার থেকে তাঁর জন্য ব্যবস্থা হলো একজোড়া কাষ্ঠ পাদুকা। পথশ্রম ও আহারের অব্যবস্থা রয়ে গেল পূর্ব্ববৎ।

শৃঙ্গেরী, রামেশ্বর এবং দাক্ষিণাত্যের আরও নানা তীর্থ দর্শন করে, পরিব্রাজিকার দল উপস্থিত হলেন দ্বারকাধামে। এখানে পৌছনোর পর মাতাজী জ্ঞানানন্দের বৃদ্ধা ধাত্রীমাতা, কন্যাসহ যিনি তাঁরই সঙ্গে সন্ন্যাস গ্রহণ করেছিলেন, শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। তাঁর সমাধি সৎকার শেষ হবার পর পদব্রজে সবাই উপনীত হলেন পাঞ্জাবে।

এখানকার এক পল্লীগ্রামে বহুল-খ্যাত হঠযোগী কাকা-বাপুজীর বাস। গ্রামে প্রবেশ করেই গুরু অদ্বৈতানন্দ মাতাজীকে একান্তে ডেকে নিয়ে, বললেন, "বেটী আমি তোমার উপর খুব প্রসন্ন হয়েছি। রাজপ্রাসাদের দুলালী হয়েও পরিব্রাজনের পথে যে কৃচ্ছ্র তুমি সাধন করেছো, তা আমি সানন্দে লক্ষ্য করেছি। তোমার অসাধারণ গুরুনিষ্ঠা, ধী শক্তি, বিচার-বুদ্ধি ও তপস্যাপরায়ণতা আমার চোখ এড়ায়নি। মনে হচ্ছে শ্রীভগবান যেন তোমাকে বহুজনের হিতের জন্য, লোকগুরু হবার জন্য, চিহ্নিত করে, পাঠিয়েছেন। বহুলোকের ভার তোমার নিতে হবে, কিন্তু এজন্য চাই বহু-মুখীন প্রস্তুতি। দেহ, মন, প্রাণকে স্ববশে আনয়নের শক্তি করতে হবে অর্জ্জন। আমার ইচ্ছে প্রথমে হঠযোগ সাধন করে দেহকে তুমি আয়ত্তাধীনে আনো। এখানকার কাকা-বাপুজী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best Vijoya Greetings

Asiatic Soap Co.

8, DALHOUSIE SQUARE EAST

CALCUTTA-1

Phone : 22-6853

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :—

V. D. SWAMI & CO. PRIVATE LIMITED

EXPORTERS & IMPORTERS
of
Iron & Steel and all type of
Enginering goods

★

HEAD OFFICE :
8, RITCHIE ROAD, CALCUTTA-19
Phone : 47-4244 (3 Lines)   Telegram : "METTRADING"

★

BRANCHES :

Madras	Bombay	New Delhi
123, Mount Road Madras-6	9, Kasturi Bldg, Jamshedji Tata Road, Bombay	138, Jor Bagh New Delhi-3

Telegram :

"METTRADING"	"IRUMBU"	"IRUMBU"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হচ্ছেন উত্তর ভারতের একজন শ্রেষ্ঠ হঠযোগী। আমার সঙ্গে এঁর ঘনিষ্ঠ পরিচয় আছে। তুমি এঁর কাছে হঠযোগ সাধনা গ্রহণ কর।”

গুরুর আদেশ মাতাজী পরম শ্রদ্ধায় শিরোধার্য্য করলেন। কাকা বাপুজীর তত্ত্বাবধানে তাঁর হঠযোগের সাধন অগ্রসর হতে থাক্‌লো।

অসামান্য প্রতিভা এই নবীন শিক্ষার্থিনীর। শিক্ষাগুরুর কাছ থেকে এক একটি প্রক্রিয়া তিনি প্রাপ্ত হন আর অবলীলায় অল্প সময়ের অভ্যাসেই তা হয়ে ওঠে তাঁর আয়ত্তাধীন। হঠযোগী কাকা বাপুজী মুগ্ধ ও বিস্মিত! একদিন তিনি প্রশ্ন করে বসেন, “আচ্ছা মাঈ, তুমি আগে কখনো আর কারুর কাছে হঠযোগের সাধন নিয়েছো? আগে কি এসব অনুষ্ঠান করেছো?”

“না প্রভু, এসব তো আমি নূতন অভ্যেস করছি। কিন্তু কেবলই আমার মনে হচ্ছে, এ সব যেন আগে থেকেই আমার জানা, কোন কিছুই নূতন বলে মনে হচ্ছে না।”

শিক্ষাগুরু এবং অন্যান্য সাধুরা বুঝলেন, পূর্ব জীবনের সিদ্ধি সংস্কার নিয়েই মাতাজী জ্ঞানানন্দ জন্মেছেন, তাই হঠযোগ সাধনে তাঁর এই অসামান্য পারদর্শিতা। ক্রমিক অভ্যাসের ফলে কাকা বাপুজী প্রদত্ত সাধনগুলো আয়ত্ত করে এবং তাঁর আশীর্বাদ নিয়ে মাতাজী তাঁর গুরু ও গুরুভগ্নীসহ সেই স্থান ত্যাগ করলেন।

এবার পরিব্রাজনের লক্ষ্য পরমগুরু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহজানন্দ সরস্বতীজীর আম্বালাস্থিত পবিত্র আশ্রম। দীর্ঘদিন হয় এই মহাত্মা মরদেহ ত্যাগ করেছেন। কিন্তু আগে এ অঞ্চলের জনমনে এই সর্ব্বশাস্ত্রবেত্তা, যোগসিদ্ধ মহাসাধকের স্মৃতি প্রোজ্জ্বল হয়ে রয়েছে। উত্তর সাধকেরা আজো সযতনে এই আশ্রমে জ্বালিয়ে রেখেছেন তাঁর মহাসাধনার আলোক-বর্ত্তিকা। শত শত মুমুক্ষু ও আর্ত্তের আশ্রয় স্থান হয়ে আছে এই পুণ্যময় আশ্রমটি।

আশ্রমিকেরা পরম সমাদরে অদ্বৈতানন্দ ও তাঁর শিষ্যদের গ্রহণ করলেন। পরমগুরুর সাধননিষ্ঠা ও তাঁর যোগ বিভূতির নানা কাহিনী শুনে মাতাজী জ্ঞানানন্দের আনন্দ ও বিস্ময়ের অবধি নেই। এখানে কিছুকাল বিশ্রাম করে সবাই এক নব ভাবে নব প্রেরণায় উদ্দীপিত হয়ে উঠলেন।

অতঃপর সবাই রওনা হয়ে যান কেদার বদরী পরিক্রমণে। একাজ সমাপ্ত করে অদ্বৈতানন্দ সরস্বতী দুই নবীনা শিষ্যকে নিয়ে প্রত্যাবর্ত্তন করলেন হরিদ্বারে। এখানে পৌঁছে তাদের বললেন, "পরিব্রাজনে বেশ কিছুদিন অতিবাহিত হলো, এবার আমরা এখানেই কয়েক মাস অবস্থান করবো। আমার এ দেহের পরমায়ু আর বেশী নেই। যাবার আগে দেখে যেতে চাই যে তোমাদের তত্ত্বজ্ঞানের ভিত্তি, সাধন ও সিদ্ধির ভিত্তি সুদৃঢ় হয়ে উঠেছে।"

হরিদ্বার কনখলে তখন স্বামী হরি ভারতীর খুব প্রসিদ্ধি। একাধারে এমন জ্ঞানী, শাস্ত্রবিদ্ ও ত্যাগ তিতিক্ষা-পরায়ণ মহাত্মা সুদুর্লভ। ভারতীজীর আশ্রমে এ সময়ে হরিশঙ্করানন্দ গিরি নামে এক উচ্চকোটির রাজযোগীও অবস্থান করছেন। দুই মহাত্মা মিলিত হয়ে প্রতিদিন তত্ত্ব উপদেশাদি দিচ্ছেন। এই আশ্রমে তাই সাধক ও পণ্ডিতদের ভীড় সব সময়ে লেগেই আছে।

অদ্বৈতানন্দ সরস্বতীর পরমগুরু, আম্বালা মঠের সহজানন্দ সরস্বতী মহারাজকে কন্‌খলের এই মহাত্মাদ্বয় ভালভাবে জানতেন, শ্রদ্ধা করতেন। অদ্বৈতানন্দ সরস্বতী সেদিন এঁদের কাছে এসে জ্ঞাপন করলেন তাঁর গুরু পরম্পরার কথা। আরো বললেন, "আমার শরীর প্রাচীন ও অপটু হয়ে পড়েছে, তাই আমার ইচ্ছে, আপনারা আমার এই নবীনা শিষ্যা দুইটির শিক্ষার ভার গ্রহণ করুন।

দুই মহাত্মাই সানন্দে জানালেন তাঁদের সম্মতি। মাতাজী জ্ঞানানন্দ ও তাঁর সঙ্গিনীর শাস্ত্র অধ্যয়ন ও যোগ-সাধনা দুইই শুরু হয়ে গেল।

বেদান্ত, উপনিষদ, সাংখ্য পাতঞ্জল প্রভৃতি গ্রন্থ অতি অল্প সময়ের মধ্যে মাতাজী জ্ঞানানন্দ আয়ত্ত করে ফেললেন। তাঁর এই অলৌকিক প্রতিভা প্রত্যক্ষ করে বারবার তাঁরা জানাতে লাগলেন সাধুবাদ।

হরিশঙ্করানন্দ গিরি ছিলেন যোগ-শাস্ত্রে পারঙ্গম, যোগবিভূতিও হয়েছিল তাঁর করায়ত্ত। উপযুক্ত আধার পেয়ে, সাগ্রহে তিনি নানাবিধ নিগূঢ় সাধন দিতে থাকেন, আর মাতাজীও একের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পর এক সাধনার ক্রমগুলো শেষ করে চলেন অনন্য নিষ্ঠায়।

ছয়মাস কালও উত্তীর্ণ হয়নি, এরই মধ্যে দেখা যায়, মাতাজীর সাধনসত্তায় আবির্ভূত হয়েছে দূর শ্রবণ, দূরদর্শন ও পরচিত্তজ্ঞানের শক্তি। এসময়ে যোগীবর হরিশঙ্করানন্দজীর তীক্ষ্ণ দৃষ্টি সতত তাঁকে ঘিরে রাখতো, এসব প্রসঙ্গ উঠলেই মাতাজীকে তিনি সতর্ক করে দিতেন, "সব সময় স্মরণ রাখবে—প্রতিষ্ঠা শূকর বিষ্ঠা। অবলীলায় উপেক্ষা করবে এই সব শক্তির স্ফুরণ, পথ চলতে পথের ধূলি-আবরণ গায়ে জড়িয়ে যায়, সাধনজীবনের গায়েও তেমনি এগুলো লেগে যায় স্বাভাবিক-ভাবে। এ নিয়ে মাথা ঘামাতে নেই। পথের ধূলার চাইতে পথ অতিক্রমের দিকেই সতত নিবদ্ধ রাখবে তোমার দৃষ্টি।"

বৎসরেক কালের মধ্যেই মাতাজী যোগ সাধনায় বিস্ময়কর উন্নতিলাভ করেন। দিনের পর দিন তাঁর কেটে যায় গভীর ধ্যান তন্ময়তায়। এক একদিন বাহ্য জগতের চেতনা ছাপিয়ে আবির্ভূত হয় দিব্য আনন্দের তীব্র স্রোতধারা, লহরীর পর লহরী তুলে এই আনন্দ তাঁকে ভাসিয়ে নিয়ে যায়।

এই সময়কার অভিজ্ঞতার কথা উত্তরকালে মাতাজী কথাপ্রসঙ্গে ঘনিষ্ঠ শিষ্যদের কাছে বলেছিলেন, "ধ্যান-তন্ময়তা ভঙ্গের পরও দীর্ঘকাল এই আনন্দের অবস্থা স্থায়ী হতো। সর্ব্ব অঙ্গ রোমাঞ্চিত, দুই চোখ বেয়ে অশ্রু ঝরছে নিরবচ্ছিন্ন ধারায়। আপাদমস্তক যেন ডুবে আছে অনির্ব্বচনীয় আনন্দ-সমুদ্রে। যে দিকেই দৃষ্টি পড়ুক আনন্দ ছাড়া আর কিছু নেই। ক্রমে এই অবস্থাটি এতই অভ্যস্ত হয়ে গেল যে ধ্যান করতে বসা মাত্র স্বতঃস্ফুর্ত্ত এই দিব্য আনন্দের তরঙ্গ ভিতর বার একাকার করে সর্ব্বত্র ছড়িয়ে পড়তো।"

এ সময়ে মাতাজীর সাধনপথে উপস্থিত হলো এক বড় অন্তরায়। গুরু শ্রীমৎ অদ্বৈতানন্দ সরস্বতীর দেহ ভেঙ্গে পড়বার উপক্রম হলো। তাই সাধন ভজনের তীব্রতা হ্রাস করে মাতাজী নিজেকে একান্তভাবে নিয়োজিত করলেন গুরুর সেবা শুশ্রূষার কাজে।

গুরু বুঝলেন ব্রহ্মলীন হবার পরম লগ্নটি এবার এসে গিয়েছে। হরিশঙ্করা-নন্দগিরি এবং হরিভারতী এই দুই মহাত্মাকে নিকটে আহ্বান করলেন। তারপর জ্ঞানানন্দ ও অপর দুইটি শিষ্যার দিকে অঙ্গুলি নির্দ্দেশ করে বললেন, "আমার এই অধ্যাত্ম সন্তানেরা রইলো। এই মরদেহ ত্যাগ করে যাবার আগে আমার অনুরোধ—আপনারা এদের দিকে দৃষ্টি রাখবেন। সাধনবীজ এরা পেয়েছে, পরম প্রাপ্তির পথে এগিয়েও চলেছে। আমার অবর্ত্তমানে এরা যেন সর্ব্বপ্রকারে আপনাদের সাহায্য লাভ করে।

মহাত্মাদ্বয় প্রতিশ্রুতি দিলেন, এ অনুরোধ তাঁরা অবশ্যই রক্ষা করবেন। অতঃপর "ওঁ নমো নারায়ণায়," উচ্চারণ করার সঙ্গে সঙ্গে অদ্বৈতানন্দ সরস্বতীর নয়ন দুটি হলো চিরতরে নিমীলিত।

মাতাজী জ্ঞানানন্দের জীবনে গুরুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই মহাপ্রয়াণ পতিত হয় এক প্রচণ্ড আঘাত রূপে। কিন্তু ঐ আঘাত তাঁকে বিপর্য্যস্ত করতে পারেনি। কয়েকদিনের ভেতরই নিজেকে তিনি সামলে নেন। তারপর কন্‌খলের মহাত্মাদের পরামর্শমত তিন গুরুভগ্নী ফিরে যান আম্বালায় পরমগুরুর আশ্রমে।

সেখানে গুরু অদ্বৈতানন্দ সরস্বতীর নামে মহাসমারোহে এক ভাণ্ডারা প্রদত্ত হয়। তারপর গুরুভগ্নীদের সঙ্গে নিয়ে মাতাজী বহির্গত হন উত্তর ভারত পরিব্রাজনে।

পথ চলতে চলতে সকলে জলন্ধরে এসেছেন। এখানে ভবানী-মা নাম্নী এক বৃদ্ধা ভৈরবীর সঙ্গে তাঁদের সাক্ষাৎ ঘটে। মাতাজী জ্ঞানানন্দকে দেখা মাত্রই ভবানী-মা তাঁর প্রতি অত্যন্ত আকৃষ্টা হলেন, মনে মনে তাঁকে ভালবেসে ফেললেন।

আলাপ পরিচয়ের পর ভবানী-মা স্মিতহাস্যে বললেন, "তোমরা দেখছি শঙ্কর মতের অনুগামিনী। শক্তি মানো না। অথচ ছ্যাখো, সারা বিশ্ব-প্রপঞ্চ জুড়ে নিরন্তর শক্তির খেলাই কেবল চলছে।"

মাতাজী সবিনয়ে নিবেদন করেন, "আচার্য্য শঙ্কর শক্তি ও শক্তিমানকে অভিন্ন বলেছেন ঠিকই। কিন্তু অনির্ব্বচনীয়া মায়া, অঘটন-ঘটন-পটীয়সী মায়া যে ব্রহ্মের শক্তি তাতো স্বীকার করেছেন। এই ব্রহ্মশক্তিই তো মহামায়া সাধন চতুষ্টয়, শ্রবণ-মনন নিদিধ্যাসন প্রভৃতি যা কিছু ব্রহ্ম-উপলব্ধির উপায় তা যে মহামায়ারই

কেয়ো-কার্পিন
একটি বিশিষ্ট কেশ তৈল
Dey's
প্রস্তুতকারক :
দে'জ মেডিকেল স্টোর্স প্রাইভেট লিমিটেড
কলিকাতা-১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃপা সাপেক্ষ।"

মাতাজীর এই উদার অসাম্প্রদায়িক মতবাদ শুনে ভবানী-মা'র চোখ দু'টি আনন্দে উজ্জ্বল হয়ে উঠলো। প্রসন্ন কণ্ঠে বললেন, "বাছা, তত্ত্বোজ্জ্বলা বুদ্ধি প্রকাশিত হয়েছে তোমার জীবনে, তাই তোমার দৃষ্টি হয়ে উঠেছে এমন সর্ব্বব্যাপক।"

এই তন্ত্রসিদ্ধা সাধিকার সনির্ব্বন্ধ অনুরোধে সঙ্গিনীগণসহ মাতাজী জ্ঞানানন্দ কিছুদিনের জন্য তাঁর সঙ্গে অবস্থান করতে লাগলেন।

মাতাজীকে একদিন সঙ্গোপনে ডেকে ভবানী-মা বললেন, "গ্যাখো বাছা, কাছেই একটি পবিত্র শক্তিপীঠ রয়েছে। আমি চাই, তুমি সেখানে থেকে কিছুকাল ত্রিপুরাসুন্দরীর সাধন সমাপ্ত ক'র। এই সাধনায় সিদ্ধা হলে তোমার অশেষ কল্যাণ হবে। উত্তর-কালে ঈশ্বরের নির্দ্ধারিত অনেক কিছু কাজ তোমায় করতে হবে। এই সিদ্ধি করায়ত্ত হলে তোমার কাজ হবে সহজতর। এ সাধনায় আমি তোমায় যথাশক্তি সাহায্য করবো।"

মাতাজী সানন্দে রাজী হলেন। অল্প সময়ের মধ্যে জগন্মাতা ত্রিপুরা-সুন্দরীর দর্শনলাভে হলেন তিনি কৃতকৃতার্থা।

কতকগুলি বিশেষ ধরণের শক্তি অর্জ্জনের সঙ্গে সঙ্গে তাঁর সাধন আধারে উপস্থিত হলো ঐশ্বরীয় কৃপা ও স্নেহ-রসের অমৃতধারা। উত্তরকালে মাতাজী যখন আচার্য্যা ও লোকগুরুর ভূমিকা গ্রহণ করেন তখন এই ত্রিপুরাসুন্দরী-সিদ্ধি তাঁকে অশেষভাবে সাহায্য করেছিল।

ভবানী-মার আগ্রহ ও অনুরোধে মাতাজী এসময়ে হিংলাজ, জালামুখী, কাংড়া প্রভৃতি জাগ্রত শক্তিপীঠগুলি দর্শন করেন।

কাংড়ায় অবস্থানকালে একটি চাঞ্চল্যকর ঘটনা সংঘটিত হয়। যে কয়দিন মাতাজী এখানে ছিলেন, প্রত্যূষে স্নানকৃত্যাদি শেষ করে দেবী মন্দিরে গিয়ে বসতেন, বাহ্যজ্ঞান বিস্মৃত হয়ে ধ্যানস্থ থাকতেন সারাদিন, তার-পর নিশাযোগে প্রত্যাবর্ত্তন করতেন আপন কুটিরে।

একদিন ধ্যান সমাপ্ত হবার সময় দেখতে পেলেন এক বিস্ময়কর অলৌকিক দৃশ্য। দেবীর মূর্ত্তিটি যেন বিশাল আকার ধারণ করেছে, আর সেটি বারবার হচ্ছে প্রকম্পিত! দুই আয়ত নয়ন থেকে নির্গত হচ্ছে তীব্র অগ্নি স্ফুলিঙ্গ।

মাতাজীর মানসপটে ভেসে উঠলো অতি-আসন্ন ধ্বংসের এক ভয়াবহ প্রতিচ্ছবি। ধ্যানাসন ছেড়ে তাড়াতাড়ি উঠে পড়লেন, পাণ্ডাদের ডেকে ব্যাকুল কণ্ঠে বিবৃত করলেন সব কথা। বললেন, "বাবা, আমি একটা ঘোরতর অমঙ্গলের আভাস পাচ্ছি। তোমরা আজই মায়ের মূর্ত্তিটি কোথাও স্থানান্তরিত ক'র। আর যাত্রীদেরও এখানে আসতে বারণ করে দাও।"

পাণ্ডারা মাতাজীর এ কথায় বিশ্বাস স্থাপন করতে পারে না। ভাবে, অতিরিক্ত ধ্যান-ধারণার ফলে নবীনা সন্ন্যাসিনীর মস্তিষ্ক হয়তো গরম হয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Wheeler Industries

1A, GRANT LANE

CALCUTTA-12

•

'WHEELER' *Brand* Free WHEEL

The only manufacturer in Eastern India

under approval of the Govt.

Phone : 22-8755 Gram : 'FREEWHEEL'

Factory : BELIAGHATA Phone : 35-5361

PUJA GREETINGS TO ALL OUR PATRONS :—

Sterling (India) Company Private Ltd.

68-B, DILKHUSA STREET,

CALCUTTA-17

Gram : 'Conveyor, Cal' Phone : 44-1593

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উঠেছে, তাই এই সব এলোমেলো কথা।

"মাঈ, মিছেমিছি তুমি ভেবে মরছো। বিপদের কোন আশঙ্কা থাকলে দেবী নিজেই যে তাঁর বড় পূজারীকে সতর্ক করে দিতেন। তুমি নিশ্চিন্তে ঘরে ফিরে যাও।"—আশ্বাস দেয় পাণ্ডারা।

মাতাজী বলেন, "দ্যাখো, মা যে ইঙ্গিত দিলেন তা তোমাদের জানালাম। এখন যা তোমাদের অভিরুচি তাই ক'রো। আমি নিজের জন্য ভীতা হইনি, ব্যাকুল হইনি। সকলের কল্যাণের জন্যই আমি তোমাদের সতর্ক হতে বলেছি। নিজে আমি রোজকার মতই আসবো মন্দিরে। মায়ের পূজা ধ্যান যথারীতি করবো। কিন্তু তোমরা খুব সাবধানে থেকো।"

পরদিন প্রত্যূষে মাতাজী সবেমাত্র দেবীমূর্ত্তির সম্মুখে ধ্যানে বসেছেন, অকস্মাৎ শুরু হয় প্রচণ্ড গুম্ গুম্ শব্দে ভূমিকম্প আর অগ্নি উদ্‌গীরণ। বিশাল মন্দিরের দেয়াল ও গম্বুজ ভেঙ্গে পড়তে থাকে, ধূম্ররাশিতে চারদিক হয় অন্ধকারাচ্ছন্ন। এই ধ্বংস তাণ্ডবের মধ্যে আবির্ভূতা হন এক দেবীমূর্ত্তি, মাতাজীর হস্ত ধারণ করে তাঁকে টেনে আনেন নিরাপদ স্থানে। মুহূর্ত্তমধ্যে দেবীর মন্দিরটি পরিণত হয় ভগ্নস্তূপে।

আপন বাসস্থানে ফিরে আসবার সময় মাতাজী দেখেন, ধ্বংসলীলা তখনো একেবারে নিবৃত্ত হয়নি। পাণ্ডাপাড়ার গৃহগুলো ধ্বসে পড়েছে, মৃত্তিকা ভেদ করে পথের নানা স্থানে নির্গত হচ্ছে ধূম্র আর উষ্ণ জলস্রোত। কিন্তু বিস্ময় বিমুগ্ধ নেত্রে দেখলেন, যে অঞ্চলে তাঁর কুটিরটি অবস্থিত সে অঞ্চলের কোন ক্ষতিই হয়নি, তাঁর সঙ্গিনীরাও সবাই নিরাপদে রয়েছেন। অলৌকিক ভাবে মাতাজীর জীবন রক্ষা পাওয়াতে সবাই স্বস্তির নিঃশ্বাস ফেলে বাঁচলেন।

সেদিনকার এই ভূমিকম্পের ফলে কাংড়ার বহু গৃহ ভগ্ন ও ভূমিসাৎ হয় এবং কিছু সংখ্যক লোকের প্রাণনাশ ঘটে। এই ধ্বংসলীলার পূর্ব্বাভাস মাতাজী তাঁর ধ্যানে পেয়েছিলেন এবং পাণ্ডাদের তা জানিয়েও দিয়েছিলেন। একথা প্রকাশ হবার সঙ্গে সঙ্গে চারদিকে মাতাজীর অলৌকিক শক্তির খ্যাতি রটে গেল। পাণ্ডা এবং তীর্থচারী যাত্রীরা দলে দলে ভীড় করতে লাগ্‌লো এই শক্তিমতী নবীন সন্ন্যাসিনীর কাছে।

এরূপ লোক সমাগমে সাধনার বিঘ্ন হতে থাকায় মাতাজী সঙ্গিনীদের নিয়ে কাংড়া অঞ্চল ত্যাগ করলেন। পদব্রজে দীর্ঘপথ অতিক্রম করে উপনীত হলেন প্রভু রামচন্দ্রের লীলাভূমি অযোধ্যায়। কৈশোর ও যৌবনে নিষ্ঠাভরে শ্রীরাম বিগ্রহের উপাসনা ও আরাধনা করে এসেছেন মাতাজী। তাই তাঁর স্মৃতিপূত মহাতীর্থে এসে তাঁর আনন্দের অবধি রইলো না। এখানে কিছুদিন পরমানন্দে অতিবাহিত করার পর দুই গুরুভগ্নীকে সঙ্গে নিয়ে রওনা হলেন সীতাদেবীর জন্মভূমি জনকপুরের দিকে।

জনকপুরের সন্নিহিত এক গ্রামে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

FOR A NICE CUP OF TEA

INSIST ON

TOSH'S TEA

(*Purely Indian*)

A Tosh & SONS Private Ltd.

Tea Packers & Exporters.

TOSH HOUSE

P 32 & 33, India Exchange Place,

Calcutta-1

Phone : 22-4785

WITH BEST WISHES FROM :-

Auto Fuel Services

BURMAH SHELL DEALERS

2, Judges' Court Road

Phone : 45-4363

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপস্থিত হতেই এক বিচিত্র কাণ্ড ঘটলো। দূর থেকে মাতাজী জ্ঞানানন্দকে দর্শন করে এক ব্রাহ্মণ দ্রুতবেগে ছুটে এলেন, লুটিয়ে পড়লেন তাঁর পদমূলে। ভাবাবেগে ব্রাহ্মণ উন্মত্তপ্রায়, অবিরত কেবল কেঁদে ভাসাচ্ছেন আর বাষ্পরুদ্ধ কণ্ঠে বলছেন, "এই যে আমার সীতা-মাঈ, এই যে আমার ইষ্টদেবী।"

বলা বাহুল্য, অল্প সময়ের মধ্যে পথে ভীড় জমে গেল। ভাবাকুল ব্রাহ্মণটিকে প্রবোধ দিয়ে শান্ত করা হলো, তারপর শোনা গেল তার কাহিনী।

ব্রাহ্মণের নাম রঘুজীবন ত্রিবেদী। এ অঞ্চলের সবাই জানে, তিনি একজন উন্নত স্তরের সাধক এবং সীতারামজীর বিশিষ্ট ভক্ত। কয়েকদিন আগে দ্বিবেদীজী স্বপ্ন দেখেছেন, মা-জানকী তাঁকে বলছেন, "বাবা তোমার প্রতি আমি প্রসন্ন হয়েছি। স্থির করেছি, শিগ্গীরই তোমার কুটিরে উপস্থিত হবো, করবো তোমার সেবা গ্রহণ। এ কয়দিন প্রতীক্ষায় থাকার পর ত্রিবেদীজীর ধৈর্য্যের বাঁধ ভেঙ্গে যায়। অতঃপর তিনি গ্রহণ করেন প্রয়োপ-বেশনের সঙ্কল্প। স্বপ্নের কথা অনুযায়ী মা-জানকী যদি তাঁর গৃহে পদার্পণ না করেন, তবে এ ছার জীবন দ্বিবেদী আর রাখবেন না, ইষ্টদেবীর চিন্তন করতে করতে অনাহারে করবেন প্রাণত্যাগ।

মাতাজীকে দর্শন করা মাত্র তাঁর প্রতীতি জন্মালো, এই নবীনা সন্ন্যাসিনীর দেহেই হয়েছে মা-জানকীর আবির্ভাব। সেবা নেবার জন্য, ভক্তের প্রাণ রক্ষার জন্য সন্ন্যাসিনী-রূপিনী মা এসে দাঁড়িয়েছেন দ্বারের কাছে। এবার এঁর সেবার ভেতর দিয়েই পূর্ণ হবে ত্রিবেদীজীর মনস্কাম।

মাতাজীর নয়ন দুটি স্নেহসজল হয়ে উঠ্‌লো। ভাবাবিষ্ট, ভূলুণ্ঠিত ভক্তের হাত দুটি ধরে ওঠালেন। স্নেহ-মধুর স্বরে বললেন, "বাবা, তুমি স্থির হও। বেশ তো, আমি তোমাদের কাছে কিছুদিন অবস্থান করবো। কিন্তু আমি সন্ন্যাসিনী, তোমাদের গৃহে আমি বাস করবো না, প্রাঙ্গণের এক-ধারে আমার জন্য ক্ষুদ্র একটি তৃণকুটির তৈরী করে দাও।"

রঘুজীবন ত্রিবেদী সানন্দে তাঁর এ আদেশ পালন করলেন, সপরিবারে মাতাজীর সেবায় হলেন অভিনিবিষ্ট।

গৃহে রামসীতাজীর বিগ্রহ স্থাপিত ছিল, আর তুলসী রামায়ণ পাঠ হতো প্রতিদিন। এই পরিবেশে সীতা-রামজীর অনুধ্যানে মাতাজী একেবারে আত্মহারা হয়ে গেলেন। এক একদিন সারা দেহে উথ্‌লে উঠতো অশ্রু-স্বেদ-কম্পময় সাত্বিক প্রেমবিকার। কখনো বা দিব্য আনন্দে বিহ্বল হয়ে হারিয়ে ফেলতেন বাহ্যজ্ঞান। প্রহরের পর প্রহর চলতো তাঁর দেহে ভাবৈশ্বর্য্যের নানা বিস্ময়কর লীলা।

প্রেমভাবে বিভাবিত মাতাজীর সাধনসত্তায় এসময় থেকেই শুরু হয় লোক কল্যাণের পালা। ত্রিবেদী পরিবারের আকুতি এড়াতে না পেরে তাঁদের সবাইকে তিনি দীক্ষা দান করেন। অতঃপর এ অঞ্চলের কিছু সংখ্যক ভক্ত নরনারীও তাঁর শিষ্যত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রহণ করে ধন্য হয়।

একদিন দিব্য ভাবাবেশের মধ্যে ভক্তবৃন্দ পরিবৃত হয়ে মাতাজী বসে আছেন। হঠাৎ দেখা গেল তাঁর ভাববৈলক্ষণ্য, ব্যাকুল স্বরে আপন মনে বলে উঠলেন, "আহা! অভাগিনী তুলসীর ছেলেটা কূয়োয় পড়ে গেল। ছেলেটাকে না বাঁচানো গেলে ওর মা' তো প্রাণে বাঁচবে না।"

তুলসী এই গ্রামেরই এক দরিদ্র বিধবা, মাতাজীর ওপর তার অসীম শ্রদ্ধা আর বিশ্বাস। উল্লিখিত ছেলেটি তার একমাত্র সন্তান—নয়নের মণি। মাতাজীর এই স্বগত ভাষণ শুনে সবাই মর্ম্মাহত। দুই একজন ভক্ত তখনই তুলসীর গৃহের দিকে ছুটে গেলেন, ব্যাপার কি জানবার জন্য। যে তথ্য সংগৃহীত হলো তার মর্ম্ম এই: আপন মনে খেলা করতে করতে বিধবার ছেলেটি গৃহসংলগ্ন কূপে পতিত হয় মাতার আকুল কান্না শুনে তখনি কোথা হতে এক দীর্ঘাকার বলশালী পুরুষ সেখানে এসে উপস্থিত হয়, কূপ থেকে অসহায় ছেলেটিকে উদ্ধার করে আনে, তার প্রাণ বাঁচায়। কিন্তু আশ্চর্য্যের কথা, উদ্ধারকারী ঐ ব্যক্তিটি লোকের হট্টগোলের মধ্যে কোথাও উধাও হয়ে যায়; তার পরিচয় বা সন্ধান আর পাওয়া যায়নি।

ঘটনার আনুপূর্ব্বিক বিবরণ শুনে মাতাজী সংক্ষেপে শুধু বল্লেন, "ভগবৎ কৃপা নানারূপ ধরে, নানা ভঙ্গিমায় প্রকাশ পায়। এমনটি তো অনেক সময় ঘটেই থাকে।"

এই ঘটনার পর থেকে ঐ অঞ্চলে মাতাজীর যোগৈশ্বর্য্যের খ্যাতি রটে যায়। দলে দলে আর্ত্ত ভক্ত ও দর্শন-কামীরা ত্রিবেদী ভবনে আসতে শুরু করে।

লোকসংঘট্ট দেখে মাতাজী অতিষ্ঠ হয়ে ওঠেন। স্থির করেন, আর তিনি এ স্থানে অবস্থান করবেন না। কোন নিভৃত স্থানে গিয়ে পাতবেন তাঁর সাধন-আসন।

একথা শুনে রঘুজীবন ত্রিবেদী ও তাঁর পরিবারস্থ সবাই ভেঙে পড়েন কান্নায়। কোনমতেই মাতাজীকে তাঁরা ছেড়ে দিতে রাজী নন। বরং তাঁরা এখানকার বাস ভেঙে তাঁর সঙ্গেই বার হবেন পরিব্রাজনে। মাতাজীর হৃদয় বিগলিত হয়, বলেন, "আচ্ছা বাবা, আমি তোমাদের এখানে আরো ছয় মাস থাকবো। কিন্তু এ সময়টা থাকতে হবে নিভৃত সাধনায়। আমায় তোমরা কথা দাও, কাউকে এ কয়মাস গৃহপ্রাঙ্গণে ঢুকতে দেবে না, আমার সাধনায় করবেনা বিঘ্ন উৎপাদন।"

ভক্ত পরিবার সানন্দে এ ব্যবস্থায় স্বীকৃত হলেন। এরপর থেকে মাতাজী জ্ঞানানন্দের নব পর্য্যায়ের সাধনা অনুষ্ঠিত হয়ে চললো একান্তে। তাঁর এই নির্জ্জন সাধনায় ব্যাঘাত না করে গুরুভগ্নীদ্বয় রওনা হয়ে গেলেন হরিদ্বারের দিকে।

মাতাজীর এ সময়কার অনুভূতি ও উপলব্ধির কথা তাঁর প্রমুখাৎ জ্ঞাত হয়ে তাঁর বিশিষ্ট শিষ্য ভাস্করানন্দজী লিখেছেন:

"তৃণময় ধ্যানকুটিরে মাতাজী প্রায় সর্ব্বদাই সমাধি-মগ্ন অবস্থাতেই থাকি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WHILE PURCHASING YOUR CLOTH PLEASE
INSIST ON QUALITY PRODUCTION.

WE ARE ALWAYS READY TO MEET
THE EXACT TYPE OF YOUR
REQUIREMENT.

NEW GUJRAT COTTON MILLS LIMITED

9, BRABOURNE ROAD,
CALCUTTA—1

Phone No : 22-9121 (6 lines)

MILLS :

Naroda Road, Ahmedabad.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Gram : 'BABUCOMP' CAL.

Phone : 22-9333, 22-9261

BABU & COMPANY

★

Dealers in :

TEA-CHEST, FERTILISERS, TEA-GARDEN STORES, CLEARING & FORWARDING AGENTS

9, Clive Row, Calcutta-1

Branch—SILIGURI (Millan Pally)

Associated Group

Borokai Tea Estate, Eastern Agency

Hajipur Plywood Factory

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেন। কিন্তু পূর্ব্বে যেরূপ সমাধিকালে অথবা সমাধিভঙ্গের পর কিংৎক্ষণ প্রচুর উল্লাস অনুভব করিতেন এবং ক্রমে ক্রমে মৃদু হইতে মৃদুতর হইয়া সে ভাব কাটিয়া যাইত, এখন আর সেরূপ না হইয়া সেই সমাধির আনন্দ যেন গাঢ় হইতে গাঢ়তর হইতে লাগিল এবং বহুক্ষণ স্থায়ী, এমনকি, সারাদিন স্থায়ী হইয়া ক্রমশঃ শান্তভাবে বিলীন হইতে আরম্ভ করিল। এখন আনন্দের সে উচ্ছলতাও নাই, অথচ নিস্তব্ধ ভাবও থাকে না।

"কয়েকদিন অতীত হইলে আর আসন করিয়া বসিবার প্রয়োজন হইত না। সারা দিনরাত্রি সমানভাবে এক নিরবচ্ছিন্ন স্তব্ধ স্নিগ্ধ শান্ত অবস্থায় কাটিয়া যাইত। এইরূপ অবস্থার মধ্যেই কোন এক শুভ মুহূর্ত্তে তাঁহার সাধনার ধন নিত্যস্থির, সর্ব্বব্যাপী, অখণ্ড, স্বপ্রকাশ চৈতন্য সুস্পষ্ট উদ্‌ভাসিত হইয়া উঠিলেন।

"পূর্ব্বে বেদান্ত উপনিষদাদি বহু শ্রবণ মনন করিয়াও যাহাকে আভাষে ইঙ্গিতে কিছুটা ধারণা করিয়াছিলেন, কিন্তু কত প্রশ্ন, কত সংশয়, কত সমস্যা অন্তরে জাগিয়া উঠিত। আজ তাঁহার আবির্ভাবে সর্ব্ব সমস্যার সমাধান হইয়া গেল, সংশয়ের লেশ মাত্র অবশিষ্ট রহিল না। দৃশ্যমান জগৎ যেন এক অভিনব ভাবে পূর্ণ হইয়া উঠিলেন। যেন তাঁহার আর জানিবার বা পাইবার কিছুই বাকী রহিল না। পরিপূর্ণ তৃপ্তির আস্বাদে বিভোর হইয়া রহিলেন। যাহাকে পাইবার জন্য এত কঠোর সাধনা, এত তীব্র তপস্যা, তিনি যে চিরকালই তাঁহাকে ধরিয়া এত নিকটে রহিয়াছেন ইহা উপলব্ধি করিয়া আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল।"

ছয়মাস ক্রমে অতীত হয়ে গেল। মাতাজী জ্ঞানানন্দের এবার বিদায় নেবার পালা। স্থির করেছেন, কিছু দিনের জন্য হরিদ্বার কন্‌খলে স্বামী হরিভারতী ও হরিশঙ্কর গিরিজীর সান্নিধ্যে থাকবেন এবং গঙ্গাতীরে স্বেচ্ছামত হবেন আপন তপস্যায় মগ্ন।

বিষাদখিন্ন হৃদয়ে রঘুনাথ ত্রিবেদী এবং তাঁর ভক্তিমতী পত্নীও মাতাজীর সঙ্গ নিলেন। স্থির হলো, হরিদ্বারে মাতাজীকে পৌছে দিয়ে স্বগৃহে আবার তাঁরা ফিরে আসবেন।

হরিদ্বারে পৌছে এক পাণ্ডার বাড়ীতে সবাই আশ্রয় নিলেন। পর দিন স্নান সমাপন করে তাঁরা গঙ্গাতীরে বিশ্রাম করছেন, ত্রিবেদী ও তাঁর স্ত্রীর অভিলাষ হলো, এই পবিত্রপীঠে মাতাজীকে তাঁরা পুষ্পচন্দন দিয়ে আরাধনা করবেন। অঞ্জলি দেবার সঙ্গে সঙ্গেই মাতাজী সম্বিৎ হারা, সমাধিস্থা। সারা দেহখানি নিস্পন্দ, জীবনের চিহ্ন মাত্র নেই। এই স্বর্গীয় মূর্ত্তির সম্মুখে বসে ভক্তদ্বয় প্রাণভরে পূজা করছেন আর অঞ্জলি নিবেদন ক'রছেন।

গঙ্গায় নিত্যকার স্নান তর্পণাদি সেরে বিশ্বনাথজী নামে এক কাশ্মিরী পণ্ডিত সেখান দিয়ে যাচ্ছেন। সঙ্গে তাঁর স্ত্রী ও তরুণী বিধবা কন্যা। মাতাজীর সমাধিস্থ, দিব্য চেতনায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"আনন্দেরই সাগর থেকে এসেছে আজ বান
দাঁড় ধরে আজ বোস্‌রে সবাই, টান্‌রে সবাই টান্‌।"

—রবীন্দ্রনাথ

ইষ্ট ইণ্ডিয়া ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড
কলিকাতা-২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রোজ্জ্বল মূর্ত্তির দিকে তাকিয়ে তাঁরা থমকে দাঁড়ালেন, এসে বসলেন পূজারত ত্রিবেদী দম্পতির পাশে।

অনেকক্ষণ পরে মাতাজী জ্ঞানানন্দ সমাধি থেকে ব্যুত্থিত হলেন। স্বাভাবিক চেতনা ফিরে আসার সঙ্গে সঙ্গে কাশ্মিরী পণ্ডিতজীর দিকে তাকিয়ে প্রশ্ন করলেন, "বাবা, তোমাদের কি দীক্ষা নেবার অভিলাষ হয়েছে? আমার কাছেই চাও দীক্ষা? বেশতো, আজই এখানে তা পেতে পারো।"

বিস্ময়ে আনন্দে পণ্ডিত অভিভূত হয়ে গিয়েছেন। রুদ্ধকণ্ঠে অশ্রুসজল চক্ষে বললেন, "মাতাজী বহু বৎসর ধরে আমি হরিদ্বারে বাস করছি। সাধুসঙ্গ আর সাধুসেবাও কম করিনি। দীক্ষার জন্য প্রাণ সদাই ব্যাকুল। কিন্তু ভাগ্যদোষে তা লাভ করতে পারিনি। কারণ, মনে সঙ্কল্প ছিল, যিনি আমার ঈশ্বর নির্দ্দিষ্ট গুরু তিনি নিজে থেকেই আমায় খুঁজেনেবেন, দেবেন পরমাশ্রয়। বুঝতে পারছি, আপনিই আমার সেই সদ্‌গুরু। আমায় কৃপা করুন।"

"বাবা আমি যে তোমাদের মা। সন্তানের ক্ষিদে পেয়েছে কিনা, মা তার মুখ দেখলেই বুঝতে পারেন। হ্যাঁ, তোমাদের সবাইকে আমি দীক্ষা দেবো। গঙ্গা স্নান সেরে তোমরা প্রস্তুত হয়ে এসো।"

দীক্ষাদানের শেষে সকলের সানির্ব্বন্ধ অনুরোধে তাঁদের গৃহেই তিনি অবস্থান করতে লাগলেন।

এই কাশ্মিরী পরিবারটিকে উপলক্ষ করেই যেন মাতাজীর কৃপার ধারা জনসমাজের সম্মুখে ধীরে ধীরে উন্মুক্ত হতে থাকে। আচার্য্য জীবনের কল্যাণকর প্রভাবগণ্ডী ক্রমে ব্যাপকতর হয়ে ওঠে।

হরিশঙ্করানন্দ গিরিজীর ছিল বাঙালী শরীর। গিরি সম্প্রদায়ের সন্ন্যাসী হলেও ভক্তিমার্গের সাধনার প্রতি তাঁর শ্রদ্ধা যথেষ্ট। মাতাজীর সঙ্গে অধ্যাত্ম-আলোচনায় বসে প্রায়ই সীতারাম তত্ত্ব, রাধাকৃষ্ণ তত্ত্ব প্রভৃতি বিশদভাবে বর্ণনা করতেন। শ্রীচৈতন্যের প্রেমভক্তি সাধনার নিহিতার্থও মাতাজীকে বোঝাতেন পরম উৎসাহে। গিরি মহারাজ একদিন বললেন, "ছাখো মা, গুরুকৃপায় ও সাধননিষ্ঠার বলে তুমি আপ্তকাম হয়েছো। যে পরম বস্তু তুমি পেয়েছো, তার কিছুটা বিলিয়ে দাও মুমুক্ষু মানুষকে। তোমার গুরুর ইচ্ছে ছিল, নারীজাতির কল্যাণে সিদ্ধ নারীসাধিকাদের নিয়োজিত করবেন। তুমি তাঁর সে ইচ্ছা পূরণ কর, আর কর্ম্ম-ক্ষেত্ররূপে বেছে নাও বাংলাদেশকে।"

মাতাজী কথা দিলেন, গিরিমহারাজের এই নির্দ্দেশ পালন করতে তিনি যথাসাধ্য চেষ্টা করবেন।

ভক্ত বিশ্বনাথ পণ্ডিত ও তাঁর স্ত্রীর আগ্রহাতিশয্যে মাতাজী অতঃপর কিছুকালের জন্য বৃন্দাবন ধামে বাস করেন। সেখানে পৌছানোর সঙ্গে সঙ্গেই দিব্য প্রেমের ভাবোচ্ছাসময় রসসাগরে তিনি নিমজ্জিত হয়ে পড়েন। এ সময়কার অবস্থার বর্ণনা দিয়ে ভক্তপ্রবর স্বামী ভাস্করানন্দ লিখেছেন, "ভাগবত বর্ণিত ব্রজধামের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



১৩৭০ সালের
রবীন্দ্র-পুরস্কারে
সম্মানিত

শঙ্করনাথ রায়ের

সর্বজন-অভিনন্দন-ধন্য
মহান সাহিত্যকীর্তি

ভারতের সাধক

যোগী, বেদান্তী, তান্ত্রিক ও মরমীয়া সাধকদের অন্তর্গূঢ় জীবনের প্রামাণ্য ও রসমধুর আলেখ্য।

আনন্দবাজার—মহাজীবন গ্রন্থমালার সঞ্চয়ের মধ্যে অমূল্য সম্পদ···।

যুগান্তর—ভারত সাধনার বিরাট রূপের সম্পূর্ণ পরিচয় এখনো কেউ দিতে পারেননি। বর্ত্তমান গ্রন্থ সেই বিরাট কাজের ভূমিকা পত্তন করেছে···বাংলা সাহিত্যে স্থায়ী আসনের দাবী নিয়েই এসেছে।

দেশ—সর্বাংশে রসোত্তীর্ণ এই অবদান স্থায়ীভাবে বাংলার সাহিত্যকে উদ্বুদ্ধ করিবে।

সাতটি খণ্ড প্রকাশিত হয়েছে। ১ম খণ্ড –৮'০০, ২য় খণ্ড—৮'০০, তৃতীয় খণ্ড—১২'০০, ৪র্থ খণ্ড –৮'০০, ৫ম খণ্ড—৮'০০, ৬ষ্ঠ খণ্ড—৮'০০, ৭ম খণ্ড—৮'০০।

প্রাচী পাবলিকেশনস্

'প্রাচী পুস্তকালয়'

৫।৬ হেয়ার ষ্ট্রীট, কলিকাতা-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাধাকৃষ্ণলীলা অন্তরে অন্তরে প্রতিক্ষণ অনুভব করিতে করিতে ঘনঘন সমাধির আবেশে বিভোর হইয়া থাকিতে লাগিলেন। জোর করিয়া আহারাদি করাইতে হইত। হয়তো কয়েকদিন ক্রন্দনেই অতিবাহিত হইত। আবার কয়েকদিন হাসিতে হাসিতেই কাটিয়া যাইত। সাধারণে মনে করিত, বোধ-হয় ইনি পাগল হইয়াছেন। প্রতিদিন উন্মাদনা বাড়িতেই লাগিল। আহার নিদ্রা একেবারেই বন্ধ করিয়া দিলেন। বিশ্বনাথ পণ্ডিত কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িলেন। বৃন্দাবন হইতে সরাইয়া হরিদ্বারে প্রত্যাবর্ত্তনের প্রস্তাব করিলে তিনি বলিতেন, "তোরা কি জানিসনে—বৃন্দাবনং পরিত্যজ্য পাদমেকং ন গচ্ছামি? ওকথা মুখে আনিসনে। আমি এখানেই আছি, আর এখানেই থাকবো।"

অতঃপর মাতাজীকে নানাভাবে বুঝিয়ে প্রবোধ দিয়ে পণ্ডিত দম্পতি তাঁকে নিয়ে চলে এলেন বারাণসীতে। এখানে পৌঁছে মাতাজী শুনলেন, তাঁর প্রাক্তন সহচরী, ধাত্রীকন্যা বিমলা, যিনি তাঁর সঙ্গেই সন্ন্যাস নিয়েছিলেন, সম্প্রতি দেহত্যাগ করেছেন। মাতাজী সখেদে বলতে লাগলেন, "বিমলা আর তার মা—অর্থাৎ ধাত্রী মা—এই দুজনে আমার এই নশ্বর দেহের মমতায় নিজেদের সব কিছু ত্যাগ করেছিলেন। এ কথাটি সকৃতজ্ঞভাবে আমায় সব সময় মনে রাখতে হতো, তাদের কল্যাণের কথা ভাবতে হতো। যাক্, এবার যাঁকে পেয়ে তাঁরা আমায় ছাড়লো, সেই চিন্তামণিই এখন থেকে তাঁদের ভালো-মন্দের কথা চিন্তা করুন।"

পণ্ডিত পরিবারের সাগ্রহ অনুরোধে মাতাজী সেবার তাঁদের দেশ কাশ্মীরে এসেছেন। সঙ্গে রয়েছেন প্রবীণা গুরুভগ্নী কৈলাসানন্দ সরস্বতী। সকলেরই ইচ্ছা, অমরনাথ পরিব্রাজন শেষ করে তবে ফিরবেন। প্রকৃতির এক রম্যরচনা এই কাশ্মীর। নদী-নির্ঝরের কলতান, পাইন অরণ্যের শ্যামলিমা, আর বরফান্ পাহাড়ের তরঙ্গ দিয়ে লীলাময় শ্রীভগবান যেন এখানে এক দিব্য সৌন্দর্য্যের লীলাক্ষেত্র রচনা করে রেখেছেন। মাতাজী যেদিকে নয়নপাত করেন, সেই দিকেই দেখতে পান পরমপ্রভুর রসমধুর রূপ। দুই নয়নে তাঁর প্রেমাশ্রুর ধারা ঝরতে থাকে অবিরত।

এখানে থাকতে মাতাজীর ঘন ঘন সমাধি হতে লাগলো। ভক্তপ্রবর বিশ্বনাথ পণ্ডিত আর গুরুভগ্নী কৈলাসানন্দ সরস্বতী তো মহা চিন্তিত। ভালো ভালো পণ্ডিতদের ডেকে এনে মাতাজীর সম্মুখে ভাগবত পাঠ ও কীর্ত্তনের ব্যবস্থা করলেন। কিন্তু তাতে বিশেষ কাজ হলো না, সমাধি-প্রবণতা ক্রমে বেড়েই চললো। এভাবে বেশ কিছুদিন অতিবাহিত হবার পর মাতাজী একটু প্রকৃতিস্থ ও স্বাভাবিক হয়ে উঠলেন।

অমরনাথ দর্শন ও পরিক্রমার শেষে মাতাজী তাঁর শিষ্য দম্পতিকে বললেন, "অনেক দিন তোমরা আমায় নিয়ে ঘুরছো। তোমাদের কাজকর্ম্মের কত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষতি হচ্ছে। এবার তোমরা হরিদ্বারে ফিরে যাও। প্রভু শিবজীর দিব্য চৈতন্যে এই পীঠস্থান সদা উদ্ভাসিত। এখানে আসবার পর থেকেই অপূর্ব্ব উদ্দীপনায় মন ভরে আছে। স্থির করেছি কিছুকাল এখানে অবস্থান করে ধ্যান সমাধিতে ডুবে থাকবো।"

বিশ্বনাথ পণ্ডিত এবং তাঁর স্ত্রী সজল নয়নে কত অনুরোধ কত মিনতি জানালেন, কিন্তু মাতাজীকে তাঁর সঙ্কল্প থেকে বিচ্যুত করা সম্ভব হলো না। পণ্ডিত দম্পতি দুঃখিত চিত্তে প্রত্যাবর্ত্তন করলেন। মাতাজীর দেখাশোনা করার জন্য সঙ্গে রইলেন তাঁর স্নেহশীলা গুরুভগ্নী কৈলাসানন্দ সরস্বতী

সেদিন এক নির্জ্জন গুহায় মাতাজী সমাধিস্থ হয়ে রয়েছেন। কাশ্মীর-রাজের অন্যতম দেওয়ান, বর্দ্ধমান জেলার মানকড় নিবাসী মহেশ বিশ্বাস, তখন সপরিবারে সেখান দিয়ে যাচ্ছিলেন অমরনাথ দর্শনে। মাতাজীর দিকে হঠাৎ তাঁর দৃষ্টি নিবদ্ধ হলো। বাহ্যজ্ঞান নেই, আসনস্থ ঋজু দেহ নিশ্চল নিস্পন্দ। চক্ষু দুইটি নিষ্পলক, আনন দিব্য আভায় সমুজ্জ্বল। দর্শনমাত্রেই তিনি ও তাঁর পত্নী এই সন্ন্যাসিনীর প্রতি আকৃষ্ট হয়ে পড়েন। কৈলাসানন্দ সরস্বতী, অদূরেই অবস্থান করছিলেন, তাঁর কাছ থেকে মাতাজীর পূর্ব্বাশ্রমের পরিচয় এবং সাধনা ও সিদ্ধির কথা শুনে তাঁরা আরো বেশী শ্রদ্ধান্বিত হয়ে ওঠেন।

সমাধি থেকে ব্যুত্থিত হবার পর সবাই মাতাজীর চরণ-বন্দনা করেন, বারবার মিনতি করতে থাকেন তাঁদের গৃহে কিছুদিন অবস্থান করার জন্যে।

মহেশ বিশ্বাস নিজে মন্ত্রদীক্ষা নিয়েছেন প্রসিদ্ধ তন্ত্রসিদ্ধ সাধক কৈলাসপতি মহারাজের কাছ থেকে। কিন্তু সুদূর কাশ্মীরে বাস করতে বাধ্য হওয়ায় গুরুর সান্নিধ্য জীবনে খুব বেশী পাননি। বয়স এবার ভাটার দিকে। সংসারধর্ম্ম তো অনেক দিন পালন করা হলো, এবার বন্ধন মুক্তির ইচ্ছা তীব্রতর হয়ে উঠেছে। মাতাজীর সান্নিধ্যে থেকে, তাঁকে শিক্ষাগুরুরূপে বরণ করে, নিজের সাধন ভজনে অগ্রসর হতে চান। তাঁর স্ত্রী ও কন্যাও ইতিমধ্যে ব্যগ্র হয়ে উঠেছেন মাতাজীর কাছে দীক্ষা নেবার জন্য।

মাতাজীর আ নে ফুটে ওঠে স্মিত হাসির আভা। গুরু অদ্বৈতানন্দের ইচ্ছা ছিল, মাতাজী জ্ঞানানন্দ বাংলা দেশের নারী সাধিকাদের অধ্যাত্মজীবন উদ্দীপিত করে তুলুন, ব্রহ্মজ্ঞান তাদের ভেতর বিস্তারিত করুন। শিক্ষাগুরু শিবশঙ্করানন্দ গিরি মহারাজও সেদিন এই আশা ব্যক্ত করেছেন। নূতন ভক্তটি বর্দ্ধমানের প্রভাবশালী ব্যক্তি তাঁর এই আত্মসমর্পণের মধ্য দিয়ে এক নিগূঢ় ঐশীকর্ম্মের সূচনা দেখতে পেলেন মাতাজী। এখন থেকে কাশ্মীরে তাঁর গৃহেই করতে লাগলেন অবস্থান।

কিছুদিন পরে বিশ্বাস মশাই ছয়-মাসের ছুটী নিয়ে সপরিবারে নিজ দেশ মানকড়ে গিয়ে বাস করেন। মাতাজী জ্ঞানানন্দকেও পরম সমাদরে তিনি সঙ্গে নিয়ে যান। এই কয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

HEARTY VIJAYA GREETINGS

FROM

ENGEL INDIA

Machines & Tools Limited

Factory & Administrative Office :

1, TARATALA ROAD,
CALCUTTA-53.

Telephone : 45-8241-43 (3 Lines)

MACHINES AND EQUIPMENT FOR THE PLASTIC INDUSTRY

Technical Collaborators :

Messrs. LUDWIG ENGEL K. G.

Maschinenfabrik, Schwertberg,
UPPER AUSTRIA.

Registered Office :

Temple Chambers,

6, OLD POST OFFICE STREET, (Ground Floor)
CALCUTTA-1.

Telephone : 23-3026

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাসের অবস্থানের ভেতর দিয়ে বাংলা-দেশের সঙ্গে এই মহাসাধিকার অন্তরের যোগ স্থাপিত হয়। একদল আর্ত্ত ও মুমুক্ষু ভক্ত কৃতার্থ হয় তাঁর কৃপালাভে। ছয়মাস অন্তে বিশ্বাস-পরিবারের আগ্রহাতিশয্যে আবার কিছুদিনের জন্য তিনি কাশ্মীরে যান। কিন্তু এবার থেকে ভারতের পূর্ব্বাঞ্চলই বারবার তাঁকে যেন আকর্ষণ করছে। কিছুদিনের ভেতরই হরিদ্বার কন্‌খল হয়ে একদল ভক্তের সঙ্গে তিনি ফিরে আসেন কলকাতায়।

একদিন কথাপ্রসঙ্গে জানা গেল, একদল মহিলা-ভক্ত চন্দ্রনাথ এবং কামাখ্যা তীর্থ দর্শনে যাচ্ছেন। পূর্ব্ব-ভারতের এই দুটি শক্তিপীঠ মাতাজী এযাবৎ দর্শন করেননি। এঁদের সঙ্গে তিনিও তাঁর দণ্ড কমণ্ডলু নিয়ে বেরিয়ে পড়লেন।

চন্দ্রনাথ দর্শন সমাপ্ত করে সবাই এসে উপস্থিত হয়েছেন কামাখ্যা পাহাড়ে। এখানে পৌঁছেই মাতাজী দিব্যভাবে উদ্দীপিত হয়ে পড়লেন। সঙ্গিনীদের হয়েছে মহা বিপদ। মাতাজী দেবীমন্দিরে প্রবেশ করেই গভীর সমাধিতে নিমজ্জিত হয়ে পড়েন। বহু চেষ্টার ফলে সেদিন তাঁর বাহ্যজ্ঞান ফিরিয়ে আনতে হয়।

কয়েকদিন পরের কথা। সঙ্গিনীরা সেদিন কামাখ্যা ধাম ত্যাগ করার উদ্যোগ আয়োজন করছেন। মাতাজী জ্ঞানানন্দ বলে বসলেন, "তোমরা সবাই চলে যাও। এ স্থান ত্যাগ করতে আমার ভালো লাগছে না। আমায় আরো কিছুকাল এই পীঠে অবস্থান করতে হবে।"

সঙ্গিনীরা অনেক করে বোঝালেন, মিনতি করলেন, কিন্তু মাতাজীকে রাজী করানো গেলনা। অগত্যা তাঁকে একলা রেখেই সবাইকে চলে যেতে হলো।

নিত্যকার মত সেদিনও মাতাজী দেবী-মন্দিরে ধ্যান জপ সেরে শেষ-বেলায় পাহাড় থেকে অবতরণ করছেন, হঠাৎ কম্প দিয়ে এলো প্রবল জ্বর। পার্ব্বত্য পথে সন্ধ্যার অন্ধকার ধীরে ধীরে নেমে আসছে। পথ জনবিরল, কাছাকাছি কেউ নেই যে তাঁকে একটু সাহায্য করে। তপ্ত শ্রান্ত দেহটি একটি বৃক্ষতলে এলিয়ে দেওয়া মাত্র মাতাজী সংজ্ঞা হারিয়ে ফেললেন।

যখন জ্ঞান ফিরে এলো, দেখলেন, অসুস্থ অবস্থায় এক সহৃদয় পাণ্ডার গৃহে উত্তম শয্যায় তিনি শয়ন করে আছেন। সবাই তাঁর সেবা যত্নের জন্য মহা ব্যস্ত।

এ কোথায় তিনি এসেছেন, কি করেই বা এলেন, ব্যাকুল স্বরে প্রশ্ন করেন মাতাজী।

উত্তরে গৃহকর্ত্রী বলেন, "মা, সেদিন রাত্রে দশ বৎসর বয়সী এক বালিকা তোমায় বয়ে নিয়ে এলো। মেয়েটি দেখতে ভারী সুন্দরী, শ্যামলা রং, অপূর্ব্ব লাবণ্যশ্রী সারা দেহে। ডাগর চোখ দুটি জ্বলজ্বল করছে। এসে বললে, সে তোমার ছোট বোন। প্রবল জ্বরের ঘোরে তুমি তখন বেহুঁস। মেয়েটি বললো—আমার দিদি হঠাৎ অসুস্থ হয়ে পড়েছে, তাকে তোমরা একটু আশ্রয় দাও। তারপর তোমায় সযত্নে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবীন্দ্রপুরস্কারজয়ী মহান গ্রন্থ

ভারতের সাধক

রবীন্দ্রপুরস্কার জয়ী এই মহান গ্রন্থ প্রতি গৃহে আনবে পরম কল্যাণ।

মূল্য—৮·০০ থেকে ১২·০০ ৭ম খণ্ডে সমাপ্ত।

মীরা বৃন্দাবনে —৪·০০

সাধক কবি দিলীপ কুমার রায়ের রচিত। মীরার নিগূঢ় কৃষ্ণপ্রেম কথার অপরূপ আলেখ্য।

মহান পুরুষদের সান্নিধ্যে—৫·০০

শিবনাথ শাস্ত্রীর সুপ্রসিদ্ধ গ্রন্থ মেন আই হ্যাভ্ সীন্'-এর অনুবাদ।

মনীষী লেখকের দৃষ্টিতে ধরা পড়েছে রামকৃষ্ণ, মহর্ষি দেবেন্দ্রনাথ, বিদ্যাসাগরের মহনীয় রূপ।

"আজকের উদ্‌ভ্রান্ত যুগের মানুষকে পথ দেখাবে।"—প্রেমেন্দ্র মিত্র

কিশোর সাহিত্য—

ছোটদের ভারতের সাধক —৪·০০

শঙ্করনাথ রায়ের কল্যাণকর মহান গ্রন্থের কিশোর সংকলন।

অঙ্কে মজা —৩·০০

ছোটরা মজার খেলার ভেতর দিয়ে অঙ্ক শিখবে, অঙ্কের ভীতি দূর হবে।

প্রদীপ পাবলিশার্স

পরিবেশন কেন্দ্র : ১৬ গণেশ চন্দ্র এভেন্যু, (তেতলা

কলিকাতা-১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুইয়ে দিয়ে কোথাও উধাও হয়ে গেল, আর এ ক'দিন তাঁর কোন খবর নেই। এদিকে তোমায় নিয়ে আমরা ব্যতিব্যস্ত, তার উপর আবার তোমার বোন কোথায় গেল, তাই ভেবে মরছি।"

"আমি সন্ন্যাসিনী। একলা পরিব্রাজন ক'রে বেড়াই। গৃহস্থাশ্রম ছেড়েছি বহুকাল। তাছাড়া, মা, পূর্ব্বাশ্রমেও তো আমার ছোট বোন ছিল না।" উত্তর দিলেন মাতাজী জ্ঞানানন্দ।

পাণ্ডাগৃহের সবাই তো বিস্ময়ে হতবাক্। অতঃপর তারা বলাবলি করতে থাকে, "ঐ শ্যামা মেয়েটি দেবী কামাখ্যা ছাড়া আর কেউ নয়। তা হলে এ সন্ন্যাসিনীও নিশ্চয়ই উচ্চকোটির সাধিকা। একলা পথ চলতে গিয়ে বিপন্ন হওয়ায় জগজ্জননী কামাখ্যা মাঈ স্বয়ং আবির্ভূতা হয়ে এঁকে ভালো আশ্রয়ে রেখে গেছেন।

দেখতে দেখতে কামাখ্যা পাহাড়ে রটে যায়,—মাতাজী হচ্ছেন কামাখ্যা দেবীর কৃপাপ্রাপ্তা মহাসাধিকা, শুধু তাই নয় প্রচুর যোগবিভূতিরও তিনি অধিকারিণী।

ঐ সময়ে পাণ্ডাগৃহে পূর্ব্বঙ্গের এক ধর্ম্মপ্রাণা জমিদার গৃহিণী বাস করছিলেন কামাখ্যা দেবীর দর্শনের জন্য। অসুস্থা মাতাজীর সেবাশুশ্রূষায় তিনিও অংশ গ্রহণ করেন। মাতাজীকে দেখে, তাঁর জ্ঞানগর্ভ কথা শ্রবণ করে এই ভক্ত মহিলাটি তাঁর প্রতি অতিশয় আকৃষ্টা হয়ে পড়লেন, একান্তভাবে ধরে বসলেন দীক্ষা গ্রহণের জন্য। মাতাজী সানন্দে এঁকে কৃপা করলেন।

পাণ্ডাগৃহে দর্শনার্থী ভক্ত ও কৌতূহলী নরনারীর ভীড় কিন্তু ক্রমে বেড়েই চললো। তাই আর কাল বিলম্ব না ক'রে কামাখ্যা পাহাড় ত্যাগ করে মাতাজী উপনীত হলেন কলকাতায়।

আরও তিন চার বৎসর উত্তর ও দক্ষিণের নানা স্থানে পরিব্রাজনের পর বর্দ্ধমান অঞ্চলকে কেন্দ্র ক'রে মাতাজী তাঁর কৃপা লীলা বিস্তার করতে থাকেন। কাশ্মীর, জম্মু, পাঞ্জাব, বাংলা এবং উড়িষ্যার বহু সাধক, পণ্ডিত এবং বিশেষ করে ধর্ম্মপ্রাণা মহিলারা তাঁর কাছ থেকে দীক্ষা লাভ করে ধন্য হন। পুরুষ, নারী, ধনী, নির্ধন, শিক্ষিত, অশিক্ষিত যে-ই হোক না কেন আর্ত্ত বা মুমুক্ষু হয়ে একবার শরণ নিলে মাতাজী তাকে প্রত্যাখ্যান করতে পারতেন না। তাঁর মাতৃহৃদয়ের কল্যাণ-ধারা ঝরে পড়তো অজস্র ধারায়। এঁদের অধ্যাত্মজীবন গঠনে তাঁর দৃষ্টি থাকতো সতত জাগ্রত।

ইতিমধ্যে উপযুক্ত আধার বুঝে কিছু সংখ্যক মহিলা ভক্তকে মাতাজী সন্ন্যাস দিয়েছেন। একান্তে, অনুকূল পরিবেশে এবং নিরাপদে কোথায় এরা তপস্যা করবে—সে এক বড় সমস্যা। এই সন্ন্যাসিনীদের জন্য একটি মঠ প্রতিষ্ঠা করলে কেমন হয়? গৃহস্থ ভক্তেরা পরমোৎসাহে একাজে সাহায্য করতে অগ্রসর হলেন। সকলের সমবেত চেষ্টায়, ১৩৪০ সালে কালনার ছোট দেউড়ী পল্লীতে একটি মঠ নির্ম্মিত হলো, বিগ্রহ স্থাপন করা হলো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানেশ্বর মহাদেবের। মাতাজী এই মঠের নাম দিলেন আনন্দ আশ্রম।

দীর্ঘ-জীবনের সাধন ব.ল মাতাজী জ্ঞানানন্দ পৌঁছে গিয়েছিলেন অধ্যাত্ম-তত্ত্বের মর্ম্মমূলে, তাই জ্ঞান ভক্তি ও কর্ম্মের এক অপরূপ সমন্বয় দেখা গিয়েছিল তাঁর মহাজীবনে। ভিন্নপন্থী সাধকদের কখনো তিনি খণ্ডবুদ্ধি নিয়ে দেখতে অভ্যস্ত ছিলেন না, আর তাঁরাও এই মহিয়সী সন্ন্যাসিনীর মধ্যে লক্ষ্য করতেন আত্ম-জ্ঞানের মহিমময় প্রকাশ। অজানা অচেনা যে কোন সিদ্ধ সাধকই তাঁকে গ্রহণ করতেন পরম শ্রদ্ধায়।

মাতাজী তখন মানকড়ে মহেশ বিশ্বাসের ভবনে বাস করছেন। বিশ্বাস মহাশয়ের দীক্ষাগুরু প্রখ্যাত তন্ত্রসিদ্ধ মহাপুরুষ কৈলাসপতি মহারাজ হঠাৎ একদিন সেখানে এসে উপস্থিত। মাতাজী জ্ঞানানন্দের সঙ্গে তাঁর পরিচয় হলো। নানা উচ্চতর তত্ত্ব আলোচনা চললো উভয়ের মধ্যে। মাতাজীর জ্ঞান, ভক্তি ও যোগবিভূতির পরিচয় পেয়ে আচার্য্য কৈলাসপতি মুগ্ধ হয়ে গেলেন। বিশ্বাস মহাশয়ের কাছে বারবার মাতাজীর সাধুবাদ করে বললেন, "তোমার পরম সৌভাগ্য যে এমন একটি উচ্চকোটি মহাত্মার সান্নিধ্য ও আশ্রয় তুমি লাভ করতে পেরেছো, যতটা পার এঁর থেকে গ্রহণ ক'র।"

যোগীরাজ শ্যামাচরণ লাহিড়ীর এক প্রবীণ শিষ্য, রাধাগোবিন্দ বন্দ্যোপাধ্যায় মাতাজীর সাধন-ঐশ্বর্য্যের সংবাদ পেয়ে তাঁকে দর্শন করতে আসেন। মাতাজীর সঙ্গে কিছুকাল ধর্ম্মপ্রসঙ্গ আলোচনা করার পর বিস্ময়ে ও আনন্দে তিনি অভিভূত হন। এই সময়ে বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অনুরোধে মাতাজী তাঁর কয়েকটি দীক্ষিতা শিষ্যার শিক্ষা-ভার গ্রহণ করেন।

বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বাড়ী ছিল বাঁকুড়ার সোনামুখী গ্রামে। প্রসিদ্ধ সাধক পাগল-হরনাথও বাস করতেন এখানে। বন্দ্যোপাধ্যায় মহাশয়ের আগ্রহে মাতাজী একবার তাঁদের গ্রামে উপনীত হন। পাগল হরনাথ তাঁকে দর্শন করার সঙ্গে সঙ্গেই সহর্ষে চীৎকার করে ওঠেন, "ওগো, ইনি তো মানবী নন, ইনি যে স্বর্গের দেবী—স্বর্গের দেবী!"

যে কয়দিন মাতাজী সেখানে ছিলেন, সিদ্ধপুরুষ পাগল-হরনাথ তাঁকে দেবী জ্ঞানেই নিবেদন করেছিলেন তাঁর অন্তরের শ্রদ্ধা।

মঠে, মন্দিরে, পরিব্রাজনে বা গৃহস্থগৃহে যখন যেখানে মাতাজী বাস করতেন, আর্ত্ত ও মুমুক্ষুদের পরম কল্যাণ সাধনে থাকতেন সদা তৎপর। তিনি বিশ্বাস করতেন, প্রত্যেক মানুষ মূল সত্তা ব্রহ্ম থেকে এসেছে, সেই মূলেই আবার সে অনিবার্য্যরূপে যাবে মিলিয়ে। তাই প্রত্যেক মানুষই সাধনার অধিকারী—প্রত্যেকেই ব্রহ্ম-রসের এক একটি আধার। সাধনা ও সিদ্ধির ভেতর দিয়ে এই আধারকে শুদ্ধ করে তুলতে হবে, করতে হবে ব্রহ্মজ্ঞানে উদ্ভাসিত

শিষ্যদের ব্রহ্মতত্ত্বের উপদেশ দিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গিয়ে মাতাজী বলতেন, "ডাবের জল খেতে হলে দা' দিয়ে কেটে ছাল, খোল বাদ দিয়ে খেতে হয়। জলটুকু অবশ্য আস্বাদনের জন্যে উপকারের জন্যে ব্যবহার হলো। কিন্তু ডাব বললে শুধু জলটুকুই বুঝায় না। ছাল, খোলা, এই সব নিয়ে তবে তো ডাব। তেমনি জীব জগৎ সব নিয়েই ব্রহ্ম। তবে যেভাবে লোকে জগৎ দেখে, জগৎ কিন্তু সে ভাবের নয়। ব্রহ্ম আর জগৎকে যদি আলাদা আলাদা মনে কর, তবে জগৎ নাই। বিশাল সমুদ্র, তার কতকটা বরফ আর কতকটা বুদ্বুদ, বাকী সব জল। আবার দেখ, বরফটাও জল,—ফেনা বুদ্বুদ এরাও তো জল। জলেই উৎপত্তি, জলেই স্থিতি আবার জলেই তাদের লয়। তেমনি এই জগতের। ব্রহ্মই উৎপত্তি, স্থিতি আর লয়। সমুদ্রকে বাদ দিয়ে যেমন বরফ নেই, ফেনা নেই বুদ্বুদ নেই, তেমনি ব্রহ্ম ছাড়া জগৎ বলে কিছু নেই।"

সমদর্শিতা আর সমন্বয় দৃষ্টি ছিল মাতাজীর সাধনসত্তার সব চাইতে বড় বৈশিষ্ট্য। শঙ্করের মতাদর্শের কথা বলতে গিয়ে এক শিষ্য সে দিন শুষ্ক জ্ঞানের বুলি আওড়াচ্ছিলেন। মাতাজী দৃঢ়স্বরে বলে উঠলেন, "আমরা শঙ্কর সম্প্রদায় বলে কি আমি শঙ্করের কেনা চাকর? শঙ্কর যা বলেছেন, তাও ঠিক, আবার রামানুজ যা বলেছেন তাও ঠিক —নিম্বার্ক যা বলেছেন তাও ঠিক। তাঁর সম্বন্ধে যিনি যা বলেছেন বা বলতে পারেন—তিনি তাই। তিনি যে কি আর কেমন—তা কেউ বলতে পারে না, ভাবতেও পারে না। ঈশ্বরের বিভূতি চরম। বিভূতি মানে বিভিন্ন হওয়া। রকমারীই হলো তাঁর প্রকৃতি; প্রকৃতি মানেই তো প্রকার। তাঁরই তো রকমারী ভাব। আগে দ্বৈতটাই ভাল করে হোক। তারপরে অদ্বৈত যখন হবে, তখন আপনিই হবে। এখন বিয়ের সম্বন্ধ হচ্ছে। ঘটকালি থাকুক, বিয়ে হোক্, দু'হাতে একহাত হোক, ঘন ঘন পরিচয় হোক্, ভয় সংশয় ভাঙ্গুক। তারপর যখন দুই-প্রাণে এক প্রাণ হবে তখন আর অদ্বৈত শেখাতে হবে না। আর শঙ্করাচার্য্য বেদান্তে কত যে উপাসনার কথা বলেছেন। উপাসনা মানে কি? নিকটে বসা তো? তবেই তো দ্বৈত হলো। আগে তাঁর কাছে বস্‌তেই দে।"

সাধনার মূল তত্ত্বটি বিবৃত করতে গিয়ে একদিন বলতে লাগলেন—"রাধিকা আর সাধিকা একই মানে। মানুষ যখন সাধন করে তখনই সাধিকা বা রাধিকা হয়। সাধনার শেষে বুঝি —আমি তাঁর প্রকৃতি বা শক্তি। আমি তাঁকে ছেড়ে আলাদা নই। একেবারে যখন চরমে ওঠে, তখন সে আর আমি দুজন থাকেনা, এক অদ্বিতীয় হয়ে যায়। বহির্মুখবৃত্তি ছেড়ে যখন অন্তর্মুখবৃত্তি হয়, তখনই আত্মশক্তির নাম হয় রাধিকা। রাধিকার কৃপা না হলে কৃষ্ণ লাভ হয় না। শাস্ত্রে বলে—গুরুকৃপা, শাস্ত্রকৃপা আর আত্মকৃপা এই তিনটি একত্র না হলে ভগবানকে লাভ করা যায় না। আত্ম-কৃপা মানে আত্মশক্তির কৃপা—রাধিকার কৃপা। তোমার অন্তরে তাঁকে পাবার জন্যে ব্যাকু আগ্রহই হচ্ছে কৃপার চিহ্ন। এটাই হচ্ছে রাধিকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গ জ্যোতিঃ।

আবার কখনো বা নির্দ্দেশ দিতেন, "মন যখন চঞ্চল হবে তখন প্রাণকে অবলম্বন করো। যথাশক্তি ধীরে ধীরে প্রণব সহ শ্বাস টেনে খানিক ধরে আস্তে আস্তে প্রণবসহ ছাড়বে। এই রকম খানিক করেই দেখবে মন বাগে আসছে। প্রাণ আর প্রণব, চঞ্চল মনের চাবুক—আর ধমক। ওঁকার তো মনোজয়ীর হুঙ্কার।"

সংসারীদের জন্য তাঁর নিষ্কাম কর্ম্মের উপদেশ ছিল বড় প্রাণঞ্জল ও প্রাণস্পর্শী। তাদের উদ্দেশ করে বলতেন, "সংসারীদের পক্ষে তাঁকে সর্বদা স্মরণ রাখা অসম্ভব কিসে? সাধারণ গৃহস্থ মেয়েরা কেমন করে, দেখ না। স্বামী ঘুরে ঘুরে খেটে খেটে ক্লান্ত হয়ে শুয়ে পড়েছেন, স্ত্রী তাঁর পদসেবা কচ্ছেন, কোলের ছেলেকে স্তন্য দুগ্ধ খাওয়াচ্ছেন, বড় ছেলেকে বাজারে কি কি জিনিষ আনতে হবে তার বরাত কচ্ছেন, পয়সার হিসাব বুঝিয়ে দিচ্ছেন। আবার দাসী বাসন কোশন কেমন করে ধুয়েছে, কবে কোন্ জায়গায় ভাল করে

THE INRUPEXCO

FOR RUSSIAN
PRINTING AND
POLYGRAPHIC
EQUIPMENTS

P16 BENTINCK STREET
CALCUTTA-1
PHONE-23-5198

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঝাড়ু দেয় নাই, সেদিকেও লক্ষ্য করছেন। অথচ স্বামীর পায়ের কোন্ জায়গায় কেমন করে টিপলে তাঁর সোয়াস্তি হবে, তাই বুঝে বুঝে টিপছেন আর স্বামীর অঙ্গস্পর্শের সুখটুকুও অনুভব কচ্ছেন। তবে তোমরা কেন সংসার করা আর তাঁকে স্মরণ করা এক সঙ্গে হবে না, ব'ছ। সংসার কর, তাঁকে স্মরণও কর। অভ্যাস কর, সব সোজা হয়ে যাবে। এই যে আমি তোমাদের এই সব কথা বলছি, কিন্তু আমার নজর সেখানে।

প্রায় নব্বই বৎসর কাল মাতাজী মরদেহে অবস্থান করেন। দীর্ঘ সাধন জীবনে ও আচার্য্য জীবনে বহু নর-নারীকে তিনি আশ্রয় দিয়েছেন, কৃপা করে পৌঁছে দিয়েছেন পরমপ্রাপ্তির পথে। জীবনের শেষ অধ্যায়ে পৌঁছে এই সব আশ্রিত ও কৃপাপ্রাপ্তদের মাঝে মাঝে বলতেন, "গ্যাখ্, আমার এই ভঙ্গুর দেহটার ওপর কখনো গুরুত্ব দিবিনে। সদা লক্ষ্য স্থির রাখবি এর ভেতরকার চৈতন্যময় সত্তার ওপর। আর একটা কথা যেন স্মরণ থাকে। আমার এই দেহের খোলস যেদিন ছেড়ে যাব, অগ্নি-সংকারের পর এর ভস্ম বা অস্থি তোরা কেউ সংগ্রহ করবিনে। দেহাত্মবোধ ছাড়বার জন্যে তোদের উপদেশ দিচ্ছি—তার দৃষ্টান্ত কি পাকা হবে পুরোপুরি পাকা দেহাত্মবোধ দিয়ে? তাতে যে আসল গুরুত্ব কোথায় হারিয়ে যাবে। তোরা



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি ভূলে যাবি সেই পরমতত্ত্ব—আত্মা বৈ গুরুরেক ঃ এক অদ্বিতীয় আত্মাই যে গুরু! তোদের জ্ঞানহীনতার ফলে একটা পচা দেহের হাড়ের টুকরো গুরুপূজার সিংহাসনে চেপে বসবে! আমার আর কি? ক্ষতি কিন্তু হবে তোদেরই।"

ভক্ত শিষ্যেরা সেদিন কিন্তু বুঝতে পারে নি, এ সব কথা মাতাজীর চির-সমাধিরই প্রাক্-ভাষণ।

নিজের মরদেহ ত্যাগের প্রস্তুতি নিজেই তখন শুরু করে দিয়েছেন। সেদিন এক নবাগত ভক্তকে দীক্ষা দিলেন; নবদীক্ষিতের ইচ্ছা—গুরুর আশ্রমে একটা বড় ভাণ্ডারার অনুষ্ঠান তিনি করেন। মাতাজী সহাস্যে বললেন, "বেশতো বাবা, ভাণ্ডারা দেবে, খুব ভালো কথা। তবে এখন নয়। আগামী ৩০শে ফাল্গুন মধ্যাহ্নে হবে এর অনুষ্ঠান।"

ইতিমধ্যে মাতাজীর দেহে দেখা দিল কঠিন পীড়া। ভক্ত শিষ্যদের চিকিৎসা ও সেবার ত্রুটি নেই কিন্তু রোগের কোন উপশম হলো না।

১৯৪৭ সালের সেই নির্ধারিত দিনটিতে ভাণ্ডারা সমাপ্ত হলো। তার পর সূর্য্যাস্তের অস্তরাঙা সন্ধ্যায় ঘটলো জ্যোতির্ম্ময়ী মহাসাধিকার মহাপ্রয়াণ। পাঞ্জাব থেকে বাংলা অবধি সমগ্র ভূ-খণ্ডের অগণিত ভক্ত নরনারী নিমজ্জিত হলো দুঃসহ শোকের পাথারে।

সম্পাদক—শ্রীপ্রমথনাথ ভট্টাচার্য্য

শ্রীভোলানাথ চক্রবর্ত্তী কর্ত্তৃক নিউ গোল্ডেন আর্ট প্রেস ১৪ নং দুর্গাপিতুরি লেন হইতে মুদ্রিত ও ১৬নং গণেশচন্দ্র এভিনিউ কলিকাতা ১৩ হইতে প্রকাশিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

The Central Bank Of India Ltd.

India's Largest Bank in the Private Sector

Head Office : **Mahatma Gandhi Road,**
BOMBAY—1.

Figures that tell :—

Authorised Capital	...	Rs.	10,00,00,000/-
Paid-up Capital	...	,,	4,77,44,580/-
Reserve Fund & Other reserves	...	,,	7,15,09,047/-
Deposits as at 31.12.1966	...	,,	3,59,87,65,315/-

Branches and Pay Offices in all important Commercial Centres of India.

London Office : Orient House, 42/45, New Broad Street,
London E. C. 2

New York Agents : Morgan Guaranty Trust Co. of New-York, The Chase Manhattan Bank,

Sir Homi Mody, K. B. E.,
Chairman.

V. C. Patel,
General Manager.

B. C. Sarbadhikari
Chief Agent : Calcutta.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments of :—

EASTERN CYCLE CO.

80-81/1, Bentinck Street,

CALCUTTA—1

Phone : 22-5506/7 **Gram : PUSHBIKE**

Stockists :

ELITE PRODUCTS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

OUR PUJA GREETINGS TO ALL OUR FRIENDS

WE REPRESENT

M/s India Rubber Goods Mfg. Co.
Products : GOODRUN Cycle Tyres & Tubes
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s United Engg. Industries
Products : CEJ & TIGER Freewheels
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s Hindustan Chains Pvt. Ltd.,
Products : CEJ & CENTURY Cycle Chains
Area : Bengal, Bihar, Orissa, Assam & M. P.
Products : AMBASSADOR Rim locks
Area : Bengal, Assam & Orissa

M/s Eagle Metal Products(P.) Ltd.
Products : Baby Rickshaw Tricycle
Area : All over India

M/s Shreeram Metal Industries
Products : SMI Steel Ball
Area : Bengal, Bihar, Orissa & Assam

Ampooles & Auto Private Ltd.,
Products : CYTO Spokes
Area : All over India

M/s Pitambar Lal & Co.
Products : HARVEST OMEGA & WAGNER PEDALS
Area : Eastern Zone
Product : SAYKO SAKURA & ALFA Dynamo Light

M/s Agarwal Metal Industries
Product : PILOT Pump
Area : All over India

M/s Indian Union Mfgrs.(Pvt) Ltd.
Product : ROYAL Bell
Area : All over India

M/s Plenary Industrial Corpn
Product : PLENARY Dynamo
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s Eagle Cycles Ltd.
Product : Cosy, Naga Leather & Saddles
Area : All over India

M/s De Engg. Works
Product : Dew & Polimex Cycles & Spare
Area : All over India.

Calcutta Distributors Private Limited
81/J, Bentinck Street, Calcutta-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments of :—

EASTERN CYCLE CO.

80-81/1, Bentinck Street,

CALCUTTA—1

Phone : 22-5506/7 **Gram : PUSHBIKE**

Stockists :

ELITE PRODUCTS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

OUR PUJA GREETINGS TO ALL OUR FRIENDS

WE REPRESENT

M/s India Rubber Goods Mfg. Co.
Products : GOODRUN Cycle Tyres & Tubes
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s United Engg. Industries
Products : CEJ & TIGER Freewheels
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s Hindustan Chains Pvt. Ltd.,
Products : CEJ & CENTURY Cycle Chains
Area : Bengal, Bihar, Orissa, Assam & M. P.
Products : AMBASSADOR Rim locks
Area : Bengal, Assam & Orissa

M/s Eagle Metal Products(P.) Ltd.
Products : Baby Rickshaw Tricycle
Area : All over India

M/s Shreeram Metal Industries
Products : SMI Steel Ball
Area : Bengal, Bihar, Orissa & Assam

Ampooles & Auto Private Ltd.,
Products : CYTO Spokes
Area : All over India

M/s Pitambar Lal & Co.
Products : HARVEST OMEGA & WAGNER PEDALS
Area : Eastern Zone
Product : SAYKO SAKURA & ALFA Dynamo Light

M/s Agarwal Metal Industries
Product : PILOT Pump
Area : All over India

M/s Indian Union Mfgrs.(Pvt) Ltd.
Product : ROYAL Bell
Area : All over India

M/s Plenary Industrial Corpn
Product : PLENARY Dynamo
Area : Bengal, Bihar, Orissa & Assam

M/s Eagle Cycles Ltd.
Product : Cosy, Naga Leather & Saddles
Area : All over India

M/s De Engg. Works
Product : Dew & Polimex Cycles & Spare
Area : All over India.

Calcutta Distributors Private Limited

81/J, Bentinck Street, Calcutta-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শারদীয় সম্ভাষণ
গ্রহণ করুন

মণ্ডল মল্লিক এণ্ড কোং

৪এ, রাজা কালী কৃষ্ণ লেন, কলিকাতা- ৫

পূজার প্রীতি ও শুভেচ্ছা জানাই

ভৌমিক ব্রাদার্স

৬।১, বুড়োশিবতলা মেন রোড,
কলিকাতা-৩৮

ফোন নং—৪৫-১৬৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার প্রীতি ও শুভেচ্ছা

* *
*

শ্রীবিশ্বনাথ প্রেস

★

৪০এ, জয়মিত্র ষ্ট্রীট
কলিকাতা—৫

ফোন—৫৫-৩০৪৯ : ৫৫-১৭২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পান করুন

শ্রীগণেশ চন্দ্র সাহা

হেড অফিস ঃ ১৯, আর্ম্মেনিয়ান ষ্ট্রীট, কলিকাতা-১

ফোন ঃ ৩৩-৪৪৮৪ গ্রাম ঃ মেঘনাবিড়ি

খেতে ভাল -
মেঘনা
বিড়ি

শাখা ও ডিপো ঃ—

শিলচর, আগরতলা, ঔরঙ্গাবাদ, দুর্গাপুর, জামসেদপুর, রাঁচী, বোকারো, চক্রধরপুর, বরজামদা, রাউরকেল্লা, ঝাড়সুগুড়া, রেঙ্গালী, সম্বলপুর, টিটিলাগড়, জয়পুর, জগদ্দলপুর, ভিলাই, রায়পুর ও রায়গড়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Metropole Hotel (P) Ltd.

4, DACRES LANE, Off ESPLANADE EAST.
CALCUTTA—1.

Airconditioned and entirely modernised with
Room Telephone Connections

BAR & CABARET

ENTERTAINMENT PROGRAMMES EVERY DAY
EXCEPT DRY DAY

OUR SPECIALITIES:

- *Delicious Food*—Indian, Continental & Chinese
- *Excellent Service*—Party & Dinner arranged.

Central Situation, Moderate Charges,
Eexcept Sunday Bar Open till Midnight.

Telcgram : METROTEL   **Phone : 23-8151-52**

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধূমপানে একমাত্র আরাম

জাহাজ, ইঞ্জিন এবং বন্দুক বিড়িতে

বিড়ি ট্রেডিং কোং

মনোহরপুর, সিংভুম

হেড অফিস :

আর্ম্মেনিয়ান ষ্ট্রীট, কলিকাতা—১

হিন্দ রেডিও কেন কিনলাম ?

অতি সোজা জবাব। অল ওয়েভ ট্র্যানজিষ্টার সেট স্বর মাধুর্য্যে ও গঠন কৌশলে সকলের প্রশংসা অর্জ্জন করেছে। সরল এর কুশলতা॥ দাম—২২৫·০০ টাকা, অন্য আরও মডেল পাবেন।



ফোন : ৩৪-৩৩৭১ গ্রাম : স্থপারেডিও

দি হিন্দ রেডিও প্রাইভেট লিমিটেড

৫১, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best Compliments from :

D. Das & Brothers

Leading Dealers In Cycles & Accessories
(Since 1929)

67, Bentinck Street, Calcutta

Telephone : 23-1937 Telegram : BIKEDEEL.

"যা কিছু আনন্দ আছে গীতে গন্ধে গানে
তোমার আনন্দ রবে তার মাঝখানে।"

বিশ্ব ও বাণী

রেডিও ডিলার

৮৯, সাদার্ণ এভিনিউ, কলিকাতা-২৯
ফোন : ৪৬৯০৯৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Soor Neogi Coomar & Co. Private Ltd.

(Estd. 1908)

39, COLLEGE STREET, CALCUTTA-12

Phone : 34-1114, 34-0596 Gram : Steam, Calcutta

Branches :

4, Raja Woodmunt Street,
Calcutta-1
Phones : 22-5292, 22-0302

Mangalbag, Cuttuck
(Orissa)
Cuttuck - 588.

For Everything Genuine in All Kinds of Pipes

Pipe Fittings, Sanitaryware & Fittings, Boiler Pipes & Fittings, Electric Pumps & Tubewell Requisites.

বিবাহে ও আনন্দোৎসবে

✻ শ্রেষ্ঠ উপহার ✻

সৃজন-কুশলী প্রখ্যাত মণিকার

পি· সি· আঢ্য·

১২৫ বি, বহুবাজার স্ট্রীট কলিকাতা - ১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Cable Address : "PAPERWIRES" CALCUTTA

Tele : No. 23-7721 (5 lines)

With Compliments of :—

Shalimar Wires & Industries Ltd.

25, GANESH CHANDRA AVENUE
CALCUTTA-13

FOR THE FIRST TIME IN INDIA

Manufacturers of all types of Paper Machine Wires and Wire Cloth for the nation's growing Paper Industry.

Factory :

77, Netaji Subhas Road,
Uttarpara (Dist. Hooghly)

Telephone No. Uttarpara 386

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার আনন্দ-উৎসবের

—অভিনন্দন গ্রহণ করুন—

রুবি জেনারেল ইনস্যুরেন্স কোং লিঃ

কর্ম পরিধি ঃ—

ফায়ার, মোটর, মেরিন, অ্যাক্সিডেন্ট, অ্যাভিয়েশন,
মেসিনারী ও ইরেকশন

ভারতে এবং বহির্ভারতে প্রত্যেকটি গুরুত্বপূর্ণ শহরে আমাদের ব্রাঞ্চ রয়েছে

হেড অফিস ও রেজিঃ অফিস

"ইণ্ডিয়া এক্সচেঞ্জ"

ইণ্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলি ঃ—১

যুগোপযোগী—
অলঙ্কার!

ফোন:৩৪-৩৮৫২

জুয়েলার্স

রাজলক্ষ্মী শিল্প মন্দির

১০১, বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট• কলিকাতা-১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

POPULAR IN INDIA
AND
FOREIGN MARKETS

Extensively used in India and abroad for—

Upholstery, Railway Coaches, Motor Cars, Furniture etc. "CHEETA BRAND" is a luxury and utility Leather Cloth, colourful, pliable and non-cracking. A durable and water-proof all purpose material, including Book-Binding requirements.

"CHEETA BRAND" Leather Cloth

Manufactured by :—

The Elphinstone Spg.
&
Wvg. Mills Co. Ltd.

Kamani Chambers, 32, Nicol Road
Ballard Estate, BOMBAY

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :

RAJASTHAN SPINNING

&

WEAVING MILLS LTD.

THE MAKERS OF QUALITY
HOSIERY YARN

Regd. Office :

14/1B, EZRA STREET, INDIA EXCHANGE EXTN.,
CALCUTTA.

Telegram : RAJSPINNER. Telephone : 34-0043 (3 lines)

Mills :

BHILWARA, (RAJASTHAN)

Telegram : RAJSPIN. Telephone : BHILWARA—327

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :—

Sri Durga Steel Private Ltd.

Manufacturers & Galvanizers of Microwane, Antena & Transmission Line Towers.

Registered Office :

3, Maharshi Debendra Road

City Office :

12, Maharshi Debendra Road

Works :

Mashila. Andul, Howrah.

Gram : KEDIPAL

Telephones { Head Office : 33-5871
City Office : 33-2787
Works Andul 260 }

For Bumper Crop always use
Lakshmi Brand Superphosphate

THE PHOSPHATE COMPANY LTD.

Secretaries & Treasureres

Bangur Brothers Limited

14, Netaji Subhas Road

Calcutta-1

Gram : SUPERALUM PHONE : 22-6861-70—22-9520

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

For finance on hire purchase of Leyland, Bedyford, Tata-Mercedez-Benz and or any other make of Truck, Taxi, Bus

Please Consult

CALCUTTA CREDIT CORPORATION LTD.

24, PARK STREET, CALCUTTA.

Telegram : CALCRECORP

Telephone : 44-3227, 44-4584

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH COMPLIMENTS FROM

Shree Rameswar Sirkar

C/o. Messrs. P. B. Sirkar & Sons

Phone : 47-3093

JEWELLERS

89, Chowringhee Road, Calcutta-20

ড্রাইভিং শিখুন, স্বাবলম্বী হন।

হাওড়া মোটর ট্রেনিং

ইঞ্জিনিয়ারিং স্কুল

: ১৯৪০ সালে প্রতিষ্ঠিত :

৪১, মওলানা আজাদ রোড, হাওড়া।

অল্প সময়ের মধ্যে ড্রাইভিং শিখাইয়া দেওয়া হয়,

এবং শিক্ষান্তে লাইসেন্সেরও সুব্যবস্থা করা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Our Heartiest Greetingst to all—

BENGAL NATIONAL TEXTILE MILLS LTD.

87, DHARMATOLLA STREET,

CALCUTTA-13.

Phone : { 24-3175
24-5987

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Compliments of :

Kumar Narayan (P) Ltd.

Engineers and Contractors

28, SOUTHERN AVENUE
CALCUTTA—26.

Phone : 46-3879

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিগত ৩০ বৎসর যাবত
জাতির সেবায়
এই প্রতিষ্ঠান সমানে এগিয়ে চলেছে
ভারতের প্রতি শহরে
আমাদের সরবরাহ ব্যবস্থার যোগাযোগ
আজও অক্ষুণ্ণ আছে

ক্যালকাটা ইলেক্‌ট্রিক্‌ ল্যাম্প

ওয়ার্কস লিমিটেড

সেলস্‌ অফিস : ৩ ম্যাঙ্গো লেন,

কলিকাতা-১

ফোন : ২৩-৩৩৫১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সবার প্রিয় প্রেক্ষাগৃহ

প্রিয়া

দক্ষিণ কলিকাতার অন্যতম শ্রেষ্ঠ অভিজাত চিত্র প্রদর্শনী গৃহ

৯৫, রাসবিহারী এভেন্যু

কলিকাতা-২৯

ফোন : ৪৬-৪৫৭৫ ও ৪৬-৫৭০২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

MACNEILL & BARRY LIMITED
OF
2 FAIRLIE PLACE CALCUTTA
HAVE UNDER THEIR AGENCY
38 TEA ESTATES INCLUDING
SOME OF THE FINEST AND BEST
KNOWN IN NORTH INDIA

The Group, which has about 39,000 acres under tea produce about 42 million pounds of tea annually of which some 20 million pounds valued at Rs. 8 crores are exported. The Group provides emplyment to 43,000 Workers and 650 Clerical Staff.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Phone : 34-4750 / 35-4089

Gram : GOODRUN

Insist on :

GOODRUN BEST CYCLE TUBES

GOODRUN STANDARD TYRES

&

QUALITY ERASERS :

Velvet ● Unity ● Zenith ● Inkpencil

Student ● Saraswati ● Daylight

and Tajmahal.

Electrician's Rubber Hand Gloves and Gauntlets
tested to 10,000 volts and 15,000 volts

Manufacturers :

India Rubber Goods Manufacturing Co.

30/H/2, CANAL EAST ROAD, CAL-11.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :—

LARSEN & TOUBRO LIMITED

ENGINEERS

BOMBAY, CALCUTTA, MADRAS, NEW DELHI
BANGALORE, COCHIN, AHMEDABAD, LUCKNOW
HYDERABAD, BHOPAL, ROURKELA, DURGAPUR

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

R. V. Industries

Importers & Manufacturers of :

Lubricating, Electrical & Machinery Spare Parts

Specialists

In Socket Head Screw, Grease Nipple, Adaptor, Union and Connector Etc.

116, Makardah Road, Howrah

Phone : 66-4321 & 66-3746

Gram : Teakplanks **Phone : 33-5408**

K. M. GHOSH & SONS

Sawmill Owners Importer & Timber Contractors

4A, NIMTOLA GHAT STEET,
CALCUTTA-6

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

For All That Is Best In

Musical & Electrical Goods

Please Contact

Shree Kamala Stores (Private) Ltd.

46, Upper Chitpore Road,

CALCUTTA-7

Phone : 34-2180

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PUJA GREETINGS

Iron & Brass Founders
&
General Order Suppliers.

Ranjit Metal Industries

55/1/12/1, L. ROAD, BELGACHIA
HOWRAH

Narayani Engineering Works

ANDUL BAZAR, HOWRAH

Various Types of Plates, Shafts and all Sorts of Railway Equipments are Manufactured

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments from :

M/s. Ramkumar Agarwalla

General Merchants
&
Caffeine Manufacturers

402, UPPER CHITPORE ROAD, CALCUTTA

Branch :
SEVOKE ROAD, SILIGURI

WITH COMPLIMENTS FROM :

M/s. Arun Mukherje & Co. Private Ltd.

CLEARING, SHIPPING & FORWARDING AGENTS

117A, Circular Garden Reach Road,
Kidderpore, Calcutta-23

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Cable : BOWREAH Phone : 22-9601 (6 Lines)

FOR NOVEL DURABLE QUALITIES

Insist on

Cotton Textiles and Yarns Manufactured by—

Bowreah Cotton Mills Co., Ltd.

Bauria.

Managing Agents :

KETTLEWELL BULLEN & CO., LTD.

21, STRAND ROAD,

CALCUTTA-1

Specialities :-

SIZED BEAMS & HOSIERY YARN DEEPSHADE POPLIN & CORD COATING SHIRTINGS IN CHECKS & DOBBIES DYED AND PRINTED LAWNS AND CAMBRICS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best compliments of :

BANSIDHAR AGARWALLA & CO. PRIVATE LTD.

Bichalipatty, CHANDERNAGORE
Phone : Chander 206.

Rice Mill.	Cold Storage
Sri Satyanarayan Rice Mill	Chusural Cold Storage
Station Road,	Station Road,
Chinsurah	Chinsurah
Phone : CS-227	Phone : CS-227

● Tyre Dept ●
18, Kalikrishna Tagore Street,
Calcutta-7
Phone : 33-8602

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Puja Greetings to all :-

CHITTARANJAN BODHAK & CO.

MECHANICAL & ELECTRICAL ENGINEERS

AND

GENERAL IRON & BRASS FOUNDERS.

31/1, Narasingha Dutta Road,

HOWRAH.

Phone : 67-4557

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

OUR SEASON'S GREETINGS TO ALL

SHREE KRISHNA PRIVATE LTD.

Manufacturers of

INDUSTRIAL FASTNERS, BUCKETS, IRON CASTINGS ETC.

20, Mangoe Lane
Calcutta.

PHONE : 23—1600
23—1609

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :

Bengal Ingot Company Limited

★

5, HIDE ROAD, CALCUTTA-43.

Phone : 45-5251 (3 Lines)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Gram : CUTSTOCK Phone : 23-9788

D. G. TRADERS

I. BRITISH INDIA STREET,

CALCUTTA-I

M. S. Pipes, G. I. Pipes, C. I. Pipes, Specials & Sluice Valves, A. C. Pressure Pipes, C. I. Detachable Joints & M. S. & G. I. Pipe Fittings

Stockists & Merchants & Laying Contractors

Sole selling agents for ADHEVIA 'T' 8% solution of I. C. I. (India) PRIVATE LTD.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Puja Greetings For All—

BIMAL & CO.

HOWRAH.

Phone : 67-3880

For Best Value of Your Money

K. P. Mandal & Sons

Manufacturers of :

G. I. AND STEAM PIPE FITTINGS

&

GENERAL ORDER SUPPLIERS

206/1, Panchanontola Road,

HOWRAH.

Phone : 67-3880

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Croplife Chemicals Private Ltd.

2, Sooterkin Street, Calcutta-13

Grams : CROPSPRAY Phone : 23-9599

Manufacturers of :

Pesticide Formulations based on Endrin, Dieldrin, Lindane, Chlordane, Trithion, Heptachlor, Malathion, D.D.T., etc.

With the best Compliments of :

Roy Engineering Works

Mechanical & Electrical Engineers
Specialist in
MOTOR & DIESEL ENGINE PARTS

25, Bhagaban Chatterjee Lane,
HOWRAH.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments of :-

Shree Bhawani Cotton Mills Ltd.

2, BRABOURNE ROAD, CALCUTTA-1.

Mills—ABOHAR (Punjab)

Branch—2766, Hamilton Road, Mori Gate, DELHI-6.

Regd. Office—2, Brabourne Road, CALCUTTA-1.

Telephone : 22-8421

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments :

Calcutta Steel & Industrial Stores

MILL STORES & MACHINERY MERCHANTS

47, Netaji Subhas Road
CALCUTTA-1

Gram : HAMDONO   PHONE : 22-6519, 22-2491

Puja Greetings :

To Our Friends & Customers

★ ★ ★

The Bank of India Ltd.

Regd. Office : 70-80, Mahatma Gandhi Road, Bombay-1

T. D. KANSARA
General Manager

R. GERSAPPE
Regional Manager
(Calcutta Circle Branch)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

BANKIM & Co.

MANUFACTURERS OF COCKS

AND VALVES.

39, NARASINGHA DUTTA ROAD,
HOWRAH.

Telegram : MAKEORDER. Telephone : 67-4364

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments from :

Hindustan Housing And Land Development Trust Ltd.

Dealers In Land

18, RABINDRA SARANI,

CALCUTTA-1.

Telephone : 34-5308

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

The Bengal Paper Mill Co. Ltd.

Regd. Office :

14, NETAJI SUBHAS ROAD,
CALCUTTA-1

Mill : Raniganj-West Bengal

MAKERS OF FINE QUALITY
"TIGER" BRAND PAPER

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH BEST COMPLIMENTS OF :

Geekay Transport Corporation

* *
*

16, INDIA EXCHANGE PLACE
CALCUTTA-1

Hearty Puja Greetings from :—

THE CENTRAL TRADING Co. PRIVATE Ltd.

29, Dum Dum Road,
Calcutta-28
Phone 57-2741
Manufacturers Of Quality Plywood
For
Tea chests and Packing Cases etc.
Approved by Govt. of India
And
Licensed under Indian Standard Institution

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the compliments of :

Indo-Burma Petroleum Co. Limited.

Managing Agents
Steel Brothers & Co. Ltd.

(Incorporated in England)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Our Heartiest Pooja Greetings to all

From

KRISHI RASAYAN

14/1B, EZRA STREET
CALCUTTA-1

Phone : 34-0043, 34-0044 & 34-0045

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

National Casting Company

For Water Works :

- C. I. Pipes & Specials—3″ to 8″ dia made to BSS 78/1938

For Sand Stowing Range :

- 5″ to 8″ dia hard wearing, tested to 400 lbs per sq. inch pressure.
- Pump Impeller and Spares.

For High Duty Castings :

- Machine Tool Castings.
- Gun Metal Casting.

For Steel Works :

- Copper Cinder North Monkeys & Tuyers.
- Heat Resistant Pig Moulds.

Office : 8, Dalhousie Square East, Calcutta.
Works : 103, Foreshore Road, Howrah.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

KOLAY ENGINEERING WORKS

MANUFACTURERS SUPPLIERS

Machine Bolts, Nuts, Valves & Accessories

38, Ichapur Road, Kadamtalla,
Howrah.

Phone : 66-2792

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Vijoya Greetings To All

From

Geo Industries & Insecticides (India) Private Limited

KALADIPET, TIRUVOTTIYUR,
MADRAS-19

Telephone : 24573

Calcutta Office :
14/1B, EZRA STREET,
CALCUTTA-1

Phones : 34-0043, 34-0044 & 34-0045

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Pooja Wishes :-

Radhagobinda Ghosh & Co.

LAXMIGANJ BAZAR

Chandernagore

Believing as we do in the famous dictum of "Service before self" we dedicate ourselves to the service of the Nation.

INDIAN MUTUAL GENERAL INSURANCE SOCIETY LIMITED

(A purely Mutual Society managed by policy holders only) forges ahead in strength, security and services with declaration of bonus to policy-holders from time to time.

We invite capable youngmen desirous of building us careers, to join this friendly Society for our companion scheme with immense future possibilities. Persons interested should please call on or write to :-

Head office :-35, Mount Road,
Madras-2.

Branches and Agencies
All over India.

Mr. S.K. Mukherjee.
Branch Manager
10, Clive Row (1st floor)
Calcutta-1.
Telephones :-Office—22-5343
Resd.—46-1602.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WIE

WE HAVE NO AXE TO GRIND

We don't claim

that we are specialised erection engineers even though we have been associated with many of the nation's utility project,

that our industrial and engineering know-how is always at your service,

that our services are prompt and efficient,

that completion of jobs on schedule is our forte,

that we often get repeat orders from our customers,

We don't have to,

our reputation does that for us

If your problem is engineering and/or erection lay down your axe and ring 22-0331 or 22-1256 WIE will have the answer for you.

WIE

WESTERN INDIA ERECTORS

ENGINEERS, CONSTRUCTORS & MANUFACTURERS

20, Netaji Subhas Road. Calcutta-1. Phone : 22-0331, 22-1256

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Protect your steel structures from Corrosion . . . .

RED LEAD

BEST ANTICORROSIVE PRIMER

ASSOCIATED PIGMENTS
APL
TRADE MARK

1. Pigment RED LEAD essentially protects the steel surface from corrosion by forming an impermeable skin on the surface of the metal.
2. It combines chemically with linseed oil and forms a film of Lead Soap which maintain the metal surface in a passive condition.
3. It can easily be mixed with linseed oil. in the proportion of 4 : 1 and be used as ready mixed paint.

For your requirements consult :

ASSOCIATED PIGMENTS LIMITED

Phone—22-0806/7 14, NETAJI SUBHAS ROAD, CALCUTTA-1 Gram—Synyxides

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"'The first lesson that we must learn is of self-help and self-reliance. If we assimilate this lesson, we shall at once free ourselves from the disastrous dependence upon the foreign countries and ultimate bankruptcy. This is not said in arrogance, but as a matter of fact."

—MAHATMA GANDHI—

Indian consultants have the expertise you need.

IPL/32/67

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাশক্তির পূজায়

*   *
*
*   *

জাতির সুপ্ত শক্তির হোক উদ্বোধন

*   *
*

ইউরেকা টাইপ ফাউণ্ড্রি লিঃ
২১ গিরিবাবু লেন,   কলিকাতা—১২
ফোন : ৩৪-৩৩৫৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Puja Greetings

From

Sinha Supply Agency

★

Krishnagar

Gram : BACBEP

Phone { Office ; 33-6294
Resi : 46-1495

BALCHAND BADRIPRASAD

COMMISSION AGENTS

9, JAGMOHAN MULLICK LANE,

CALCUTTA-7

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

World's No. 1 Seller Additive

BARDAHL

* REDUCES FRICTION TO A FRACTION
* REDUCES OIL CONSUMPTION
* INCREASES LIFE OF THE ENGINE

BARDAHL LUBRICANTS CORPORATION

1/1, MISSION ROW

CALCUTTA-1

* Phone *

22-9163 * 22-6851

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

FOR

Kirloskar Pumps

CONTACT

★

Distributors :

Western India Industries (P) Ltd.

10, CLIVE ROW,

CALCUTTA-1

"WESTINDUS" Phone : 22-4843, 22-9755

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With the best compliments of :

THE SEARSOLE COAL CO. LTD

22. CHITTARANJAN AVENUE

CALCUTTA . 13

Phone : 23-9016 (3 Lines)

Colliery :

SEARSOLE COLLIERY

P. O. RANIGANJ Dist. BURDWAN

Telephone : Raniganj 176

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments Of :-

Vegetable Products Limited

Managing Agents ;

Tantia Brothers (P) Ltd.

1 & 2, Old Court House Corner.

CALCUTTA-1.

Phone : 22-8831

Manufacturers of :

PRATAP & SHIVAJI VANASPATI

VITA CAKE

&

BAR SOAPS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Vijoya Greetings to all—

S. K. GHOSH & CO.

KANKINARA

24-Parganas

Phone : 24-7356

Distributors for Britannia Biscuits.

With Puja Greetings & Best Wishes

S. P. Manufacturing Co.

22. BRABOURNE ROAD,

CALCUTTA 1

Manufacturers of Spare parts for modern Jute Mill Machinery.

Phone : 22-9141-42-43

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার অভিনন্দন
গ্রহণ করুন

রণজিৎ

ইঞ্জিনিয়ারিং

ওয়ার্কস

১৪৯, বেনারস রোড,
সালকিয়া, হাওড়া

গ্রাম :—রণজিৎপ্লাস
ফোন :—৬৬-২৯৫৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Telegram : DUCODOUL Telephone : 34-1569 34-6953

B. N. MITTRA & CO.

80/A, VIVEKANANDA ROAD,
CALCUTTA-6

Authorised Stockist of :

I. C. I. PAINT * DUCO * DULUX
NECOL & STAG BRAND

এবার পূজার কাপড় কিনতে হলে
"ক্লথ হাউসই" নির্ভরশীল প্রতিষ্ঠান

দামে ও পছন্দে—

ক্লথ হাউস

১২২এ, রাসবিহারী এভিনিউ, কলিকাতা-২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Best wishes & Puja Greetings to all

DESAI & Co.

135 CANNING STREET
CALCUTTA-1

With the best Compliments of :

J. D. JONES & CO. LTD.

ESTD 1893

C/5 GILLANDER HOUSE,
8 NETAJI SUBHAS ROAD,
Calcutta—1

Gram : GRAYITE

Phone : 22-3314
22-3824

Manufacturers :

Hydraulic and Steam Packings, Asbestos Products,
Insulation Products, Foundry Requisites,
Graphite, Minerals.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CEJ

Chains & Freewheels

Distributors for Eastern Zone

Calcutta Distributors Pvt. Ltd.

81J, BENTINCK STREET
CALCUTTA—1

on the move…

Chains manufactured under technical collaboration with C. E. Johansson of Sweden and Freewheels with Pranafa Werke of Germany.

C E J Chains & Freewheels are accepted as original equipments by bicycle manufacturers.

ALWAYS INSIST ON **CEJ** TIGER FREEWHEELS AND CENTURY CHAINS.

A DEVIDAYAL ENTERPRISES

HINDUSTAN CHAINS (P) LIMITED
UNITED ENGINEERING INDUSTRIES
P. O. PASAUNDA, GHAZIABAD (U. P.)

ASIAN/GF

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুক্তফ্রণ্ট সরকারের কর্মধারার সঙ্গে পরিচিত হবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত সাময়িক পত্র-পত্রিকা পড়ুন

পশ্চিম বংগ—সচিত্র বাংলা সাপ্তাহিক। এতে সংবাদ ছাড়াও, নিয়মিত-ভাবে প্রকাশিত হয় নানা তথ্য সম্বলিত প্রবন্ধ এবং সরকারী বিজ্ঞপ্তি।
প্রতি সংখ্যা : ছয় পয়সা।
ষান্মাষিক : দেড় টাকা।
বার্ষিক : তিন টাকা।

ওয়েষ্ট বেংগল—পশ্চিমবংগের সমসাময়িক ঘটনাবলী সম্পর্কিত সচিত্র ইংরেজী সাপ্তাহিক। প্রতি সংখ্যাতেই নানা তথ্য সম্বলিত প্রবন্ধ এবং সরকারী বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।
প্রতি সংখ্যা বারো পয়সা।
ষাণ্মাসিক : তিন টাকা।
বার্ষিক : ছয় টাকা।

শ্রমিক বার্তা—শ্রমকক্যাণ সম্পর্কিত বাংলা ও হিন্দী সচিত্র দ্বিভাষী পাক্ষিক। বার্ষিক : এক টাকা পঞ্চাশ পয়সা।

পশ্চিম বংগাল—নেপালী ভাষায় প্রকাশিত সচিত্র সাপ্তাহিক সংবাদ সাময়িকী। ষাণ্মাসিক : একটাকা পঞ্চাশ পয়সা।
বার্ষিক : তিন টাকা।

মগ্‌রেবী বংগাল—সমসাময়িক ঘটনাবলী সম্পর্কিত সচিত্র উর্দু পাক্ষিক। ষাণ্মাসিক : এক টাকা পঞ্চাশ পয়সা।
বার্ষিক : তিন টাকা।

পছিম্ বাংলা—সাঁওতালী ভাষায় প্রকাশিত সচিত্র পাক্ষিক।
বার্ষিক : এক টাকা।

* গ্রাহক হবার জন্য নিচের ঠিকানায় লিখুন।
* চাঁদার টাকা তথ্য অধিকর্তার নামে পাঠাতে হবে।
* ভি. পি. পি.-তে পত্রিকা পাঠান হয় না।
* পত্রিকা বিক্রীর জন্য ৩৩⅓% কমিশনে এজেণ্ট চাই।

তথ্য অধিকর্তা
তথ্য ও জনসংযোগ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার,
রাইটার্স বিল্ডিংস, কলিকাতা-১

ডবলিউ. বি. (আই. অ্যান্ড পি. আর.) এ-ডি-ডি ১৮৫৮৭/৬৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্যোদয়ের বই

উপন্যাস

কনখল	৭·০০	মনীশ ঘটক
জীবনে প্রথম প্রেম	৪·৫০	সরোজ কুমার রায়চৌধুরী
যশাইতলার ঘাট	৩·০০	বেদুইন
মঞ্জুমায়া	৩·৫০	ব্রজমাধব ভট্টাচার্য
দুই স্বপ্ন	৩·৭৫	সৌরীন্দ্র চন্দ্র বন্দ্যোপাধ্যায়
পথে প্রান্তরে ঃ ১ম পর্ব	৩·৫০	বেদুইন
বেলাভূমির গান	৬·০০	সুশীল জানা
কেরল সিংহম্ [অনুবাদ]	৬·০০	কে, এম, পাণিকর
সূর্যগ্রাস	৩·৭৫	সুশীল জানা
লখন্দর দিগার	৫·০০	গুণময় মান্না
চাহার দরবেশ [অনুবাদ]	৩·৫০	পবিত্র গঙ্গোপাধ্যায়
অরণ্য পুরুষ	৪·০০	সুধীর করণ
মধুমিতা	৬·০০	সরোজ রায়চৌধুরী
গিরিকন্যা	২·৫০	শিশির সরকার

* পূর্ণাঙ্গ ক্যাটালগের জন্য পত্র লিখুন

বিদ্যোদয় লাইব্রেরী প্রাইভেট লিমিটেড

৭২, মহাত্মা গান্ধী রোড ॥ কলিকাতা-৯

ফোটো অফ্‌সেট্‌

এবং

লেটার প্রিন্টিং

হিন্দি, ইংরেজী, বাংলা, মারাঠী, গুজরাটী, নেপালী, ওড়িয়া,

তেলেগু ও তামিল ভাষায়।

জনবাণী প্রিণ্টার্স এণ্ড পাবলিশার্স

প্রাঃ লিমিটেড

১৭৮, আপার চিৎপুর রোড

টেলিফোন ঃ ৫৫-৫৯৩৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অশোক পুস্তকালয়
কোলকাতা—বারো

ডঃ দেবরঞ্জন মুখোপাধ্যায় এম, এ, পি, এইচ-ডি
শক্তিদর্শন ও শাক্তকবি ৮·০০

ডঃ শুকদেব সিংহ এম. এ. ডি. ফিল
শ্রীরূপ ও পদাবলী-সাহিত্য ১৫·০০

সুখময় মুখোপাধ্যায় এম. এ. অধ্যাপক বিশ্বভারতী
রবীন্দ্র-সাহিত্যের নবরাগ ৫·০০
বাংলা ইতিহাসে দু'শো বৎসর (১৩৩৮-১৫৩৮) ১৫·০০

ডঃ মনোরঞ্জন জানা, এম, এ, ডি, ফিল.
রবীন্দ্রনাথের উপন্যাস (সাহিত্য ও সমাজ) ৮·০০
রবীন্দ্রনাথ (কবি ও দার্শনিক) ১২·৫০

কবি মোহিতলাল মজুমদার
কাব্য-মঞ্জুষা (সম্পূর্ণ ও সটীক) ১০·০০

ডঃ হীরেন্দ্র নারায়ণ মুখোপাধ্যায় সম্পাদিত
শ্রীরূপ গোস্বামী কৃত উজ্জ্বল নীলমণি ১২·০০

অধ্যাপক গোপালচন্দ্র চক্রবর্ত্তী
সমষ্টি উন্নয়ন ও সম্প্রসারণ
(Community Development) ৭·৫০

নির্ভরযোগ্য বই

ডঃ সত্যপ্রসাদ সেনগুপ্তের
পাশ্চাত্ত্য সাহিত্যের সমালোচনার ধারা—মূল্য ৭·০০

ও

অধ্যাপক প্রমথ বন্ধু সেনগুপ্তের
পাশ্চাত্ত্য দর্শনের সংক্ষিপ্ত ইতিহাস—৬·০০

BP ব্যানার্জী পাবলিশার্স

৫।১এ কলেজ রো, কলিকাতা-১২
ফোন : ৩৪-৭২৩৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজায়

ভারতের সর্ববৃহৎ

বিভাগীয় বিপণি

ক ম লা ল য় ষ্টো র্স

প্রাইভেট লিমিটেড

ধর্ম্মতলা ষ্ট্রীট :: কলিকাতা-১৩

শারদীয় উৎসবের অভিনন্দন গ্রহণ করুন

সেঞ্চুরী বাইণ্ডিং কোং

৪৫, বৈঠকখানা রোড

কলিকাতা-৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজোয় ছোটদের উপহার !

শ্রেষ্ঠ সাহিত্যিকদের অসামান্য রচনা সংকলন !

ছোটদের
বাঘের গল্প
দাম—দু'টাকা

গোয়েন্দা গল্প
দাম—তিন টাকা

কিশোর সাহিত্য সংঘ
পরিবেশক । হিমাদ্রি সংসদ ।
১৬ গণেশচন্দ্র এভেন্যু কলিকাতা-১৩

ALWAYS INSIST ON

GLOSTER CABLES

FOIRT GLOSTER INDUSTRIES LTD.
23A, Netaji Subheas Road,
CALCUTTA-6

Selling Agent for

West Bengal—**M/s NARENDRA & CO.**
35, EZRA STREET,
CALCUTTA—1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Gram : KEJIMOTOR Telephone : 23-4105

M/s K. G. Industries
&
Motor Parts Co.

CONVEY OUR PUJA GREETINGS

Specialist in :

All sorts of Springs for all Types of Vehicles & Machineries, Hardware & Motor Parts Dealers

&

General Order Suppliers

6/1A, British Indian Street, Cal-1

Sree Gopal Engineering Co.

Sree Sree Gopal engineering Co Ltd.

Manufacturers of :

Machine Bolts, Set Screws, Machine Screws, Studs, Nuts, Railway, Mill Parts & Eng. Requisites (Ordinary & Special)

19/3, DESHPRAN SASMAL ROAD,

HOWRAH.

Grom-COLDBOLT Phone : 67-2995

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভালো জিনিষ কেনবার মত সুরুচি যাঁদের আছে,
তাঁরা আমাদের পণ্যই কেনেন—

- এভারেষ্ট এসবেষ্টটাস
- শালিমার রং
- কোনারক সিমেণ্ট

এবং

অনুরূপ জিনিষের জন্য

এম, ভট্টাচার্য্য এণ্ড কোং

ভাটপাড়া, ২৪ পরগণা

ফোন—ভাটপাড়া ১৯৩

With Best Compliments from :

M. L. Roy & Co.

EAST BENGAL PLUMBING STORES

Manufacturers, Importers & Exporters.

APPROVED SUPPLIERS TO
D. G. S. D. RAILWAYS, GOVERNMENT CONCERNS

DEALERS IN :

Sanitary, Plumbing Materials and Tubewell Requisites
And General Order Suppliers.

Head Office : 28, COLLEGE STREET, CALCUTTA-12

PHONE : 34-3274
34-7578

Branch Office :
P-502, Block 'M'
New Alipur, Cal-53
Phone : 45-7449

Branch Office :
188A, Rash Behari Ave.
Ballygunge, Cal-29
Phone : 46-4324

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবীন্দ্রপুরস্কারে সম্মানিত

শঙ্করনাথ রায়ের

সর্বজন—অভিনন্দনধন্য মহান সাহিত্যকীর্ত্তি

ভারতের সাধক

১ম খণ্ড—৮'০০, ২য়—৮'০০, ৩য়—১২'০০, ৪র্থ—৮'০০, ৫ম—৮'০০
৬ষ্ঠ—৮'০০, ৭ম—৮'০০

যোগী, বেদান্তী, তান্ত্রিক ও মরমীয়া সাধকদের প্রামাণ্য রসমধুর চরিতকথা।
এ বই নিজে পড়ুন, প্রিয়জনকে পড়ান।

মহামহোপাধ্যায় ডঃ গোপীনাথ কবিরাজ

সাধুদর্শন ও সৎপ্রসঙ্গ

১ম খণ্ড—৫'০০, ২য় খণ্ড—৬'০০

বেনীশঙ্কর শর্ম

বিবেকানন্দ জীবনের বিস্মৃত অধ্যায় ৫'০০

স্বামীজীর জীবনের অজানা অধ্যায়ের উপর চাঞ্চল্যকর ঐতিহাসিক আলোক পাত।

সরিৎশের মজুমদার

পার্ক ৪'০০

ছিন্নমূল উদ্বাস্তু জীবনের রোমাঞ্চকর রসোত্তীর্ণ উপন্যাস

শঙ্করনাথ রায়

ছোটদের ভারতের সাধক ৪'০০

কিশোরদের উপযোগী কল্যাণবহ সংকলন।

●

পরিবেশনা : হিমাদ্রি সংসদ

১৬, গনেশচন্দ্র এভিনিউ, কলিকাতা-১৩

ফোন : ২৩-২৮৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CHARIOT

THE FINEST HYDRAULIC DOOR CLOSER

Phone : 22-6687 Gram : **STORHOME**

CITY STORE SUPPLY CO., PRIVATE Ltd.

39, STRAND ROAD, CALCUTTA-1

Manufactured by ;

SREE LAKSHMI MANUFACTURING CENTRE

Gram : Curiovory Phone : 22-5133

For Scientific Apparatus.

Invest in QUALITY GOODS

Insist on W. B. A. PRODUCTS

Standard : "UNESCO"

Our Consultants :—

N. K. DAS, B. M. E. I. S, (Paris)
Prof. : D. P. SARKAR, M. Sc. M. Z. S.
S. K. CHATTERJEE, B. CH. E.

Overseas Consultant :—

A. K. CHATTERJEE, B. M. E., M. S. (Virginia)
M. S. (Minn) Prof. OHIO (U. S. A.)

To Set Up An Up-To-Date Laboratory
Please call for our free service

WEST BENGAL AGENCY

Works :
33/3, Makardah Road,
HOWRAH.
14, Rupchand Mukherjee Lane,
Calcutta-25

Office :
71/A, Netaji Subhas Road,
(B, 87) CALCUTTA-1.
Show Room—181, Panchanantolla Road,
Howrah.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

BHARAT WELDING & ENGINEERING CO.

89, DHARMATOLLA STREET,

CALCUTTA—13

★

Phone 24-1463

Stockists of Oxygen, Acetylene, Nitrogen Gases, Carbide, Castings, Electric and Gas Welding Plants, Electrodes, Welding Rods, Flunes and Accessories etc.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH POOJA GREETINGS FROM

SUDSONS PRIVATE LTD.

Manufacturers
of
Forgings & Drop
Stampings in
Steel and Non-Ferrous Metals.

✽

Office :
3, ESPLANADE EAST
Calcutta-1

Phone : 23-1671/2

✽

Works :
29, JESSORE ROAD,
Calcutta-28

Phone : 57-2089.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

FOR ALL YOUR REQUIREMENTS OF WEAVING ACCESSORIES FOR POWERLOOMS & HANDLOOMS

Please ring : 22-5324 Telegram : TEXTORE

AND

Consult

THE TEXTILE STORE DEALERS LTD.

NETAJI SUBHAS ROAD

Central Bank Buildings,

Calcutta-1.

Sole Distributors

amous "INDU-SPIDER" Cotton Healds

Manufactured by

THE INDIA UNITED MILLS LTD.

BOMBAY.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With best Compliments of—

Ancillary Automatic Industries Pr. Ltd.

Ancillary Stampings Pr. Ltd.

309, Bipin Behari Ganguli Street

Calcutta-12

Phone : 22-3880

Phone 22-2293-94 Telegram : "SALIKHA" Calcutta

RAMLAL MOOKERJEE & SON Private Ltd.

37, STRAND ROAD, CALCUTTA-1

Government and Railway Contractors, Importers, Dealers and Manufacturers of Non-Ferrous Metal in every Form, Pipes, Fittings, Hardware & Tools etc.

SOLE AGENTS

"Crusadar" Brand STEEL **Walker's Falcon Brand SAWS** **Bennet Heyde's "EZIT" Rust Solvent**

NON-FERROUS PRODUCTS OF

M/S **BIRMINGHAM BATTERY & METAL Co. Ltd.**

Birmingham, England.

AVAILABLE FROM READY STOCK

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Telephone : 23-5532

For Your Problems
in All Kinds of ENGINEERING
Whether in Your New VENTURE
Or in RUNNING FACTORY

★

CONSTRUCTION & POWER CORPORATION
ENGINEERS
11, OLD POST OFFICE STREET,
CALCUTTA-1
(Post Box 2630)

★

Are eager to solve them
By supplying you the TECHNICAL KNOW-HOW including PROJECT REPORTING to the stage of FINAL COMMISSIONING.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

We build up our Defence
with Jawans on the Front
—Peasants and workers
in the Rear.

*
* *

(Space Donated by Friends)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Industrial Engineering Works.

198/1, BELILIOUS ROAD.
HOWRAH

(Member of the Indian Standard Institution)

MAUFACTURERS :

(Mechanical & Electrical)

AND

FOUNDERS

&

Specialist in Railway
Signalling & Inter-locking

Mechanical and Electrical
Equipments & Castings.

Established— 946

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

If it's
CARPET
PLANNING

Consult
the
SPECIALISTS

Calcutta Carpet Store

43, Park Street, Cal-16

Phone : 23-1464

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Phone : 33-2252, 7166 Gram : Niryandana

J. UMA SHANKAR & CO.

Stockists :

Ball Bearings & Siemens Electricals

62/1A, Netaji Subhas Road,

CALCUTTA-1

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Office : 47-4693

With Best Compliments Of :

HARRIS & CO

(*ENGINEERS*)

All Sorts of Mechanical & Structural Manufacturers

Head Office :
73-C, S. P. Mukherjee Road,
CALCUTTA-26

Factory :
177, Basanta Lal Saha Road,
CALCUTTA-41

TEA

BEST BEVERAGE

DRINK TEA

For

HEALTH

And

TEA CAFFEINE

THE ALL INDIA TEA &
TRADING CO. LTD.

63, Radhabazar Street, Calcutta-1

Offers

F B O P

at Rs. 5-66 per kilogram.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Best Compliments Of :

A. K. Banerjee & Co.

57, Radhabazar Street

Calcutta-1

Phone : 22-5898

For all your **Hardware** requisites.

With the compliments of :

UNITED PRINTERS

7, INDIAN MIRROR STREET,

CALCUTTA-13

Phone : 24-4452

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

SICO SERVES SCIENCE

We serve the cause of Scientific inventions and Investigations, by supplying the very best in instrumentation, from the world renowned manufacturers :-

THE SCIENTIFIC INSTRUMENT COMPANY LIMITED

★

Allahabad - Bombay - Calcutta
Madras - New Delhi

Head Office :—
6, Tej Bahadur Sapru Road,
ALLAHABAD.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার দিনে প্রতি ঘরে
চাই



লক্ষ্মী ঘি

লক্ষ্মীদাস প্রেমজী
৮নং বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট,
কলিকাতা-১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

With Puja Greetings of

Satyendra Nath Rakshit

TAMLUK

(Midnapore)

For your all requirements of G. I. Wires,

PLEASE CONTACT :

Ramsarup Industrial Corporation

'D' Block,

KALAYANI (Nadia)

Partners' Residence :
66, Parwati Ghose Lane,
Calcutta-7.

Phone :
Kalyani 300

: Phones :
34-7121 : 34 5146

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

B A. & BROTHERS (Eastern) Pvt. Ltd.
(*Regd. Office* : 6, CLIVE ROW, CALCUTTA-1)
CALCUTTA * CUTTACK * GAUHATI *

The most dependable
GRIPE WATER
BABULINE
BUILDS HEALTHY & STRONG
BABIES

Superior Quality O Superb Packing O Moderately Priced

We are keenly interested to Supply Semi Rotary Pump of Various Sizes for Water and Spraying Pumps for Paddy field.

Enquire :=

P. K. Bag & Brothers
24. Strand Road, Cal.-1
Phone : 22-51 5
Post Box 21.8.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজা উৎসবে

সবাইকে জানাই আমাদের
আনন্দ-সম্বর্ধনা।

মেসার্স আর, কে, ক্রেডিট
কর্পোরেসন

২২৯ চিত্তরঞ্জন এভেন্যু, কলি-৬

মোটরকার, ট্যাক্সি, বাস, ট্রাক্ প্রভৃতি
হায়ার-পারচেজ-এ নিতে হলে
আমাদের লিখুন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

WITH THE BEST COMPLIMENTS OF :

BUSINESS FORMS LIMITED

1/2 DIGLA ROAD

CALCUTTA-28.

Tel : 52-4127 : 57-3264 Cable : BUSFORMS

Suppliers of Special Office Equipment, Loose-leaf and Continuous Business Forms, Forms Handling Equipment and Accessories for Data Processing and Electronic Computer Installations.

Date of receipt
Date of receipt of the books and
Signature

Branches :

NEW DELHI * BANGALORE * BOMBAY

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi